# উপনিষদ অর্ঘ্য

## শ্বেতাশ্বতর ও ছান্দোগ্য উপনিষদ

পুষ্প দেবী

প্রাপ্তিস্থান :

প্রকাশক
ডঃ শ্যামাদাস রো,
কলিকাতা-১৯

মহেশ লাইব্রেরী
২/১, শ্যামাচরণ দে ষ্ট্রীট,
কলেজ স্কোয়ার, কলিকাতা-১২

ও অন্যান্য প্রধান প্রধান পুস্তকালয়

প্রথম সংস্করণ : সেপ্টেম্বর ১৯৫৬

প্রকাশ করেছেন :
শ্রীপুষ্প দেবী
১, ডঃ শ্যামাদাস রো,
কলিকাতা-১৯

ছেপেছেন :
শ্রীসুবোধচন্দ্র মণ্ডল
কল্পনা প্রেস প্রাইভেট লিঃ
৯, শিবনারায়ণ দাস লেন,
কলিকাতা-৬

বাঁধিয়েছেন :
ধর ব্রাদার্স
৪, রামমোহন রায় রোড,
কলিকাতা-৯

# উৎসর্গ

পরম শ্রদ্ধেয় পিতৃবন্ধু শ্রীযুক্ত জ্যোতিষ চন্দ্র ঘোষ
মহাশয়ের শ্রীকরকমলেষু

মেয়েদের তুমি দিলে সম্মান মায়ের মতন ক'রে
বাংলা মায়েরে সাজাইলে তুমি যশের কণ্ঠহারে
সব মেয়েদের প্রতীক হইয়া দিলাম তোমায় তাই
মুনি ঋষিদের অমিয় তথ্য "আমি এর মাঝে নাই"

স্নেহধন্যা কন্যা পুষ্প

ভারত সরকারের পঞ্চবার্ষিক পরিকল্পনার অন্তর্গত আঞ্চলিক ভাষার উন্নয়নকল্পে ভারত ও পশ্চিমবঙ্গ সরকারের অর্থানুকুল্যের দরুণ এই পুস্তকের সুলভ মূল্য সম্ভব হইয়াছে।

**এই লেখিকার লেখা বই ঃ—**

**পুণ্যকাহিনী—**

বাঁকুড়ার গৌরব ৺সুকুমার চট্টোপাধ্যায় মহাশয়ের জীবনালেখ্য—মূল্য—৩৲

**কবিতায় শতশ্লোকী-গীতা—**

গীতার ১০৮ শ্লোক সরল বাংলা কবিতায় অনুবাদ ও ব্যাখ্যা। গীতা সরস্বতী সত্যানন্দ স্বামীর ভূমিকা সম্বলিত, দ্বিতীয় সংস্করণ মূল্য—২৲

**উপনিষদ নির্ম্মাল্য—**

ঈশ, কেন ও কঠোপনিষদের সরল কবিতায় ভাবানুবাদ কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক ১৯৬২ সালের লীলা পুরস্কার প্রাপ্ত। ডঃ শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়ের ভূমিকা সম্বলিত শ্রীশ্রীমোহনানন্দ ব্রহ্মচারীর আশীর্ব্বাণী সহিত মূল্য—২৲

**উপনিষদ নৈবেদ্য—**

প্রশ্ন, মুণ্ডক, মাণ্ডুক্য, তৈত্তিরিয় ও ঐতরেয়োপনিষদের সরল পদ্যানুবাদ। শ্রীশ্রীজীব ন্যায়তীর্থ মহাশয়ের ভূমিকা ও শ্রীশ্রীস্বামী সত্যানন্দ মহারাজ ও শ্রীশ্রীমোহনানন্দ ব্রহ্মচারীর আশীর্ব্বাদপূত। মূল্য—২৲

**পুষ্পপরাগ—**

পুষ্পদেবীর শ্রেষ্ঠ গল্প :—ধর্ম্মহীন সমাজের কৌতুক চিত্র—শ্রীআশাপূর্ণা দেবীর ভূমিকা সম্বলিত সুন্দর রঙীন বাঁধাই—উপহারের উপযুক্ত। মূল্য—৩·৫০

**শীঘ্রই প্রকাশিত হইবে**

**উপনিষদ অঞ্জলি—**

বৃহদারণ্যক উপনিষদের কাব্যানুবাদ—মূল্য—৩৲

পরম শুভানুধ্যায়ী শ্রীশ্রীগুরুচরণাশ্রিতসেবক শ্রীমোহনানন্দ ব্রহ্মচারী পরম শুভাশীর্ব্বাদ বিশেষ

ধর্ম্ম ও অধ্যাত্মশাস্ত্রমর্ম্মাজ্ঞা বেদান্তবিদূষিণী লব্ধ প্রতিষ্ঠা লেখিকা ও রচয়িতা শ্রীমতী পুষ্পদেবীর যোগ্য লেখনী প্রসূত ছান্দোগ্য ও শ্বেতাশ্বতর উপনিষদ দু'খানির কাব্যানুবাদ সম্প্রতি সুধীজন ও সাধকজনের সমীক্ষায় নিবেদন করা হইল উপনিষদের প্রাগৈতিহাসিক ছন্দ, ভাষা তত্ত্বও ভাব বর্ত্তমান প্রচলিত সংস্কৃত ভাষা হইতে অধিকতর বিশিষ্ট পরিমাজ্জিত সংক্ষিপ্ত ও ভিন্নবিধায় সাধারণের পক্ষে দুর্ব্বোধ্য। ব্যাকরণ ছন্দ নিরুক্ত ও বৈদিক ভাষায় সম্যকজ্ঞান ব্যতিত উপনিষদ দুর্জ্ঞেয় হইয়া পড়িয়াছে। সংক্ষিপ্ত সূত্রকারে বৈদিকশব্দে তত্ত্ব বিন্যাস করা হইয়াছে। আচার্য্য-গণের ভাষ্য টীকা প্রভৃতির সাহায্যে কথঞ্চিৎ বোধগম্য হইলেও সংস্কৃতে সম্যক ব্যুৎপত্তি ভিন্ন সেগুলির সাহায্যেও এই দুরূহ উপনিষদ বোধগম্য নহে। অথচ এই সকল উপনিষদে কত গভীর সার্ব্বকালিক সর্ব্বদেশের সার্ব্বভৌম সত্য নিহিত হইয়াছে। প্রাচ্য ও প্রতীচ্য বহু মনীষী সাধক ও বিদ্বদ্গণ এই উপনিষদ অমৃতপান করিয়া ধন্য হইয়াছেন। সহজ সরল প্রাঞ্জল ভাষায় সহজ অনুভবগম্য তত্ত্বগুলিকে বিন্যাস করিয়া সর্ব্বসাধারণের গ্রহণ ও আস্বাদনীয় যোগ্য করার কৃতিত্ব এই কাব্যানুবাদ রচয়িতার রহিয়াছে। পূর্ব্ব প্রকাশিত উপনিষদ-এর কাব্যানুবাদগুলিও যেমন সুধীজন সমাদৃত হইয়াছে, তাঁর বর্ত্তমান রচনাও সিদ্ধ সাধনা, ও অনুসন্ধিৎসু জনের সমাদর লাভ করিবে সন্দেহ নাই। ভগবানের কৃপা প্রসাদে তাঁর এই কল্যাণময়ী প্রচেষ্টা সার্থক হইয়া উঠুক ইহাই সর্ব্বান্তকরণে কামনা করি।

শ্রীমোহনানন্দ ব্রহ্মচারী

# প্রস্তাবনা

শ্রীমতী পুষ্পদেবীর উপনিষদের অনুবাদগুলি পড়িয়া খুসী হইয়াছি। অতি গভীর কথা খুব সহজ ভাষায় ও সরলছন্দে প্রকাশ করিতে লেখিকা সম্পূর্ণরূপে কৃতকার্য হইয়াছেন। এই ধরণের বই সাধারণ পাঠক যত পড়িবে ততই মঙ্গল। ভারতবর্ষ অত্যন্ত পুরাতন দেশ আমরা সর্বদাই আগাইয়া চলিয়াছি কিন্তু কখনও পেছনের ঠেকাকে ছাড়ি নাই। আমাদের পিছনের ঠেকা হইল আমাদের সনাতন জীবন ভাবনা, আমাদের চিরকালের অধ্যাত্ম চিন্তা। শাস্ত্রের কৌটায় আঁটা সংস্কৃত ভাষার কুলুপ দেওয়া সে অধ্যাত্ম চিন্তা আমাদের প্রায় সকলেরই নাগালের বাইরে। যাঁহারা কৌটা খুলিয়া সে চিন্তা আমাদের সময়োপযোগী করিয়া ধরিয়া দেন তাঁহারা মহৎ কাজ করেন। পুষ্পদেবী এমনি মহৎ কাজ করিতেছেন। আশাকরি তাঁর কাজের সহায়তা সবদিক হইতেই যেন মিলে।

২৭, গোয়াবাগান লেন,
কলিকাতা-৬

(ডঃ) শ্রীসুকুমার সেন
অধ্যাপক কলিকাতা বিশ্ববিদ্যালয়

# ভূমিকা

ছান্দোগ্য উপনিষদের অন্যতম বৈলক্ষণ্য ইহার উপাসনা প্রকরণ। চরমতত্ত্ব লাভের পথে উপাসনার উপযোগিতা কিরূপ তাহাই এই উপনিষদে বিস্তৃতভাবে প্রতিপাদিত হইয়াছে। সাধারণ স্তরের জীবের পক্ষে উপাসনাশ্রয়ে মুক্তিপথে অগ্রসর হওয়া সহজসাধ্য। এজন্য ছান্দোগ্যোপনিষদ আলোচনার প্রয়োজন অনস্বীকার্য।

শ্রীমতী পুষ্পদেবী বহুদিন হইতে উপনিষদের ভাবানুগ অনুবাদে প্রবৃত্ত হইয়াছেন। শুধু তাই নয়, সকল উপনিষদের সারভূত ভগবদ্গীতার একশত আটটি শ্লোকেরও অনুবাদ করিয়াছেন। কবিতায় শতশ্লোকী গীতা, উপনিষদ নির্মাল্য, উপনিষদ নৈবেদ্য এই তিনটি পুস্তকে তাঁর সে অনুবাদ প্রকাশিত হইয়াছে। আমি সেগুলিও পড়িয়াছি এবং লক্ষ্য করিয়াছি যে এই রচনার মধ্য দিয়া লেখিকার মনন শক্তির পর্যাপ্ত পরিচয় আত্মপ্রকাশ লাভ করিয়াছে। পূর্ব পূর্ব অনুবাদের ন্যায় এই অনুবাদও মূলানুগ ও সহজবোধ্য হইয়াছে। ছান্দোগ্যের ভাষাগত কাঠিন্য সুবিদিত সুতরাং সাফল্যের সহিত এই অমূল্য গ্রন্থের যিনি অনুবাদ করিতে পারিয়াছেন তিনি নিঃসংশয়ে আমাদের প্রশংসা ভাজন।

বর্তমান রাজ্য সরকার প্রকৃত সৎসাহিত্য প্রচারে অর্থানুকূল্য করিতেছেন। ছান্দোগ্যোপনিষদ যেমন ভাবগত গুরুত্বের আধার তেমনি আয়তনগত গুরুত্বেরও। সকলের পক্ষে স্বকীয় ব্যয়ে এই গ্রন্থের প্রকাশ সম্ভব হয় না। আমার বিশ্বাস রাজ্য সরকার শ্রীমতী পুষ্পদেবীকে এই অনুবাদ প্রকাশে অর্থানুকূল্য করিয়া সত্য সত্যই বহুজনের উপকার সাধন করিয়াছেন।

শ্রীগৌরী নাথ শাস্ত্রী
অধ্যক্ষ গভর্মেণ্ট সংস্কৃত কলেজ।

# লেখিকার নিবেদন

যাঁর দয়ায় পঙ্গু গিরি লঙ্ঘন করে সেই দয়াময়ের অহেতুক কৃপায় আমার মত মেয়ে ঈশ কেন কঠ। প্রশ্ন, মুণ্ডক, মাণ্ডুক্য ও তৈত্তিরীয় ও ঐতরেয়, এবং শ্বেতাশ্বতর ও ছান্দোগ্য উপনিষদ কাব্যানুবাদ করেছে। বৃহদারণ্যক কাব্যানুবাদও আমার শেষ হল বাকি রইল সেটি ছাপানো। এই বইটিতে আমার পিতৃসম শ্রদ্ধেয় শ্রীযুক্ত যোগেশ চন্দ্র মিত্র মহাশয়ের অনেক সাহায্য আমি পেয়েছি। নানা দুষ্প্রাপ্য গ্রন্থ ও তার পাশে তাঁর নিজের হাতে লেখা টিকা আমায় কত যে কঠিন সংশয় থেকে উত্তীর্ণ করেছে তা লেখায় প্রকাশ করার নয়। তাঁকে আমার শ্রদ্ধাবনত প্রণাম জানাচ্ছি আর জানাচ্ছি আমার সহৃদয় পাঠক পাঠিকাদের। এই বইগুলি লেখার জন্য উপনিষদের চর্চা করে আমার ব্যক্তিগত জীবনে আমি অনেক লাভবান হয়েছি। আশা করি সেই দুঃখজয়ের মন্ত্র আমার পাঠক পাঠিকারাও আস্বাদন করে তৃপ্ত হবেন।

ইতি—

বিনীতা

**লেখিকা**

কৃষ্ণ যজুর্ব্বেদীয়

# শ্বেতাশ্বতরোপনিষৎ

# শ্বেতাশ্বতর উপনিষদ

## শান্তি পাঠ

ওঁ পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমুদচ্যতে।
পূর্ণস্য পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে॥
ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ॥

পরিপূর্ণ পূর্ণতার মাঝে অপূর্ণের নাহি কণা লেশ
তাইত সে পূর্ণতম হতে পূর্ণ নিলে রহে পূর্ণশেষ॥
ওঁ শান্তি ওঁ শান্তি ওঁ শান্তি

ওঁ সহ নাববতু সহ নৌ ভুনক্তু। সহ বীর্যং করবাবহৈ।
তেজস্বি নাবধীতমস্তু। মা বিদ্বেষাবহৈ॥

গুরু শিষ্য একসাথে করিয়া প্রণাম
ঈশ্বর চরণে দোঁহে কামনা জানান,
অধীত এ শাস্ত্র বিদ্যা দুইজন পরে
তেজ জ্ঞানে দীপ্ত হয়ে সদা যেন ঝরে
দোঁহাকার প্রতি দোঁহে বিদ্বেষ না হয়
পরস্পরে ভালোবাসা অটুট সে রয়।

# প্রথম অধ্যায়

## ব্রহ্মবাদিনো বদন্তি—

**কিং কারণং ব্রহ্ম কুতঃ স্ম জাতা জীবাম কেন ক চ সম্প্রতিষ্ঠাঃ।**
**অধিষ্ঠিতাঃ কেন সুখেতরেষু বর্ত্তামহে ব্রহ্মবিদো ব্যবস্থাম ॥ ১**

ব্রহ্মবাদিরা আপনার মাঝে কহেন পরস্পরে
কোথা হতে জাত? কি করিয়া বাঁচি যাব বা কোথায় পরে?
ব্রহ্ম কি সবে করেন পালন
প্রলয়ের কালে কে করে ধারণ?
সুখদুখ ভোগ কার নির্দ্দেশে হয় বলো সবাকার
ব্রহ্ম কি এই জগত কারণ তাঁরি পরে সব ভার?

**কালঃ স্বভাবো নিয়তির্যদৃচ্ছা ভূতানি যোনিঃ পুরুষ ইতি চিন্ত্যা**
**সংযোগ এষাং ন ত্বাত্মভাবাদাত্মাঽপ্যনীশ সুখদুঃখহেতোঃ ॥ ২**

সকল জীবের শেষ পরিণাম কারণ কি কাল তবে?
স্বভাব নিয়তি সহসা যা ঘটে নিশ্চয় কেবা কবে?
ইহারা কারণ কখনো ত নয়
সকলের যোগ যদিও বা হয়
জীবাত্মা তবু বহে চিরকাল পাপ পুণ্যের ভার
থাকিলেও মিশে জগতের গতি কারণ নহেত তার।

তে ধ্যান যোগানুগতা অপশ্যন্‌ দেবাত্মশক্তিং স্বগুণৈর্নিগূঢ়াম্‌
যঃ কারণানি নিখিলানি তানি কালাত্মযুক্তান্যধিতিষ্ঠত্যেকঃ ॥ ৩

পরমাত্মাই নিখিল কারণ তাঁর মতে সবে ধায়
কাল ও জীবের গতিপথ বাঁধা সেই ধারা বয়ে যায়
ঋষিরা সমাধি যুক্ত হইয়া
জেনেছেন তাহা সত্য করিয়া
সত্ত্ব ও রজো তমো তিন গুণ পথ প্রান্তেতে তার
সবের আধার অতুল্য সেই প্রণম্য সবাকার।

তমেকনেমিং ত্রিবৃতং ষোড়শান্তং শতর্ধারং বিংশতি প্রত্যরাভিঃ।
অষ্টকৈঃ ষড়ভির্বিশ্বরূপৈকপাশং ত্রিমার্গ ভেদং দ্বিনিমিত্তৈকমোহম্‌ ॥ ৪

মায়া শক্তি যে পরমাত্মার রথ চক্রের শেষ
ত্রিগুণ দ্বারায় আবৃত যেই ষোড়শ গুণের বেশ
পঞ্চাশ যার চক্র শলাকা
বিংশটি চক্র শলার খিলিকা
ছয় অষ্টক কাম পাশ দ্বারা আবদ্ধ যেইজন
পাপ ও পুণ্য জ্ঞান অজ্ঞান সবের মধ্যে র'ন।

পঞ্চস্রোতোঽম্বুং পঞ্চযোন্যুগ্রবক্রাং
পঞ্চ প্রাণোর্মিং পঞ্চবুদ্ধ্যাদিমূলাম্
পঞ্চাবর্ত্তাং পঞ্চদুঃখৌঘবেগাং
পঞ্চাশদ্ভেদাং পঞ্চপর্বামধীমঃ ॥ ৫

পাঁচটি জ্ঞানের ইন্দ্রিয় যথা পাঁচটি ধাবার মত
পঞ্চ ভূতের দ্বারা দুস্তর জটিল পথেতে গত
পঞ্চ কর্ম ইন্দ্রিয় যার
তরঙ্গ সম হইল যাহার
চক্ষেন্দ্রিয় পঞ্চজ্ঞানের মনটি যাহার মূল
পঞ্চ শব্দ আবর্ত্ত যার শুধু যার নাহি কূল।
পঞ্চ দুঃখ যাঁর স্রোতাবেগ সোপান পঞ্চ ক্লেশ
পঞ্চাশ রূপে যাঁর পরকাশ সেই জন পরমেশ
হেথা নদী রূপে তাহারে স্মরিয়া
আমরা সকলে পরাণ ভরিয়া
অপরূপ রূপা সে স্রোত সলিলা প্রণমি জুড়িয়া কর
পঞ্চনদীর স্রোত সমা সেই অপরূপ মনোহর।

সর্বা জীবে সর্ব সংস্থে বৃহন্তে অস্মিন হংসো ভ্রাম্যতে ব্রহ্মচক্রে
পৃথগাত্মানং প্রেরিতারঞ্চ মত্বা জুষ্টস্ততস্তেনামৃতত্বমেতি ॥ ৬

মিছে আপনারে বিভিন্ন ভেবে যেই জন দূরে রয়
ব্রহ্মচক্রে কারণ ও লয়ে পতিত তখন হয়
তখন সে বোঝে সব মিছে ভুল
যেখানে যে জীব সব সমতুল
ব্রহ্মজ্ঞান লভি সে তখন আপনি অমর হয়
সবাকার মাঝে অমৃত লভিয়া আপনি অমৃতময়।

**উদ্‌গীতমেতৎ পরমন্তু ব্রহ্ম তস্মিংস্ত্রয়ং সুপ্রতিষ্ঠাঽক্ষরঞ্চ।**
**অত্রান্তরং ব্রহ্ম বিদো বিদিত্বা লীনা ব্রহ্মণি তৎপরা যোনিমুক্তাঃ ॥ ৭**

এই মায়াতীত রূপে বেদান্তে তাহারি মহিমা গায়
ভোগ্য ভোক্তা ঈশ্বর সাথে এক হয়ে বিরাজয়
অচল রূপেতে প্রতিষ্ঠা যাঁর
স্বয়ং রূপেতে নাহিক বিকার
এ মায়ার মাঝে ঈশ্বরে জানি যত জ্ঞানী ঋষিগণ
সমাধি লভিয়া ব্রহ্মাতে মিশে জনম মুক্ত হন।

**সংযুক্ত মেতৎ ক্ষরমক্ষরঞ্চ ব্যক্তাব্যক্তং ভরতে বিশ্বমিশঃ।**
**অনীশশ্চাত্মা বধ্যতে ভোক্তৃভাবাজ্‌জ্ঞাত্বা দেবং মুচ্যতে সর্বপাশৈঃ ॥ ৮**

বিনাশের রূপে অবিনাশী জন সবেতে মুক্ত র'ন
কার্য্য কারণে যুক্ত করিয়া রহিয়াছে সেই জন
আবার সেজন জীব রূপে রয়
সুখ দুখ রত হয়ে মোহময়
আবার সেজন জ্ঞান লাভ করি ছিঁড়ে সব বন্ধন
ব্রহ্মে লভিয়া ব্রহ্মে জানিয়া ব্রহ্মেতে লীন হন।

**জ্ঞাজ্ঞৌ দ্বাবজাবীশানীশাবজা হ্যেকা ভোক্তৃভোগ্যার্থ যুক্তা।**
**অনন্তশ্চাত্মা বিশ্বরূপো হ্যকর্তা ত্রয়ং যদা বিন্দতে ব্রহ্মমেতৎ ॥ ৯**

এই ঈশ্বরই জ্ঞানী অজ্ঞানী দাস প্রভু দুই সাজে
অনাদি অতীত স্বয়ম্ভু সেই থাকে সবাকার মাঝে
ভোগ ও ভোক্তা ভোগ্যও সেই
আপনা আপনি প্রভু হয় যেই
তিনের মধ্যে তাঁহারে লভিয়া জ্ঞানী ও সাধক জন
অনন্ত এই ব্রহ্ম স্বরূপে লভিয়া মুক্ত হন।

ক্ষরং প্রধানমমৃতাক্ষরং হরঃ ক্ষরাত্মানাবীশতে দেব একঃ
তস্যাভিধ্যানাদ্ যোজনাৎ তত্ত্ব ভাবাদ্ ভূয়শ্চান্তে বিশ্বমায়ানিবৃত্তিঃ ॥ ১০

এই যে বিনাশী অবিদ্যাহারি অবিনাশী যেইজন
অমৃতময় সে পরম পুরুষ জগতের প্রভু হন
একাগ্র চিতে করি তাঁর ধ্যান
যেই লভে সেই ব্রহ্মের জ্ঞান
জীবাত্মা সাথে পরমাত্মার যোগ জেনো সেই হয়
সংসার হতে লভিয়া মুক্তি ব্রহ্মাতে হয় লয়।

জ্ঞাত্বা দেবং সর্বপাশাপহানিঃ ক্ষীণৈঃক্লেশৈর্জন্ম মৃত্যু প্রহাণিঃ।
তস্যাভিধ্যানাত্তৃতীয়ং দেহভেদে বিশ্বৈশ্বর্য্যং কেবলঃ আপ্তকামঃ ॥ ১১

তাঁহারে জানিলে সব বন্ধন আপনি খুলিয়া যায়
পঞ্চ ক্লেশের হয় অবসান অমৃত জনম পায়
যাঁহারে স্মরিলে সব পাওয়া যায়
তাঁহারে পাইলে তাঁহারি দয়ায়
সকল চাওয়ার যেথা অবসান সেইখানে স্থিতি হয়
পূর্ণানন্দে অমৃত লভিয়া সবি আনন্দময়।

এতজ্জ্ঞেয়ং নিত্যমেবাত্মসংস্থম্ নাতঃ পরং বেদিতব্যংহি কিঞ্চিৎ।
ভোক্তা ভোগ্যং প্রেরিতারঞ্চ মত্বা সর্বং প্রোক্তং ত্রিবিধ ব্রহ্মমেতৎ ॥ ১২

ভোক্তা জীব ও ভোগ্য নিখিলে যত কিছু সমুদয়
তাঁহারে পাইলে নিমেষের মাঝে সকলি লব্ধ হয়
প্রকৃষ্ট রূপে আছে যে কথিত
আত্ম রূপে যে ব্রহ্মাই স্থিত
যে সাধক এই জ্ঞান লাভ করে তাঁরে সে বক্ষে পায়
ইহার অধিক নাহি আর কিছু জানে সে তপস্যায়।

**বহ্নের্যথা যোনিগতস্য মূর্তি র্ন দৃশ্যতে নৈব চঃ লিঙ্গনাশঃ।**
**স ভূয় এবেন্ধনযোনিগৃহ্যস্তদ্বোভয়ং বৈ প্রণবেন দেহে॥ ১৩**

কাঠের ভিতরে যে আগুন থাকে বাহিরে না যায় দেখা
সূক্ষ্মাবস্থা কাঠের গোপনে চুপি চুপি রয় ঢাকা
ঘষিলেই দেখো জ্বলে হুতাশন
তেমনি ব্রহ্মে রত হলে মন
আপনিই এই আত্মায় তার উপলব্ধি সে হয়
ব্রহ্মে জানিয়া সাধক সে জন অমৃতে মগন রয়।

**স্বদেহমরণিং কৃত্বা প্রণবঞ্চোত্তরারণিম্**
**ধ্যাননির্মথনাভ্যাসাদ্ দেবং পশ্যেন্নিগূঢ়বৎ॥ ১৪**

নিচের কাঠেতে উপরের কাঠে ঘষিতে যেমন হয়
তেমনই দেহতে ধ্যান ঘর্ষণে লভে সে জ্যোতির্ময়
এই দেহ মাঝে লুকাইয়া রন
আত্মায় সেই অরূপ রতন
জাগো ওগো মন কর দরশন পূর্ণ রূপেতে তায়
নিমেষে মিলাবে সব শোক তাপ পরশিয়ে সেই পায়।

**তিলেষু তৈলং দধিনীব সর্পিরাপঃ স্রোতঃ স্বরণীষু চাগ্নিঃ**
**এবমাত্মাত্মনি গৃহ্যতেঽসৌ সত্যেনৈনং তপসা যোঽনুপশ্যতি॥ ১৫**

সত্য সহায়ে জ্ঞানী সুধী জন করে তারে দরশন
একাগ্র ভাবে তাঁরে দেখিবারে চায় যেই জ্ঞানীজন
সবাকার মাঝে স্থিত সেইজন
তিল ও তৈলে ঘৃতের মতন
আত্মজ্ঞান ও তপস্যা মাঝে দেখে সেই অতুলন
অন্তঃসলিলা স্রোতস্বিনীর মত রহে সেই জন।

**সর্ব্বব্যাপিনমাত্মানং ক্ষীরে সর্পিরিবার্পিতম্ আত্ম বিদ্যা তপোমূলং তদ্ ব্রহ্মোপনিষৎপরং তদ ব্রহ্মোপনিষৎ পরমিতি ॥ ১৬**

এই সব কথা শুনে যেই জন তপও ব্রহ্ম সাথে
দুধের মাঝেতে ঘৃত যেই মত আপনিই মিশে তাতে
তিলের মাঝেতে তেল যেই মত
দধির মাঝেতে রয় যেন ঘৃত
মাটির মাঝেতে জলেব মতন কাঠে আগুনের সম
আপনি ব্রহ্ম বিরাজে সাধকে অপরূপ অনুপম।

# দ্বিতীয় অধ্যায়

**যুঞ্জানঃ প্রথমং মনস্তত্ত্বায় সবিতা ধিয়ঃ।
অগ্নের্জ্যোতির্নিচায্য পৃথিব্যা অধ্যাভরত ॥ ১**

তত্ত্ব জ্ঞান প্রকাশের তরে সূর্য্য সহায় হও
আমাদের সব মন ইন্দ্রিয় এক সাথে করে লও
পরমাত্মায় কর তা যুক্ত
ইন্দ্রিয় দল করগো মুক্ত
প্রকাশে তাদের কর সহায়তা ইন্দ্রিয় অধিপতি
তোমাদের কৃপা লভিয়ে লভিব আমি সে পরম গতি।

**যুক্তেন মনসা বয়ং দেবস্য সবিতুঃ সবে। যুবর্গেয়ায় শক্ত্যা ॥ ২**

হে পূষণ তব কৃপাটুকু লয়ে আমরা ধ্যানেতে রত
পরমাত্মায় সংযোগ করি তাঁরে পেতে করি ব্রত
হৃদি দেহ মন সকলি সপিয়া
শুধু তাঁর নাম পরাণে জপিয়া
যেটুকু সাধ্য হে তপন আমি করি তা সাধ্যমত
হে পূষণ তব কৃপাটুকু লয়ে তাঁর ধ্যানে মোরা রত।

**যুক্ত্বায় মনসা দেবান্ স্বুবর্যতো ধিয়া দিবম্।**
**বৃহজ্জ্যোতিঃ করিষ্যতঃ সবিতা প্রসুবাতি তান্ ॥ ৩**

সুখময় সেই ব্রহ্ম সমীপে আমরা গমন করি
জ্ঞানের আলোয় দিকেরে প্রকাশি সহায় হইও তারি
পরমাত্মার যুক্ত সে মন
ব্রহ্ম সত্যে করে দরশন
হে পূষণ তুমি কৃপা করি সবে শকতি তাহার দাও
তোমাব আলোয় আঁধার বিদরি সেই পথে নিয়ে যাও।

**যুঞ্জতে মন উত যুঞ্জতে ধিয়ো বিপ্রা বিপ্রস্য বৃহতো বিপশ্চিতঃ।**
**বিহোত্রা দধে বয়ুনাবিদেক ইন্ মহী দেবস্য সবিতুঃ পরিষ্টুতিঃ ॥ ৪**

যে সব বিপ্র পরমাত্মায় মনকে যুক্ত করে
তাহাদের সেই মহান যজ্ঞে সূর্য্যদেবেরে স্মরে
সূর্য্যের স্তুতি করি যেইজন
তাঁহার শকতি করে আরাধন
সব যজ্ঞের মূলে সেইজন সাক্ষী অদ্বিতীয়
ব্রহ্মে লভিতে তাঁহার কাছেতে হে মন শকতি নিও।

**যুজে বাং ব্রহ্ম পূর্ব্যং নমোভিঃ বিশ্লোক এতু পথ্যেব সূরেঃ।**
**শৃণ্বন্তু বিশ্বে অমৃতস্য পুত্রা আ যে ধামানি দিব্যানি তস্থুঃ ॥ ৫**

ইন্দ্রিয়গণ অধিপতি হন যে সব দেবতাগণ
তোমাদের কাছে জুড়ি দুটি কর এই মোর নিবেদন
ব্রহ্ম পূজায় হব আমি রত
সফল যেন গো হয় মোর ব্রত
সূর্য্যদেবের কাছে মোর স্তব বিস্তৃতি লাভ করে
(হিরণ্যগর্ভ) দিব্যধামের সন্তানগণ শোনে যেন প্রীতি ভরে।

**অগ্নি র্যত্রাভিমথ্যতে বায়ুর্যত্রাধিরুধ্যতে**
**সোমো যত্রাতিরিচ্যতে তত্র সঞ্জায়তে মনঃ ॥ ৬**

সূর্য্যদেবের অনুমতি ছাড়া পূজা করে যেইজন
সে সব যজ্ঞে শুধু করা হয় অগ্নিকে মন্থন
হোমাগ্নিতে যে প্রাণের স্থাপন
তাহা না করিয়া সবি অকারণ
ভোগে রত মন হইয়া সে জন বিফল পথেতে যায়
সূর্য্যদেবের অনুমতি বিনা যে বসে তপস্যায়।

**সবিত্রা প্রসবেন জুষেত ব্রহ্ম পূর্ব্যম্।**
**তত্র যোনিং কৃণবসে ন হি তে পূর্তমক্ষিপৎ ॥ ৭**

সূর্য্য দেবের অনুমতি লয়ে ব্রহ্মের পূজা করো
অনাদি যেজন তাঁহারে পাইতে মনে প্রাণে তাঁরে স্মরো
ব্রহ্মের মাঝে সমাধি হইলে
সংসার মায়া যায় দূরে চলে
সব বন্ধন আপনি মুক্ত খোলে ব্রহ্মের দ্বার
আনন্দময়ে ধরিয়া হৃদয়ে ঘোচে সংসার ভার।

ত্রিরুন্নতং স্থাপ্য সমং শরীরং হৃদীন্দ্রিয়াণি মনসা সন্নিবেশ্য ।
ব্রহ্মোড়ুপেন প্রতরেত বিদ্বান্ স্রোতাংসি সর্বাণি ভয়াবহানি ॥ ৮

যোগ জানে যেই মস্তক গ্রীবা বুক উন্নত করি
সরল ভাবেতে শরীর রাখিয়া মনকে হৃদয়ে ধরি
প্রণব রূপের ভেলায় তাহাতে
সংসার স্রোত পার হয় যাতে
দুঃখ ও শোক ভয় তাপ আদি হেসে হয়ে যায় পার
যোগ যেই জানে প্রণবে লভিয়া পার হয় সংসার ।

প্রাণান্ প্রপীড্যেহ সংযুক্তচেষ্টঃ ক্ষীণে প্রাণে নাসিকয়োচ্ছ্বসীত ।
দুষ্টাশ্বযুক্তমিব বাহমেনং বিদ্বান্ মনো ধারয়েতাপ্রমত্তঃ ॥ ৯

শাস্ত্র মতেতে করিয়া চেষ্টা অভিজ্ঞ যোগীগণ
যোগ মার্গেতে পঞ্চ প্রাণকে সংযত করি রণ
ইন্দ্রিয় হতে প্রাণকে সরায়ে
স্থির করি তারে হবে যেতে লয়ে
নাসিকা মধ্যে শ্বাস ত্যাগ করি ধ্যানে রত হও মন
দুষ্ট অশ্বে যুক্ত সারথি যে ভাবেতে রথ লন ।

সমে শুচৌ শর্করাবহ্নিবালুকাবিবর্জিতে শব্দ জলাশ্রয়াদিভিঃ
মনোঽনুকূলে ন তু চক্ষুঃ পীড়নে গুহানিবাতাশ্রয়ণে প্রযোজয়েৎ ॥ ১০

সমতল আর পবিত্র স্থান খুঁজে বার করো আগে
পাথর অগ্নি বালি কোলাহল সেখানে যেন না থাকে
নহে মণ্ডপ নহে জলাশয়
দেখে যেন মন প্রসন্ন হয়
ঝড়ের বাতাস নাহি পশে সেথা নির্জন গুহাসম
সেথায় বসিয়া এক মন দিয়া ধ্যান করো মনোরম ।

**নীহার ধূমার্কানিলানলানাং খদ্যোত বিদ্যুৎ স্ফটিক শশিনাম**
**এতানি রূপানি পুরঃ সরাণি ব্রহ্মণ্যভিব্যক্তিকরাণি যোগে ॥ ১১**

যোগাভ্যাসেতে রত ঋষিগণ দর্শন পায় যবে
তুষার ধূম্র বায়ু ও সূর্য্য অগ্নি জোনাকী সবে
কভু বিদ্যুত স্ফটিক বা কেহ
শশধর সম উজলিয়া দেহ
নানা রূপ ধরি নানা দরশন হয় সেই সবাকার
অগ্রগামী এ লক্ষণ জেনো তাহার তপস্যার।

**পৃথ্ব্যপ্‌তেজোঽনিলখে সমুত্থিতে পঞ্চাত্মকে যোগগুণে প্রবৃত্তে**
**ন তস্য রোগো ন জরা ন মৃত্যুঃ প্রাপ্তস্য যোগাগ্নিময়ং শরীরম্ ॥ ১২**

অভিব্যক্তির লক্ষণ ইহা প্রথম সূচিত হলে
পৃথিবী অগ্নি বায়ু ও আকাশ কখন প্রকাশ জলে
যোগীর নিকটে হইলে প্রকাশ
মৃত্যু ও জরা রোগের বিনাশ
যোগ শাস্ত্রের পঞ্চভূতের পঞ্চ গুণত এই
বিমল শরীর হয় সে প্রাপ্ত এতে কোন ভুল নেই।

**লঘুত্বমারোগ্য অলোলুপত্বং বর্ণপ্রসাদঃ স্বরসৌষ্ঠবঞ্চ।**
**গন্ধঃ শুভো মূত্রপুরীষমল্পং যোগপ্রবৃত্তিং প্রথমাং বদন্তি ॥ ১৩**

তখন শরীরে নাহি রয় ভার মনে নাহি রোগ ভয়
লোভ মোহ তাপ ক্ষণেকের তরে তারে নাহি পরশয়
এখন মিলে যে মধুর গন্ধ
স্বরে মাধুর্য্য দেহতে ছন্দ
উজ্জলকান্তি মলমূত্রের স্বল্পতা দেহে হয়
যোগের সিদ্ধি এতে যায় বোঝা পূর্বভাবীরে কয়।

**যথৈব বিম্বং মৃদয়োপলিপ্তং তেজোময়ং ভ্রাজতে তৎ সুধান্তম্
তদ্বাত্মতত্ত্বং প্রসমীক্ষ্য দেহী একঃ কৃতার্থো ভবতে বীতশোকঃ ॥ ১৪**

সুবর্ণ যথা মাটির মধ্যে মলিন হইয়া রয়
অগ্নির দ্বারা হলে বিশোধিত উজ্জ্বল সেই হয়
তেমনি ব্রহ্মে হলে দরশন
আত্ম তত্ত্ব বোঝে যবে মন
ব্রহ্মের সাথে একাত্ম হয়ে অভিন্ন হয়ে যায়
কৃত কৃতার্থ সাধক সকল দুঃখে মুক্তি পায়।

**যদাত্মতত্ত্বেন তু ব্রহ্মতত্ত্বং দীপোপমেনেহ যুক্তঃ প্রপশ্যেৎ
অজং ধ্রুবং সর্বতত্ত্বৈর্বিশুদ্ধং জ্ঞাত্বা দেবং মুচ্যতে সর্বপাশৈঃ ॥ ১৫**

যোগেতে যুক্ত এই যোগীগণ হৃদয় গুহাতে তার
আত্ম জ্ঞানের প্রদীপ জ্বালায়ে সাক্ষাৎ পায় তাঁর
জন্ম রহিত হয় সেই ক্ষণে
অভিন্ন যেই দেখে তারে মনে
সব অবিদ্যা দূরে যায় তার পরমাত্মাকে পায়
ব্রহ্মে লভিয়া ব্রহ্মতে স্থিত যেজন তপস্যায়।

**এষ হ দেবঃ প্রদিশোঽনু সর্বাঃ পূর্বো হ জাতঃ স উ গর্ভে অন্তঃ।
স এব জাতঃ স জনিষ্যমাণ প্রত্যঙ্ জনাংস্তিষ্ঠতি সর্বতোমুখঃ ॥ ১৬**

সর্ব ব্যাপিয়া আছে এইজন মায়াজালে এইজন
বিরাট রূপেতে জাত হয়ে কভু শিশুরূপে জাত হন
জ্ঞানের মাঝেতে হইয়া প্রকাশ
অজ্ঞান মাঝে করেন বিনাশ
সকল জীবের অন্তর যামী অন্তর মাঝে রন
সবার মাঝেতে হের তাঁর মুখ মুখ তাঁর অগণন।

**যোদেবো অগ্নৌ যো অপ্‌সু যো বিশ্বং ভুবনমাবিবেশ**
**য ওষধীষু যো বনস্পতিষু তস্মৈ দেবায় নমোনমঃ ॥ ১৭**

অগ্নির মাঝে প্রকাশ যাহার প্রণমি তাঁহার পায়
ফলে ফুলে জলে ওষধির মাঝে তারে পুনঃ দেখা যায়
সবের মাঝেতে প্রকাশ যাঁহার
বর্ণিতে রূপ ভাষা মানে হার
ভকতিতে ভরে জানাই প্রণাম তাঁহার ও স্তুতি পায়
লেখনী যাহারে বর্ণিতে হারে নয়ন দরশ চায়।

# তৃতীয় অধ্যায়

**য একো জালবানীশত ঈশনীভিঃ সর্বাঁল্লোকানীশত ঈশনীভিঃ**
**য এবৈক উদ্ভবে সম্ভবে চ য এতদ্বিদুরমৃতাস্তে ভবন্তি ॥ ১**

মায়াময় সেই আপনার মাঝে কতনা শক্তি ধরে
নবজাত হতে ঐশ্বর্য্যের মাঝেও চালিত করে
জানে এই কথা যেই জ্ঞানীজন
অমৃতের মাঝে সে হয় মগন
তাঁর ইচ্ছায় সব কিছু হয় সহজ কথাটি এই
অহং ভাবের মূল এতে নাশ কোনোখানে ভুল নেই।

**একোহি রুদ্রো ন দ্বিতীয়ায় তস্থুর্য ইমাঁল্লোকান ঈশত ঈশনীভিঃ**
**প্রত্যঙ জনাংস্তিষ্ঠতি সঞ্চুকোপান্তকালে**
**সংসৃজ্য বিশ্বা ভুবনানি গোপাঃ ॥ ২**

রুদ্র রূপেতে মায়াবী সেজন সেজন অদ্বিতীয়
ব্রহ্মলব্ধ সাধক জনের যেজন বাঞ্ছনীয়
তারি শক্তিতে চলে সবলোক
তাহারি সৃষ্টি তিনিই পালক
প্রলয়ের কালে সংহারকারী রূপে জেন সেইজন
ব্রহ্ম লব্ধ সাধকের চাওয়া সেইত পরমধন।

**বিশ্বতশ্চক্ষুরুত বিশ্বতোমুখো বিশ্বতোবাহুরুত বিশ্বতস্পাৎ**
**সং বাহুভ্যাং ধমতি সম্পতত্রৈর্দ্যাবাভূমী জনয়ন্ দেব একঃ ॥ ৩**

অসংখ্য তাঁর আঁখি বাহু মুখ অনেক চরণ তাঁর
যেথা যত জীব মানুষ ও পাখী সবে তাঁর বিস্তার
সকল বাহুকে তাঁর বাহু জানি
ভূলোকে দ্যুলোকে যেথা যত প্রাণী
সবাকার মাঝে এক হয়ে তিনি আপনি সুপ্রকাশ
তাইত তাহারে পাইবার তরে মুনি ঋষিদের আশ।

**যো দেবানাং প্রভবশ্চোদ্ভবশ্চ বিশ্বাধিপো রুদ্রো মহর্ষিঃ**
**হিরণ্যগর্ভং জনয়ামাস পূর্বং স নো বুদ্ধ্যা শুভয়া সংযুনক্তু ॥ ৪**

দেবতাগণের জনমও প্রভু হইয়াছে তোমা হতে
তুমিই দিয়াছ ঐশ্বর্য্য ও সবে পালিয়াছ নানামতে
হে মহারুদ্র জান তুমি সব
তাই জগতের হলে উদ্ভব
তারো আগে তুমি দিয়ে মায়াজাল করিয়াছ আবরণ
সবের স্রষ্টা আমাদের শুভ বুদ্ধি করুন দান।

**যা তে রুদ্র শিবা তনূরঘোরাঽপাপকাশিনী।**
**তয়া নস্তনুবা শন্তময়া গিরিশন্তাভিচাকশীহি ॥ ৫**

হে রুদ্র তুমি এ দেহের মাঝে সুখদান অধিকারী
পূত পবিত্র আনন্দ প্রদ হই যেন দেহধারী
সেই সুখতম পুণ্য এ দেহ
হয় যেন প্রভু মঙ্গল গেহ
নির্মল কর মঙ্গল কর কর আনন্দময়
তোমার দয়ায় এই দেহ মম হয় যেন সুখময়।

**যামিষুং গিরিশন্ত হস্তে বিভর্ষ্যস্তবে**
**শিবাং গিরিত্র তাং কুরু মা হিংসীঃ পুরুষং জগৎ ॥ ৬**

এই দেহ মাঝে তোমার নিবাস হোক সুখকর মম
নিক্ষেপ তরে লয়েছ যে বাণ হোক মঙ্গল সম
আমাদের এই গৃহ পরিবার
তার সাথে এই জগৎ তোমার
এরা নহে প্রভু তব হিংসার যোগ্য কখন নয়
পূত পবিত্র ওগো পরমেশ চির মঙ্গলময়।

**ততঃ পরং ব্রহ্মপরং বৃহন্তং যথানিকায়ং সর্বভূতেষু গূঢ়ম্**
**বিশ্বস্যৈকং পরিবেষ্টিতারম্ ঈশং তং জ্ঞাত্বাঽমৃতা ভবন্তি ॥ ৭**

এই জগতের আত্মা বিরাট বিশাল যেরূপ তব
ব্রহ্মের এই মায়াজাল হতে বিরাট বৃহত্তম
বিভিন্ন ভাবে থাকি সবামাঝে
গোপনে যেজন সতত বিরাজে
বেষ্টিত করি এ জগৎ সারা যেজন বিশ্বময়
তাঁহারে চিনিলে অমৃতের মাঝে জীবেরা মগন হয়।

**বেদাহমেতং পুরুষং মহান্তম্ আদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ**
**তমেব বিদিত্বাঽতি মৃত্যুমেতি নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায় ॥ ৮**

আপনি প্রকাশ অজ্ঞানতীত সে দেবেরে আমি জানি
সকল ব্যাপিয়া আছে সেই জন অন্তর মাঝে মানি
যাহারে চিনিলে সব চেনা যায়
যাহারে পাইলে মৃত্যু না রয়
তাঁহারে না পেলে পরমার্থের আর কোন পথ নাই
সকল ব্যাপিয়া অতুলন তিনি তুলনা কোথা বা পাই।

**যস্মাৎ পরং নাপরমস্তি কিঞ্চিদ্ যস্মান্নাণীয়ো ন জ্যায়োঽস্তি কশ্চিৎ**
**বৃক্ষ ইব স্তব্ধো দিবি তিষ্ঠত্যেকস্তেনেদং পূর্ণং পুরুষেণ সর্বম ॥ ৯**

যার চেয়ে বড় নাহি কোনখানে যার চেয়ে ছোট নাই
বিরাট যে জন অনুকনা সেই সব মাঝে যাঁর ঠাঁই
বৃক্ষের সম সেই অতুলন
নিশ্চল রূপে প্রকাশিত হন
নিজ মহিমায় বিরাজিত যিনি ব্যাপিয়া সর্ব্বলোক
বিরাট দেহ সে পুরুষের দ্বারা আবৃত তিনলোক।

**ততো যদুত্তরতরং তদরূপমনাময়ম্ য এতদ্বিদুরমৃতাস্তে ভবন্ত্যথেতরে**
**দুঃখমেবাপিযন্তি ॥ ১০**

এই জগতের কারণ থেকেও সেজন উর্দ্ধে র'ন
সব দুঃখের নিরাময় সেই অরূপ অধরা জন
তাঁহার তত্ত্ব বোঝে যদি মন
অমৃত লভিয়া অমর সে হ'ন
বোঝেনা যেজন তাঁর দুঃখের নাহি আর অবশেষ
শোকেতে মগন অভিভূত সেই নাহি থাকে সুখলেশ।

**সর্বাননশিরোগ্রীবঃ সর্বভূতগুহাশয়ঃ**
**সর্বব্যাপী স ভগবাংস্তস্মাৎ সর্বগতঃ শিবঃ ॥ ১১**

যত জীব আছে সবাকার মুখে তাঁর মুখ চাঁদ রাজে
যত গ্রীবা আছে তাঁর গ্রীবা সব নিশ্চয় তারি মাঝে
সকল জীবের মধ্যে থাকিয়া
আছে সেই জন সকল ব্যাপিয়া
ষড়ৈশ্বর্য্যশালী সেই জন সবেতে বিদ্যমান
সবার ভিতরে আপনা প্রকাশি কল্যাণ করে দান।

**মহান্ প্রভুর্বৈ পুরুষঃ সত্ত্বস্যৈষ প্রবর্ত্তকঃ।**
**সুনির্মলামিমাং প্রাপ্তিমীশানো জ্যোতিরব্যয়ঃ ॥ ১২**

মহৎ এজন জেনো মনে মহা শক্তির অধিকারী
হৃদয় শায়ী এ পরম পুরুষ পূর্ণাবতার তারি
অন্তর হতে তাঁর আগমন
পরম পদের দাতা যেইজন
সবাকার প্রভু অবিনাশী এই সবার পূজ্যজন
বিজ্ঞান মাঝে তাহার প্রকাশে স্তব্ধ হৃদয় মন।

**অঙ্গুষ্ঠমাত্রঃ পুরুষোঽন্তরাত্মা সদা জনানাং হৃদয়ে সন্নিবিষ্টঃ**
**হৃদা মন্বীশো মনসাঽভিক্লৃপ্তো য এতদ্বিদুরমৃতাস্তে ভবন্তি ॥ ১৩**

অঙ্গুষ্ঠের মত হয়ে আছে হৃদয়ের মাঝখানে
অথচ সে জন পূর্ণ রূপেতে রয়েছে সকল স্থানে
সকল প্রাণীর হৃদয় বিহারী
হে জ্ঞান আকর আছ সব ভরি
জ্ঞানেতে বিচারি হৃদয়েতে ভরি বুদ্ধিতে স্থিত হন
যাহার মনেতে মরণ হইতে সেইজন দূরে রন।

**সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ**
**স ভূমিং বিশ্বতো বৃত্বাঽত্যতিষ্ঠদ্দশাঙ্গুলম্॥ ১৪**

অনন্ত রূপ বর্ণিতে তার ভাষা মোর মানে হার
অনন্ত শির অনন্ত আঁখি অনন্ত পদ তাঁর
এই ভুবনেরে ব্যাপ্ত করিয়া
আছে যেই জন সকল ভরিয়া
আবার সে জন দশ অঙ্গুলি নাভির ঊর্দ্ধ হতে
হৃদয়ের মাঝে অসীম রূপেতে আছে এ জগৎ হতে।

**পুরুষ এবেদং সর্বং যদভূতং যচ্চভব্যম্**
**উতামৃতত্বস্যেশানো যদন্নেনাতিরোহতি॥ ১৫**

যা আছে যা হবে হইয়াছে যাহা সবের বিধাতা সেই
মুক্তিদাতা সে বিধাতা পুরুষ এর মাঝে ভুল নেই
অন্নের দ্বারা বাঁচে যেই জন
তাহার বিধাতা সেই জন হন
অমৃতময় সে আনন্দরূপে নিত্য সত্য ধন
সবের বিধাতা তিনি নিশ্চয় সেই জন অতুলন।

**সর্বতঃ পানিপাদন্তৎ সর্বতোঽক্ষিশিরোমুখম্**
**সর্বতঃ শ্রুতিমল্লোকে সর্বমাবৃত্য তিষ্ঠতি॥ ১৬**

সকল জীবের হস্ত ও পদ ব্রহ্মের বলি জেন
সর্ব জীবের মস্তক আঁখি তাঁর বলি মন চেনো
সবার কানেতে শোনে সেই জন
সকল ব্যাপিয়া জগতেতে রন
জ্ঞানীর দেহতে চৈতন্যের রূপ ধরি সেই রয়
সকল ভরিয়া সকল পুরিয়া রহে সে শকতি ময়।

**সর্বেন্দ্রিয়গুণাভাসং সর্বেন্দ্রিয়বিবর্জিতম্**
**সর্বস্য প্রভুমীশানং সর্বস্য শরণং বৃহৎ ॥ ১৭**

নিখিল জীবের সব ইন্দ্রিয় চলে জেনো তাঁর মতে
আপনি সে জন রহিত জানিও ইন্দ্রিয় সব হ'তে
সবারে শকতি দাতা সেইজন
সবাকার সেই পরম কারণ
সবার সেজন চির আশ্রয় আনন্দ সবাকার
কেমনে বলিব তাহার মহিমা মহিমা কে জানে তাঁর ?

**নব দ্বারে পুরে দেহী হংসো লেলায়তে বহিঃ**
**বশী সর্বস্য লোকস্য স্থাবরস্য চরস্য চ ॥ ১৮**

বন পর্ব্বত অখিলের মাঝে যেথা যত কিছু রয়
নিয়ন্তা সেই তারি নির্দেশে সকলে চালিত হয়
আবার সেজন নয় দ্বার ধারি
জীব ভাব লয়ে দেহ অধিকারী
আবার সেজন বাহিরের রূপে সচেষ্ট হয়ে র'ন
নিখিল জগতে সবাকার মাঝে রয়েছেন সেইজন।

**অপাণি পাদো জবনো গ্রহীতা পশ্যত্যচক্ষুঃ স শৃনোত্যকর্ণঃ**
**স বেত্তি বেদ্যং ন চ তস্যাস্তি বেত্তা তমাহুরগ্র্যং পুরুষং মহান্তম্ ॥ ১৯**

চরণ নাহিক তবু জেন সেই সবচেয়ে দ্রুত যায়
হস্ত না থেকে সেই জন জেন সবচেয়ে দ্রুত লয়
চক্ষু না থেকে করে দরশন
কর্ণ না থেকে করেন শ্রবণ
যেখানে যাকিছু সব সেই জানে তাহারে না কেউ জানে
সর্বাগ্রণী ও পূর্ণ মহান ব্রহ্মজ্ঞতে তা মানে।

**অণোরণীয়ান্ মহতো মহীয়ান আত্মা গুহায়াং নিহিতোঽস্য জন্তোঃ**
**তমক্রতুং পশ্যতি বীতশোকো ধাতুঃ প্রসাদান্মহিমানমীশম্ ॥ ২০**

ক্ষুদ্র হইতে ক্ষুদ্র সে জন মহতে মহত্তর
সকল প্রাণীতে বিরাট হে প্রভু আপনি বিরাজ কর
হৃদয়ের মাঝে ভোগ সুখ আশা
তুচ্ছ করিয়া ব্রহ্মে পিপাসা
হয় যার সেই চিত্ত শুদ্ধি করিয়া তপস্যায়
তাহারি কৃপায় অনাদি জনের দর্শন সেই পায়।

**বেদাহমেতমজরং পুরাণং সর্বাত্মানং সর্বগতং বিভুত্বাৎ**
**জন্মনিরোধং প্রবদন্তি যস্য ব্রহ্মবাদিনো হি প্রবদন্তি নিত্যম্ ॥ ২১**

জন্ম বিহীন মৃত্যু বিহীন শাশ্বত যেইজন
সকল ব্যাপিয়া সত্যরূপেতে নিত্য নিরঞ্জন
জেনেছি তাহার অপার মহিমা
বর্ণিতে যারে নাহি পাই সীমা
মূঢ়গণ বলে জন্ম মৃত্যু তারও আছে নাকি হায়
জ্ঞানীজন জানে নিত্য সত্যে জ্ঞানের তপস্যায়।

# চতুর্থ অধ্যায়

য একোঽবর্ণো বহুধাশক্তিযোগাদ্ বর্ণাননেকান নিহিতার্থোদধাতি
বি চৈতি চান্তে বিশ্বমাদৌ স দেবঃ স নো বুদ্ধ্যা শুভয়া সংযুনক্তু ॥ ১

বর্ণ বিহীন সেই একজন নিগূঢ় কি প্রয়োজনে
সৃজন করেন বিচিত্র রূপ আপন শক্তি দানে
তাহারি মাঝেতে বিশ্বের স্থিতি
প্রলয়ের কালে সেই জনগতি
স্বয়ং জ্যোতি সে পরমমুক্ত সেজন জগৎ প্রাণ
তিনি দয়া করে আমাদের শুভ বুদ্ধি করুন দান।

তদেবাগ্নি স্তদাদিত্য স্তদ্বায়ুস্তদু চন্দ্রমাঃ
তদেব শুক্রং তদব্রহ্ম তদাপস্তৎ প্রজাপতিঃ ॥ ২

তিনিই চন্দ্র তিনিই সূর্য্য অগ্নিও তিনি তারা
তিনি বিশ্বের প্রাণ প্রদীপ্ত সবাকার মনোহরা
বিশ্ব ব্যাপিয়া মায়াজাল সেই
সলিলেও তিনি এতে ভুল নেই
বাতাসের মাঝে প্রাণময় তার হেরি রূপ মধুময়
সবের মাঝেতে করেন বিরাজ সেই জন নিশ্চয়।

ত্বং স্ত্রী ত্বং পুমানসি ত্বং কুমার উত বা কুমারী
ত্বং জীর্ণো দণ্ডেন বঞ্চসি ত্বং জাতো ভবসি বিশ্বতোমুখঃ ॥ ৩

পুরুষ রূপেতে তোমারি প্রকাশ হে মোর জ্যোতির্ময়
নারী রূপে তুমি কল্যাণময়ী কত না শান্তিময়
তুমিই আবার কুমার বেশেতে
আবার দেখিযে কুমারী রূপেতে
স্খলিত চরণে বৃদ্ধ বেশেতে দণ্ড হাতেতে যাও
নব নব রূপে বিচিত্র বেশে নবীন জন্ম নাও।

**নীলঃ পতঙ্গো হরিতো লোহিতাক্ষস্তড়িদ্‌ গর্ভ ঋতবঃ সমুদ্রাঃ**
**অনাদিমত্বং বিভুত্বেন বর্ত্তসে যতো জাতানি ভুবনানি বিশ্বা ॥ ৪**

নীল পতঙ্গ রূপে জাত তুমি সকলের মনোহারি
হলুদ রঙ্গের পাখী হয়ে এলে রক্তিম আঁখিধারি
তুমি হলে মেঘ বিদ্যুৎময়
সপ্ত সাগর তুমি ছাড়া নয়
তুমিই অনাদি অনন্ত তুমি রয়েছ ব্যাপিয়া সব
তোমারি মাঝেতে বিশ্ব ভুবন হইয়াছে উদ্ভব।

**অজামেকাং লোহিত শুক্ল কৃষ্ণাং বহ্বীঃ প্রজাঃ সৃজমানাং সরূপাঃ**
**অজো হ্যেকো জুষমাণোঽনুশেতে জহাত্যেনাং ভুক্ত ভোগামজোঽন্যঃ॥ ৫**

লোহিত শুক্লা কৃষ্ণবর্ণা অজা রূপ যেই ধরে
এক অজ হয়ে তাহার সাথেতে বিহারে পরস্পরে
পুরুষ তখন প্রকৃতি অধীন
আপনা ভুলিয়া রহে সেই দিন
ভোগ শেষে সেই ত্যাগিয়া তাহারে মুক্তি পথেতে যায়
ভোগই বন্ধন মুক্ত যেজন সেই ত তাঁহারে পায়।

**দ্বা সুপর্ণা সযুজা সখায়া সমানং বৃক্ষং পরিষস্বজাতে**
**তয়োরন্যঃ পিপ্পলং স্বাদ্বত্ত্যনশ্নন্যো অভিচাকশীতি ॥ ৬**

একটি ডালেতে বসে দুটি পাখী যুক্ত আলিঙ্গনে
স্বাদু পিপ্পল ফল তার খায় শুধু পাখী একজনে
অন্যে সে ফল না করে গ্রহণ
শুধু চেয়ে দেখে করে দরশন
দুইটি পাখী দুইরূপ তার দেখো বসে একডালে
একজন খায় অন্যে তা দেখে একসাথে একডালে।

**সমানে বৃক্ষে পুরুষো নিমগ্নোঽনীশয়া শোচতি মুহ্যমানঃ**
**জুষ্টং যদা পশ্যত্যন্যমীশমস্য মহিমানমিতি বীতশোকঃ ॥ ৭**

আত্মার সাথে পরমাত্মাও থাকে একদেহ মাঝে
শোক দুঃখেতে আত্মা ব্যথিত জরা মৃত্যুর মাঝে
পরমাত্মার নাই ক্ষতি ক্ষয়
ব্রহ্মেতে স্থিত সেই নির্ভয়
সেইরূপ জ্ঞান লাভ করে যেই মেলে যে সত্যধন
তাঁহার মহিমা চিত্তে স্মরিয়া বীতশোক সেই জন।

**ঋচো অক্ষরে পরমে ব্যোমন্ যস্মিন দেবা অধি বিশ্বে নিষেদুঃ**
**যস্তং ন বেদ কিমৃচা করিষ্যতি য ইত্তদ্বিদুস্ত ইমে সমাসতে ॥ ৮**

বেদ ও দেবতা আশ্রয় স্থল যে পরম ব্যোম হয়
তাহারে যে জানে আপনি ব্রহ্ম মূর্ত্ত হইয়া রয়
তাঁরে যে জানেনা বেদ নিষ্ফল
তার তরে আর দেয় কোন্ ফল
ব্যর্থ বেদের মন্ত্রে তাহার নাহি কোন প্রয়োজন
ব্রহ্মে জানিলে সবি সার্থক মিলে সে সত্য ধন।

**ছন্দাংসি যজ্ঞাঃ ক্রতবো ব্রতানি ভূতং ভব্যং যচ্চবেদা বদন্তি**
**অস্মান্মায়ী সৃজতে বিশ্বমেতং অস্মিংশ্চান্যো মায়য়া সন্নিরুদ্ধঃ ॥ ৯**

বেদের মন্ত্র যজ্ঞ ও ক্রতু ব্রত নিজে প্রচারিয়া
যাহা হইয়াছে যাহা হবে আরো তাও তাহে প্রকাশিয়া
মায়ার সৃষ্টি করিয়া তাহাতে
আপনি বদ্ধ হইলে যাহাতে
নিজ মোহ পাশে নিজেরে ঘেরিয়া জীবরূপে সেইজন
অপরূপ লীলা লিখিব কেমনে বিস্ময়ে ভরে মন।

**মায়াং তু প্রকৃতিং বিদ্যান্মায়িনন্তু মহেশ্বরম্**
**তস্যাবয়াব ভূতৈস্তু ব্যাপ্তং সর্বমিদং জগৎ ॥ ১০**

প্রকৃতিরে হেথা মায়ারূপে জেনো ছড়ান বিশ্বময়
মায়াধীশ রূপে পরমেশ্বর অক্ষয় অব্যয়
তারি অবয়বে নানা রূপ ধরি
অখিল জগতে তাহারেই হেরি
সব কল্পনা মূর্ত্ত করিয়া রাজিছেন ভগবান
তাঁহারি মূরতি হের দিকে দিকে তিনিই জগৎ প্রাণ।

**যো যোনিং যোনিমধিতিষ্ঠত্যেকো যস্মিন্নিদং সং চ বিচৈতি সর্বম্**
**তমীশানং বরদং দেবমীড্যং নিচায্যেমাং শান্তিমত্যন্তমেতি ॥ ১১**

মূল হয়ে তবু নানারূপ ধরি সেজন বিরাজমান
বিশ্ব যাহাতে সৃজিত হইয়া যার মাঝে লয় পান
পূজ্য সেজনে বক্ষে ধরিয়া
যাহার হৃদয় উঠেছে ভরিয়া
সব প্রভৃত্তি নিবৃত্ত হয়ে অপার শান্তি তার
নিশ্চিতরূপে ব্রহ্মে লভিয়া লভে সে তথ্য সার।

**যো দেবানাং প্রভবশ্চোবদ্ভশ্চ বিশ্বাধিপো রুদ্রো মহর্ষিঃ**
**হিরণ্যগর্ভং পশ্যত জায়মানং স নো বুদ্ধ্যা শুভয়া সংযুনক্তু ॥ ১২**

দেবতা গণের উদ্ভব যেথা যেজন পালনকারি
বিশ্বের প্রভু পরম রুদ্র সবারে ধারণকারি
প্রাণশক্তির এই মায়াজাল
হিরণ্যগর্ভ বলে নাম যার
তাহারো জন্ম যিনি দেখেছেন সত্যে বিরাজমান
আমাদের তিনি মঙ্গলময় বুদ্ধি করুন দান।

**যো দেবানামধিপো যস্মিঁল্লোকা অধিশ্রিতাঃ**
**য ঈশে অস্য দ্বিপদশ্চতুষ্পদঃ কস্মৈ দেবায় হবিষাবিধেম ॥ ১৩**

দেবতা গণের অধিপতি যিনি যাঁর আশ্রিত সব
মৃগ ও মানুষ যাঁহার শাসনে মানিয়াছে পরাভব
উজ্জ্বল সেই আনন্দময়
সকলের সেই চির আশ্রয়
চরু পুরোডাশ হবি দিয়ে পূজি সেই দেবতারে মোর
যাঁহার দয়ায় বিশ্ব মায়ার কাটে সব তমো ঘোর।

**সূক্ষ্মাতিসূক্ষ্মং কলিলস্য মধ্যে বিশ্বস্য স্রষ্টারমনেকরূপম্**
**বিশ্বস্যৈকং পরিবেষ্টিতারং জ্ঞাত্বা শিবং শান্তিমত্যন্তমেতি ॥ ১৪**

সূক্ষ্ম হইতে সূক্ষ্ম হইয়া যেজন বিরাজ মান
সংসার রূপ গহনের মাঝে যাহার অধিষ্ঠান
নানা রূপে তারে হেরিয়া এমন
তাঁহারে লভিয়া সাধক যেজন
নিত্যসাক্ষী পরমেশ্বরে শিব বলি সেই জানে
কল্যাণময়ে লভি সে ধন্য হয় যেন মনে প্রাণে।

**স এব কালে ভুবনস্য গোপ্তা বিশ্বাধিপঃ সর্বভূতেষু গূঢ়ঃ**
**যস্মিন যুক্তা ব্রহ্মর্ষয়ো দেবতাশ্চ তমেব জ্ঞাত্বা মৃত্যুপাশাংশ্ছিনত্তি ॥ ১৫**

**কল্পারম্ভ হইতেই যিনি ভুবনে রক্ষাকারি**
**সবার মাঝেতে প্রচ্ছন্ন রূপে মূর্ত্ত মূরতি যারি**
**দেবতা ঋষিরা যার মাঝে রয়**
**তাঁরে শিবরূপে জানি নিশ্চয়**
**জ্ঞানী গুণীজন মৃত্যুর পাশ ছিন্ন তখনি হয়**
**সকল আঁধার উজলি হৃদয়ে আপনি জ্যোতির্ম্ময়।**

**ঘৃতাৎ পরং মণ্ডমিবাতিসূক্ষ্মং জ্ঞাত্বা শিবং সর্বভূতেষু গূঢ়ম্**
**বিশ্বস্যৈকং পরিবেষ্টিতারং জ্ঞাত্বা দেবং মুচ্যতে সর্বপাশৈঃ ॥ ১৬**

ঘৃতের উপরে সরের মতন সূক্ষ্ম রূপে সে রয়
যাঁহারে লভিলে নিমেষেতে হয় সবকিছু সুখময়
বিশ্ব ঘিরিয়া রহে যেই জন
তাঁহারে চিনিতে পারে যার মন
সব বন্ধনে মুক্তি লভিয়া লভে সে পরমধন
আত্মার মাঝে মর্ম মাঝারে রহে সে সত্য ধন।

**এষ দেবো বিশ্বকর্মা মহাত্মা সদা জনানাং হৃদয়ে সন্নিবিষ্টঃ**
**হৃদা মনীষা মনসাঽভিক্লৃপ্তো য এতদ্বিদুরমৃতাস্তে ভবন্তি ॥ ১৭**

বিশ্ব স্রষ্টা প্রকাশময় এ সর্ব্বব্যাপী যেজন
জীবের মাঝেতে গূঢ়ভাবে যিনি সকল সময় রন
জ্ঞানের মাঝেতে প্রকাশ যে হয়
মনবুদ্ধিতে যাঁহার উদয়
তাঁরে যে দেখেছে জীবনে সেজন অমৃত পরশ পায়
তাঁহারে লভিয়া দুঃখ হইতে মুক্ত সেজন হয়।

**যদাঽতমস্তন্ন দিবা ন রাত্রির্ন সন্ন চাসচ্ছিব এব কেবলঃ**
**তদক্ষরং তৎ সবিতুর্বরেণ্যং প্রজ্ঞা চ তস্মাৎ প্রসৃতা পুরাণী ॥ ১৮**

জ্ঞানের আলোকে হয়ে প্রকাশিত আঁধার যখন যায়
শুদ্ধ সত্ত্বে সমুখে হেরিয়া তমসা লজ্জা পায়
সূর্য্য পূজ্য শুধু সেইজন
বিবেকের মাঝে দিয়ে দরশন
পুরানী প্রজ্ঞা করি বিতরণ শুদ্ধরূপেতে র'ন
দিবস রাত্রি কিছু নাহি রয় আলোকিত জ্ঞানী মন।

**নৈনমূর্ধ্বং ন তির্যঞ্চং ন মধ্যে পরিজগ্রভৎ**
**ন তস্য প্রতিমা অস্তি যস্য নাম মহদ্‌যশঃ ॥ ১৯**

উপরেতে নীচে কিবা কোন কোনে তারে নাহি পাওয়া যায়
তাহারে ধরিবে এমন শকতি আছে বা কাহার হায়
সর্ব্বব্যাপিয়া কীর্ত্তি যাহার
কি করে আঁকিব মূরতি তাহার
কি নামে ঘোষিব সবার মাঝেতে যেজন প্রকাশমান
স্তব্ধ রসনা লেখনী ও হারে গাহিতে তাঁহারি গান।

**ন সন্দৃশে তিষ্ঠতি রূপমস্য ন চক্ষুষা পশ্যতি কশ্চনৈনম্‌**
**হৃদা হৃদিস্থং মনসা য এনমেবং বিদুরমৃতাস্তে ভবন্তি ॥ ২০**

নয়ন তাঁহার না পায় দরশ পরশ ও ত নাহি পায়
কোন ইন্দ্রিয় প্রকাশিতে নারে কেমনে বুঝাব তায়
হৃদয় মধ্যে স্থিত সেই জন
জ্ঞানের প্রভায় করি দরশন
উজ্জ্বল যার বিকশিত মন সেই জন তারে পায়
অমৃতের মাঝে হয়ে সে মগন মৃত্যুরে পার হয়।

**অজাত ইত্যেবং কশ্চিদ ভীরুঃ প্রপদ্যতে**
**রুদ্র যত্তে দক্ষিনং মুখং তেন মাং পাহি নিত্যম্‌ ॥ ২১**

জন্মরহিত তুমি বলে আমি তোমার শরণ লই
ভীরু মন কোথা রবে নির্ভয়ে বল আর তোমা বই
হে রুদ্র তব দক্ষিণ মুখ
বারেক দেখাও দূরে যাক দুখ
নিত্য সত্য শিব সুন্দর ত্রাণ করো তুমি মোরে
তোমারে লভিয়া সকল আঁধার উঠুক আলোয় ভরে।

**মা নস্তোকে তনয়ে মা ন আয়ুষি মা নো গোষু মা নো অশ্বেষু রীরিষঃ**
**বীরান্ মা নো রুদ্র ভামিতোঽবধীর্হবিষ্মন্তঃ সদমিৎত্বা হবামহে ॥ ২২**

হে রুদ্র তুমি হোয়ো না ক্রুদ্ধ বিনাশ কোর না সবে
মোর সন্তান সন্ততি গণে মৃত্যু যেন না লভে
গরু ঘোড়া আর মোর যত দাস
তাহাদের প্রভু কোর না বিনাশ
হবি ও যজ্ঞে আহ্বান করি তোমাকেই পূজা করি
পূজা আরাধনা যজ্ঞ ও স্তবে তোমাকেই আজ স্মরি।

## পঞ্চম অধ্যায়

**দ্বে অক্ষরে ব্রহ্ম পরে ত্বনন্তে বিদ্যাবিদ্যে নিহিতে যত্র গূঢ়ে**
**ক্ষরন্ত্ববিদ্যা হ্যমৃতং তু বিদ্যা বিদ্যাবিদ্যে ঈশতে যস্তু সোঽন্যঃ ॥ ১**

সংসার গতি কারণ যেজন অবিদ্যা বলি তারে
অমরত্বের লাভ হয় যাতে বিদ্যা কহি যে তারে
বিদ্যা এবং অবিদ্যা দুই
অন্তহীন সে অক্ষরেতেই
দুই যার মাঝে একত্র রাজে সে কিন্তু তাহা নয়
সবার অতীত অনন্ত জন আপনি আপনাময়।

**যো যোনিং যোনিমধিতিষ্ঠত্যেকো বিশ্বানি রূপানি যোনীশ্চ সর্বাঃ**
**ঋষিং প্রসূতং কপিলং যস্তমগ্রে জ্ঞানৈর্বিভর্তি জায়মানঞ্চ পশ্যেৎ ॥ ২**

সকল যোনিতে সকল কারণে রাজিছেন সেই জন
জ্ঞান অজ্ঞান হইতে ভিন্ন নিত্য সত্য ধন
স্বর্ণগর্ভ মায়া জালমাঝে
যার দেয়া জ্ঞান সতত বিরাজে
তাহারো জনম যেজন দেখেছে সেজন জগৎ প্রাণ
জ্ঞান অজ্ঞানে অভিন্ন যেই সেইজন ভগবান।

**একৈকং জালং বহুধা বিকুর্বন্নস্মিন্ ক্ষেত্রে সংহরত্যেষ দেবঃ**
**ভূয়ঃ সৃষ্ট্বা পতয়স্তথেশঃ সর্বাধিপত্যং কুরুতে মহাত্মা ॥ ৩**

এই জগতেতে প্রতি প্রাণী তরে ফেলি কর্মের জাল
কার্য্য কারণে দুয়েরে চালিত করে যেই মহাকাল
আবার গোটান সেই জাল তাঁর
যেথা যত জীব আছে যেথাকার
সবার উপরে প্রভুত্ব তাঁর সবি যে তাঁহার সৃষ্টি
সকল ব্যাপিয়া সকল ছাপিয়া রয়েছে তাঁহারি দৃষ্টি।

**সর্বা দিশ উর্দ্ধমধশ্চ তির্য্যক্ প্রকাশয়ন্ ভ্রাজতে যদ্বনড্বান্**
**এবং স দেবো ভগবান্ বরেণ্যো যোনি স্বভাবানধিতিষ্ঠত্যেকঃ ॥ ৪**

সূর্য্য যেমন উজলিয়া দিক চতুর্দ্দিকেতে দীপ্তিমান
উর্দ্ধে ও নীচে পার্শ্বে সকলি তাহারি আলোয় দীপ্যমান
তেমনি সে দেব রহি সবামাঝে
প্রতি জীবে সেই সম ভাবে রাজে
অনু পরমাণু সবাকার মাঝে করেন আপনি অধিষ্ঠান
সূর্য্য যেমন আলো বিতরিয়া সবাকার মাঝে প্রকাশ পান।

**যচ্চ স্বভাবং পচতি বিশ্বযোনিঃ পাচ্যাংশ্চ সর্বান পরিণাময়েদ্ যঃ**
**সর্বমেতদ্বিশ্বমধিতিষ্ঠত্যেকো গুণাংশ্চ সর্বান্ বিনিযোজয়েদ্ যঃ ॥ ৫**

জগৎ সৃজন যে করে বিধান সেই জন ভগবান
পরিণামী সবে বিভিন্ন রূপে করে যেই রূপদান
এক হয়ে তবু বিশ্ব ভরিয়া
রয়েছে যেজন সকল ব্যাপিয়া
এ সারা জগৎ জুড়িয়া তিনিই অদ্বিতীয় যে সত্ত্ব
ত্রিগুণে তাদের নিজ নিজ কাজে তিনিই করেন যুক্ত।

**তদ্বেদগুহ্যোপনিষৎসু গূঢ়ং তদব্রহ্মা বেদতে ব্রহ্মযোনিম্**
**যে পুর্বদেবা ঋষয়শ্চ তদ্বিদুস্তে তন্ময়া অমৃতা বৈ বভূবুঃ ॥ ৬**

আত্মতত্ত্ব বেদের গহনে গভীরে নিহিত আছে
উপনিষদের এ অমর গাথা ঋষিগণ গাহিয়াছে
ব্রহ্মের রচা মায়াজাল এই
জানে এ তথ্য এতে ভুল নেই
জানিয়া একথা মুনী ঋষিগণ হন তাতে তন্ময়
অমৃতে জানিয়া অমৃতে লভিয়া তারা অমৃতময়।

**গুণান্বয়ো যঃ ফলকর্মকর্তা কৃতস্য তস্যৈব স চোপভোক্তা**
**স বিশ্বরূপস্ত্রিগুণস্ত্রিবর্ত্মা প্রাণাধিপঃ সঞ্চরতি স্বকর্মভিঃ ॥ ৭**

ফলাকাঙ্খায় কাজ করে যেই সেই মত ফল পায়
কর্মজনিত বাসনা তাহারে সেই পথে লয়ে যায়
সত্ত্ব রজো ও তমো তিনগুণ
ধর্মাধর্ম জ্ঞান রূপে র'ণ
পঞ্চপ্রাণের অধিপতি তারে সেরূপ জন্ম দেন
আপন আপন কাজ অনুসারে জীবেরা জন্ম নেন।

**অঙ্গুষ্ঠমাত্রো রবিতুল্যরূপঃ সঙ্কল্পাহঙ্কারসমন্বিতো যঃ**
**বুদ্ধের্গুণেনাত্মগুণেন চৈব আরাগ্রমাত্রো হ্যপরোঽপি দৃষ্টঃ ॥ ৮**

যিনি জীব মাঝে অঙ্গুষ্ঠরূপে রহেন বর্ত্তমান
সূর্য্য সমান তেজ মণ্ডিত জ্যোতির্ময় ভগবান
সূচের মতন সূক্ষ্ম তীক্ষ্ণ
বুদ্ধির দ্বারা যে অভিজ্ঞ
পরমাত্মায় জীবাত্মা মাঝে করে যেই দরশন
তীক্ষ্ণবুদ্ধি মেধাবী ও জ্ঞানী মতিমান সেইজন।

**বালাগ্র শত ভাগস্য শতধা কল্পিতস্য চ**
**ভাগো জীবঃ স বিজ্ঞেয়ঃ স চানন্ত্যায় কল্পতে ॥ ৯**

একটি কেশেরে করি শতভাগ একভাগ যদি লও
একভাগ পুনঃ করি শতভাগ যদি কেহ হাতে লও
সেই পরিমাণ অনুর মতন
একটি জীবের জানিও গঠন
আবার সে জীব অনন্ত মাঝে অনন্ত রূপ নেয়
স্বরূপে লভিয়া বিরাট যেরূপ কেবা বর্ণনা দেয়।

**নৈব স্ত্রীনপুমানেষ ন চৈবায়ং নপুংসকঃ**
**যদ্যচ্ছরীরমাদত্তে তেন তেন স রক্ষতে ॥ ১০**

এই জীব জেন নহে নর নারী নহে ক্লীব রূপ তার
যখন যে দেহ করেন ধারণ তেমনি আকার তার
যে শরীর তিনি করেন ধারণ
তাহার দ্বারায় রক্ষিত হন
নিজ অভিমান রাখিতে করেন তাতেই অবস্থান
জীবের মাঝারে রাজেন আপনি নিরাকার ভগবান।

**সঙ্কল্পনস্পর্শনদৃষ্টিমোহৈর্গ্রাসাম্বুবৃষ্ট্যা চাত্মবিবৃদ্ধিজন্ম**
**কর্মানুগান্যনুক্রমেণ দেহী স্থানেষু রূপাণ্যভিসম্প্রপদ্যতে ॥ ১১**

ভোজন ও পানেতে শরীরের বৃদ্ধি যেইরূপ সদা হয়
সেইরূপ জেনো বিষয় লোভেতে মোহ হয় সঞ্চয়
নিজ অর্জিত পুণ্য ও পাপ
দেয় জীবগণে সুখ দুখ তাপ
আপন কর্ম অনুসারে দেহ জীবগণ লাভ করে
বিচিত্র পথে চলে যত জীব বিচিত্র পথ ধরে।

**স্থূলানি সূক্ষ্মানি বহূনি চৈব রূপাণি দেহী স্বগুণৈর্বৃণোতি**
**ক্রিয়াগুণৈরাত্মগুণৈশ্চ তেষাং সংযোগহেতুরপরোঽপি দৃষ্টঃ ॥ ১২**

স্থূল ও সূক্ষ্ম নানা রূপ ধরি আপন কর্ম মত
জীব জনময় আপন ক্ষেত্রে রূপ ধরি কতশত
পূর্ব প্রজ্ঞা তাতে মিশে থাকে
কঠিন বাসনা বাঁধে শতপাকে
মৃত্যুর পরও অন্য জীবনে থাকে যে প্রভাব তার
যে কাজ যে করে পায় তার ফল নাহি তাহে নিস্তার।

**অনাদ্যনন্তং কলিলস্য মধ্যে বিশ্বস্য স্রষ্টারমনেকরূপম্**
**বিশ্বস্যৈকং পরিবেষ্টিতারং জ্ঞাত্বা দেবং মুচ্যতে সর্বপাশৈঃ ॥ ১৩**

নাহি যার সীমা অনন্ত যেই এই সংসার মাঝে
অনাদি রূপেতে স্রষ্টা তাহার রহে সাথে নানা সাজে
সকল ব্যাপিয়া শুধু সেইজন
রহেছেন সদা জানে যার মন
যেজন জেনেছে সেইত বুঝেছে সকল তত্ত্ব সার
নিশ্চয় জেনো তাহারি তরেতে খোলা ব্রহ্মের দ্বার।

**ভাবগ্রাহ্যমনীড়াখ্যং ভাবাভাবকরং শিবম্**
**কলাসর্গকরং দেবং যে বিদুস্তে জহুস্তনুম্ ॥ ১৪**

শুদ্ধ চিত্তে অনুভব যার হৃদয় উজলি জ্বলে
সবার কারণ পরিণাম যেই সৃষ্টি প্রলয় কালে
ভাঙ্গে গড়ে সবে যেই রূপকার
পরম শিল্পী মূরতি যাহার
অদেহী ও চির শিবময় যেই তাহারে জানে যেজন
দেহ অভিমান ত্যজি সেই সুধী অমৃতে মগন হন।

## ষষ্ঠ অধ্যায়

স্বভাবমেকে কবয়ো বদন্তি কালং তথান্যে পরিমুহ্যমানাঃ
দেবস্যৈষ মহিমা তু লোকে যেনেদং ভ্রাম্যতে ব্রহ্মচক্রম্ ।। ১

পণ্ডিতগণ কখন বা কহে স্বভাব জগত কারণ
মূর্খেরা বলে কালই করেছে জগতে যা কিছু ধারণ
দুই ভুল জেন নিজ মন মাঝে
প্রভুর অপার মহিমা বিরাজে
পরমেশ্বর ব্রহ্মচক্র ঘোরালেন নিজে জেন
সবাকার মূল আদি সেই জন তাঁহারে সত্য মেন।

যেনাবৃতং নিত্যমিদং হি সর্বং জ্ঞঃ কালকারো গুণী সর্ববিদ যঃ
তেনেশিতং কর্ম বিবর্ততে হ পৃথ্ব্যপ্‌তেজোঽনিলখানি চিন্ত্যম্ ।। ২

যাঁহার দ্বারা এ নিখিল জগৎ পূর্ণাবৃত রয়
সর্বজ্ঞানের আধার যে জন কালের কারক হয়
সেই গুণময় সর্ববিদ যে
এ জগৎ চলে তারি নির্দেশে
তাঁরি প্রেরণায় ক্ষিতি জল তেজ আকাশে বাতাসে বয়
কর্ম ফিরিছে চিরকাল ধরে একথা জ্ঞানীরা কয়।

তৎকর্ম কৃত্বা বিনিবর্ত্ত্য ভূয়স্তত্বস্য তত্ত্বেন সমেত্য যোগম্
একেন দ্বাভ্যাং ত্রিভিরষ্টভির্বা কালেন চৈবাত্মগুণৈশ্চ সূক্ষ্মৈঃ ।। ৩

যোগ বর্ণিত পথ ধরি তুমি সাধনা করিয়া যাও
তাহারি তরেতে কর্মে আবার বিরতি করিয়া নাও
যাহা কিছু কর সব তাঁর তরে
জন্ম অথবা জনমান্তরে
সঞ্চিত তব যা কিছু পুণ্য তাহাতে যুক্ত হয়ে
তাঁহার সাথেতে লভিয়া মিলন যাইবে মুক্ত হয়ে।

আরভ্য কর্মাণি গুণান্বিতানি ভাবাংশ্চ সর্বান্ বিনিযোজয়েদ্ যঃ
তেষামভাবে কৃতকর্মনাশঃ কর্মক্ষয়ে যাতি স তত্ত্বতোঽন্যঃ ।। ৪

তাঁর পূজা ভাবি সকল কর্ম করে যেই প্রীতি ভরে
যেখানে যা ঘটে তাঁহারি কার্য জানিয়া তাঁহাকে স্মরে
কৃতকর্মের লভি শুধু ফল
প্রারব্ধ শেষে মেলে যা সকল
তাহা পেয়ে শেষে বিদেহী রূপেতে মুক্ত সে জন হয়
চির বাঞ্ছিত ঈশ্বরে লভি সবি আনন্দ ময়।

আদিঃ স সংযোগনিমিত্তহেতুঃ পরস্ত্রিকালাদকলোঽপি দৃষ্টঃ।
তং বিশ্বরূপং ভবভূতমীড্যং দেবং স্বচিত্তস্থমুপাস্য পূর্বম্ ॥ ৫

সেই আদি জনে যেজন জেনেছে সব সংযোগকারি
ত্রিকাল অতীত প্রাণকলা হীন যাকিছু প্রকাশ তারি
পূজনীয় সেই পূজ্য সবার
তাঁহারি পূজায় রত মন যার
সকলের আগে তাহার সাধনা করে যে শুদ্ধ মন
তাঁহার স্বরূপ লভিয়া চিত্তে ধন্য হন সেজন।

**স বৃক্ষ কালাকৃতিভিঃ পরোঽন্যো যস্মাৎ প্রপঞ্চঃ পরিবর্ত্ততেঽয়ম্।**
**ধর্মাবহং পাপনুদং ভগেশং জ্ঞাত্বাত্মস্থমমৃতং বিশ্বধাম॥ ৬**

যাহা হতে এই জগত জনম ঘুরিতেছে ঘিরে যারে
সংসার রূপ বৃক্ষ ও কাল এ সবের যেই পারে
সবার উর্দ্ধে রাজে যেই জন
ধর্ম আকর পাপের নাশক
ষড়ৈশ্বর্য্য অধিপতি যেই অমর্ত্য ভগবান
বিশ্ব আধার মনের গহনে জানি তিনি প্রাণারাম।

**তমীশ্বরাণাং পরমং মহেশ্বরম্ তং দেবতানাং পরমঞ্চ দৈবতম্।**
**পতিং পতীনাং পরমং পরস্তাদ্ বিদাম দেবং ভুবনেশমীড্যম্॥ ৭**

সব দেবতার দেবতা যেজন তাঁরে মোরা মনে জানি
প্রজাপতি পতি মায়া চেয়ে বড় শ্রেষ্ঠ তা মোরা মানি
অখিলের অধিপতি সেইজন
সবার পূজ্য পরাণের ধন
স্বয়ং জ্যোতি সে চির ভাস্বরে জানি মোরা এক মনে
শ্রেষ্ঠাক্ষরে যেজন বিরাজে তারো চেয়ে বড় জনে।

**ন তস্য কার্য্যং করণঞ্চ বিদ্যতে ন তৎসমশ্চাভ্যধিকশ্চ দৃশ্যতে।**
**পরাস্য শক্তি র্বিবিধৈব শ্রূয়তে স্বাভাবিকী জ্ঞানবলক্রিয়া চ॥ ৮**

নাহিক তাঁহার ইন্দ্রিয় সব নাহি কোন কায়া তাঁর
তাঁহার সমান কেহ কোথা নাই তুলনা নাহিক যাঁর
বিচিত্র মায়া করিয়া সৃজন
যে করে সৃষ্টি এই ত্রিভুবন
যাঁর জ্ঞানবলে এ জগৎ চলে সবি যাঁর মায়াময়
তাঁহার মতন কে আছে এমন যেজন সর্ব্বময়।

**ন তস্য কশ্চিৎ পতিরস্তি লোকে ন চেশিতা নৈব তস্য লিঙ্গম্।**
**স কারণং করণাধিপাধিপো ন চাস্য কশ্চিজ্জনিতা নচাধিপঃ॥ ৯**

এ জগতে তার নাই কোন পতি নিয়ন্তা তাঁর নাই
স্ত্রী পুরুষ রূপে তাহার মাঝেতে কোনখানে কিছু নাই
সকলের সেই মূল যে কারণ
সকলেরে তিনি করেন ধারণ
তাঁহার জনক নাই কোনখানে নাই কোথা প্রভু তাঁর
ইন্দ্রিয় দল তাঁহারি আদেশে চালিত যে হয় যার।

**যস্তন্তুনাভ ইব তন্তুভিঃ প্রধানজৈঃ।**
**স্বভাবতো দেব একঃ স্বমাবৃণোৎ স নো দধাতু ব্রহ্মাপ্যয়ম্॥ ১০**

আপনার দেহ নিঃসৃত জালে মাকড়সা যেই মত
আপনারে ঘিরে রচে যেই জাল চারদিকে শত শত
রূপ কর্ম ও নামে আপনার
প্রকাশ বিহীন স্বরূপ যাহার
সেই শাশ্বত নিত্য ব্রহ্ম করুন তাহাতে যুক্ত
যাঁহারে পাইলে সব পাওয়া যায় পরশেতে হয় মুক্ত।

**একোদেবো সর্বভূতেষু গূঢ়ঃ সর্বব্যাপী সর্বভূতান্তরাত্মা।**
**কর্মাধ্যক্ষঃ সর্বভূতাধিবাসঃ সাক্ষী চেতা কেবলো নির্গুণশ্চ॥ ১১**

জ্যোতির স্বরূপ পরমাত্মা সে সব প্রাণী মাঝে রাজে
সকল ব্যাপিয়া আড়ালে রহিয়া রহে সে সবার মাঝে
সবার সাক্ষী জেন সেই জন
সবাকারে তিনি করেন চালন
সবাকার মাঝে রাজে যেই জন তাঁর মাঝে কেহ নাই
ত্রিগুণ অতীত উপমা দিবার কোথাও কিছু না পাই।

**একো বশী নিষ্ক্রিয়াণাং বহূনামেকং বীজং বহুধা যঃ করোতি।**
**তমাত্মস্থং যে ইনুপশ্যন্তি ধীরাস্তেষাং সুখং শাশ্বতং নেতরেষাম্‌॥ ১২**

এক মায়া বীজে জড় ও চেতনে সেই জন বহু করে
জড়ের ভিতরে স্থির ধীর হয়ে যেই জন বাস করে
নিত্য সত্য সে পরম জনে
স্থির বুদ্ধিতে সেই জন চেনে
সেই তাঁরে লভি পরমা শান্তি আনন্দ জেন পায়
তাহারে না চেনে যেইজন জেন দুঃখ তাহারি হায়।

**নিত্যো নিত্যানাং চেতনশ্চেতনানামেকো বহূনাং যোবিদধাতি কামান্‌।**
**তৎ কারণং সাংখ্যযোগাধিগম্যং জ্ঞাত্বা দেবং মুচ্যতে সর্বপাশৈঃ॥ ১৩**

নিত্যের মাঝে নিত্য যেজন চেতনা চেতন মাঝে
এক হয়ে যিনি বহুতে প্রকাশ দিকে দিকে নানা সাজে
যেজন পুরাণ সবার কামনা
তাঁহার যেজন করেন সাধনা
তাঁহারে যে জানে যাঁর জ্ঞান যোগে উদেন জ্যোতির্ময়
সেই ত মুক্ত চির তরে তার ঘুচে বন্ধন ভয়।

**ন তত্র সূর্য্যো ভাতি ন চন্দ্র তারকং নেমা**
**বিদ্যুতোভান্তি কুতোঽয়মগ্নিঃ।**
**তমেব ভান্তমনুভাতি সর্বং তস্য ভাসা**
**সর্বমিদং বিভাতি॥ ১৪**

সূর্য সেথায় নাদেয় আলোক না জ্বলে চন্দ্র তারা
অগ্নি সেথায় প্রকাশিতে নারে আপনার জ্যোতিহারা
সেই খানে যেই আপনা প্রকাশি
জ্ঞানের প্রভায় আপনি বিভাসি
তাঁহারি আভায় গগন পবন আলোয় আলোকময়
সকল আঁধার নিমেষে বিনাশি রাজেন জ্যোতির্ময়।

**একো হংস ভুবনস্যাস্য মধ্যে স এবাগ্নিঃ সলিলে সন্নিবিষ্টঃ।**
**তমেব বিদিত্বাঽতি মৃত্যু মেতি নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়॥ ১৫**

তাঁহারে জানিলে মৃত্যু সাধক পার হয়ে সেথা যায়
সহজে তাঁহার কাছে গিয়ে তাঁরে চির দিন তরে পায়
আগুনের মাঝে সলিলের মত
যেজন রয়েছে গোপনে সতত
পরম সে পদ লভিবার হলে তাঁরে ছাড়া গতি নাই
সাধক জনের আরাধ্য ধন সকলের তাঁরে চাই।

**স বিশ্ব কৃদ্বিশ্ববিদাত্মযোনিজ্ঞঃ কালকারো গুণী সর্ব বিদ্ যঃ।**
**প্রধানক্ষেত্রজ্ঞপতির্গুণেশঃ সংসার মোক্ষস্থিতিবন্ধহেতুঃ॥ ১৬**

এই জগতেরে গড়েছেন তিনি তিনিই জগৎ প্রাণ
চির চেতনার জ্যোতি সেই জন সেজন বিশ্বজ্ঞান
যাঁহারে জানিলে লভে সে মুকতি
যাঁরে না জানিলে শুধু ক্ষয় ক্ষতি
মূল প্রকৃতিও তাতে প্রকাশিত জগৎ পালনে নিত্য
সকলের প্রভু সব যাঁর জানা গুণের আকর সত্য।

**স তন্ময়োহ্যমৃত ঈশ সংস্থোজ্ঞঃ সর্বগো ভুবনস্যাস্য গোপ্তা।**
**য ঈশেঽস্য জগতো নিত্যমেব নান্যোহেতু র্বিদ্যতে ঈশনায়॥ ১৭**

এই ধরণীরে যে করে শাসন সেজন জগৎময়
সব যেই জানে সবাকার মাঝে যেই জন তন্ময়
মোহ বন্ধের কারণ সেজন
মোক্ষ ও সেই সেই বন্ধন
চেতনা রূপে সে সবখানে যায় অরূপ জ্যোতির্ময়
বিশ্বস্রষ্টা বিশ্ব পালক সে ছাড়া কিছুই নয়।

**যো ব্রহ্মাণং বিদধাতি পূর্বং যো বৈ বেদাংশ্চ প্রহিণোতি তস্মৈ।**
**তং হ দেবমাত্মবুদ্ধিপ্রকাশং মুমুক্ষুর্বৈ শরণমহং প্রপদ্যে ॥ ১৮**

সবার প্রথম ব্রহ্মারে যেই আপনি সৃজন কারী
জ্ঞান দান তরে বেদ তাঁরে দিয়ে যেই জন জ্ঞান ধারি
বেদের মাঝেতে সত্য প্রচারি
আত্মবুদ্ধি যেজন বিকাশি
মুক্তি মাত্র কামনা করিয়া শরণ লইযে তাঁর
পঙ্গুতে গিরি লঙ্ঘন করে পাইলে গো কৃপা যাঁর।

**নিষ্কলং নিষ্ক্রিয়ং শান্তং নিরবদ্যং নিরঞ্জনম্।**
**অমৃতস্য পরং সেতুং দগ্ধেন্ধনমিবানলম্ ॥ ১৯**

নিরাকার যিনি নিষ্ক্রিয় যিনি যেজন নির্বিকার
সর্ব উপাধি বর্জিত যিনি সেজন সারাৎসার
আনন্দ যেই মুক্তির সেতু
মোক্ষ কারণ যিনি হন হেতু
দগ্ধ কাষ্ঠে অনলের মত যে জন জ্যোতির্ময়
আপনার সেই তুলনা আপনি অন্য কিছুই নয়।

**যদা চর্মবদাকাশং বেষ্টয়িষ্যন্তি মানবাঃ।**
**তদা দেবমবিজ্ঞায় দুঃখস্যান্তো ভবিষ্যতি ॥ ২০**

কোন নর যদি নিজ চর্মেতে আকাশ ঢাকিতে চায়
কখন পারে না বিফল হইয়া করে যথা হায় হায়
তাঁহারে না চিনে যদি কোন জন
দুঃখ হইতে মুক্তি যে চান
তাহাও জানিও হইবে না কভু সেই জনই সুখময়
তাঁহাকে চিনিলে তবেত দুঃখ নিমেষেতে সুখ হয়।

**তপঃ প্রভাবদ্দেবপ্রসাদাচ্চ ব্রহ্ম হ শ্বেতাশ্চ তরোহথ বিদ্বান্।**
**অত্যাশ্রমিভ্যঃ পরমং পবিত্রং প্রোবাচসম্যগৃষিসংঘজুষ্টম্॥ ২১**

সাধনা করিয়া দেব কৃপালভি শ্বেতাশ্বতর ঋষি
জেনেছেন এই সত্য পরম নিজে যোগাসনে বসি
সনকাদি যত সব ঋষিগণে
বুঝালেন তাহা পরম যতনে
বলিলেন পুনঃ মুক্ত কণ্ঠে সব ঋষিদের কাছে
পূত পবিত্র ব্রহ্মতত্ত্ব জ্ঞানীজন যাহা যাচে।

**বেদান্তে পরমং গুহ্যং পুরাকল্পে প্রচোদিতম্।**
**নাপ্রশান্তায় দাতব্যং নাপুত্রায়াশিষ্যায় বা পুনঃ॥ ২২**

বেদান্তের এ পরম তথ্য গোপন তথ্য কথা
বলিবার নয় শুনাবার নয় বলিবে না যথা তথা
পুত্র শিষ্য শান্ত যে হয়
তবেই তাহারে বোল নিশ্চয়
অশান্ত জনে নহে বলিবার গভীর জ্ঞানের কথা
পূর্ব কালেতে উপদেশে লভি মিলিল যে ধন তথা।

**যস্য দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ। তস্যৈতে**
**কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ প্রকাশন্তে মহাত্মনঃ॥ ২৩**

ঈশ্বরে যার গভীর ভক্তি রহিয়াছে মনে প্রাণে
তাহারি জানিও মিলিবে মুকতি উপনিষদের জ্ঞানে
ইষ্ট গুরুতে ভকতি যাহার
সেই শুধু পায় সন্ধান তাঁর
মহাত্মা সেই সুধীজন কাছে বলার যোগ্য হয়
যেই জ্ঞান পেলে মিলিবে মুকতি মিলেবে মুকতিময়।

**ওঁ সহ নাববতু সহ নৌ ভুনক্তু সহ বীর্যং করবাহৈ।**
**তেজস্বি নাবধীতমস্তু মা বিদ্বিষাবহৈ॥ ২৪**
**ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ**

গুরু ও শিষ্য মোরা দুইজনে জ্ঞানের অন্বেষণে
আসিয়াছি হেথা করুন রক্ষা ব্রহ্ম এ দুইজনে
আমাদের যেন জ্ঞান লাভ হয়
দোঁহে বিদ্বেষ কখন না হয়
তোমার দয়ায় পূর্ণ হউক যাহা মম অভিলাষ
বিদ্যা লভিয়া হই তেজস্বী মিটে যেন মন আশ।

**ওঁ শান্তি শান্তি শান্তি॥**

ইতি শ্বেতাশ্বতর উপনিষদ্

সামবেদীয়

# ছান্দোগ্যোপনিষৎ

# ছান্দোগ্য উপনিষদ্

## শান্তি পাঠ

**ওঁ আপ্যায়ন্তু মমাঙ্গানি বাক্ প্রাণশ্চক্ষুঃ শ্রোত্রমথো বলমিন্দ্রিয়াণি চ সর্বাণি সর্বং ব্রহ্মৌপনিষদং মাঽহং ব্রহ্ম নিরাকুর্যাং মা মা ব্রহ্ম নিরাকরোদনিরাকরণমস্ত্বনিরাকরণং মেঽস্তু তদাত্মনি নিরতে য উপনিষৎসু ধর্মাস্তে ময়ি সন্তু তে ময়ি সন্তু ॥**

**ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ ॥**

আমার এ দেহ বাক্য ও প্রাণ চক্ষু কর্ণ সব
যত ইন্দ্রিয় যা কিছু অঙ্গ লভুক পুষ্টি সব
ব্রহ্মরে যেন লই আমি মেনে
সবের স্রষ্টা সেই জন জেনে
তাঁর সাথে মোর অভেদ মিলন যেন চিরকাল রয়
পরমাত্মায় সতত নিষ্ঠ হইগো ব্রহ্মময়।

**ওঁ শান্তি শান্তি শান্তি।**

# সামবেদীয় ছান্দোগ্যোপনিষৎ

## প্রথম অধ্যায়

### প্রথম খণ্ড

( ওঙ্কারোপাসনা )

ওমিত্যেতদক্ষরমুদগীথমুপাসীত।
ওমিতি হ্যুদ্‌গায়তি তস্যোপব্যাখ্যানম্‌ ॥ ১

ওঁ শব্দের করি উপাসনা করি যেন স্তব গান
উদগীথ গাথা যাহে উপজিল জুড়াতে সবার প্রাণ
বলিব এবার তাহার মহিমা
যেই শব্দের নাহিক উপমা।
সবাকার মূল ওঁ শব্দের মানে কি সকলে জানে
যাহারে পূজিলে সবাকার পূজা জনমে গভীর জ্ঞানে ॥

**এষাং ভূতানাং পৃথিবী রসঃ পৃথিব্যা আপো রসঃ।
অপামোষধয়ো রস ওষধীনাং পুরুষো রসঃ পুরুষস্য বাগ্‌ রসো
বাচ ঋগ্‌রস ঋচঃ সাম রসঃ সাম্ন উদ্‌গীথো রসঃ ॥ ২**

এই পৃথিবীতে যত রস আছে সবের স্রষ্টা সেই
যত জলরাশি ওষধি যা কিছু মানব দেহেও সেই
বাক্যের মাঝে আছে যেই রস
তাহাতে মিলিয়া হইল সরস
ঋগ মন্ত্রেও সাম মন্ত্রেতে শোন ওঠে সেই সুর
• উদগীথ গাথা ওঁকারে ভরা সবচেয়ে সুমধুর।

**স এষ রসানাং রসতমঃ পরমঃ পরার্ধ্যোঽষ্টমো যদুদ্গীথঃ ॥ ৩**

এই উদগীত স্তব জেন মনে হল ওঁকার সার
এর চেয়ে বড় নেই কোন মানে কোথাও কখন আর
পরমাত্মার সব এই গান
অষ্টম নামে জেনো এর স্থান
রসের মাঝেতে রসতম এই মধুময় এই গান
কি করে বলিব বর্ণনা তার যেজন জগৎপ্রাণ ॥

**কতমা কতমর্ক্. কতমৎ কতমৎ সাম কতমঃ**
**কতমঃ উদ্‌গীথ ইতি বিমৃষ্ঠং ভবতি ॥ ৪**

কোন শব্দটি ঋক বলি খ্যাত এবার জানিতে হবে
কারে বলে সাম ? ঋকেরে চিনিলে আপনিই চিনে লবে
কোনটি বা এই উদগীথ হয়
জেনে চিনে মনে জেনে নিতে হয়
আপনার মনে হয়ে নিশ্চয় তবে বিবেচনা করো
কোন জন ঋক কোনটি বা সাম উদগীত বলি স্মরো ?

**বাগেবর্ক্ প্রাণঃ সামোমিত্যেতদক্ষরমুদ্গীথঃ।**
**তদ্বা এতন্মিথুনং যদ্ বাক্ চ প্রাণশ্চর্ক্. চ সাম চ ॥ ৫**

কথা হয় ঋক প্রাণ তার সাম দুয়ের মিলন স্থল
উদগীথ গাথা মিলন মহিমা প্রচারিছে অবিরল
বাক্য ও প্রাণ মিশে একসাথে
মিথুন বলিয়া বলে শাস্ত্রেতে
শাস্ত্রের কথা গভীর অর্থ তাহা হতে নিজে লও
সহজ অর্থ কথা ও প্রাণেরে একসাথে বেঁধে লও।

**তদেতন্মিথুনমোমিত্যেতস্মিন্নক্ষরে সংসৃজ্যতে যদা বৈ মিথুনৌ সমাগচ্ছত আপয়তো বৈ তাবন্যোন্যস্য কামম্‌॥ ৬**

উক্ত যুগলে মিলন বুঝাতে মিথুনের কথা হল
নর ও নারীর মিলনে যেমন কামনা তৃপ্তি পেলো
এখানে বুঝাতে বলেন উপমা
কথা ও প্রাণের মিলনে তুলনা
কথা ও প্রাণের মিলনে জানিও সত্য সৃষ্ট হয়
সত্যই জেন শিব সুন্দর ওঁকার রূপে রয়।

**আপয়িতা হবৈ কামানাং ভবতি**
**য এতদেবং বিদ্বান্‌ অক্ষরমুদগীথমুপাস্তে॥ ৭**

উদগীথ গাথা হরিকথাময় একথা সত্য জেনে
যেজন তাহার করে উপাসনা এই কথা মনে মেনে
যাহা চায় পায় সেই সুধীজন
ওঁকার বলি যে করে ভজন
জানে তার মন পরম রতন মেলে এ আখরে হায়
সব কামনার হয় অবসান প্রার্থিত জনে পায়।

**তদ্বা এতদনুজ্ঞাক্ষরং যদ্ধি কিঞ্চানুজানাত্যোমিত্যেব তদাহৈষো এব সমৃদ্ধির্যদনুজ্ঞা সমর্ধয়িতা হ বৈ কামানাং ভবতি য এতদেবং বিদ্বানক্ষরমুদ্‌গীথমুপাস্তে॥ ৮।**

এই ওঁকার সম্মতিরূপে সবাকার মাঝে রয়
একটি আখরে সকল পূর্ণ জেন মনে নিশ্চয়
অনুমতি এই সমৃদ্ধি এই
জানিও ইহাতে কোন ভুল নেই
উদগীথ গাথা স্তব করে যেই ওঁকার নাম করি
যা কিছু কাম্য সকলি লভিয়া উঠে সে আপনি ভরি।

**তেনেয়ং ত্রয়ী বিদ্যা বর্ত্তত ওমিত্যাশ্রাবয়ত্যোমিতি শংসত্যোমিত্যুদ্গায়ত্যেতস্যৈবাক্ষরস্যাপচিত্যৈ মহিম্না রসেন ॥ ৯**

বেদ ও বিদ্যা বিহিত যাকিছু মনে জেন সমুদয়
একটি আখরে সবকিছু জেন পূর্ণতা নিশ্চয়
দেবতা সকলে করেন শ্রবণ
ওই অক্ষরে হয় সামগান
উহাতেই জেন হবি দ্রবীভূত কল্যাণরস যত
বর্ণিতে নারি মহিমা ইহার যজ্ঞ ও কত শত।

**তেনোভৌ কুরুতো যশ্চৈতদেবং বেদ যশ্চ নবেদ। নানা তু বিদ্যা চাবিদ্যা চ যদেব বিদ্যয়া করোতি শ্রদ্ধয়োপনিষদা তদেব বীর্যবত্তরং ভবতীতি খল্বেতস্যৈবাক্ষরস্যোপব্যাখ্যানং ভবতি ॥ ১০**

ওঁকার রূপ মহিমারে যেই অন্তর দিয়ে জানে
তাহার পূজাই হয় সার্থক ভরা তা গভীর জ্ঞানে
যেজন না জানে নহে নিষ্ফল
তবুও জানিও যে জানে সকল
তাহার পূজাই সত্য সফল ভরা সে গভীর জ্ঞানে
একটি আখরে ব্রহ্ম প্রকাশ বিস্ময় মনে আনে।

## দ্বিতীয় খণ্ড

**দেবাসুরা হ বৈ যত্র সংযেতিরে উভয়ে প্রাজাপত্যাস্তদ্ধ দেবা উদ্‌গীথমাজহ্রুরনেনৈনানভিভবিষ্যাম ইতি ॥ ১**

দেবতা অসুর দুই দলে যবে সংগ্রামে রত হন
দোঁহে সম বলী প্রজাপতি হতে সন্তান দুইজন
তখন লইয়া ইহার শরণ
জয়ী হব বলি ভাবে দেবগণ
উদগীথ গাথা এইরূপে এই ভাবেতে সৃষ্ট হল
এই মন্ত্রেতে হারাব শত্রু দেবতারা ভেবে নিল।

**তে হ নাসিক্যং প্রাণমুদ্‌গীথমুপাসাঞ্চক্রিরে তং হাসুরাঃ পাপ্মনা বিবিধুস্তস্মাত্তেনোভয়ং জিঘ্রতি সুরভি চ দুর্গন্ধি চ পাপ্মনা হ্যেষ বিদ্ধঃ ॥ ২**

তখন দেবেরা নাসিকার ঘ্রাণে উপাসনা করেছিল
দুষ্ট অসুর পাপেতে বিদ্ধ করে তাকে মেরেছিল
পাপেতে বিদ্ধ হল সে কারণ
সেই অপরাধ না হল স্খালন
ভালো গন্ধর সাথে নিতে হয় মন্দ-গন্ধ ঘ্রাণ
পাপেতে বিদ্ধ হয়েছিল বলে না পেল পরিত্রাণ।

**অথ হ বাচমুদ্‌গীথমুপাসাঞ্চক্রিরে তাং হাসুরাঃ পাপ্মনা বিবিধুস্তস্মাত্তয়োভয়ং বদতি সত্যঞ্চানৃতঞ্চ পাপ্মনা হ্যেষা বিদ্ধা ॥ ৩**

তখন দেবতা বাগদেবতাকে উপাসনা করেছিল
উদগীথ গাথা কর্ত্তা রূপেতে তাহাকে পূজিয়াছিল
অসুর তখন পুনঃ বাণ মেরে
পাপের দ্বারায় বিঁধেছিল তারে
পাপেতে বিদ্ধ হয়ে বাগদেব নিরমল নাহি হয়
সেই হতে জেন সত্য মিথ্যা দুই হল বাগময়।

**অথ হ চক্ষুরুদ্‌গীথমুপাসাঞ্চক্রিরে তদ্ধাসুরাঃ পাপ্মনা বিবিধুস্তস্মাত্তেনোভয়ং পশ্যতি দর্শনীয়ঞ্চাদর্শনীয়ঞ্চ পাপ্মনা হ্যেতদ্ বিদ্ধম্ ॥৪**

চক্ষু দেবেরে উদগীথ গাথা বলি উপাসনা করে
সব দেবতারা চক্ষু দেবেরে শ্রেষ্ঠ বলিয়া স্মরে
অসুর তখন বিঁধে পাপ দিয়ে
চক্ষুতে কালি দিলো পরশিয়ে
সে পাপ পরশে চক্ষুতে হেরে ভাল ও মন্দ সব
পাপের পরশে ঢাকিল পুণ্য মেনে নিলো পরাভব।

**অথ হ শ্রোত্রমুদ্‌গীথমুপাসাঞ্চক্রিরে তদ্ধাসুরাঃ পাপ্মনা বিবিধুস্তস্মাত্তেনোভয়ং শৃণোতি শ্রবণীয়ঞ্চাশ্রবণীয়ঞ্চ পাপ্মনা হ্যেতদ্ বিদ্ধম্ ॥ ৫**

কর্ণেরে তবে উদগীথ গাথা কর্ত্তা রূপেতে মানি
দেবতারা করে তারি উপাসনা তাহারে শ্রেষ্ঠ জানি
অসুর তখন দিয়ে পাপ বাণ
করিল বিদ্ধ কলুষিত কাণ
সেই হতে কাণে প্রিয় অপ্রিয় দুইই শুনিতে হয়
পাপের পরশে মুক্ত হওয়াত সহজ কথা সে নয়।

**অথ হ মন উদ্‌গীথ মুপাসাঞ্চক্রিরে তদ্ধাসুরাঃ পাপ্মনা বিবিধুস্তস্মাত্তেনোভয়ং সঙ্কল্পয়তে সঙ্কল্পনীয়ঞ্চাসঙ্কল্পনীয়ঞ্চ পাপ্মনা হ্যেতদ্ বিদ্ধম্ ॥ ৬**

মন দেবতারে তখন সকল দেবতারা পূজা করে
উদগীথ গাথা স্রষ্টা বলিয়া তাহাকেই তারা স্মরে
অসুর তখন দিয়ে পাপ বাণ
বিঁধে মন দেবে করে দুখ দান
পাপেতে বিদ্ধ হয়ে তবে মন কালিমা পরশ করে
তাহারি ফলেতে শুভ ও অশুভ দুই সে চিন্তা করে।

**অথ হ য এবায়ং মুখ্যঃ প্রাণস্তমুদ্গীথমুপাসাঞ্চক্রিরে তং হাসুরা ঋত্বা বিদধ্বংসুর্যথাঽশ্মানমাখণমৃত্বা বিধ্বংসেত ॥ ৭**

তাহার পরেতে মুখ্য প্রাণেরে দেবতারা পূজা করে
অসুরেরা তবে পাপ বাণ দিয়ে প্রাণেরে বিদ্ধ করে
পাথরের গায়ে ঢেলায় মতন
প্রাণের পরশে পাপেব নাশন
মুখ্য প্রাণের পবশ পাইয়া অসুরেরা গেল মরে
প্রাণের পরশে সত্যরে হেরি অসত্য গেল দূরে।

**এবং যথাঽশ্মানমাখণমৃত্বা বিধ্বংসত এবং হৈব স বিধ্বংসতে য এবং বিদি পাপং কাময়তে যশ্চৈনমভিদাসতি স এষোঽশ্মাখণঃ ॥ ৮**

মুখ্য প্রাণের পরশে জানিও সত্য বিকাশ হয়
যত ইন্দ্রিয় অধিপতি সেই জেন মনে নিশ্চয়
অভেদ্য যেন পাষাণের সম
মুখ্য প্রাণের সে সত্য তম
তাহার পরশে দূরে যায় পাপ অসত্য দূরে যায়
তাহারে হিংসা করে যেইজন সেজন বিনাশ পায়।

**নৈবৈতেন সুরভি ন দুর্গন্ধি বিজানাত্যপহতপাপ্মা হ্যেষ তেন যদশ্নাতি যৎ পিবতি তেনেতরান্ প্রাণানবতি।
এতমু এবান্ততোঽবিত্ত্বোৎক্রমিতি ব্যাদদাত্যেবান্তত ইতি ॥ ৯**

মুখ্য প্রাণের দ্বারা কোন জন কোন গন্ধ না নেয়
অপাপবিদ্ধ শুদ্ধ সত্ব, মলিন কখনো নয়
মুখ্য প্রাণ যা পান ও ভোজন
করে, তাহে ঘ্রাণ আদিকে পালন
পান ভোজনের আশায় তাই সে অন্তিম কালে হায়
মুখটি খুলিয়া আপনার তরে শেষ চাওয়া তাই চায়।

**তং হাঙ্গিরা উদ্‌গীথমুপাসাঞ্চক্র এতমু এবাঙ্গিরসং মন্যন্তেঽঙ্গানাং যদ্রসঃ ॥ ১০**

মুখ্য প্রাণেরে অঙ্গিরা ঋষি উদ্‌গীত প্রভু জানে
তারি উপাসনা যত জ্ঞানীজন করে জেন মনে প্রাণে
সব ইন্দ্রিয় প্রাণ দেয় রস
তাই ইন্দ্রিয়ে পরাণের বশ
সকল রসের আধার প্রাণেরে সবে প্রভু বলি মানে
তাই আঙ্গিরস নামেতে প্রাণেরে এ জগতে সবে জানে।

**তেন তং হ বৃহস্পতিরুদগীথ মুপাসাঞ্চক্র এতমু এষ বৃহস্পতিং মন্যন্তে বাগ্‌ঘি বৃহতী তস্যা এষ পতিঃ ॥ ১১**

বৃহস্পতি ঋষি প্রাণে পূজা করে গেয়ে উদগীথ গাথা
প্রাণেরে সবার শ্রেষ্ঠ বুঝিয়া পূজা করে তার তথা
যেহেতু বাক্য সবচেয়ে বড়
প্রাণেরে জানিয়া তাহার উপর
তারি উপাসনা পূজা আরাধনা করে ঋষিগণ সব
বৃহস্পতিও এই কথা মানি করেন পূজা ও স্তব।

**তেন তং হায়াস্য উদগীথমুপাসাঞ্চক্র এতমু এবায়াস্যং মন্যন্ত আস্যাদ্‌ যদয়তে ॥ ১২**

আয়াস্য ঋষি আপনা হইতে তারে অভিন্ন মানে
উদগীথ গাথা কর্ত্তা বলিয়া পূজে তারে এক প্রাণে
যেহেতু আস্য হইতে অয়ন
অর্থাৎ এর হয় যে গমন
তাই ঋষিগণ আয়াস্য বলি প্রাণকেই মনে করে
সব ইন্দ্রিয় অধিপতি জানি প্রাণেরে হৃদয়ে স্মরে।

**তেন তং হ বকো দাল্‌ভ্যো বিদাঞ্চকার। স হ নৈমিষীয়ানামুদ্‌গাতা বভুব স হ স্মৈভ্যঃ কামানাগায়তি॥ ১৩**

দলভ্য সুত বক নামে ঋষি ইহারে জানিয়াছিল
নৈমিষারণ্য বাসীদের হয়ে উদগাথা গেয়েছিল
তাহাদের তরে কাম্য যা ফল
ঐ গান গেয়ে চাহেন সকল
উদগীত গাথা গেয়ে যেই জন যা তার কাম্য চায়
স্তবেতে তুষ্ট হলে ভগবান যা চায় সেই তা পায়।

**আগাতা হবৈ কামানাং ভবতি য এতদেবং বিদ্বানক্ষরমুদগীথমুপাস্ত ইত্যধ্যাত্মম্॥ ১৪**

প্রাণকে যেজন উক্ত গুণের আধার বলিয়া জানে
ওঁ অক্ষরে প্রাণ দৃষ্টির উপাসনা করে প্রাণে
প্রাপ্ত হন যা কামনা তাঁহার
পূর্ণ হইবে যা বাসনা যার
অধ্যাত্মের দর্শন কথা বর্ণিত এতে হল
পরাণের মাঝে পরাণ দেবতা তাঁহার জাগায়ে তোল।

## তৃতীয় খণ্ড

**তথাধিদৈবতং এবাসৌ তপতি তমুদগীথমুপাসীতোদ্যন্‌ বা এষ প্রজাভ্য উদ্‌গায়তি। উদ্যংস্তমো ভয়মপহন্ত্যপহন্তাহ বৈ ভয়স্য তমসো ভবতি য এবং বেদ ॥ ১**

তাপ দান করে তপন যেজন তুমি তাঁর পূজা করো
উদগীথ রূপে উপাসনা করি তাহারে হৃদয়ে স্মরো
উদয় কালেতে উদগীথ গানে
যিনি আঁধারেতে আলোকের দানে
অন্ধকারের ভয় নাশ করি করেন অভয় দান
সবিতা রূপেতে আঁধার নাশিয়া উদয় সে ভগবান।

**সমান উ এবায়ঞ্চাসৌ চোষ্ণোঽয়মুষ্ণোঽসৌ স্বর ইতীমমাচক্ষতে স্বর ইতি প্রত্যাস্বর ইত্যমুং তস্মাদ্‌ বা এতমিমমমুং চোদ্‌গীথমুপাসীত ॥ ২**

এই প্রাণ আর সূর্য্য সমান দুই জনে তাপ দেয়
পরাণ জানিও গমন শীল ও সূর্য্য গমন ময়
উদয় অস্তে দুজনে সমান
দোঁহে পুজ গাহি উদগীথ গান
শুধু সে সূর্য্য অস্তের পর আবার উদয় হয়
প্রাণ শুধু যেই মৃতদেহ ত্যজে ফিরে না তাহাতে হায়।

**অথ খলু ব্যানমেবোদ্‌গীথমুপাসীত যদ্বৈ প্রাণিতি স প্রাণো যদপানিতি সোঽপানঃ। অথ যঃ প্রাণাপানয়োঃ সন্ধিঃ স ব্যানো যো ব্যানঃ সা বাক্‌। তস্মাদপ্রাণন্ননপানন্‌ বাচমভিব্যাহরতি ॥ ৩**

যেই নিঃশ্বাস ত্যাগ করে জীব তাহাকেই কহে প্রাণ
যেই নিঃশ্বাস লয় ভিতরেতে তাহারে কহে অপান
প্রাণ ও অপাণ দুয়ের মাঝাবে
যে বায়ু বৃত্তি রহে বাস করে
ব্যান নাম তার বাক্য তাহাই তাহাবে রুদ্ধ করি
তবে সে জীবেরা কথা কহে সব শব্দেতে উচ্চারি।

**যা বাক্‌ সর্ক্‌ তস্মাদ প্রাণন্ননপানন্নৃচমভিব্যাহরতি যর্ক্‌ তৎ সাম তস্মাদপ্রাণন্ননপানন্‌ সাম গায়তি যৎ সাম স উদগীথ তস্মাদ প্রানন্ননপানন্নুদ্‌গায়তি ॥ ৪**

বাক্য যাহাই ঋক জেনো তাহা একই জানিও দোঁহে
তাই প্রাণাপান নিরুদ্ধ করি ঋগ গান সবে গাহে
যাহা ঋগ জেনো তাহাইত সাম
প্রাণাপান রুধি গাহে সাম গান
যাহা সাম তাহা উদ্গীথ জেনো দেবতার আরাধনা
প্রাণ ও অপানে রুদ্ধ করিয়া করো সেই উপাসনা।

**অতো যান্যন্যানি বীর্যবন্তি কর্মাণি যথাঽগ্নের্মন্থনমাজেঃ সরণং দৃঢ়স্য ধনুষ আযমনম অপ্রানন্ননপানংস্তানি করোত্যেতস্য হেতোর্ব্যানমেবোদগীথমুপাসীত ॥ ৫**

ইহাব চাইতে যত্ন সাধ্য যা কিছু কর্ম আছে
অগ্নি মথন লক্ষ্য ধাবন দৃঢ় ধনু শরে রাজে
এসব কার্য্য করিতে সাধন
প্রাণ ও অপানে করিবে দমন
ব্যানকেই তুমি উদগীথ রূপে উপসনা মনে করো
উদগীথে ব্যান দৃষ্টি আরোপি তাহারেই মনে স্মরো।

**অথ খলূদগীথাক্ষরাণ্যুপাসীতোদ্গীথ ইতি প্রাণ এবোৎ প্রাণেন হ্যুত্তিষ্ঠতি বাগ্‌গীর্বাচো হ গির ইত্যাচক্ষতেঽন্নং থমন্নে হীদং সর্বং স্থিতম্ ॥ ৬**

উৎগীথ ও এই নামগুলি সহ অক্ষরে পূজা করো
প্রাণই উৎ ও বাক্যই গী ও অন্নে থ বলি স্মরো
প্রাণের সহায়ে উত্থিত লোক
বাক্যে গীরূপে স্তব গান শ্লোক
অন্ন থ রূপে অন্নে লভিয়া সবে স্থিতি লাভ করে
উৎগীথ গাথা গাহিয়া তাইত সবে উপসনা করে।

**দ্যৌরেব উদন্তরিক্ষং গীঃ পৃথিবী থমাদিত্য এবোদ্‌ বায়ুর্গীরগ্নিস্থং সামবেদ এবোদ্‌ যজুর্বেদো গীঋগ্বেদস্থং দুগ্ধেঽস্মৈ বাগদোহং যো বাচো দোহোঽন্নবানন্নাদো ভবতি য এতান্যেবং বিদ্বানুদ্‌গীথাক্ষরাণ্যুপাস্ত উদ্‌গীথ ইতি ॥ ৭**

দ্যুলোক উৎ ও আকাশ গী নামে পৃথিবী থ নামে খ্যাত
সূর্য্য উৎ ও পবন গী রূপে আগুন থ নামে রত
সাম বেদ উৎ ঋজু গী নামেতে
ঋগ্বেদ থ খ্যাত এ জগতে
সাধকেরা তাই বাকরূপ দুধই দোহন করিয়া থাকে
উদগীথ গাহি প্রভূত অন্ন অধিকারী জানি তাকে।

**অথ খল্বাশীঃ সমৃদ্ধিরুপসরণানীত্যুপাসীত যেন সাম্না স্তোষ্যন্ স্যাৎ তৎ সামোপধাবেৎ ॥ ৮**

কাম্য ফলের সমৃদ্ধি তবে এইখানে বলা হোলো
সামগানে গাহি উদ্গীথ গাথা যার যা কামনা পেলো
উৎপত্তি ও ছন্দ দেবতা
সবে করি স্তব পূজিও হে সেথা
স্মরণে মননে জ্ঞানে ও ধেয়ানে সকলের পূজা করো
সবার শ্রেষ্ঠ ওঁকার রূপে তাহারে হৃদয়ে স্মরো।

**যস্যামৃচি তামৃচং যদার্ষেয়ং তমৃষিং যাং দেবতাম ভিষ্টোষ্যান স্যাৎ তাং দেবতামুপধাবেৎ ॥ ৯**

যে ঋক মন্ত্রে সাম বিরাজেন সে ঋক মন্ত্রে স্মরো
সে ঋষি উহারে জানালেন সবে তারে তুমি পূজা করো
যে দেবের তরে করিছ এ স্তব
তাঁহারে স্মরিয়া তবে পূজ সব
ঋক্ মন্ত্রেতে বিরাজেন সাম এই কথা রেখ মনে
তাঁহার পূজাও ধ্যান আরোধনা কর তুমি এক সনে।

**যেনচ্ছন্দসা স্তোষ্যন্ স্যাৎ তচ্ছন্দ উপধাবেদ্ যেন স্তোমেন স্তোষ্যমাণঃ স্যাৎ তং স্তোমমুপধাবেৎ ॥ ১০**

যে ছন্দে স্তব করিবে তাহারে আপন মনেতে স্মর
যেই স্তোম দ্বারা করিবে এ স্তব তার আরাধনা করো
যার তরে পূজা করিবে স্তোমেতে
তার নহে লাভ জানিও মনেতে
আপন মনের শুদ্ধি লভিয়া নিজে উন্নত হও
যজমান তরে নহে এই পূজা আপনি লভ্য লও।

**যাং দিশমভিষ্টোষ্যন্ স্যাৎ তাং দিশমুপধাবেৎ। ১১**

যে দিকেতে মুখ করিয়া পূজিবে সে দিকের পূজা করো
দিক অধিপতি দেবতা সকলে আপন মনেতে স্মরো।

**আত্মানমন্তত উপসৃত্য স্তুবীত কামং ধ্যায়ন্নপ্রমত্তো**
**ইভ্যাশো হ যদস্মৈ স কামঃ সমৃধ্যেত যৎকামঃ**
**স্তুবীতেতি যৎকামঃ স্তুবীতেতি॥ ১২**

অবশেষে তুমি আপন গোত্র বর্ণাদি করে মনে
আপন নামকে স্মরণে আনিয়া পূজিও সে আরাধনে
উচ্চারণেতে করিও না ভুল
ছন্দ ও সুর হয় সমতুল
কামনা যা করে পূজা যেই করে সেই তা প্রাপ্ত হয়
সুখ ও স্বাস্থ্য সমৃদ্ধি লভিয়া হয় সেই সুখময়।

## চতুর্থ খণ্ড

**ওমিত্যেতদক্ষরমুদ্গীথমুপাসীতোমিতি হ্যুদ্গায়তি**
**তস্যোপব্যাখ্যানম্॥ ১**

উদগীথ হতে উদিল যে ওম্ তাঁহারে পূজিতে হবে
প্রথমে ওমকে উচ্চারি তবে উদগীথ গাথা গাবে
ওম শব্দেতে যত পূজা হয়
বর্ণিব তাহে এতে নিশ্চয়
করিব ব্যাখ্যা শুনগো এবার বলিব তা যথাযথ
উপাসনা যত গান বিধিমত সবি ওঁকারে রত।

**দেবা বৈ মৃত্যোর্বিভ্যতস্ত্রয়ীং বিদ্যাং প্রাবিশংস্তে ছন্দোভিরচ্ছাদয়ন্ যদেভিরচ্ছাদয়ংস্তচ্ছন্দসাং ছন্দস্ত্বম্** ॥ ২

মৃত্যুর পরে দেবতারা সব এয়ী রূপে করে কাজ
মন্ত্রের দ্বারা আচ্ছাদিয়া সে করিলেন দেহ সাজ
মন্ত্রের নাম ছন্দ যে তাই
ইহা হতে হল এতে ভুল নাই
মন্ত্রের দ্বারা দেহরে ঢাকিয়া করিল রক্ষা তায়
ছন্দ মন্ত্রে ওঁকারে স্মরি তবে উদগীথ গায়।

**তান্নু তত্র মৃত্যুর্যথা মৎস্যমুদকে পরিপশ্যেদেবং পর্যপশ্যদৃচি সাম্নি যজুষি। তে নু বিদিত্বোর্ধ্বা ঋচঃ সাম্নো যজুষঃ স্বরমেব প্রাবিশন্** ॥ ৩

মৎসজীবিয়া মৎস যেমন স্বল্প জলেতে হেরে
দেবতারা তবে ঋক্ যজু সাম তিনে মৃত্যুরে স্মরে
মন্ত্র সাধা কর্মের মাঝে
মৃত্যুরে তারা হেরে এক সাজে
দেবের ইচ্ছা বুঝি মন্ত্রেরা তাহারো উর্দ্ধে ওঠে
স্বর শব্দ বাচ্য অক্ষরে পশিয়া উঠিল তখন ফুটে।

**যদা বা ঋচমাপ্নোত্যোমিত্যেবাতিস্বরত্যেবং সামৈবং যজুরেষ উ স্বরো যদেতদক্ষরমেতদমৃতমভয়ং তৎ প্রবিশ্য দেবা অমৃতা অভয়া অভবন্** ॥ ৪

যখনই যে কেহ ঋকে আয়ত্তি দেবতার পূজা করে
তখনই ওঁমকে সাদরে বলিয়া তবে যে তাহাকে স্মরে
সাম মন্ত্র ও জেনো এই মত
যজু মন্ত্রেরও জেনো এই পথ
এই অক্ষরে স্বর ও অমর অভয় মন্ত্র এই
ইহাতে প্রবেশি দেবতা অমর জেন তাহে ভুল নেই।

**স য এতদেবং বিদ্বান্ অক্ষরং প্রণৌত্যেতদেবাক্ষরং স্বরমমৃতমভয়ং প্রবিশতি তং প্রবিশ্য যদমৃতা দেবাস্তদমৃতো ভবতি ॥ ৫**

ওম শব্দরে মনেতে জানিয়া যেই জন পূজা করে
স্বর শব্দের অমর অভয় পদ সেই লাভ করে
এই দুই পদে করিয়া প্রবেশ
দুঃখ মৃত্যু হয় তার শেষ
দেবতার মত অমৃত লভিয়া অমর সেজন হয়
শাস্ত্রের কথা সত্য জানিও মনে প্রাণে নিশ্চয়।

## পঞ্চম খণ্ড

**অথ খলু য উদ্গীথঃ স প্রণবো যঃ প্রণবঃ স উদ্গীথ ইত্যসৌ বা আদিত্য উদ্গীথ এষ প্রণব ওমিতি হ্যেষ স্বরন্নেতি ॥ ১**

এর পর জেন উদগীথ যাহা প্রণব ও তাহাই হয
আদিত্য রূপে উজলি আকাশ সকলি প্রণব ময়
ওম শব্দেরে বলিয়া তপন
আকাশ উপরে করেন ভ্রমণ
ওঁকার রূপে উদগীথ জেনো প্রণব রূপেও তাই
সূর্য্য রূপেতে আঁধার বিনাশী দেখো সেই জন ভাই।

**এতমু এবাহমভ্যগাসিষং তস্মান্মম ত্বমেকোঽসীতি হ কৌষীতকিঃ পুত্রমুবাচ রশ্মীংস্ত্বং পর্যাবর্তয়াদ্‌ বহবো বৈ তে ভবিষ্যন্তীত্যধিদৈবতম্‌ ॥ ২**

পুরাকালে ঋষি কৌষিতকি সে নিজ পুত্রকে কয়
এঁর উদ্দেশ্যে গাহি আমি গান এক পুত্র সে হয়
তাই তুমি মোর একই তনয়
এক ওঁকারে পুজি লাভ ভয়
বহু রশ্মির কিরণে সূর্য্য মণ্ডিত যেই মত
সেরূপে গাহিলে উদগীথ গাহি লভিবে পুত্র তত।

**অথাধ্যাত্মং য এবায়ং মুখ্যঃ প্রাণস্তমুদ্‌গীথ মুপাসীতো মিতি হ্যেষ স্বরন্নেতি ॥ ৩**

ইহার পরেতে শরীর বিষয়ে বলিলেন উপাসনা
মুখ্য প্রাণের উদগীথ গাহি করিবে যে আরাধনা
ওম উচ্চারি প্রাণ এই দেহে
করি বিচরণ তবে জেনো রহে
মুখ্য প্রাণেই বাগাদি সকলে বলেন করিতে কাজ
মুমূর্ষু জনে আদেশিতে নারে স্তব্ধ সকল কাজ।

**এতমু এবাহমভ্যগাসিষং তস্মান্মম ত্বমেকোঽসীতি হ কৌষীতকিঃ পুত্রমুবাচ প্রাণাংস্ত্বং ভূমানমভিগায়তাদ্‌ বহবো বৈ মে ভবিষ্যন্তীতি ॥ ৪**

কৌষীতকি তবে নিজ পুত্রকে বলিলেন বাছা শোন
মুখ্য প্রাণের করি বন্দনা করিলাম আমি গান
তার ফলে তুমি একই তনয়
এক ছাড়া দুই কখনও ত নয়
বহু পুত্রের কামনা করিয়া গাহি উদগীথ গান
পূজিও জানিও নানা ইন্দ্রিয়ে প্রাণই বিদ্যমান।

**অথ খলু উদ্‌গী থঃ স প্রণবো য প্রণবঃ স উদগীথ ইতি হোতৃষদনাদ্ধেবাপি দুরুদগীতমনুসমাহরতীত্যনুসমাহরতীতি ॥ ৫**

যাহা উদ্দগীথ তাহাই প্রণব রূপেতে বিদ্যমান
গায়কের যদি এ সার সত্যে রহে নিশ্চয় জ্ঞান
তবে যদি তার গানে ত্রুটি হয়
দোষ মুক্ত সে হয় নিশ্চয়
ঐ জ্ঞান বলে হোতার সকল কর্মেতে লভে ফল
ওঁকার আর প্রণবে জানিলে সব হয় সমতল।

## ষষ্ঠ খণ্ড

**ইয়মেবর্গগ্নিঃ সাম তদেতস্যামৃচ্যধ্যূঢ়ং সাম তস্মাদৃচ্যধ্যূঢ়ং সাম গীয়ত ইয়মেব সা অগ্নিরমস্তৎ সাম ॥ ১**

পৃথিবীই জেনো ঋক ও সামেতে আধার আধেয় রূপে
পৃথিবী স্ত্রীরূপে পুরুষে অগ্নি বাস করে চুপে চুপে
ছন্দো বদ্ধ মন্ত্র সকল
ঋক সামরূপে গাহি অবিরল
সংস্কারেতে পৃথিবী দৃষ্টি অগ্নি দৃষ্টি হয়
ঋক ও অগ্নি সামরূপ ধরি পৃথিবীর মাঝে রয়।

**অন্তরিক্ষমেবর্গ্‌ বায়ুঃ সাম তদেতস্যামৃচ্যধ্যূঢ়ং সাম তস্মাদৃচ্যধ্যূঢ়ং সাম গীয়তেঽন্তরিক্ষমেব সা বায়ুরমস্তৎ সাম ॥ ২**

আকাশ ঋকেতে বায়ুরূপে সাম আকাশ মাঝেতে রয়
তাইতো ঋকেতে অধিষ্ঠিত সে সাম হয় গীতময়
সহজ নহে তো একথা সকল
আকাশেতে বায়ু বহে অবিরল
দুয়েতে মিলিয়া সাম গান দেখো দিকে দিকে দিকময়
গগন ভরিয়া ভুবন প্লাবিয়া ছন্দে মথিয়া বয়।

**দ্যৌরেবর্গাদিত্যঃ সাম তদেতস্যামৃচ্যধ্যূঢ়ং সাম তস্মাদৃচ্যধ্যূঢ়ং সাম গীয়তে দ্যৌরেব সাদিত্যোঽমস্তৎ সাম ॥ ৩**

দ্যুলোক ঋক ও সূর্য্য সামেতে আপনি প্রকাশময়
তপন রূপেতে উজলি স্বরগ আপনি প্রকাশ হয়
সা রূপে স্বরগ সূর্য্যই অম
উদিত হইয়া কাটে সবতম
এইরূপে সাম শব্দ বাচ্য বুঝে যত জ্ঞানী জন
স্বরগ ঋকেতে সূর্য্য সামেতে এভাবে প্রকাশ হন।

**নক্ষত্রাণ্যেব র্ক্‌ চন্দ্রমাঃ সাম তদেতস্যামৃচ্যধ্যূঢ়ং সাম গীয়তে নক্ষত্রাণ্যেব সা চন্দ্রমা অমস্তৎ সাম ॥ ৪**

তারকা রাজিই ঋক রূপে সাজি চন্দ্রমা সামে রয়
এই জন্যই ঋকেতে থাকিয়া সাম গান গীত হয়
তারকা সকল সা রূপেতে রয়
চন্দ্রমা অম রূপে প্রকাশয়
এইরূপে জেন সাম শব্দের বচন প্রচার হয়
তারকা সকল ঋতে গ্রন্থিত চন্দ্রমা সামে রয়।

**অথ যদেতদাদিত্যস্য শুক্লং ভাঃ সৈবর্গথ যন্নীলং পরঃ কৃষ্ণং তৎসাম তদেতদেতস্যামৃচ্যধ্যূঢ়ং সাম তস্মাদৃচ্যধ্যূঢ়ং সাম গীয়তে ॥ ৫**

সূর্য্যের এই শুভ্র দীপ্তি ঋক রূপে জেন রয়
অতি নীল যেই কৃষ্ণ আভাসে তাহা জেনো সামময়
শুভ্র কিরণে ঋক যেই মত
কৃষ্ণ কিরণে সামও সেইমত
এই কারণেতে ঋকেতে থাকিয়া সাম গীত গাওয়া হয়
সাদা ও কালোয় মিশে যেই আলো সামরূপে তাহা রয়।

**অথ যদেবৈতদাদিত্যস্য শুক্লং ভাঃ সৈব সাইথ যন্নীলং পরঃ কৃষ্ণং তদমস্তৎ সামাথ য এষোঽন্তরাদিত্যে হিরন্ময় পুরুষো দৃশ্যতে হিরণ্যশ্মশ্রুঃহিরণ্যকেশ আপ্রণখাৎ সর্ব এব সুবর্ণঃ ॥ ৬**

সূর্য্যের মত শ্বেত আভা যাহা সা রূপে জানিও তায়
অতিশয় নীল কালো রূপ ধরি অম তাহে শোভা পায়
সূর্যের এই মণ্ডল মাঝে
স্বর্ণ প্রতিম যে পুরুষ রাজে
শ্মশ্রু ও কেশ সুবর্ণ যার সবি উজ্জ্বলময়
নখাগ্র হতে সোনার বরণ শাস্ত্রেতে যেন কয়।

**তস্য যথা কপ্যাসং পুণ্ডরীকমেব মক্ষিণী তস্যোদিতি নাম স এষ সর্বেভ্যঃ পাপ্মভ্য উদিত উদেতি হবৈ সর্বেভ্য পাপ্মভ্যো য এবং বেদ ॥ ৭**

শাখামৃগদের পুচ্ছের নীচে রক্তিম আভা মত
রক্ত পদ্ম সম যাঁর আঁখি উজ্জ্বল সেই মত
পাপের উর্দ্ধে রহি যেই জন
দেবরূপে পূজা করেন গ্রহণ
তাঁহারে যে জানে পাপ হতে দূরে সেই সুধী জন রয়
তাঁহার মহিমা জানে যেই জন সেই জন তাঁকে পায়।

**তস্যর্ক্-চ সাম চ গেষ্ণৌ তস্মাদুদ্‌গীথস্তস্মাত্ত্বেবোদ্‌গাতৈতস্য হি গাতা স এষ যে চামুষ্মাৎ পরাঞ্চো লোকাস্তেষাং চেষ্টে দেবকামানাং চেত্যধিদৈবতম্। ৮**

ঋক সাম তার দুটি অধ্যায় দুইটি পর্ব জেনো
উৎনাম ধারী ব্রহ্মা বলিয়া উদগীথে তারে মেনো
পৃথিবী আগুন দুই রূপধরি
ঋক সাম রূপে রূপ পরিহরি
উদগীথ গাথা গাহি সকলেরে শাসন ধারণ করে
দেবতা গণেরও অভীষ্ট বলি জ্ঞানী জন তাকে স্মরে।

## সপ্তম খণ্ড

**অথাধ্যাত্মম্ বাগেবর্ক্ প্রাণঃ সাম তদেতস্যামৃচ্যধ্যূঢ়ং তস্মাদৃচ্যধ্যূঢ়ং সাম গীয়তে। বাগেব সা প্রাণোঽমস্তৎ সাম॥ ১**

বাক প্রাণ রূপে ঘ্রাণ ইন্দ্রিয়ে সাম রূপ সবে বলে
তাই ঘ্রাণরূপী সাম বাগ ইন্দ্রিয় ঋকে চলে
ঋকেতে থাকিয়া সামগীত হয়
বাক সা ও ঘ্রাণ অম্ নিশ্চয়
এইরূপে বাক্ ও ঘ্রাণ দোঁহে মিলে সামে পরিণত হয়
শাস্ত্রের কথা নহে অন্যথা জেন সবে নিশ্চয়।

**চক্ষুরেবর্গাত্মা সাম তদেতস্যামৃচ্যধ্যূঢ়ং সাম তস্মাদৃচ্যধ্যূঢ়ং সাম গীয়তে। চক্ষুরেব সাত্মাঽমস্তৎ সাম॥ ২**

চক্ষুই ঋকে প্রতিবিম্বিত চোখে দেহ ছায়া সাম
চক্ষুরূপী সে ঋকেতে থাকিয়া যুক্ত যে দুই নাম
ঋকেতে থাকিয়া সাম গীত হয়
চক্ষুই সা ও ছায়া অম ময়
এইরূপে চোখ ও ছায়ার মিলনে সাম গান তবে হয়
চক্ষুতে ঋক ছায়া মাঝে সাম থাকে জেন নিশ্চয়।

**শ্রোত্রমেবর্গ্মনঃ সাম তদেতস্যামৃচ্যধ্যূঢ়ং সাম তস্মাদৃচ্যধ্যূঢ়ং সাম গীয়তে। শ্রোত্রমেব সা মনোঽমস্তৎ সাম॥ ৩**

কর্ণ ও ঋক মন সামরূপে ঋকেতে প্রতিষ্ঠিত
এ কারণে সাম গান হয় জেন ঋক থেকে উত্থিত
কর্ণই সা ও অম রূপে মন
সাম শব্দের হইল সৃজন
শ্রবণের রূপে ঋক বিরাজিছে সাম রূপে নিজে মন
কর্ণ ও মনে সাম শব্দের বাচ্য এভাবে হন।

**অথ যদেতদক্ষ্ণঃ শুক্লং ভাঃ সৈবর্গথ যন্নীলং পরঃ কৃষ্ণং তৎ সাম তদেতস্যামৃচ্যধ্যূঢ়ং সাম তস্মাদৃচ্যধ্যূঢ়ং সাম গীয়তে। অথ যদেবৈতদক্ষ্ণঃ শুক্লং ভাঃ সৈব সাঽথ যন্নীলং পরঃ কৃষ্ণং তদমস্তৎ সাম॥ ৪**

নয়নের মাঝে শুভ্র দীপ্তি রূপে জেন ঋক রয়
অতিশয় নীল কৃষ্ণ রূপেতে সাম সেথা বিরাজয়
শুভ্র ললাটে কালো টিপ সম
ঋকের মাঝেতে সাম মনোরম
নয়নের এই শুভ্র জ্যোতিরে ঋক বলে জেনে নিও
অতিশয় নীল কৃষ্ণ বিন্দু অম নাম তার দিও।

**অথ য এষোঽন্তরক্ষিণি পুরুষো দৃশ্যতে সৈবর্ক্ তৎসামতদুক্থং তদ্
যজুস্তদ্ব্রহ্ম তস্যৈতস্য তদেব রূপং যদমুষ্য রূপং যাবমুষ্য গেষ্ণৌ তৌ
গেষ্ণৌ যন্নাম তন্নাম ॥ ৫**

নয়নের মাঝে এই যে পুরুষ দেন তবে দরশন
ইনি ঋক সাম উকথ ও যজু ও তিন বেদ ইনি হন
আদিত্য মাঝে পুরুষ রূপেযে
নয়নের মাঝে সেই জনই রাজে
তাহারও দুইটি অধ্যায় মত এর ও পর্ব দুই
একনামে দোঁহে এক প্রাণ দোঁহে কোনখানে ভেদ নাই।

**স এষ যে চৈতস্মাদর্বাঞ্চো লোকাস্তেষাং চেষ্টে মনুষ্যকামানাঞ্চেতি
তদ্ য ইমে বীণায়াং গায়ন্ত্যেতং তে গায়ন্তি তস্মাত্তে ধনসনয়ঃ ॥ ৬**

আত্মা হইতে উদ্ভূত হয়ে অধো দিকে যেই যায়
অক্ষি পুরুষ কৃপায় তাহারা যার যা প্রাপ্য পায়
অতএব তারা করি বীণাগান
ইহারই সকলে করে গুণগান
ঈশ্বর নাম করিয়া তাহারা ধনপতি সবে হন
হরিনাম সার এই ত্রিভুবনে তাতে রত হয়ে রন।

**অথ য এতদেবং বিদ্বান্ সাম গায়ত্যুভৌ স গায়তি সোঽমুনৈব
স এষ যে চামুষ্মাৎ পরাঞ্চো লোকাস্তাংশ্চাপ্নোতি দেবকামাংশ্চ ॥ ৭**

উদগীথ দেবে স্বরূপে জানিয়া যেই সাম গান করে
অক্ষি পুরুষ ও আদিত্য দেব উভয়েরে গানে স্মরে
দুয়ের সাথেতে মিলিত হইয়া
আদিত্য হতে উর্দ্ধে উঠিয়া
যে সকল লোক আছে প্রসারিত তাহাই প্রাপ্ত হন
দেবতা দিগের ও কামনীয় যাহা পান সেই অতুলন।

**অথানেনৈব যে চৈতস্মাদর্বাঞ্চো লোকাস্তাংশ্চাপ্নোতি মনুষ্য
কামাংশ্চ তস্মাদু হৈবংবিদুদ্গাতা ব্রুয়াৎ ॥ ৮**

কার্য্য কারক যেজন তাহারে বলিও তথ্য কথা
অক্ষি পুরুষে প্রাপ্ত হইয়া নীচে যার প্রসারতা
কাম্য যা কিছু প্রাপ্ত হইবে
যজ্ঞ সাধক ইহাই কহিবে
জ্ঞানবান জনমনে জানে এই শ্রেয় ও প্রেয়র ভেদ
প্রেয়রে চাহিয়া শ্রেয়রে না চায় তারি রয় মনে খেদ।

**কংতে কামমাগায়ানীত্যেষ হ্যেব কামাগানস্যেষ্টে য এবং বিদ্বান্
সাম গায়তি সাম গায়তি ॥ ৯**

যাজ্ঞিক জন শুধান তখন নিজ যজমানে তবে
বুঝিয়াছ তুমি দুই ফলাফল বল কি চাহিব এবে
দেবেবে তুষেছ গাহি সামগান
বলকি কামনা চাহে তব প্রাণ।
অভিষ্ট যাহা পাবে নিশ্চয় চাহ যা কামনা ভাই
সবাকার যেই কামনার ধন ক'জন তাঁহার চাই।

## অষ্টম খণ্ড

ত্রয়ো হোদ্‌গীথে কুশলা বভূবুঃ শিলকঃ শালাবত্যশ্চৈকিতায়নো দাল্‌ভ্যঃ প্রবাহণো জৈবলিরিতি তে হোচুরুদ্‌গীথে বৈ কুশলাঃ স্মোঃ হন্তোদ্‌গীথে কথাং বদাম ইতি ॥ ১

শলাবৎ পুত্র শিলক সাথেতে দালেভ্য গোত্রীয় জন
চৈকিতায়ণও জীবল তনয় নাম যার প্রবাহন
উদগীথ জ্ঞানে জ্ঞানী তিনজন
পরস্পরেরে কহেন তখন
উদগীথ জ্ঞানে নিপুণ বলিয়া প্রসিদ্ধি লাভ করে
তবু তিন জন বিচারি তাহাই কহেন পরস্পরে।

তথেতি হ সমুপবিবিশুঃ স হ প্রবাহনো জৈবলিরুবাচ ভগবন্তাবগ্রে বদতাং ব্রাহ্মণয়োর্বদতোর্বাচং শ্রোষ্যামীতি ॥ ২

তথাস্তু বলি তিনজনে তবে বসিল পরস্পরে
রাজা প্রবাহন জৈবিলি তবে কহিলেন তার পরে
তোমরা উভয়ে করহ বিচার
বলিব না কথা মাঝে আমি তার
ব্রাহ্মণ দোঁহে আলোচিবে যাহা শুনিব গো দিয়ে মন
তোমরা দুজনে করহ বিচার উদগীথ আলাপন।

**স হ শিলকঃ শালাবত্যশ্চৈকিতায়নং দাল্‌ভ্যমুবাচ হন্ত ত্বা পৃচ্ছানীতি পৃচ্ছেতি হোবাচ ॥ ৩**

শিলক পুত্র শালাবত্য সে আপনি তখন কন
দালভ্য গোত্র ধারী সেই জন চৈকিতায়ন যে হন
অনুমতি যদি দাও গো আমায়
প্রশ্ন করিব যাহা জানা যায়
শালক্য কন করহে প্রশ্ন যাহা আছে জানিবার
দুর্জ্ঞেয় যাহা হয়গো সহজ বলিলে বারংবার।

**কা সাম্নো গতিরিতি স্বর ইতি হোবাচ স্বরস্য কা গতিরিতি প্রাণ ইতি হোবাচ প্রাণস্য কা গতিরিত্যন্নমিতি হোবাচান্নস্য কা গতিরিত্যাপ ইতি হোবাচ ॥ ৪**

শিলক কহিল সামের কি গতি ? দালভ্য কহেন স্বর
শিলক কহিল স্বরের কি গতি ? প্রাণ দেন উত্তর
প্রাণের কোথায় আশ্রয় স্থান
দালভ্য কহে অন্নেতে প্রাণ
শিলক কহে যে অন্ন কাহারে করে তবে আশ্রয়
দালভ্য কন অন্নের স্থিতি জলে জেন নিশ্চয়।

**অপাং কা গতিরিত্যসৌ লোক ইতি হোবাচামুষ্য লোকস্য কা গতিরিতি ন স্বর্গং লোকমতিনয়েদিতি হোবাচ স্বর্গং বয়ং লোকং সামভিসংস্থাপয়ামঃ স্বর্গসংস্তাবং হি সামেতি ॥ ৫**

শিলক তখন পুনঃ জিজ্ঞাসে জল কোথা স্থিতি পায়
দালভ্য কন স্বরগের মাঝে জলের স্থিতি যে হয়:
তাই ত সামেরে স্বরগ হইতে
কেহ নাহি পারে কোথা লয়ে যেতে
অতএব মোরা সামকে স্বরগে বিরাজিত বলে জানি
স্বরগ বলিয়া সামে বন্দিয়া জানাই প্রণাম খানি।

তং হ শিলকঃ শালাবত্যশ্চৈকিতায়নং দাল্‌ভ্যমুবাচাপ্রতিষ্ঠিতং বৈ কিল তে দাল্‌ভ্য সাম যস্ত্বেতর্হি ব্রূয়ান্মূর্ধা তে বিপতিষ্যতীতি মূর্ধা তে বিপতেদিতি। ৬

শিলক তখন কহে দালভ্য মিমাংসা নাহি হল
সাম আপনার তবু জেন মনে অপ্রতিষ্ঠিত রয়ে গেল।
প্রতিষ্ঠা লভি অভিজ্ঞ জন
যদি কেহ তবে কহেন তখন
মস্তক তব পড়িবে খসিয়া তখন তাহাই হবে
সত্যই জেন মস্তক তবে স্কন্ধ চ্যুতই হবে
এখানে অর্থ আরও সরল করিয়া বলিব শোন
সাধুজন কভু হেন শাপ কারে দেন না কখনও জেন
মিথ্যা বলিলে কত পাপ হয়
বুঝাইতে তাহা জেন নিশ্চয়
উপমা হিসাবে বলিলেন কথা করিবারে নির্ণয়
দেশ কাল আর নিমিত্ত ভেদে কর্মের ফল হয়।

হন্তাহমেতদ্ভগবতো বেদানীতি বিদ্ধীতি হোবাচামুষ্য লোকস্য কা গতিরিত্যয়ং লোক ইতি হোবাচাস্য লোকস্য কা গতিরিতি ন প্রতিষ্ঠাং লোকমতিনয়েদিতি হোবাচ প্রতিষ্ঠাং বয়ং লোকং সামাভি সংস্থাপয়ামঃ প্রতিষ্ঠাসংস্তাবং হি সামেতি॥ ৭

দালভ্য কহে অনুমতি পেলে আপনার কাছে জানি
শালবত্য সে কহেন তখন বলিব যা আমি জানি
দালভ্য কহে, কি সে আশ্রয়
এ লোকের তাহা কহ নিশ্চয়
শালবত্য সে কহেন পৃথিবী সামের বাসস্থান
পৃথিবী হইতে সরাতে সামেরে না পারেন হয় জ্ঞান।

**তং হ প্রবাহণো জৈবলিরুবাচান্তবদ্বৈ কিল তে শালাবত্য সাম যস্ত্বেতর্হি ব্রুয়ান্মূর্ধা তে বিপতিষ্যতীতি মূর্ধা তে বিপতেদিতি হন্তাহমেতদ্ ভগবতো বেদানীতি বিদ্ধীতি হোবাচ ॥৮**

শালবত্যকে কহিলেন তবে জৈবিলি প্রবাহন
আপনার সাম অবশ্য তাহা অনন্ত কভু নন
প্রতিষ্ঠাভিজ্ঞ যদি কোনজন
মস্তক তবে হইবে পতন
কহিলে একথা সত্যই তার মুণ্ড পতিত হবে
আপনার কাছে জানিবার সাধ বিস্তারি মোরে কবে ?

## নবম খণ্ড

**অস্য লোকস্য কা গতিরিত্যাকাশ ইতি হোবাচ সর্বাণি হ বা ইমানি ভূতান্যাকাশাদেব সমুৎপদ্যন্ত আকাশং প্রত্যস্তং যন্ত্যাকাশো হ্যেবৈভ্যো জ্যায়ানাকাশঃ পরায়ণম ॥১**

শালবত্য সে শুধান তখন এলোকের আশ্রয় ?
জৈবলি কন আকাশ, প্রলয়ে আকশেতে লীন হয়
জঙ্গম আর স্থাবর যা হয়
সবি জেন পায় আকাশেতে লয়
এই কারণেতে আকাশ জানিও সবার মহত্তর
আকাশের মাঝে প্রতিষ্ঠা তার জনমও তেমনিতর।

**স এষ পরোবরীয়ানুদ্‌গীথঃ স এষোঽনন্তঃ পরোবরীয়ো হাস্য ভবতি পরোবরীয়সো হ লোকাঞ্জয়তি য এতদেবং বিদ্বান্ পরোবরীয়াংসমুদ্গীথমুপাস্তে ॥২**

উদগীথ গাথা করি আলোচনা এই কথা জানা গেল
অনন্ত সেই পরমে চিনিতে অন্তর আঁখি মেল
শ্রেষ্ঠ হইতে শ্রেষ্ঠ যে জন
তারি উপাসনা কর দিয়ে মন
এরূপে পূজিলে ক্রমশঃ লভিবে জনম শ্রেষ্ঠতম
সর্ব্বলোকের জয় করি তবে জানিবে পরমতম।

**তং হৈতমতিধন্বা শৌনক উদরশাণ্ডিল্যায়োক্ত্বোবাচ যাবত্ত এনং প্রজায়ামুদ্গীথং বেদিষ্যন্তে পরোবরীয়ো হৈভ্যস্তাবদস্মিঁল্লোকো জীবনং ভবিষ্যতি ॥৩**

অতিধন্বা সে শৌনক ঋষি উদয় শাণ্ডিল্যকে
উদগীথ গাথা দিয়া উপদেশ কহিলেন এই শ্লোকে
যেথায় তোমার যত সন্তান
থাকিলে তাদের উদগীথ জ্ঞান
ইহলোকে তারা থাকিবে সুখেতে জীবন শ্রেষ্ঠতম
সাধারণ হতে হবে তারা বড় জানিও হে স্নেহতম।

**তথাই মুষ্মি ল্লোকে লোক ইতি সযএতদেবং বিদ্বান্মুপাস্তে পরোবরীয় এব হাস্যাষ্মিঁল্লোকে জীবনং ভবতি তথাইমুষ্মি ল্লোকে লোক ইতি লোকে লোক ইতি ॥৪**

পবলোকে তারা লভিবে পরমে মনে জেন নিশ্চয়
উদগীথ জ্ঞান লভে যেই জন সবা মাঝে লভে জয়
ইহলোক তার হয় সুখে ভরা
পরলোকে লভে চির মনোহরা
পরম শ্রেয়রে লভি মনে প্রাণে হয় তাহে তন্ময়
উদগীথ জ্ঞান লভে যে জীবনে হয় জেনো তার জয়।

## দশম খণ্ড

**মটচীহতেষু কুরুম্বাটিক্যা সহ জায়য়োষস্তির্হ চাক্রায়ণ ইভ্যগ্রামে প্রদ্রাণক উবাস ॥১**

শিলাবৃষ্টিতে কুরুদেশে যবে শস্য নষ্ট হল
চক্রতনয় উষস্তি তবে অনেক দুঃখ পেল
গ্রাম ছেড়ে শিশু বধূ লয়ে যায়
মাহুতদের কাছে চেয়ে আশ্রয়
তাদের কাছেতে থাকেন দুজনে ছেড়ে আপনার গ্রাম
চক্র তনয় বলে পরিচিত উষস্তি যার নাম।

**স হেভ্যং কুল্মাষান্ খাদন্তং বিভিক্ষে তং হোবাচ নেতোঽন্যে বিদ্যন্তে যচ্চ যে ম ইম উপনিহিতা ইতি ॥২**

খারাপ মাংস ভক্ষণে রত মাহুতের কাছে গিয়ে
চক্র তনয় ভিক্ষা চাহিল তাহারি অংশ চেয়ে
মাহুত কহিল পাত্রেতে এই
আছে যে মাংস তাহা ছাড়া নেই
কি দিব তোমায় না পাই বুঝিয়া খাও যদি মন চায়।
দুঃখের দিনে বিচারের তার নাহি যে উপায় হায়।

**এতেষাং মে দেহীতি হোবাচ তনেস্মৈ প্রদদৌ হন্তানুপানমিত্যু-চ্ছিষ্টং বৈ মেপীতং স্যাদিতি হোবাচ ॥৩**

উষস্তি বলে দাও এইগুলি ইহাই লইব আমি
মাহুত বলিল পীত অবশেষ জল লও হেথা নামি
উষস্তি কহে নাহি প্রয়োজন
ওই জল ভাই নোবনা এখন
এঁটো জল খেয়ে কিবা কাজ বলো মাংসই শুধু দাও।
পীত অবশেষ ও পানীয় জল মাহুত বলে তা নাও।

**ন স্বিদেতেঽপ্যুচ্ছিষ্টা ইতি ন বা অজীবিষ্যমিমানখাদন্নিতি হোবাচা কামো ম উদপানমিতি ॥৪**

মাহুত বলিল মাংসও এঁটো তাহা তবে নিলে কেন?
উষস্তি কয় মাংস না খেলে প্রাণ বাহিরিবে জেন
পানীয় জলতো আরো পেতে পারি
তাই নাহি লই কহি যে বিচারী
আহার না পেলে দেহ ছাড়ে প্রাণ তাই সেথা নিরুপায়
আপদ ধর্ম্ম বলি এই কথা শাস্ত্রেতে জেন গায়।

**স হ খাদিত্বাঽতিশেষাঞ্জায়ায়া আজহার। সাঽগ্র এব সুভিক্ষা বভুব তান্ প্রতিগৃহ্যনিদধৌ ॥৫**

আপনি আহরি বাকি মাংসটি পত্নীর তরে লয়
তাহার আগেতে সুভিক্ষা লভি পত্নী রাখিয়া দেয়।

**স হ প্রাতঃ সঞ্জিহান উবাচ যদবতান্নস্য লভেমহি লভেমহি ধনমাত্রাং রাজাঽসৌ যক্ষ্যতে স মা সর্বৈরার্ত্বিজ্যৈর্বৃণীতেতি ॥৬**

উষস্তি তবে প্রত্যুষ কালে শয্যা তেয়াগ করি
কন নিজ মনে মিলিলে অন্ন যজ্ঞে গমন করি
রাজার যজ্ঞে ঋত্বিক হলে
কত ধন লাভ হত অবহেলে
এই কথা বলি বলে উষস্তি অন্ন কোথায় পাই
মিলিলে অন্ন ভক্ষণ করি রাজার কাছেতে যাই।

**তং জায়োবাচ হন্ত পত ইম এব কুল্মাষা ইতি তান্ খাদিত্বাঽমুং যজ্ঞং বিততমেয়ায় ॥৭**

পত্নী কহিল তাই যদি হয় শুন তবে মোর কথা
কালকে দিলে যে মাংস আনিয়া আজও রয়েছে তথা
ঐগুলি তুমি আহার করিয়া
রাজার কাছেতে যাওগো চলিয়া
উষস্তি তবে স্ত্রীর কথামত মাংস আহার করে
যজ্ঞের স্থানে করেন গমন মনে শত আশা ভরে।

তত্রোদ্‌গাতৄনাস্তাবে স্তোষ্যমানানুপোপবিবেশ স হ প্রস্তোতারমুবাচ ॥৮

সেখানে সকল উদগাতাদের দেখেন শ্রদ্ধাভরে
স্তবভূমি পরে স্তব পাঠ করে তাহারা মধুর স্বরে
তাহাদের কাছে বসিয়া তখন
কহেন তখন মধুর বচন
প্রস্তাব পাঠ করে যেইজন তাহারে তখন কন
বলি যেই কথা ওগো মহাশয় শোন তুমি দিয়া মন।

প্রস্তোতর্যা দেবতা প্রস্তাবমন্বায়ত্তা তাঞ্চেদবিদ্বান্ প্রস্তোষ্যসি মূর্ধা তে বিপতিষ্যতীতি ॥৯

প্রস্তাব পাঠ করিছ যে জন সে জন কি তারে জানে?
সাম ভক্তিতে অনুগত যেই দেবতা তার কি মানে
তাহা না জানিয়া যদি কোন জন
প্রস্তাব পাঠ করে অকারণ
তখন তাহার দেহ হতে জেন মস্তকচ্যুত হয়
শাস্ত্রের কথা কর্মফলেরে আগে জান নিশ্চয়।

এবমেবোদ্‌গাতারমুবাচোদ্‌গাতার্যা দেবতোদ্‌গীথমন্বায়ত্তা তাঞ্চেদবিদ্বানুদ্‌গাস্যসি মূর্ধা তে বিপতিষ্যতীতি ॥১০

ঠিক এই কথা উদগাতাকেও উষস্তি বলে তবে
এই উদগীথে আছে যে দেবতা তাঁহারে জানিয়া লবে
তাঁরে না জানিয়া উদগীথ গান
করে যেইজন নাহি তার ত্রাণ
তখন তাহার দেহ হতে জেন মস্তক চ্যুত হয়
শাস্ত্রের কথা কার্য্য কারণে আগে জান নিশ্চয়।

**এবমেব প্রতিহর্তারমুবাচ প্রতিহর্ত্তর্যা দেবতা প্রতিহারমন্বায়ত্তা তাঞ্চেদবিদ্বান্ প্রতিহরিষ্যসি মূর্ধা তে বিপতিষ্যতীতি তে হ সমারতাস্তূষ্ণীমাসাঞ্চক্রিরে ॥১১**

সাম ভক্তির পাঠকে তখন উষস্তি পুনঃ কয়
ইহার মাঝেতে আছে যে দেবতা জান তারে নিশ্চয়
তারে না জানিয়া যদি করো পাঠ
তবে জেন তব হইবে নিপাত
প্রতিহার পাঠ বিফল হইলে মুণ্ড পাত যে হবে
তখন তাহারা নীরব হইয়া স্থির হয়ে বসে সবে।

## একাদশ খণ্ড

**অথ হৈনং যজমান উবাচ ভগবন্তং বা অহং বিবিদিষানীত্যুষস্তি রস্মি চাক্রায়ন ইতি হোবাচ ॥১**

যজমান কন উষস্তি প্রতি বিনয় মধুর স্বরে
দেহ মোরে তব নিজ পরিচয় তুমি প্রভু দয়া করে
উষস্তি তবে কহেন তখন
দিই পরিচয় শুন দিয়া মন
চক্র তনয় উষস্তি আমি এই মোর পরিচয়
কুরু দেশ হতে মোর আগমণ জেন তুমি নিশ্চয়।

**স হোবাচ ভগবন্তং বা অহমেভিঃ সর্বৈরাত্বিজ্যৈঃ পর্যৈষিষং ভগবতো বা অহমবিত্ত্যাঽন্যানবৃষি ॥ ২**

যজমান কন যজ্ঞের তরে তোমারেই আমি চাই
অন্বেষণেতে বিফল হয়েছি খোঁজ তব মেলে নাই
না পেয়ে তোমায় ডেকেছি এদের
দয়া করে যদি ভার নাও এর
ঋত্বিক কাজে তোমারে বরণ করিবারে মোর সাধ
লও ভার তুমি মিলিবে তাহলে দেবের আশীর্ব্বাদ।

**ভগবাংস্ত্বেব মে সর্বৈরাত্বিজ্যৈরিতি তথেত্যথ তর্হ্যেত এব সমতিস্বষ্টাঃ স্তুবতাং যাবত্ত্বেভ্যো ধনং দত্তাস্তাবন্মম দত্তা ইতি তথেতি হ যজমান উবাচ ॥ ৩**

কন যজমান ঋত্বিক পদে তোমারে বরণ করি
দয়া করে তুমি লও এর ভার আপনার হাতে ধরি
উষস্তি তবে কহেন বচন
তথাস্তু বলে রাজি তিনি হন
বলেন আমার আদেশ মানিয়া এরা যেন পূজা করে
ইহাদের তুমি দেবে যা অর্থ বল তাই দেবে মোরে।

**অথ হৈনং প্রস্তোতোপসসাদ প্রস্তোতর্যা দেবতা প্রস্তাবমন্বায়ত্তা তাং চেদবিদ্বান প্রস্তোষ্যসি মূর্ধা তে বিপতিষ্যতীতি মা ভগবানবোচৎ কতমা সা দেবতেতি ॥ ৪**

প্রস্তাব পাঠে রত যেই জন উষস্তি কাছে কয়
বলেছ আপনি দেবেরে না চিনে প্রস্তাব যেই কয়
তাহার মুণ্ড পড়িবে খসিয়া
বল তবে মোরে করি আজ দয়া
কোন সে দেবতা কারে না জানিলে সকল পণ্ড হয়
সেই দেবতার নামটুকু মোরে কহ প্রভু মহাশয়।

**প্রাণ ইতি হোবাচ সর্বানি হ বা ইমানি ভূতানি প্রাণমেবাভি সংবিশন্তি প্রাণমভ্যুজ্জিহতে সৈষা দেবতা প্রস্তাবমন্বায়ত্তা তাঞ্চেদ-বিদ্বান প্রস্তোষ্যো মূর্ধা তে ব্যপতিষ্যৎ তথোক্তস্য ময়েতি॥ ৫**

উষস্তি কন প্রাণই দেবতা সৃষ্টি প্রলয় মাঝে
এই প্রাণ হতে সবার সৃজন নানা রূপে প্রাণ সাজে
প্রাণ দেবতারে না জানি যে জন
এই প্রস্তাব পাঠে রত হন
ঋত্বিক রূপে মোর অভিশাপে মস্তক চ্যুত হয়
পরাণ দেবতা প্রস্তাব মাঝে অনুগত যেন রয়।

**অথ হৈনমুদগাতোপসসাদোদগাতর্যা দেবতোদ্গীথমন্বায়ত্তা তাঞ্চেদবিদ্বানুদগাস্যসি মূর্ধাতে বিপতিষ্যতীতি মা ভগবানবোচৎ কতমা সা দেবতেতি॥ ৬**

উদগাথা তবে উষস্তি তরে কহে সবিনয় বাণী
বলেছ আপনি "উদগীথ" রূপে যেজন তাঁরে না জানি
উদগীথ গান করে যেইজন
মস্তক তার খসিবে তখন
কে সেই দেবতা বুঝাইয়া তুমি কহ মোরে মহাশয়
কি নামে সেজন উদগীথে রয় কেমন সেজন হয়?

**আদিত্য ইতি হোবাচ সর্বানি হ বা ইমানি ভূতান্যাদিত্যমুচ্চৈঃ সন্তং গায়ন্তি সৈষা দেবতোদগীথমন্বায়ত্তা তাঞ্চেদবিদ্বানুদগাস্যো মূর্ধা তে ব্যপতিষ্যৎ তথোক্তস্য ময়েতি ॥ ৭**

উষস্তি কন আদিত্য রূপে সেই জন সবে রয়
সবের উর্দ্ধে বিরাজি সেজন আপন মহিমাময়
উদগীথ গাথা গাহি যেই জন
তাঁহারে স্মরিয়া যে করে পূজন
তাহারি সে পূজা সার্থক হয় যেজন ইহা না জেনে
গায় উদগীথ মস্তক তার খসে পড়ে সবে জানে।

**অথ হৈনং প্রতিহর্তোপসসাদ প্রতিহর্তর্যা দেবতা প্রতিহারমন্বায়ত্তা তাঞ্চেদবিদ্বান্ প্রতিহরিষ্যসি মূর্ধা তে বিপতিষ্যতীতি মা ভগবান বোচৎ কতমা সা দেবতেতি ॥ ৮**

সাম ভক্তিতে পাঠক যেজন প্রতিহার রূপে রন
উষস্তি কাছে বিনয় ভরেতে করে এই নিবেদন
প্রতিহার মাঝে অনুগত দেবে
না জানিয়া সেই তারে শুধু সেবে
তোমার শাপেতে মস্তক তার দেহ হতে চ্যুত হয়
বল তুমি তবে কে সেই দেবতা জানো যদি নিশ্চয়।

অন্নমিতি হোবাচ৷সর্বাণি হ বা ইমানি ভূতান্যন্নমেব প্রতিহর—মাণানি জীবন্তি সৈষা দেবতা, প্রতিহার মন্বায়ত্তা তাঞ্চেদ বিদ্বান-প্রতিহরিষ্যো মূর্ধাতে ব্যপতিষ্যৎ তথোক্তস্য ময়েতি তথোক্তস্য ময়েতি॥ ৯

উষস্তি কন অন্নদেবতা দেখো এই চরাচর
অন্নেতে প্রতিপালিত হইয়া বাঁচিছে অতঃপর
প্রতিহার মাঝে অন্নই রন
জানিও হে তুমি শোন দিয়া মন
ইহারে না চেনে যেজন শুধুই প্রতিহার পাঠ করে
ঋত্বিক রূপে আমার শাপেতে মাথা তার খসে পড়ে।

## দ্বাদশ খণ্ড

অথাতঃ শৌব উদ্‌গীথস্তদ্ধ বকো দাল্‌ভ্যো গ্লাবো বা মৈত্রেয়ঃ স্বাধ্যায়মুদবব্রাজ॥ ১

ইহার পরেতে কুকুর দৃষ্ট উদগীথ কথা শোন
অতীত খণ্ডে অন্ন না পেয়ে দুঃখ যা পেলো জানো
দালভ্য আর মিত্রা তনয়—
বক গ্লাব নামে একই জন রয়
বেদাধ্যয়ন তরে বাহিরায় আপনার গ্রাম হতে
নির্জন এক জলাশয় ধারে উপনীত সেই পথে

**তস্মৈ শ্বা শ্বেতঃ প্রাদুর্বভূব তমন্যে শ্বান উপসমেত্যোচুরন্নং নো ভগবানাগায়ত্বশনায়াম বা ইতি॥ ২**

শ্বেতকায় এক কুকুর তখন দয়া করে দেখা দিলো
তাহার সাথেতে অনেক কুকুর এসে তারে ঘিরে ছিল।
কুকরেরা তবে এক সাথে কয়
শ্বেত কুকুরেবে শুন মহাশয়
গান গাহি তুমি আমাদের তরে অন্ন বিধান করো
ক্ষুধার্ত মোরা গান গেয়ে তুমি মোদের দুঃখ হর।
দেবতারা সব বক ঋষি তপে তুষ্ট যখন হয়
প্রধান এবং অধীনে লইয়া সেথা উপনীত হয়
মুখ্য প্রাণের অধীন হইয়া
বাকি ইন্দ্রিয় চলে মত নিয়া
তেমনই শ্বেতবর্ণের সেই মুখ্য দেবতা জন
তাহারি অধীনে কুকুর রূপে বাকি দেবতারা র'ন।

**তানহোবাচেহৈব মা প্রাতরুপসমীয়াতেতি। তদ্ধ বকো দাল্‌ভ্যো গ্লাবো বা মৈত্রেয়ঃ প্রতিপালয়াঞ্চকার॥ ৩**

শ্বেত কুকুরেতে কহিল তখন অপর কুকুর সবে
কাল সকালেতে আসিও হেথায় মোর সনে দেখা হবে
মিত্রা তনয় বক নামে ঋষি
তাদের তরেই ছিল যেন বসি
দালভ্য নামে ঋষির পুত্র গ্লাব নামে খ্যাত জন
তাহার কাছেতে সকলেতে মিলি সমাগত তবে হন।

**তে হ যথৈবেদং বহিষ্পবমানেন স্তোষ্যমাণাঃ সংরব্ধাঃ**
**সর্পন্তীত্যেবমাসসৃপুস্তে হ সমুপবিশ্য হিং চক্রুঃ ॥ ৪**

যজ্ঞে যেমন এই ছয়জন পরস্পরেরে ধরি
প্রস্তোতা আর উদগাথা আর অধ্বর্য্ প্রতিহরি
যজমান আর ব্রহ্মায় মিলে
বস্ত্র ধরিয়া একসাথে চলে
তেমনি সেথায় শ্বেত কুকুরেরে ঘিরিয়া কুকুর গণ
লাঙ্গুলে লাঙ্গুলে যুক্ত করিয়া হিংকার রব কন।

**ও ৩ মদা ৩ মোং ৩ পিবা ৩ মোং ৩ দেবো বরুণঃ প্রজাপতিঃ**
**সবিতা ২ ইন্নমিহা ২ হরদন্নপতে ৩ ইন্নমিহা ২ হরা ২ হরো ৩মিতি ॥ ৫**

হিংকার রবে তপনেব কাছে প্রার্থনা তারা করে
অন্নপতি হে সূর্য্য বলিয়া বন্দনা তার করে
ওমকার রূপে জ্যোতির আধাব
ক্ষুধা ও তৃষ্ণা মিটাও সবার
প্রজাদের প্রতি অন্নদানেতে সূর্য্য বিহিত হও
ওম শব্দেতে পূজেছি তোমায় প্রসন্ন তুমি রও।

## ত্রয়োদশ খণ্ড

**অয়ং বাব লোকো হাউকারো বায়ুর্হাইকারশ্চন্দ্রমা অথকারঃ আত্মেহকারোঽগ্নিরীকারঃ ॥ ১**

সাম গীত মাঝে স্তোভ নামে জেন অদৃষ্ট গীত হয়
-পৃথিবী হাউকার বায়ু হাইকার চন্দ্র অথকার রয়
আত্মায় জেন ইহকারে স্তোভ
অগ্নিতে দী ঈ কারের স্তোভ
সাম গীত মাঝে অবলম্বন রূপ জেন স্তোভ হয়
পৃথিবী বায়ু ও চন্দ্র অগ্নি দৃষ্টি আরোপ রয়।

**আদিত্য ঊকারো নিহব একারো বিশ্বদেবা ঔহোয়িকারঃ প্রজাপতির্হিংকারঃ প্রাণঃ স্বরোঽন্নং যা বাগ্বিরাট্ ॥ ২**

আদিত্যে উকার রূপে স্তোভ যেন রয়
আমন্ত্রনে একার সে জানিহ নিশ্চয়
বিশ্বদেবগণ মাঝে ঔকার রূপেতে
হিংকার রূপেতে রয় প্রজাপতি মাঝে
প্রাণমাঝে স্বর কার রূপে স্থিতি তার
অন্ন মাঝে রূপ ধরে সেজন যা কার
বিরাটের মাঝে বাক রূপে স্তোভ রয়
বর্ণিনু স্তোভের কথা যাহা সর্ব্বময়

**অনিরুক্তস্ত্রয়োদশঃ স্তোভঃ সঞ্চরো হুঙ্কারঃ ॥ ৩**

অব্যক্ত বিবিধ রূপে স্তোভের সঞ্চার
ত্রয়োদশ স্তোভ মাঝে শ্রেষ্ঠ সে হুঙ্কার
কার্য্য ও কারণ ভেদে নানা রূপে রয়
হুঙ্কার আরাধ্য তাতে জানিহ নিশ্চয়।

তুগ্ধেঽস্মৈ বাগ্‌ দোহং যো বাচো দোহোঽন্নবানন্নাদো ভবতি
য এতামেবং সাম্নামুপনিষদং বেদোপনিষদং বেদেতি ॥ ৪

যিনি এই স্তোভক্ষর সকল বিষয়
বাগরূপ ফল দ্বারা দোহন করয়
ইহার দর্শন যেই জানে ভালমতে
অন্নশালী অন্নভোক্তা হন জেন তাতে।

# দ্বিতীয় অধ্যায়

## প্রথম খণ্ড

ওঁ। সমস্তস্য খলু সাম্ন উপাসনং সাধু যৎ খলু সাধু তৎ সামেত্যাচক্ষতে
যদসাধু তদসামেতি ॥ ১

প্রথমাধ্যায়ে ওঁকার রূপে সাম বর্ণনা করি
সর্বাবয়ব বিশিষ্ট স্তোভে ভকতি ভরেতে স্মরি
যাহা উত্তম প্রসিদ্ধ যাহা
পণ্ডিতগণে করে জেন তাহা
অবয়ব পূজা নহে নিন্দার, একে যদি বলি ভাল
তাহার অর্থ ইহা নয় কভু অপর খারাপ কালো।

**তদুতাপ্যাহুঃ সাম্নৈনমুপাগাদিতি সাধুনৈনমুপাগাদিত্যেব তদাহুরসাম্নৈনমুপাগাদিত্য সাধুনৈনমুপাগাদিত্যেব তদাহুঃ ॥ ২**

ভাল ও মন্দ বিচার স্থলেতে সুধীজন সবে কয়
সামের দ্বারাতে সমাগত জন এই জন মহাশয়
সৎ উদ্দেশে এসেছে এজন
এই কথা সে যে জানে দিয়ে মন
আবার যেজন অসামের দ্বারা আসি উপনীত হয়
জ্ঞানীজন বলে মন্দের তরে এল জানি নিশ্চয়।

**অথোতাপ্যাহুঃ সাম নো বতেতি যৎ সাধু ভবতি সাধু বতেত্যেব তদাহুরসাম নো বতেতি যদসাধু ভবত্যসাধু বতেত্যেব তদাহুঃ ॥ ৩**

আবার যখন বলে কোন লোক মোর সাম লাভ হয়
জানে সেই জন সামের দ্বারাই প্রকাশ সে শিবময়
আবার যখন যদি কোন জন
অ-সামে পেয়েছি বলে সেই জন
সবে জানে তার অমঙ্গলের সূচনা ইহাতে হয়
অসামের দ্বারা নহে পাইবার সেই মঙ্গলময়।

**স য এতদেবং বিদ্বান্ সাধু সামেত্যুপাস্তেঽভ্যাশো হ যদেনং সাধবো ধর্মা আ চ গচ্ছেয়ুরুপ চ নমেয়ুঃ ॥ ৪**

এই কথা জেনে যেই জ্ঞানীজন সাম উপাসনা করে
জানিয়া সামের যত সাধু গুন পরম ভকতি ভরে
সকল ধর্ম আসিয়া ত্বরিত
তাহার কাছেতে হয় উপনীত
সকল ধর্ম সভি সেই জ্ঞানী ভোগ্য রূপেতে পায়
তাহার পরেতে লভে সে তাঁহারে জ্ঞানীজন যারে চায়।

## দ্বিতীয়াধ্যায় ঃ দ্বিতীয় খণ্ড

**লোকেষু পঞ্চবিধং সমোপসীত পৃথিবী হিঙ্কারঃ। অগ্নি প্রস্তাবোঽন্তরিক্ষমুদগীথ আদিত্যঃ প্রতিহারো দ্যৌর্নিধনমিত্যূর্ধ্বেষু॥ ১**

জ্ঞানীজন সবে এই ভাবে জেন সাম উপাসনা করে
পৃথিবী দৃষ্টি হিংকার আর অগ্নি দৃষ্টি প্রস্তাবরে
গগন দৃষ্টি উদগীথে হয়
সূর্য্য দৃষ্টি প্রতিহারে রয়
দ্যুলোক দৃষ্টি নিধন তরেতে উপাসনা জেনো হয়
ইহাই উর্দ্ধস্থ লোক দৃষ্টিকে উপাসনা জেনো কয়।

**অথাবৃত্তেষু দ্যৌর্হিঙ্কার আদিত্যঃ প্রস্তাবোঽন্তরিক্ষমুদগীথোঽগ্নিঃ প্রতিহারঃ পৃথিবী নিধনম্॥ ২**

সকল সামের পঞ্চ সামের উপাসনা যেই হয়
দ্যুলোক দৃষ্টি হিংকার রূপে জানিও সতত রয়
সূর্য্য দৃষ্টি প্রস্তাব রূপে
গগন দৃষ্টি উদগীথে চুপে
অগ্নি দৃষ্টি প্রতিহার মাঝে আপনি আপনাময়
পৃথিবী দৃষ্টি নিধন রূপেতে পূজা করে সুধীচয়।

**কল্পন্তে হাস্মৈ লোকা উর্ধ্বাশ্চাবৃত্তাশ্চ য এতদেবং বিদ্বাঁল্লোকেষু পঞ্চবিধং সামোপাস্তে॥ ৩**

পঞ্চ রূপেতে সামের মাঝেতে সাধু গুণ যেই জানে
লোক দৃষ্টিতে তারি উপাসনা করে যেই মনে-প্রাণে
উর্দ্ধ ও অধোমুখে সেইজন
সব লোক তিনি ভোগে রত রণ
কল্প অন্তে ভোগ্য রূপেতে সেইজন জাত হন
পঞ্চ রূপেতে সাম উপাসনা করে যেই সাধুজন।

## দ্বিতীয়াধ্যায় : তৃতীয় খণ্ড

**বৃষ্টৌ পঞ্চবিধং সামোপাসীত পুরোবাতো হিংকারো মেঘো জায়তে স প্রস্তাবো বর্ষতি স উদ্‌গীথো বিদ্যোতত্তে স্তনয়তি স প্রতিহারঃ ॥ ১**

বৃষ্টি দৃষ্টি অনুসার করি সাম উপাসনা করো
পূবদিক হতে বহে সেই বায়ু জেনো তারে হিংকারও
মেঘ সঞ্চারে প্রস্তাব হয়
উদগীথ গাথা বর্ষণময়
বিদ্যুত মাঝে মেঘগর্জনে প্রতিহার তবে সাজে
বৃষ্টির শেষ নিধন রূপেতে সকল লোকেতে রাজে।

**উদগৃহ্ণাতি তন্নিধনং বর্ষতি হাস্মৈ বর্ষয়তি হ য এতদেবং বিদ্বান্ বৃষ্টৌ পঞ্চবিধং সামোপাস্তে ॥ ২**

সামকে জানিয়া সাধুগুণ জাত যেই জন পূজা করে
বৃষ্টি চাহিয়া পঞ্চ সামের উপাসনা যেই করে
তাহার কামনা হইয়া বৃষ্টি
করে যে তাহার মনের তুষ্টি
অনাবৃষ্টিতে বৃষ্টি যে হয় তাহার পূজার ফলে
যাহা চাহিবার চাহ তার কাছে যেজন হৃদয় দলে।

## দ্বিতীয়াধ্যায় ঃ চতুর্থ খণ্ড

**সর্বাস্বপস্বু পঞ্চবিধং সামোপাসীত মেঘো যৎ সংপ্লবতে স হিঙ্কারো যদব্‌র্ষতি স প্রস্তাবো যাঃ প্রাচ্যঃ স্যন্দন্তে স উদগীথো যাঃ প্রতীচ্য স প্রতিহারঃ। সমুদ্রো নিধনম্‌॥ ১**

সকল প্রকার জল দৃষ্টিতে সাম উপাসনা করো
পঞ্চ প্রকারে তাহারি প্রকাশ মনের মাঝেতে স্মরো।
মেঘ ঘন হয়ে বর্ষণ হয়
তখন জেনো তা হিঙ্কার ময়
প্রস্তাবরূপে বৃষ্টি বরষে যে নদী পূর্বে বয়
উদগীথ তাহা প্রতিহার যাহা পশ্চিম দিকে বয়।*

**ন হাপ্সু প্রৈত্যপ্‌সুমান্‌ ভবতি য এতদেবং বিদ্বান্‌ সর্বাস্বপ স্থু পঞ্চবিধং সামোপাস্তে॥**

পঞ্চবিধ এ সামকে সেজন সাধুগুণ বলি জানে
বিশিষ্ট রূপে জলদৃষ্টিতে বুঝে যে তাহার মানে।
জল মাঝে তার মৃত্যু না হয়
জলশালী সেই হয় নিশ্চয়
জলের মধ্যে পঞ্চসামের করে যেই উপাসনা
জল হতে তার দুখ নাহি হয় শুদ্ধ সত্ত্ব মনা।

---

*সমুদ্রই নিধন

## দ্বিতীয়াধ্যায় ঃ পঞ্চম খণ্ড

**ঋতুষু পঞ্চবিধং সামোপাসীত বসন্তো হিঙ্কারো গ্রীষ্ম প্রস্তাবো বর্ষা উদ্‌গীথঃ শরৎ প্রতিহারো হেমন্তো নিধনম্ ॥ ১**

পঞ্চভাবেতে ঋতু দৃষ্টিতে সাম উপাসনা করো
বসন্তে হিংকার গ্রীষ্মে প্রস্তাব এই বলি তারে স্মরো
বর্ষা কালেতে উদগীথ জেনো
শরৎ কালেরে প্রতিহার মেনো
হেমন্তকালে নিধন বলিয়া শাস্ত্রে বিদিত হন
শীত হেমন্তে এক ঋতু বলি জানে যত জ্ঞানীজন।

**কল্পন্তে হাস্মা ঋতব ঋতুমান্ ভবতি য এতদেবং বিদ্বান্ ঋতুষু পঞ্চবিধং সামোপাস্তে ॥ ২**

পাঁচরূপ সামে ঋতু দৃষ্টিতে পূজে যেই জ্ঞানীজন
সকল ঋতুই তাহার কাছেতে চির অনুগত হন
যে ঋতুতে হয় যাহার প্রকাশ
পায় সেই জন মিটাইয়া আশ
সকল সময় ইচ্ছা মতন ভোগ সুখ সেই করে
পঞ্চসামেরে ঋতু দৃষ্টিতে যেই জন পূজা করে।

## দ্বিতীয়াধ্যায় ঃ ষষ্ঠ খণ্ড

**পশুষু পঞ্চবিধ সামোপাসীতাজা হিঙ্কারোঽবয়ঃ**
**প্রস্তাবো গাব উদগীথোঽশ্বাঃ প্রতিহারঃ পুরুষো নিধনম্। ১**

পশুদৃষ্টিতে পঞ্চসামের উপাসনা এবে করো
ছাগ হিংকারে মেষে প্রস্তাব এই বলি তারে স্মরো
গোত্র উদগীথ মনে জেনে রাখো
অশ্বেতে প্রতিহার বলে দেখো
পুরুষে নিধন শেষ আশ্রয় জেনো মনে নিশ্চয়
পশুদৃষ্টিতে পঞ্চসামের এই উপাসনা হয়।

**ভবন্তি হাস্য পশবঃ পশুমান্ ভবতি য এতদেবং বিদ্বান্ পশুষু পঞ্চবিধং সামোপাস্তে ॥২**

পঞ্চসামেরে সাধুগুণ জেনে পূজা যেই জন করে
পঞ্চ দৃষ্টিতে হেরিয়া তাহায় যেই জন মনে স্মরে
পশুগণ হয় ভোগ্য তাহার
সব পশুগণ বশ হয় তার
পশু অধিকারী হইয়া সেজন পুনঃ পশুদাতা হয়
সত্য কথা এ শাস্ত্রেতে আছে মনে জেন নিশ্চয়।

## দ্বিতীয়াধ্যায় : সপ্তম খণ্ড

প্রাণেষু পঞ্চবিধং পরোবরীয়ঃ সামোপাসীত প্রাণো হিঙ্কারো বাক্ প্রস্তাবশ্চক্ষুরুদ্‌গীথঃ শ্রোত্রং প্রতিহারো মনো নিধনং পরোবরীয়াংসি বা এতানি ॥ ১

উত্তরোত্তর উত্তম গুণে ইন্দ্রিয় দৃষ্টিতে
পঞ্চ সামেরে পূজিও হে তুমি শান্ত শুদ্ধচিতে
ঘ্রাণে হিঙ্কার বাক প্রস্তাব
চোখে উদগীথ কানে প্রতিহার
মনেতে নিধন এরা পর পর জেনো গুণবান হয়
সব ইন্দ্রিয় শ্রেষ্ঠ যে মন সঁপি হও তন্ময়।

পরোবরীয়ো হাস্য ভবতি পরোবরীয়সো হ লোকাঞ্জয়তি য এতদেবং বিদ্বান্ প্রাণেষু পঞ্চবিধং পরোবরীয়ঃ সামোপাস্ত ইতি তু পঞ্চবিধস্য ॥

পঞ্চ সামেরে সাধুগুণ যুত যেই জন মনে করে
উত্তরোত্তর উত্তম গুণে ইন্দ্রিয় দৃষ্টি পূজা করে
ক্রমে উন্নত জীবন লভিয়া
ক্রমে সবলোক জয় যে করিয়া
সুখী হন তিনি। ইন্দ্রিয় দৃষ্টিতে উপাসনা সেই করে।
( পাঁচ প্রকারের সাম উপাসনা এখানেই শেষ করে )

## দ্বিতীয়াধ্যায় ঃ অষ্টম খণ্ড

**অথ সপ্তবিধস্য বাচি সপ্তবিধং সামোপাসীত যৎ কিঞ্চ বাচো হুমিতি স হিঙ্কারো যৎ প্রেতি স প্রস্তাবো যদেতি স আদিঃ॥ ১**

**যদুদিতি স উদগীথো যৎ প্রতীতি স প্রতিহারো যদুপেতি স উপদ্রবো যন্নীতি তন্নিধনম ॥ ২**

বাক দৃষ্টিতে সাত প্রকারেতে সাম উপাসনা করো
হুম শব্দেতে হিঙ্কারে জেনে প্রয়ে প্রস্তাবে স্মরো
আ এ ওঁঙ্কার উৎ উদগীথ
উপ এ উপদ্রব জেনো নিশ্চিত
নিয়েতে নিধন এই ভাবে সাত বাক্যে দৃষ্টি হয়
বাক্যের মাঝে হুম শব্দেতে হিঙ্কার জেনো রয়।

**দুগ্ধেঽস্মৈ বাগ্‌দোহং যো বাচো দোহোঽন্নবানন্নাদো ভবতি য এতদেবং বিদ্বান্ বাচি সপ্তবিধং সামোপাস্তে ॥ ৩**

সামকে যেজন সাধুগুণে জেনে বাক দৃষ্টিতে স্মরে
সাত প্রকারেতে সামেরে জানিয়া উপাসনা যেই করে
বাকরূপ ফল দোহন করিয়া
প্রভূত অন্নশালী যে হইয়া
প্রচুর অন্নভোজী হয়ে তিনি আনন্দ ভরে র’ন
বাক দৃষ্টিতে সাত প্রকারেতে সামে পূজে যেই জন।

## দ্বিতীয়াধ্যায় ঃ নবম খণ্ড

**অথ খল্বমুমাদিত্যং সপ্তবিধং সামোপাসীত সর্বদা সমস্তেন সাম মাং প্রতি মাং প্রতীতি সর্বেণ সমস্তেন সাম ॥১**

সমস্ত সামে সূর্যদেবেরে এবে উপাসনা করো
অবয়ব ক্রমে সপ্তবিধতে তাহারে আরোপ করো
সূর্য যেহেতু সদাই সমান
ক্ষয়বৃদ্ধিতে চির অম্লান
সকলের প্রতি সমান হইয়া রয়েছে বর্তমান
সমবুদ্ধিতে সমভাব যাঁর যে চির জ্যোতিষ্মান।

**তস্মিন্নিমানি সর্বাণি ভূতান্যন্বায়ত্তানীতি বিদ্যাৎ তস্য তৎ পুরোদয়াৎ স হিঙ্কার স্তদস্য পশবোঽন্বায়ত্তাস্তস্মাত্তে হিং কুর্বন্তি হিঙ্কারভাজিনো হ্যেতস্য সাম্নঃ ॥২**

সেই আদিত্যে অনুগত হয়ে এই চরাচর রয়
সূর্য উদয়ে হিঙ্কার রূপ শাস্ত্রে একথা কয়
পশুগণ জেনো তার অনুগত
সূর্যের মাঝে সাম যেইমত
সূর্যের মাঝে সামরূপ ধরি যেই হিঙ্কার রয়
তাহারই ভজন করে জ্ঞানীগণ যেজন সর্বময়।

**অথ যৎ প্রথমোদিতে স প্রস্তাবস্তদস্য মনুষ্যা অন্বায়ত্তাস্তস্মাত্তে প্রস্তুতিকামাঃ প্রশংসাকামাঃ প্রস্তাব ভাজিনো হ্যেতস্য সাম্নঃ ॥৩**

প্রথম সূর্য উদিত হইলে প্রস্তাব রূপ হয়
মানব মনেতে সূর্যের এই সাম রূপ জেন রয়
আদিত্যরূপে সামের ভজন
সূর্যে স্মরিয়া করে সুধীজন
পরোক্ষ আর প্রত্যক্ষতে প্রশংসা আশা করে
সূর্যের মাঝে সামেরে স্মরিয়া যেইজন পূজা করে।

**অথ যৎ সঙ্গববেলায়াং স আদিস্তদস্য বয়াংস্যন্বায়ত্তানি তস্মাত্তান্যন্তরিক্ষেইনারম্ভণান্যাদায়াত্মানং পরিপতন্ত্যাদিভাজীনি হ্যেতস্য সাম্নঃ ॥৪**

ইহার পরেতে সূর্যরশ্মি দিকে দিকে যথা রয়
তাহারই মাঝেতে আদিরূপ জেন মনেতে সুনিশ্চয়
পাখীরা সকলে হয়ে অনুগত
তাহারি মহিমা গায় অবিরত
তাহারে আঁকড়ি উড়ে আকাশেতে অবলম্বন করি
গরুরা তাহার বৎস সাথেতে চলে বিচরণ করি।

**অথ যৎ সম্প্রতি মধ্যন্দিনে স উদ্‌গীথস্তদস্য দেবা অন্বায়ত্তাস্তস্মাত্তে সত্তমাঃ প্রাজাপত্যানামুদগীথভাজিনো হ্যেতস্য সাম্নঃ ॥৫**

মধ্যাহ্নেতে সূর্য যে রূপে উদগীথ তাহা জেন
সূর্যের মাঝে সামরূপে দেব অনুগত মনে মেন
উদগীথ গাথা গাহি দেবগণ
সূর্যের মাঝে সামের ভজন
করিয়া তাঁহারা প্রজাপতি সুত বরণীয় জন হন
মধ্যাহ্নের সূর্য সমান প্রদীপ্ত রূপে রন।

**অথ যদূর্ধ্বং মধ্যন্দিনাৎ প্রাগপরাহ্ণাৎ স প্রতিহারস্তদস্য গর্ভা অন্বায়ত্তাস্তস্মাত্তে প্রতিহৃতা নাবপদ্যন্তে প্রতিহারভাজিনো হ্যেতস্য সাম্নঃ ॥৬**

দুপুর সন্ধ্যা পর হলে রবি যায় যে অস্তাচলে
গর্ভেতে শিশু তারি পূজা করি রহে গর্ভের কোলে
প্রতিহার জানি যে করে ভজন
কখন তাহার না হয় পতন
নিম্নে তাহার গতি নাহি হয় উর্দ্ধমুখে সে রয়
প্রতিহার রূপে অস্তকালীন সূর্যের পূজা হয়।

**অথ যদূর্ধ্বমপরাহ্ণাৎ প্রাগস্তময়াৎ স উপদ্রবস্তদস্যারণ্যা অন্বায়ত্তাস্তস্মাত্তে পুরুষং দৃষ্ট্বা কক্ষং শ্বভ্রমিত্যুপদ্রবন্ত্যুপদ্রব ভাজিনো হ্যেতস্য সাম্নঃ ॥৭**

সন্ধ্যার পর সূর্য যখন অস্তাচলেতে যায়
তাহার সেরূপ উপদ্রবের মধ্যে কথিত হয়
অরণ্যবাসী যত পশুজন
অস্তকালের করে যে ভজন
অরণ্য গুহা তাই তাহাদের নির্ভয় মনে হয়
তাইত তাহারা লোকালয় ছেড়ে সে পথে ধাবিত হয়।

**অথ যৎ প্রথমাস্তমিতে তন্নিধনং পিতরোঽন্বায়ত্তাস্তস্মাত্তান্নিদধতি-নিধনভাজিনো হ্যেতস্য সাম্ন এবং খল্বমুমাদিত্যং সপ্তবিধং সামোপাস্তে ॥৮**

সূর্য অস্ত হইলে জানিও নিধন রূপেতে রয়
পিতৃগণের এই সামরূপে অনুগত জেন রয়
শ্রাদ্ধকালেতে কুশের উপর
তাঁদের পূজিয়া দেয় সবে জল
এই সাতরূপে সূর্যের পূজা সামে বন্দিয়া হয়
যে ইহারে পূজে সূর্য প্রাপ্তি হয় তার নিশ্চয়।

## দ্বিতীয়াধ্যায় ঃ দশম খণ্ড

**অথ খল্বাত্মসম্মিতমতিমৃত্যু সপ্তবিধং সামোপাসীত হিঙ্কার ইতি ত্র্যক্ষরং প্রস্তাব ইতি ত্র্যক্ষরং তৎ সমম্ ॥১**

ইহার পরেতে সাত অবয়বে সাম উপাসনা করো
অতি মৃত্যুরে অতিক্রমিয়া সমান আখরে স্মরো
তিন অক্ষরে হিঙ্কার হয়
প্রস্তাব ও তিন অক্ষর ময়
দোঁহারে সমান জানি যেই জন আত্ম জ্ঞানেরে পায়
মৃত্যু দুয়ার পার হয়ে সেই মৃত্যুরে করে জয়।

**আদিরিতি দ্ব্যক্ষরং প্রতিহার ইতি চতুরক্ষরং তত ইহৈকং তৎ সমম্ ॥২**

আদি এই নাম দুইটি আখরে প্রতিহারে চার রয়
প্রতিহার হতে একটি আখর আদিতে যুক্ত হয়
তাহলে হইবে দুইই সমান
এই কথা বুঝে যেই মতিমান
আদি প্রতিহারে তাহার চোখেতে তুল্য একই হয়
প্রতিহার হতে একটি আখর আদিতে যুক্ত রয়।

**উদগীথ ইতি ত্র্যক্ষরমুপদ্রব ইতি চতুরক্ষরং ত্রিভিস্ত্রিভিঃ সমং ভবত্যক্ষরমতিশিষ্যতে ত্র্যক্ষরং তৎ সমম্ ॥৩**

উদগীথ নামে তিনটি আখর উপদ্রবেতে চার
তিন তিন করি সমান রহিলে বাকি এক রহে তার
তবু মনে জেনো দোঁহে তিন বলি
সমান বলিয়া ধর এরে চলি
উদগীথ নামে তিনটি আখর উপদ্রবেতে চার
তিন তিন করি সমান করিলে বাকি রহিল না আর।

**নিধনমিতি ত্র্যক্ষরং তৎ সমমেব ভবতি তানি হ বা এতানি দ্বাবিংশতিরক্ষরাণি ॥৪**

নিধন নামেতে তিনটি আখর সমান বলিয়া জেন
সাত অবয়বে সামের উক্ত বাইশটি বর্ণে যেন
মিলের তরেতে চব্বিশ বলি
ঠিক জানি তারে দ্বাবিংশ বলি
সমতার লাগি এই সংখ্যায় কমবেশী যাহা হয়
বুঝায়ে বলিতে কত কথা লাগে জান তাহা নিশ্চয়।

**একবিংশত্যাদিত্য মাপ্নোত্যেকবিংশো বা ইতোঽসাবাদিত্যো দ্বাবিংশেন পরমাদিত্যাজ্জয়তি তন্নাকং তদ্বিশোকম্ ॥৫**

সামকে জানিয়া সাধুগুণযুত যেই জন পূজা করে
তুল্যাক্ষরে বিশিষ্ট রূপে সপ্তাবয়বে স্মরে
একুশটি রূপে সংখ্যা সহায়
মৃত্যু রূপে সে আদিত্যে পায়
এই লোক হতে গণনা করিতে সূর্য একুশ হন
বাইশ অক্ষরে যেই করে পূজা তার পরে তিনি র'ন

**আপ্নোতি হাদিত্যস্য জয়ং পরো হাস্যাদিত্যজয়া জয়ো ভবতি য এতদেবং বিদ্বানাত্মসম্মিতমতিমৃত্যু সপ্তবিধং সামোপাস্তে সামোপাস্তে ॥৬**

সূর্য লোকের পরে যেই লোক শুধু তাহা সুখময়
কোন দুখ সেথা প্রবেশিতে নারে শোকাতীত সেই হয়
এইরূপে করি আদিত্য জয়
দুর্লভ সেই লোকে সেই রয়
সুধী বিদ্বান জ্ঞানী গুণীগণ তাহাই প্রাপ্ত হন
বাইশ আখরে তাঁহারে পূজিয়া সেবা করে যেই জন।

## দ্বিতীয়াধ্যায় ঃ একাদশ খণ্ড

**মনো হিঙ্কারো বাক প্রস্তাবশ্চক্ষুরুদ্‌গীথঃ শ্রোত্রং প্রতিহারঃ প্রাণো নিধনমেতদ্‌ গায়ত্রং প্রাণেষু প্রোতম্‌ ॥১**

মন হিংকার বাক প্রস্তাব নয়নেতে উদগীথ
কানে প্রতিহার প্রাণেতে নিধন জানিও মনেতে স্থির
ইন্দ্রিয় মাঝে মনই প্রথম
তাই হিংকার হইল প্রথম
মন ইচ্ছায় বাকেতে প্রকাশ প্রস্তাব রূপে রয়
কান প্রতিহার বিষয় হইতে প্রতিহৃত যে হয়।
সুষুপ্তি কালে সব ইন্দ্রিয় প্রাণেতে বিলীন হয়
গায়ত্রীকেতে প্রাণরূপে পূজা কোর তুমি নিশ্চয়
প্রাণের মাঝেতে প্রতিষ্ঠা তার
তাই জেন মনে গায়ত্রী সার
প্রাণরূপে তাই গায়ত্রী পূজা স্তব আদি করা হয়
শ্রেষ্ঠ বলিয়া প্রাণের মাঝেতে গায়ত্রী নিশ্চয়।

**স য এবমেতদ্‌ গায়ত্রং প্রাণেষু প্রোতং বেদ প্রাণী ভবতি সর্বমায়ুরেতি জ্যোগ্‌জীবতি মহান্‌ প্রজয়া পশুভির্ভবতি মহান কীর্ত্যা মহামনাঃ স্যাৎ তদব্রতম্‌ ॥২**

পরাণ মাঝারে তিষ্ঠিত সেই গায়ত্র সামে মানি
পূজে যেই জন ইন্দ্রিয় তার বিকল না হয় জানি
শতায়ু লভিয়া জীবন উজল
সন্তান ও পশু লভিয়া সকল
কীর্ত্তিতে তিনি মহান হইয়া এই ধরাতলে রন
এই উপাসনা করিবেন যিনি উদার যেন গো হন।

## দ্বিতীয়াধ্যায় ঃ দ্বাদশ খণ্ড

**অভিমন্থতি স হিঙ্কারো ধুমো জায়তে স প্রস্তাবো জ্বলতি স উদগীথোহঙ্গারা ভবন্তি স প্রতিহার উপশাম্যতি তন্নিধনং সংশাম্যতি তন্নিধনমেতদ্ রথন্তরমগ্নৌ প্রোতম্ ॥১**

অগ্নি জ্বালিতে কাঠ ঘর্ষণে হিঙ্কার তারে কয়
ধূম্যোৎপত্তি প্রস্তাব জেনো উদগীথ প্রজ্বলন হয়
অঙ্গার যেন প্রতিহার মাঝে
অগ্নি ক্ষীণেতে নিধনের সাজে
নির্বাপিত নিধন বলিয়া শাস্ত্রেতে জেন খ্যাত
রথন্তর নামে সাম অগ্নিতে তাহাই প্রতিষ্ঠিত।

**স য এবমেতদ রথন্তর অগ্নৌ প্রোতং বেদ ব্রহ্মবর্চস্যন্নাদো ভবতি সর্বমায়ুরেতি জ্যোগজীবতি মহান্ প্রজয়া পশুভির্ভবতি মহান্ কীর্ত্যা ন প্রত্যঙঙগ্নিমাচামেন্ন নিষ্ঠীবেৎ তদ ব্রতম্ ॥২**

রথন্তর এ সামেরে জানিয়া আগুণে প্রতিষ্ঠিত
ব্রহ্মতেজেতে তেজস্বী হয়ে দীপাগ্নি তে সে স্থিত
লভি পূর্ণায়ু সন্তানগণ
পশুলভি তিনি মহীয়ান হন
কীর্ত্তি তাঁহার মহান হয় সে শুধু তাঁর ব্রত এই
অগ্নির অভিমুখে আচমন থুতু সে ফেলেনা ভাই।

## দ্বিতীয়াধ্যায় ঃ ত্রয়োদশ খণ্ড

**উপমন্ত্রয়তে স হিঙ্কারো জ্ঞপয়তে স প্রস্তাবঃ স্ত্রিয়া সহশেতে স উদগীথঃ প্রতি স্ত্রীং সহ শেতে স প্রতিহারঃ কালং গচ্ছতি তন্নিধনং পারং গচ্ছতি তন্নিধন মেতদ বামদেব্যং মিথুনে প্রোতম ॥ ১**

পুরুষ সঙ্কেত হিঙ্কার হেন স্ত্রীকে খুসী প্রস্তাব
শয়ন রূপেতে উদগীথ জেনো দোঁহে রত প্রতিহার
কালক্ষেপনেরে কহে যে নিধন
সমাপ্তিরেও জানিও নিধন
বামদেব্যর সাম মিথুনেতে যুগলে প্রতিষ্ঠিত
বায়ু ও জলের মিলে বামদেব্য আছে এইরূপ শ্রুত।

**স য এবমেতদ্বামদেব্যং মিথুনে প্রোতং বেদ মিথুনী ভবতি মিথুনান্মিথুনাৎ প্রজায়তে সর্বমায়ুরেতি জ্যোগ্‌জীবতি মহান্‌ প্রজয়া পশুভির্ভবাতি মহান কীর্ত্ত্যা ন কাঞ্চন পরিহরেৎ তদ্‌ব্রতম**

বামদেব্যর জ্ঞাতবা যেই এইভাবে মনে জানে
অমোঘ বীর্য্য হন সেইজন বিরহ কভুনা জানে
উজ্জল জীবন পূর্ণায়ু ময়
সন্তান আর পশুলাভ হয়
মহৎ কীর্ত্তি শুধু এইজন জানে এই ব্রতসার
শয্যা আগতা স্ত্রীকে ত্যাগ কভু করিবে না জেনো আর

## দ্বিতীয়াধ্যায় ঃ চতুর্দশ খণ্ড

**উদ্যন্ হিঙ্কার উদিতঃ প্রস্তাবো মধ্যন্দিন উদগীথোঽপরাহ্ণঃ প্রতিহারোঽস্তং যন্নিধনমেতদ বৃহদাদিত্যে প্রোতম্ ॥ ১**

উদীয়মান সে সূর্যেরে মনে হিংকার বলি জেন
উদিত সূর্যে প্রস্তাব বলি অন্তরে তুমি মেন
মধ্যাহ্নেতে উদগীথ ময়
অপরাহ্নেতে প্রতিহার হয়
অস্তগামী সে সূর্যে নিধন বৃহৎ নামেতে স্থিত
বৃহৎ নামেতে সাম আদিত্যে রয় যে প্রতিষ্ঠিত।

**স য এবমেতদ্ বৃহদাদিত্যে প্রোতং বেদ তেজস্ব্যন্নাদো ভবতি সর্বমায়ুরেতি জ্যোগ্ জীবতি মহান্ প্রজয়া পশুভির্ভবতি মহান কীর্ত্যা তপন্তং ন নিন্দেৎ তদ্‌ব্রতম্ ॥২**

আদিত্য মাঝে বৃহৎ সামেরে জানিয়া প্রতিষ্ঠিত
পূজে যেই জন, তেজ ও দীপ্তি পূর্ণ আয়ুতেস্থিত
সন্তান পশু লভিয়া সেজন
কীর্ত্তির মাঝে মহৎ যে হন
চির তাপত্রাতা সূর্যের কভু নিন্দা করে না সেই
চির উজ্জ্বল জীবন তাঁহার তাঁর ব্রত জেনো এই।

## দ্বিতীয়াধ্যায় ঃ পঞ্চদশ খণ্ড

**অভ্রাণি সংপ্লবন্তে স হিঙ্কারো মেঘো জায়তে স প্রস্তাবো বর্ষতি সউদগীথো বিদ্যোততে স্তনয়তি স প্রতিহার উদগৃহ্ণাতি তন্নিধন মেতদ্ বৈরূপং পর্জন্যে প্রোতম ॥ ১**

হিংকার রূপে আকাশ বিহারী অভ্র সমূহ রয়
জলবর্ষীসে সঞ্জাত মেঘ জেন প্রস্তাব ময়
বিদ্যুৎ আর মেঘ গর্জনে
প্রতিহার রূপে জানে জেন মনে
বারিপাত মাঝে বিরতি তাহার নিধন রূপেতে রয়
বৈরূপ নাম সাম মেঘ মাঝে তিষ্ঠিত নিশ্চয় ।

**স য এবমেতদ্ বৈরূপং পর্জন্যে প্রোতং বেদ বিরূপাংশ্চ সুরূপাংশ্চ পশূনবরুন্ধে সর্বমায়ুরেতি জ্যোগ্ জীবতি মহান প্রজয়া পশুভির্ভবতি মহান কীর্ত্যা বর্ষন্তং ন নিন্দেৎ তদব্রতম ॥২**

পর্জন্যের মাঝে তিষ্ঠিত বৈরূপ সামে জেনে
লভে বিচিত্র রূপ ও সুরূপ পশুদল সেই জনে
উজ্জল জীবন পূর্ণতা ময়
সন্তান পশু লাভ তার হয়
কীর্ত্তির মাঝে হইয়া মহৎ এই ব্রতধারী জন
বর্ষণ কারী পর্জন্যেরে মন্দ কভু না কন্ ।

## দ্বিতীয়াধ্যায় ঃ ষোড়শ খণ্ড

**বসন্তো হিঙ্কারো গ্রীষ্মঃ প্রস্তাবো বর্ষা উদগীথঃ শরৎ প্রতিহারো হেমন্তো নিধনমেতদ্বৈরাজমৃতুষু প্রোতম ॥ ১**

বসন্ত মাঝে হিঙ্কার আর গ্রীষ্মেতে প্রস্তাব
বরষার মাঝে উদগীথ রাজে শরতেতে প্রতিহার
হেমন্ত মাঝে রহে সে নিধন
জানে এই কথা যত সুধী জন
বৈরাজ নামে সাম ঋতু মাঝে এইরূপে এরা রয়
ঋতুব মাঝেতে সাম উপাসনা এইভাবে জেনো হয়।

**স য এবমেতদ্ বৈরাজমৃতুষু প্রোতং বেদবিরাজতি প্রজয়া পশুভিঃ ব্রহ্মবর্চসেন সর্ব্বমায়ুরেতি জ্যোগ্‌জীবতি মহান্ প্রজয়া পশুভি-র্ভবতি মহান্ কীর্ত্যা ঋতূন্ ন নিন্দেৎ তদ্ব্রতম্ ॥ ২**

বৈরাজ নামে সাম ঋতু মাঝে প্রতিষ্ঠিত এজ্ঞানে
জানে যেই জন প্রজা পশু লভি উজ্জ্বল বেদ জ্ঞানে
পূর্ণায়ু লভি উজ্জলিত হন
লভি প্রজা আর যত পশুগণ
কীর্ত্তির মাঝে মহান হইবে তবু এই ব্রত তার
বর্ষণকারি মেঘের নিন্দা করে না কখন আর।

## দ্বিতীয়াধ্যায় ঃ সপ্তদশ খণ্ড

**পৃথিবী হিঙ্কারোঽন্তরিক্ষং প্রস্তাবো দ্যৌরুদগীথো দিশঃ প্রতিহারঃ সমুদ্রো নিধনমেতাঃ শক্বর্যো লোকেষু প্রোতাঃ ॥ ১**

পৃথিবীর মাঝে হিঙ্কার আর গগনেতে প্রস্তাব
দ্যুলোক মাঝেতে উদগীথ আর দিকে দিকে প্রতিহার
হেমন্ত মাঝে নিধন যে হয়
শক্বরী নামে সাম লোকে রয়
বৈরাজ নামে সাম লোক মাঝে এইভাবে এরা রয়
শাস্ত্রের কথা নহে কভু ভুল জেন মনে নিশ্চয়।

**স য এবমেতাঃ শক্বর্যো লোকেষু প্রোতা বেদ লোকীভবতি সর্বমায়ুরেতি জ্যোগ্‌জীবতি মহান্‌ প্রজয়া পশুভির্ভবতি মহান্‌ কীর্ত্যা লোকান্ন নিন্দেৎ তদব্রতম্‌ ॥ ২**

বৈরাজ নামে সাম ঋতু মাঝে বিরাজিত যেই জন
তাহারে জানিয়া প্রজা পশু আব বেদজ্ঞানে জ্ঞানী হন
উজ্জ্বল জীবন দীর্ঘতা ময়
শুধু জেন মনে ব্রত তার হয়
কীর্ত্তিব মাঝে হইয়া মহৎ, ঋতুরে কখন সে ত
করেনা নিন্দা তাহার জীবনে এই হয় তার ব্রত।

## দ্বিতীয়াধ্যায় ঃ অষ্টদশ খণ্ড

**অজা হিঙ্কারোঽবয়ঃ প্রস্তাবো গাব উদগীথোঽশ্বাঃ প্রতিহারঃ পুরুষো নিধনমেতা রেবত্যঃ পশুষু প্রোতাঃ ॥ ১**

অজ হিঙ্কার মেষ প্রস্তাব গো সকল উদগীত
অশ্ব সকল প্রতিহার জেনো নামে রহে জেন স্থিত
পুরুষ নিধন রূপে সেথা রয়
রেবতী নামক সাম রূপে রয়
সব পশু মাঝে এই রূপে জেন রেবতী সামেতে রয়
পশুগণ মাঝে রেবতী সামের এই বন্দনা হয়।

**স য এবমেতা রেবত্যঃ পশুষু প্রোতা বেদ পশুমান ভবতি সর্বমায়ুরেতি জ্যোগ্‌জীবতি প্রজয়া পশুভির্ভবতি মহান্ কীর্ত্ত্যা পশূন্ন নিন্দেৎ তদব্রতম্ ॥২**

রেবতী নামক পশু সমূহেতে যে সাম প্রতিষ্ঠিত
জানে সেই জন পশুধন লভি হয় সেইজন স্থিত
দীর্ঘ জীবন পূর্ণতাময়
প্রজা পশু লভি মহৎ সে হয়
কীর্ত্তির মাঝে হইয়া মহান এই ব্রত হয় তার
পশুগণে কভু করে না নিন্দা মনে জানে এই সার

## দ্বিতীয়াধ্যায় : উনবিংশ খণ্ড

**লোম হিঙ্কারস্ত্বক্ প্রস্তাবো মাংসমুদগীথোঽস্থি প্রতিহারো মজ্জা নিধনমেতদ্ যজ্ঞাযজ্ঞীয়মঙ্গেষু প্রোতম ॥ ১**

লোমে হিঙ্কার ত্বকে প্রস্তাব মাংসেতে উদগীথ
হাড়ে প্রতিহার মজ্জার মাঝে নিধন যে তিষ্ঠিত
যজ্ঞাযজ্ঞীয় লয়ে এই নাম
দেহাবয়বেতে রহে জেন সাম
উপরেতে লোম প্রথম তাহার দ্বিতীয়েতে ত্বক রয়
মাংস শ্রেষ্ঠ মৃতদেহ মাঝে প্রতিহার তাই রয়।

**স য এবমেতদ্ যজ্ঞাযজ্ঞীয়মঙ্গেষু প্রোতং বেদাঙ্গী ভবতি নাঙ্গেন বিহূর্ছতি সর্বমায়ুরেতি জ্যোগ্ জীবতি মহান্ প্রজয়া পশুভির্ভবতি মহানকীর্ত্যা সংবৎসরং মজ্জো নাশ্নীয়াৎ তদ্ব্রতং মজ্জো নাশ্নীয়াদিতিবা ॥ ২**

দেহ অবয়বে প্রতিষ্ঠিত এ সামকে যেজন জানে
পূর্ণাবয়ব হন সেইজন বিকৃতি নাহি আনে
পূর্ণায়ু লভি জীবন উজ্জ্বল
সন্তান পশু লভি সে সকল
শুধু ব্রত তার এক বৎসর মাংস সে কভু না খায়
আজীবন কভু না খেয়ে মাংস ব্রত পালে নিশ্চয়।

## দ্বিতীয়াধ্যায় ঃ বিংশ খণ্ড

**অগ্নির্হিঙ্কারো বায়ুঃ প্রস্তাব আদিত্য উদ্‌গীথো নক্ষত্রাণি প্রতিহার শ্চন্দ্রমা নিধনমেতদ্রাজনং দেবতাসু প্রোতম্‌॥ ১**

অগ্নি হিঙ্কার বায়ু প্রস্তাব আদিত্য উদগীথ
তারার মাঝেতে প্রতিহার রয় চাঁদেতে নিধনস্থিত
রাজন নামক এই সাম মাঝে
সব দেবতারা জানিও বিরাজে
রাজন শব্দে দীপ্তি মানের অর্থ জানিও হয়
অগ্রণী এই দেবগণে তুমি জানিও সুনিশ্চয়।

**স য এবমেতদ্রাজনং দেবতাসু প্রোতং বেদৈতাসামেব দেবতানাং সলোকতাং সার্ষ্টিতাং সাযুজ্যং গচ্ছতি সর্বমায়ুরেতি জ্যোগ্‌জীবতি মহান্‌ প্রজয়া পশুভির্ভবতি মহানকীর্ত্যা ব্রাহ্মণান্ন নিন্দেৎ তদ্‌ ব্রতম্‌॥ ২**

দেবতাগণের মাঝে বিরাজিত রাজেন সামেরে জেনে
তিনি দেব মাঝে সালোক্য লভি সাযুজ্য লভি মেনে
উজ্জ্বল জীবন পূর্ণতা ময়
সন্তান আর পশু লাভ হয়
তার এই ব্রত ব্রাহ্মণ গণে নিন্দা কভু না করে
দেবতা গণের মাঝে বিরাজিত রাজেন সামেরে স্মরে।

## দ্বিতীয়াধ্যায় ঃ একবিংশ খণ্ড

**ত্রয়ী বিদ্যা হিঙ্কারস্ত্রয় ইমেলোকাঃ স প্রস্তাবোঽগ্নির্বায়ুরাদিত্যঃ স উদগীথো নক্ষত্রাণি বয়াংসি মরীচয়ঃ স প্রতিহারঃ সর্পাগন্ধর্বাঃ পিতরস্তন্নিধন মেতৎ সাম সর্বস্মিন প্রোতম ॥ ১**

ত্রয়ী বিদ্যাসে হিঙ্কার আর তিন লোক প্রস্তাব
অগ্নি বায়ু ও আদিত্য মাঝে উদগীথ হয় সার
তারা ও পাখীতে কিরণের মাঝে
প্রতিহার জেন সতত বিরাজে
সর্পের মাঝে গন্ধর্বের আর পিতৃরা নিধন
সাম সমুদয় সব জিনিষে এই ভাবে জেন রন।

**স য এবমেৎ সাম সবস্মিন্ প্রোতং বেদ সর্বং হ ভবতি ॥ ২**

সবাকার মাঝে সাম রূপে এরে যেইজন মনে জানে
সব অধিপতি হইয়া সেজন জয়ী হন সবখানে

**তদেষ শ্লোকো—যানি ত্রীণি ত্রাণি তেভ্যোঃ ন জ্যায়ঃ পরমন্যদস্তি ॥ ৩**

এই শ্লোকে আছে পঞ্চ ভেদেতে ত্রয়ী বিদ্যার কথা
ইহা হতে বড় আর কিছু নাই জানিও ইহাতে তথা।

**যস্তদ্বেদ স বেদ সর্বং সর্বা দিশো বলির্মস্মৈ হরন্তি সর্বমস্মী-ত্যুপাসীত তদ্ব্রতং তদ্ব্রতম্ ॥ ৪**

এইরূপে যিনি সর্ব্বাত্মাকেতে সামকে যেজন জানে
সবদিক হতে সব প্রাণী তার আহার বহিয়া আনে
বেদকে জানিয়া সেই সুধীজন
আমি সমুদয় জানে দিয়ে মন
সার কথা জেনে এই ভাবে সেই উপাসনা মাঝে রত
ইহাই মন্ত্র এই জ্ঞান লভি করে সেই এই ব্রত।

## দ্বিতীয়াধ্যায় ঃ দ্বাবিংশ খণ্ড

**বিনর্দি সাম্নো বৃণে পশব্যমিত্যগ্নেরুদ্গীথোঽনিরুক্তঃ প্রজাপতে নিরুক্ত সোমস্য মৃদু শ্লক্ষ্ণং বায়োঃ শ্লক্ষ্ণং বলবদিন্দ্রস্য ক্রৌঞ্চং বৃহস্পতেরপধ্বান্তং বরুণস্য তান্ সর্বানেবোপসেবেত বারুণং ত্বেব বর্জয়েৎ ॥ ১**

কোন যজমান গাহি এই গান এই কথা মনে করে
উচ্চ নিনাদ বিশিষ্ট সুরে পশু মঙ্গল করে
অগ্নি অধীন যেই সাম গান
বরণ করিয়া করি সম্মান
প্রজাপতি স্তব অনভিব্যক্ত চন্দ্রে স্পষ্ট হয়
বায়ু দৈবতক কোমল অথচ অনুচ্চ স্বরে রয়।
ইন্দ্র অধীন উদ্গান যাহা যত্নে কোমল অতি
ক্রৌঞ্চ পক্ষীর কূজন সদৃশ গান সে বৃহস্পতি
বরুণের গান ভাঙ্গা কাঁসি সুরে
যে গান যতনে সবে পরিহরে
সকল সুরেরে আয়ত্ত তরে যতনে চেষ্টা কোর
শুধু বরুণের ভাঙ্গা কাঁসি সুর হতে তুমি দূরে সরো।

**অমৃতত্বং দেবেভ্য আগায়ানীত্যাগায়েৎ স্বধাং পিতৃভ্য আশাং মনুষ্যেভ্যস্তৃণোদকং পশুভ্যঃ স্বর্গং লোকং যজমানায়ান্নমাত্মন আগায়ানীত্যেতানি মনসাধ্যায়ন্ন প্রমত্তঃ স্তুবীত ॥ ২**

দেবতাগণের জন্য অমৃত আহরণ আমি করি
গান গাহিবার সময় গাহিবে এই কথাগুলি স্মরি
পিতৃগণের তরে চাই স্বধা
নরগণ তরে চাহি কাম্য যা
পশুদের তরে তৃণ জল আর যাজক স্বর্গলোক
শান্ত চিত্তে আপনার তরে চাহিবে অন্ন হোক।

**সর্বে স্বরা ইন্দ্রস্যাত্মানঃ সর্বে উষ্মাণঃ প্রজাপতেরাত্মানঃ সর্বে স্পর্শা মৃত্যোরাত্মানস্তং যদি স্বরেষূপালভেতেন্দ্রং শরণং প্রপন্নোঽভূবম্ স ত্বা বক্ষ্যতীত্যেণং ব্রূয়াৎ ॥ ৩**

অকারাদি স্বরে ইন্দ্র অথবা পরাণের দেহ রয়
উষ্মবর্ণে সব বিরাটের দেহ অবয়ব হয়
স্পর্শবর্ণ মৃত্যুর সম
নিন্দায় রত হয় যদি কেহ
বলিও তাহারে ইন্দ্রের আমি শরণাগত যে হই
উত্তর যাহা দিবার তিনিই দিবেন গো নিশ্চয়ই।

**অথ যদ্যেনমূষ্মসূপালভেত প্রজাপতিং শরণং প্রপন্নোঽভূবং স ত্বা প্রতিপেক্ষ্যতীত্যেনং ব্রূয়াদথ যদ্যেনং স্পর্শেষূপালভেত মৃত্যুং শরণং প্রপন্নোঽভূবং স ত্বা প্রতি ধক্ষ্যতীত্যেনং ব্রূয়াৎ ॥ ৪**

আর যদি কেহ উদগাথা জনে উষ্মবর্ণ ধরি
উচ্চারণের নিন্দা করিয়া বলে কেহ তাহা স্মরি
বোলো ব্রহ্মার লয়েছি শরণ
তোমারে চূর্ণ করিবে সেজন
কেহ যদি তবু স্পর্শবর্ণ উচ্চারণেরে দোষে
বোলো যমরাজ শরণ লয়েছি পুড়িবে তাঁহার রোষে।

**সর্বে স্বরা ঘোষবন্তো বলবন্তো বক্তব্যা। ইন্দ্রেবলং দদানীতি সর্ব উষ্মাণোঽগ্রস্তা অনিরস্তা বিবৃতা বক্তব্যাঃ প্রজাপতেরাত্মানং পরিদদানীতি সর্বে স্পর্শা লেশেনামভিনিহতা বক্তব্যা মৃত্যোরাত্মানং পরিহরাণীতি ॥ ৫**

আমি পরাণেতে বল দান তরে আজি এই গান করি
বিরাটের কাছে নিজেরে সঁপিনু কহি তাহা উচ্চারি
উষ্মবর্ণে কভু না চাপিয়া
স্পষ্ট কহিবে নহে তা ছুঁড়িয়া
মৃত্যুর কাছ হতে আপনারে এভাবে রক্ষা করি
একথা ভাবিয়া স্পষ্ট করিয়া উচ্চারণ যে করি।

## দ্বিতীয়াধ্যায় ঃ ত্রয়োবিংশ খণ্ড

**ত্রয়ো ধর্মস্কন্ধা যজ্ঞোঽধ্যয়নং দানমিতি প্রথমস্তপ এব দ্বিতীয়ো ব্রহ্মচার্যাচার্যকুলবাসী তৃতীয়োঽত্যন্তমাত্মানমাচার্যকুলেঽবসাদয়ন্ সর্ব এতে পুণ্যলোকা ভবন্তি ব্রহ্মসংস্থোঽমৃতত্বমেতি ॥ ১**

তিনটি ভাগেতে ধর্ম আচরি তিন ভাবে ভাগ করো
যজ্ঞ দান ও অধ্যয়নেবে প্রথম ভাগেতে স্মরো
দ্বিতীয় ভাগেতে তপস্যা হয়
আচার্য্য গৃহে শরীরের ক্ষয়
করে যেই জন তৃতীয় ভাগেতে পুণ্য লোকেতে যায়
( কিন্তু ) ব্রহ্মেবে স্মরি করে উপাসনা অমরত্ব সে পায়।

**প্রজাপতির্লোকানভ্যতপৎ তেভ্যোঽভিতপ্তেভ্যস্ত্রয়ী বিদ্যা সম্প্রাস্রবত্তামভ্যতপৎ তস্যা অভিতপ্তায়া এতান্যক্ষরাণি সম্প্রাস্রবন্ত ভূর্ভুবঃ স্বরিতি ॥ ২**

লোক সমূহের উদ্দেশ করি প্রজাপতি ধ্যান করে
ধ্যানের দ্বারায় বেদবিদ্যায় আপন হৃদয়ে স্মরে
ভূ ভুব ও স্ব এ তিন অক্ষর
আবির্ভূত যে হয়ে তারপর
সকল পুজার সার রূপে তারা তাহার হৃদয়ে এলো
ধ্যানের দ্বারায় বেদ বিদ্যার সাররূপে এরে পেলো।

**তাভ্যস্ত্যভিতপং তেভ্যোঽভিতপ্তেভ্য ওঙ্কারঃ সম্প্রাস্রবৎ তদ্ যথা শঙ্কুনা সর্বাণি পর্ণাণি সংতৃন্নান্যেবমোঙ্কারেণ সর্বা বাক্ সংতৃণ্ণোঙ্কার এবেদং সর্বমোঙ্কার এবেদং সর্বম্ ॥ ৩**

অক্ষরগুলি স্মরি একমনে ব্রহ্মা সে ধ্যান করে
সব অক্ষরে সার রূপ ধরি ওঁকার সবা পরে
পাতার শিরায় গাঁথা সেই মত
ওঁকার দ্বারা সকলে গ্রথিত
ওঁকার রূপে নিবদ্ধ সব পরিব্যাপ্ত যে তায়
ওঁকার রূপে ব্যপ্ত জগৎ সবি ওঁকার ময়।

## দ্বিতীয়াধ্যায় ঃ চতুর্বিংশ খণ্ড

**ব্রহ্মবাদিনো বদন্তি—যদ্ বসূনাং প্রাতঃসবণং রুদ্রাণাং মাধ্যন্দিনং সবনমাদিত্যানাঞ্চ বিশ্বেষাঞ্চ দেবানাং তৃতীয়সবনম্ ॥ ১**

ব্রহ্মবাদিরা বলেন তখন প্রাতঃস্নান যা করে
অষ্টবসুর তুষ্টির তরে যজমান তাহা করে
মধ্যাহ্নের যেই স্নান হয়
রুদ্রগণের তরে নিশ্চয়
সন্ধ্যার স্নান সব দেবতার তুষ্টির লাগি হয়
আদিত্যগণও সব দেবতার তাতে প্রীতি উপজয়।

**ক্ব তর্হি যজমানস্য লোক ইতি স যস্তং ন বিদ্যাৎ কথং কুর্য্যাদথ বিদ্বান্ কুর্য্যাৎ ॥ ২**

যজ্ঞ কর্ত্তা তবে কোন লোক তরেতে যজ্ঞ করে
লোক প্রাপ্তির আশা করি তবে সকলে দেবতা স্মরে
জ্ঞানীজন করে কর্মের তরে
ফল আশা হীন দেবতারে স্মরে
তাঁহার প্রীতির উদ্রেক তরে কর্মে নিবত রয়
যজ্ঞের ফল সঁপিও তাঁহাবে যেজন যজ্ঞময়।

**পুরা প্রাতরনুবাকস্যোপাকরণাজ্জঘনেন গার্হপত্যস্যোদঙ্মুখ উপবিশ্য স বাসবং সামাভিগায়তি ॥ ৩**

যজ্ঞকর্তা প্রাতঃকালেতে অনুবাক পাঠ কবি
তাহারও আগেতে গার্হপত্য নামেতে অগ্নি স্মরি
তাহার পিছন দিকেতে বসিয়া
উত্তর দিকে মুখটি করিয়া
বসুদেব তার অধিষ্ঠিত বাসবের তরে সাম গান তবে করি
উত্তর মুখে আসন করিয়া অনুবাক পাঠ করি।

**লোতকদ্বারমপাবার্ণূ পশ্যেম ত্বা বয়ং রা ৩ ৩ ৩ ৩ ৩ হু ৩ ম্ আ ৩ ৩ জ্যা৩ য়ো৩ আ ৩ ২১১১ ইতি ॥ ৪**

হে অগ্নি তুমি পৃথিবী লোকের প্রাপ্তির খোলো দ্বার
আমরা পৃথিবী লোকে যাহা ভোগ চাহি লাভ করিবার
তাহার তরেতে তব দরশন
করিতে মোদের উন্মুখ মন
তার তরে মোরা বসু দৈবতক সাম গান মোরা করি
পৃথিবী লোকের ভোগ লাভ তরে আমরা তোমায় স্মরি।

**অথ জুহোতি নমোঽগ্নয়ে পৃথিবীক্ষিতে লোকক্ষিতে লোকং মে যজমানায় বিন্দৈষ বৈ যজমানস্য লোক এতাঽস্মি ॥ ৫**

ইহার পরেতে এ মন্ত্র বলি আহুতি দানিতে হবে
পৃথিবী নিবাসী ও লোক নিবাসী অগ্নিকে নমি তবে
যজ্ঞকারীকে শ্রেষ্ঠ লোকেতে
দান কর তুমি তব দয়া হতে
ইহার সাথেতে এই লোক যেন আমিও প্রাপ্ত হই
কিছুই মেলেনা ওগো দয়াময় তোমার করুণা বই।

**অত্র যজমানঃ পরস্তাদায়ুষঃ স্বাহাঽপজহি পরিঘমিত্যুক্ত্বোত্তিষ্ঠতি তস্মৈ বসবঃ প্রাতঃ সবনং সং প্রযচ্ছন্তি ॥ ৬**

যজ্ঞকারি ও আমি দুই জনে হইলে আয়ুক্ষয়
এই লোক মাঝে করিব বসতি মনে এই আশা রয়
খোলো প্রভু তুমি অর্গল এর
যজ্ঞকারী সে উঠে যান ফের
বসুগণ তারে প্রাতঃস্নানের ফল যেন করে দান
যজ্ঞকারী ও আমারে আশীষ কর তুমি ভগবান।

**পুরা মাধ্যন্দিনস্য সবনস্যোপাকরণাজ্জঘনেনাগ্নীধ্রীয়স্যোদঙ্মুখ উপবিশ্য স রৌদ্রং সামাভিগায়তি ॥ ৭**

আগ্নীধ্রীয় নামে দক্ষিণ অগ্নি পিছনে করি
উত্তর মুখে বসিবেন তবে আপনি যজ্ঞ কারি
বৈরাজ্যের অধিকার লাভে
সাম গান করি তাহাদের সেবে
রৌদ্রের স্তব করে কত মত বিরাট লাভের তরে
বিরাট পুরুষ শ্রেষ্ঠ যেজন তাঁহারে কামনা করে।

**লো৷ ৩ কদ্বারমপাবা ৩র্ণূ ৩ ৩ পশ্যেম ত্বা বয়ং বৈরা ৩ ৩ ৩ ৩ ৩ হু ৩ ম্ আ ৩ ৩ জ্যা ৩ য়ো ৩ আ ৩ ২১১১ ইতি ॥ ৮**

হে অগ্নি তুমি এই ধরণীতে যাহা পাওয়া যায় তার
দয়া করে তুমি আমার তরেতে খুলে দাও তার দ্বার
ভোগ লাভ তরে আমার কামনা
দয়া করে তুমি মিটাও বাসনা
তারি তরে মোরা বসু দৈবতক সামগান দোহে করি
পৃথিবী লোকের ভোগ লাভ তরে আমরা তোমারে স্মরি।

**অথ জুহোতি নমো বায়বেঽন্তরিক্ষক্ষিতে লোকক্ষিতে লোকং মে যজমানায় বিন্দৈষ বৈ যজমানস্য লোক এতাঽস্মি ॥ ৯**

ইহার পরেতে মন্ত্রে আহুতি প্রদানি যজ্ঞকারি
অন্তরিক্ষ সঞ্চারি সেই পবনে প্রণাম করি
কহে মোর লাভ হোক ঐ লোক
তোমার দয়ায় শুধু এই হোক
ঋত্বিক আমি যজ্ঞকারির সাথে দোঁহে বাস করি
ঐ লোকে বাস কর দোঁহে দান হে প্রভু করুণা করি।

**অত্র যজমানঃ পরস্তাদায়ুষঃ স্বাহাঽপজহি পরিঘমিত্যুক্ত্বোত্তিষ্ঠতি তস্মৈ রুদ্রা মাধ্যন্দিনং সবনং সং প্রযচ্ছন্তি ॥ ১০**

বক্ষ্যমান এ মন্ত্রে হোমটি করিয়া তাহার পরে
এ লোকে বসতি করিতে দুজনে মনে তবে আশা করে
করহ মুক্ত অর্গল দ্বার
যজ্ঞকারি সে উঠেন এবার
রুদ্র দেবতা মধ্যাহ্ন স্নান ফল তবে দান করে
ও লোকে বসতি করিতে দোঁহেও মনে এ কামনা করে।

**পুরা তৃতীয়সবনস্যোপাকরণাজ্জঘনেনাহবণীয়স্যোদঙ্মুখ উপবিশ্য স আদিত্যং স বৈশ্বদেবং সামাভিগায়তি ॥ ১১**

তৃতীয় স্নানের আরম্ভ আগে এবার যজ্ঞকারি
যজ্ঞ অগ্নি পশ্চাতে করি উত্তর মুখ করি
সূর্যের স্তব করেন তখন
বন্দেন সাথে যত দেবগণ
তাঁদের বিষয় নাম গান করি স্তব করে একমন
তৃতীয় স্নানের আরম্ভ আগে যজ্ঞকারি যেজন।

**লোত কদ্বারমপাবা৩র্ণূ ৩৩ পশ্যেম ত্বা বয়ং স্বারা ৩৩৩৩৩ হুতম্ আ৩ ৩জ্যা ৩য়ো ৩ আ ৩ ২১১১ ইতি ॥ ১২**

**আদিত্যমথ বৈশ্বদেবং লোতকদ্বারমপাবা৩র্ণূ ৩৩ পশ্যেম ত্বা বয়ং সাম্রা ৩৩৩৩৩ হুতম আ ৩৩ জ্যা ৩য়ো ৩ আ ৩২১১১ ইতি ॥ ১৩**

হে অগ্নি তুমি দ্যুলোক লাভের খুলে দাও প্রভু দ্বার
সাম্রাজ্য লাভ তরেতে তোমায় দেখিব হে একবার
আমার মনের এই যে কামনা
দয়া করে তুমি মিটাও বাসনা
এর তরে মোরা আদিত্যগণে সাম গান মোরা করি
আদিত্য ও বিশ্বদেবেরে অন্তর মাঝে স্মরি।

**অথ জুহোতি নম আদিত্যেভ্যশ্চ বিশ্বেভ্যশ্চ দেবেভ্যো দিবিক্ষিদ্ভ্যো লোকক্ষিদ্ভ্যো লোকং মে যজমানায় বিন্দত ॥ ১৪**

ইহার পরেতে মন্ত্রে যজ্ঞ প্রদানি যজ্ঞকারি
দ্যুলোক বাসী সে আদিত্যগণে বিশ্বদেবেরে স্মরি
কহে দ্যুলোকেরে যেন লাভ করি
তোমার দয়ায় এ কামনা করি
আমিও আমার যজমান দোঁহে সেথায় যাইতে চাই
ঐ লোকে বাস করো প্রভু দান তোমার কাছেতে যাই।

**এষ বৈ যজমানস্য লোক এতাঽস্ম্যত্র যজমানঃ পরস্তাদায়ুষঃ স্বাহা ইপহত পরিঘমিত্যুক্ত্বোত্তিষ্ঠতি ॥ ১৫**

মৃত্যুর পরে যজ্ঞকারির মনে শুধু এই আশ
পূজার ফলেতে তাহার যেন গো হয় স্বরগেতে বাস
খোলো প্রভু তুমি অর্গল দ্বার
বারেক দাও গো দরশন আর
তোমার দয়ায় এই লোকে বাস যেন গো আমার হয়
বলি এই কথা উঠি সেই জন প্রণাম জানায় পায়।

**তস্মা আদিত্যাশ্চ বিশ্বে চ দেবাস্তৃতীয়সবনং সংপ্রযচ্ছন্ত্যেষ হ বৈ যজ্ঞস্য মাত্রাং বেদ য এবং বেদ য এবং বেদ ॥ ১৬**

ইহার পরেতে দয়া পরবশ হয়ে সব দেবগণ
আদিত্যগণ সাথে বিশ্বের সকল দেবতা র'ন
তৃতীয় স্নানের ফল দান করি
লভি সব ফল সে যজ্ঞকারি
সকল জ্ঞানের লভিয়া সুফল আপনি তৃপ্ত হন
যাঁহারে পাইলে সব পাওয়া যায় জানে সেই জ্ঞানী জন।

# তৃতীয় অধ্যায়

## প্রথম খণ্ড

**ওঁ। অসৌ বা আদিত্যো দেবমধু তস্য দ্যৌরেব তিরশ্চন বংশো-ইন্তরিক্ষামপূপো মরীচয়ঃ পুত্রাঃ ॥ ১**

এই সূর্যেই দেবতাগণের মাঝে মধু রূপে রয়
স্বর্গ রূপেতে বক্রবংশ অবলম্বন হয়
মধু চক্রটি হয় সে গগন
তাহার মধুতে ভরে যে ভুবন
কিরণের মাঝে জল হয়ে যেই মৌমাছি শিশু রয়
এইরূপে জেন সূর্য দেবতা আপনি সে মধুময়।

**তস্য যে প্রাঞ্চো রশ্ময়স্তা এবাস্য প্রাচ্যো মধুনাড্যঃ ঋচ এব মধুকৃত ঋগ্বেদ এব পুষ্পং তা অমৃতা আপস্তা বা এতা ঋচঃ ॥ ২**

সূর্য কিরণ পূর্ব দিকেতে ছড়াইয়া যাহা রয
পূবব দিকের মধু চক্রের মধুচ্ছিদ্রতা ময়
ঋক মধুকর রূপে জেন রয়
ঋকেব কর্ম ফুল নিশ্চয়
ঐ কর্মেব সঞ্চিত ফল পুষ্পের যাহা রস
অমৃত রূপে হয় জেন তাহা মুক্তির সহায়ক।

**এতমৃগ্বেদমভ্যতপংস্তস্যাভিতপ্তস্য যশস্তেজ ইন্দ্রিয়ং বীর্যমন্নাদ্যং রসোঽজায়ত ॥ ৩**

মধুকর রূপে ওই ঋক ফুলে কর্মে ফুটায়ে তোলে
পুষ্পিত সেই যশ লাবণ্য ইন্দ্রিয় মাঝে দোলে
দেহ বল আর ভক্ষ যা হয়
অন্ন ও রস যাহা সুখময়
তাহা করি লাভ সেই সুধী জন অমৃতে মগন রয়
বল ও ভক্ষ অন্ন ও রসে যাহা সঞ্চিত হয়।

**তদ্যক্ষরৎ তদাদিত্যমভিতোঽশ্রয়ত্তদ্বা এতদ্ যদেতদাদিত্যস্য রোহিতং রূপম্॥** ৪

এই রস তবে বিশেষ রূপেতে ক্ষরিত হইয়া যায়
উদীয়মান সে সূর্যের মাঝে পূরব দিকটি পায়
সূরযের মাঝে বক্তিম ময়
হয়ে বিকশিত যে রশ্মি রয়
তাহাই জানিও কর্ম ফলের মধুরূপে তাহা রয়
সূর্যের মাঝে যেসব রশ্মি পূরব দিকেতে বয়।

## তৃতীয়াধ্যায় ঃ দ্বিতীয় খণ্ড

**অথ যেঽস্য দক্ষিণা রশ্ময়স্তা এবাস্য দক্ষিণা মধুনাড্যো যজুংষ্যেব মধুকৃতো যজুর্বেদ এব পুষ্পং তা অমৃতা আপঃ॥** ১

সূরযের এই দক্ষিণ পাশে যে কিরণ রাশি রয়
দক্ষিণ দিক মধু নাড়ী তাহা জানিও সে সমুদয়
যজু মন্ত্রেরা মধুকর হয়
যজুর্বেদের কাজ ফুলময়
ঐ করমের সঞ্চিত ফল অদৃষ্ট রূপে বয়
যজুর্বেদের কর্ম পুষ্পে অমৃত রস সে ময়।

**তানি বা এতানি যজুংষ্যেতং যজুর্বেদমভ্যতপংস্তস্যাভিতপ্তস্য যশস্তেজ ইন্দ্রিয়ং বীর্যমন্নাদ্যং রসোঽজায়ত॥** ২

উপরে কথিত যজু মন্ত্রের যত কিছু জেন হয়
যজুবেদের কর্মে তাহারে তাপিত করিয়া লয়
তপ্ত কর্ম হতে যেই যশ
দেহ জ্যোতি আর অন্ন ও রস
ইন্দ্রিয় পটু বল ও ভক্ষ্য যাহা কিছু সমুদয়
ওই কর্মের রস হতে জেন নির্গত তাহা হয়।

**তদভ্যক্ষরৎ তদাদিত্যমভিতোঽশ্রয়ৎ তদ্বা এতদ্ যদেতদাদিত্যস্য শুক্লং রূপম ॥ ৩**

বিশেষ ভাবেতে এ রস ঝরিয়া যায় যে সূর্য পানে
তারি দক্ষিণ পাশে লয় ঠাঁই থাকে সেই সেইখানে
সূর্যের এই শুভ্র বরণ
ছটা রূপে রয় যাহাসে কিরণ
ইহারে জানিও কর্মফলের মধুরূপে তাহা রয়
দক্ষিণ মধু নাড়ী বর্ণনা শাস্ত্রে এরূপে কয়।

## তৃতীয়াধ্যায় ঃ তৃতীয় খণ্ড

**অথ যেঽস্য প্রত্যঞ্চো রশ্ময়স্তা এবাস্য প্রতীচ্যো মধুনাড্যঃ সামান্যের মধুকৃতঃ সামবেদ এব পুষ্পং তা অমৃতা আপঃ ॥ ১**

পশ্চিম দিকে তপনের যাহা কিরণের রাশি রয়
মধু চক্রের পশ্চিম দিকে ছিদ্র যা সমুদয়
সাম সমুহেতে তাহা মধুকর
সাম বেদ মতে কর্ম সকল
পুষ্প রূপেতে বিকশিত হয়ে হয় তা পুষ্পময়
পুষ্প হতে যা সঞ্চিত রস তাহাও অমৃতময়।

**তানি বা এতানি সামান্যেতং সামবেদমভ্যতপংস্তস্যাভিতপ্তস্য যশস্তেজ ইন্দ্রিয়ং বীর্যমন্নাদ্যং রসোঽজায়ত ॥ ২**

এই মধুকর স্থানে সব সাম কর্মে তাপিত করে
তাপিত কর্ম হইতে জানিও যশ দেহ জ্যোতি ঝরে
ইন্দ্রিয় পটু যা ভক্ষনীয়
বল ও ভোগ্য যাহা কমনীয়
বিবিধ আকার রস হতে ইহা জেনো নির্গত হয়
কর্মের ফল হইতে তাপিত যশ আর জ্যোতি হয়।

**তদ্ব্যক্ষরৎ তদাদিত্যমভিতোঽশ্রয়ৎ তদ্বা এতদ্ যদেতদাদিত্যস্য কৃষ্ণং রূপম্ ॥ ৩**

এই রস তবে বিশেষ ভাবেতে তপনে যাইয়া ঝরে
পশ্চিম ভাগে অবলম্বিয়া অবস্থান যে করে
সূর্যের এই কালো ছটা যত
কর্মফলের মধুরূপে রত
কৃষ্ণ বর্ণ রূপ ধরি ইহা সূর্যের ছটা হয়
সূর্যাশ্রয়ে কর্মের ফল হয় জেন মধুময়।

## তৃতীয়াধ্যায় ঃ চতুর্থ খণ্ড

**অথ যেঽস্যোদঞ্চো রশ্ময়স্তা এবাস্যোদীচ্যো মধুনাড্যোঽথর্বাঙ্গিরস এব মধুকৃত ইতিহাসপুরাণং পুষ্পং তা অমৃতা আপঃ ॥ ১**

সূর্যদেবের উত্তর দিকে যে সব কিরণ আছে
মধু চক্রের মধুছিদ্রের রূপ ধরি তারা রাজে
অথর্ব বেদে মন্ত্র সকল
মধুকর রূপে রহে অবিকল
ইতিহাস আর পুরাণ কথিত কর্ম পুষ্প সাজে
কর্ম হইতে আহরি পুষ্প রস অমৃত মাঝে।

**তে বা এতেঽথর্বাঙ্গিরস এতদিতিহাসপুরাণমভ্যতপংস্তস্যাভিতপ্তস্য যশস্তেজ ইন্দ্রিয়ং বীর্যমন্নাদ্যং রসোঽজায়ত ॥ ২**

অথর্ব বেদে কথিত জানিও মন্ত্র সকল এই
ইতিহাস আর পুরাণ কাহিনী তাপিত করিল যেই
তাহা হতে নিঃসৃত সেই রস
ইন্দ্রিয় পটু বল আর যশ
দেহ কান্তির লাবণ্য রূপে যাহা ঘিরি যেন রয়
অথর্ব বেদে কথিত মন্ত্র জেনো সেই সমুদয়।

**তদ্ব্যক্ষরৎ তদাদিত্যমভিতোঽশ্রয়ৎ তদ্বা এতদ্ যদেতদাদিত্যস্য পরং কৃষ্ণং রূপম্ ॥ ৩**

এই রস তবে বিশেষ রূপেতে সূর্যে ঝরিয়া পড়ে
উত্তর ভাগ অবলম্বনে সেইখানে বাস করে
অতি কালো এই কিরণ সকল
মধুরূপে জেনো কর্মের ফল
সূর্যের মাঝে ঝরে পড়ে তাহা উত্তর ভাগে রয়
সত্য কথা এ শাস্ত্রের কথা মনে জেন নিশ্চয়।

## তৃতীয়াধ্যায় ঃ পঞ্চম খণ্ড

**অথ যেঽস্যোর্ধ্বা রশ্ময়স্তা এবাস্যোর্ধ্বা মধুনাড্যো গুহ্যা এবাদেশা মধুকৃতো ব্রহ্মৈব পুষ্পং তা অমৃতা আপঃ ॥**

সূর্যের সেই উর্দ্ধ দিকেতে যে সব রশ্মি রয়
মধুচ্ছিদ্রের রূপ ধরি তারা রহে যে গগনময়
গুহ্য বিধি ও উপাসনা যত
রয় সেইখানে মধুকর মত
ওঁকার রূপ উপাসনা ফলে প্রণব পুষ্প হয়
পুষ্পের রস অমৃত হইয়া সবি যে অমৃতময়।

**তে বা এতে গুহ্যা আদেশা এতদ্‌ব্রহ্মাভ্যতপং স্তস্যাভিতপ্তস্য যশস্তেজ ইন্দ্রিয়ং বীর্যমন্নাদ্যং রসোঽজায়ত ॥ ২**

গুহ্য সে বিধি উপাসনা সব প্রণবে তাপিত করে
তপ্ত প্রণব মাঝ হতে যেন যশ দেহ জ্যোতি ঝরে
ইন্দ্রিয় পটু যত কিছু বল
ভক্ষনীয় যে অন্ন সকল
রস রূপ ধরি তাহা জেনো হয় সকলি অমৃতময়
গুহ্য সে বিধি উপাসনা কালে প্রণব তাপিত হয়।

**তদ্‌ব্যক্ষরৎ তদাদিত্যমভিতোঽশ্রয়ৎ তদ্বা এতদ্ যদেতদাদিত্যস্য মধ্যে ক্ষোভত ইব॥ ৩**

সেই রস তবে ক্ষরিত হইয়া সূর্যে গমন করে
সূর্য উদ্ধ ভাগেতে থাকিয়া সেথায় বসতি করে
সূর্যের এই মধ্য ভাগেতে
সে কিরণ রহে চঞ্চল মতে
সে কিরণ রাশি কিরণ রূপেতে মধু জেন সেথা রয়
সূর্যের মাঝে কিরণ রাশি সে মধুময় নিশ্চয়।

**তে বা এতে রসানাং রসা বেদা হি রসাস্তেষামেতে রসাস্তানি বা এতান্যমৃতানামমৃতানি বেদা হ্যমৃতাস্তেষামেতান্যমৃতানি॥ ৪**

রক্তিম রাগে রঞ্জিত সেই রস রাশি রসময়
বেদ সমূহেও লোক সকলের রসে যেই রসময়
লোহিতাদি রস রহি এর মাঝে
অমৃত হইয়া সেথায় বিরাজে
বেদ সমূহও অমৃত স্বরূপ জেন মনে নিশ্চয়
কর্ম ফলের প্রশংসা ইহা করমের হয় জয়।

## তৃতীয়াধ্যায় ঃ ষষ্ঠ খণ্ড

**তদ্‌যৎ প্রথমমমৃতং তদ্ বসব উপজীবন্ত্যগ্নিনা মুখেন ন বৈ দেবা অশ্নন্তি ন পিবন্ত্যেতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যন্তি॥ ১**

তাহার মধ্যে প্রথমামৃত রক্তিম রূপ ধরে
অগ্নিকে তারে অগ্রে প্রদানি বসুগণ ভোগ করে
দেবতারা কিছু করে না গ্রহণ
তৃপ্ত শুধুই করে দরশন
তবু তাহাদের প্রথমে দানিয়া বসুগণ ভোগ করে
প্রথম অমৃত সুধাময় যাহা রক্তিম রূপ ধরে।

**ত এতদেব রূপমভিসংবিশন্ত্যেতস্মাদ্রূপাদুদ্যন্তি ॥ ২**

ভোগকাল যদি নাহি হয় তবে দেবতারা স্থির থাকে।
ভোগকাল হলে এই রূপটিকে উপভোগ করে থাকে।

**স য এতদেবমমৃতং বেদ বসূনামেবৈকো ভূত্বাঽগ্নিনৈব মুখেনৈত দেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যতি স এতদেব রূপমভিসংবিশত্যেতস্মা-দ্রূপাদুদেতি ॥ ৩**

উপরে লিখিত ওই অমৃতকে যদি কেহ মনে জানে
বসুদের সাথে অগ্নিকে দিয়ে তবে আপনার মানে
অমৃত লভিয়া তৃপ্ত সেজন
তবু এই রূপ উদাসীন হন
সময় যখন হইবে তখন ভোগে উদ্যত হন
দেবতারে আগে সঁপিয়া সকল প্রসাদ যেজন লন।

**স যাবদাদিত্য পুরস্তাদুদেতা পশ্চাদস্তমেতা
বসূনামেব তাবদাধিপত্যং স্বারাজ্যংপর্যেতা ॥ ৪**

সূর্যদেব সে পূর্ব দিকেতে উদিত যেমন হ'ন
পশ্চিম দিকে অস্তমিত যেমন সূর্য হ'ন
সেই বিদ্বান ও জ্ঞানিও তেমন
দ্বিগুন কালসে রহিয়া তেমন
ততকালব্যাপী আধিপত্য ও স্বারাজ্য লাভ করে
( ভোগকাল তার নহে নির্দ্দিষ্ট অমৃতে যে ধ্যান করে। )

## তৃতীয়াধ্যায় ঃ সপ্তম খণ্ড

**অথ যদ্দ্বিতীয়মমৃতং তদ্রুদ্রা উপজীবন্তিন্দ্রেণ মুখেন নবৈ দেবা অশ্নন্তি ন পিবন্ত্যেতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যন্তি ॥ ১**

শুভ্র বরণ দ্বিতীয়ামৃত ইন্দ্ররে আগে দিয়া
রুদ্রগণেরা করে উপভোগ তারপর তাহা নিয়া
দেবতা কখন আহার না করে
জানে সকলেই পানও নাহি করে
সব ইন্দ্রিয় দ্বারা অমৃতের আস্বাদ তারা লয়
শুক্ল বর্ণ দ্বিতীয়ামৃত ইন্দ্রের তরে রয়।

**ত এতদেব রূপমভিসংবিশন্ত্যেতস্মাদ্রূপাদুদ্যন্তি ॥ ২**

দেবতা সকলে রূপ বিষয়েতে নিচেষ্ট হয়ে রন
সময় হইলে উদ্যমশীল তখন তাহারা হন :

**স য এতদেবমমৃতং বেদ রুদ্রাণামেবৈকো ভূত্বেন্দ্রেণৈব মুখেনৈত দেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যতি স এতদেব রূপমভিসংবিশত্যে তস্মাদ্রূপাদুদেতি ॥ ৩**

উক্ত প্রকারে অমৃতেরে জানে যেই সব সুধীজন
ইন্দ্রে দানিয়া অমৃতে লভিয়া তৃপ্ত তাহারা হন
যেরূপ বিষয়ে হন উদাসীন
সময় হইলে তাহাতে আসীন
এইভাবে সবে ইন্দ্রে তুষিয়া নিজে ভোগে রত রন
একই আধারে উদাসী আবার আগ্রহশীল হন।

**স যাবদাদিত্যঃ পুরস্তাদুদেতা পশ্চাদস্তমেতাদ্বিস্তাবদ দক্ষিণত উদেতোত্তরতোঽস্তমেতা রুদ্রাণামেব তাবদাধিপত্যং স্বারাজ্যং পর্যেতা ॥ ৪**

যতদিন রবি পুরবে উদিয়া পশ্চিমে গত হন
বিদ্বান সুধী তার দুই গুণ জেনো ওই ভাবে র'ন
দক্ষিণ দিকে উদিত হইয়া
উত্তর দিকে অস্ত যাইয়া
রুদ্রদিগের অনুরূপ হয়ে স্বারাজ্য লাভ করে
বাহিরে ভিতরে প্রভাব বিতরি দুই গুণ ভোগ করে।

## তৃতীয়াধ্যায় ঃ অষ্টম খণ্ড

**অথ যৎ তৃতীয়মমৃতং তদ্ আদিত্যা উপজীবন্তি বরুণেন মুখেন নবৈ দেবা অশ্নন্তি ন পিবন্ত্যেতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যন্তি ॥ ১**

ইহার মধ্যে তৃতীয় অমৃত কৃষ্ণ রূপ যে ধরে
অগ্রভাগটি বরুণে দিইয়া আদিত্য ভোগ করে
দেবতা আহার না করে গ্রহণ
পানীয়ও পান না করে কখন
সব ইন্দ্রিয় দ্বারা যে তখন অমৃত ভোগ সে করে
তাহাতে তৃপ্ত পান ও ভোজন দেবতারা নাহি করে।

**ত এতদেব রূপমভিসংবিশন্ত্যেতস্মাদ্রূপাদুদ্যন্তি ॥ ২**

তাহারা আবার রূপ বিষয়েতে নিশ্চেষ্ট হয়ে রন
আবার তারাই রূপ উপভোগে উৎসাহিত ও হন।

**স য এতদেবমমৃতং বেদাদিত্যানামেবৈকো ভূত্বা বরুণেনৈব মুখেনৈতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যতি স এতদেব রূপমভিসংবিশত্যে তস্মাদ্রূপাদুদেতি ॥ ৩**

উক্ত প্রকারে এই অমৃতরে যেই জন মনে জানে
বরুণে দানিয়া আদিত্যগণ সাথে রত এই পানে
রূপ বিষয়েতে উদাসীন হন
পুনঃ উপভোগে উদ্যত রন
এই অমৃতের উপলব্ধিতে ভরে যায় যার মন
আদিত্য মাঝে একজন হয়ে তিনি সেখানেতে বন।

**স যাবদাদিত্যো দক্ষিণত উদেতোত্তরতোঽস্তমেতা দ্বিস্তাবৎ পশ্চাদুদেতা পুরস্তাদস্তমেতাদিত্যানামেব তাবদাধিপত্যং স্বারাজ্যং পর্যেতা ॥ ৪**

রবি যতকাল দক্ষিণে উদি অস্ত উত্তরে হন
তাহার দ্বিগুণ কাল ধরি সেই সুধী ও মনীষিজন
পশ্চিম দিকেতে হইয়া উদিত
পূরব দিকেতে অস্তেতে গত
আদিত্যগণ সম ততকাল অধিপতি তিনি হন
স্বাতন্ত্র আর স্বারাজ্য লভি রন সেই জ্ঞানীগণ।

## তৃতীয়াধ্যায় ঃ নবম খণ্ড

**অথ যচ্চতুর্থমমৃতং তন্মরুত উপজীবন্তি সোমেন মুখেন ন বৈ দেবা অশ্নন্তি ন পিবন্ত্যেতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যন্তি ॥ ১**

তাহার মধ্যে চতুর্থ রূপে অমৃত যাহা রয়
অতি কৃষ্ণের মত রূপ তার শাস্ত্রেতে যাহা কয়
সোমেরে করিয়া অগ্রণী দান
মরুদ গণেরা করে তাহা পান
দেবতারা কভু পান ও আহার কিছুই জেন না করে
সব ইন্দ্রিয়ে উপলব্ধিয়া অমৃতে তৃপ্ত করে।

**ত এতদেব রূপমভিসংবিশন্ত্যেতস্মাদ্রূপাদুদ্যন্তি ॥ ২**

তাঁহারা আবার রূপ বিষয়েতে উদাসীন হয়ে রন
আবার তারাই রূপ উপভোগে উৎসাহিতও হন।

**স য এতদেবমমৃতং বেদ মরুতামেবৈকো ভূত্বা সোমেনৈব মুখেনৈতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যতি স এতদেব রূপমভিসংবিশত্যে তস্মাদ্রূপাদুদেতি ॥ ৩**

উক্ত প্রকারে এই অমৃতেরে যেই জন মনে জানে
সোমকে দানিয়া মরুদগণের সাথে রত ইহা পানে
রূপ বিষয়েতে উদাসীন হন
পুনঃ উপভোগে উদ্যত রন
এই অমৃতের লভি আস্বাদ ভরে যায় তার মন
সোমেরে দানিয়া মরুদগণের সাথে পানে রত জন।

**য সাবদাদিত্যঃ পশ্চাদুদেতা পুরস্তাদস্তমেতা দ্বিস্তাবদুত্তরত উদেতা দক্ষিণতোঽস্তমেতা মরুতামেব তাবদাধিপত্যং স্বারাজ্যং পর্যেতা ॥ ৪**

রবি যতকাল পশ্চিমে উঠি পূর্বে অস্ত যান
তাহার দ্বিগুণ কাল ধরি সেই সুধীও সে মতিমান
উত্তর দিকে উদিত হইয়া
দক্ষিণে সেই অস্ত যাইয়া
মরুদ্‌গণেরই ন্যায় ততকাল স্বারাজ্য লাভ করে
স্বাতন্ত্র লভি সেই সুধীজন আধিপত্য যে করে।

## তৃতীয়াধ্যায় ঃ দশম খণ্ড

**অথ যৎ পঞ্চমমৃতং তৎসাধ্যা উপজীবন্তি ব্রহ্মণা মুখেন ন বৈ দেবা অশ্নন্তি ন পিবন্ত্যেতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যন্তি ॥ ১**

সূর্যের মাঝে চঞ্চল রূপে পঞ্চামৃত রয়
প্রণবে তাহার অগ্রদানিয়া সাধ্যগণেতে লয়
দেবতারা কভু আহার না করে
পানও তাহারা কভু নাহি করে
সব ইন্দ্রিয় সহায় তাহারা উপলব্ধিতে রত
তাতেই তৃপ্ত দেবতারা সব নহে আমাদের মত।

**ত এতদেব রূপমভি সংবিশন্ত্যেতস্মাদ্রূপাদুদ্যন্তি ॥ ২**

তাহারা এরূপে উদাসীন রন
আবাব ইহাতে উদ্যোগী হন।

**স য এতদেবমমৃতং বেদ সাধ্যানামেবৈকো ভূত্বা ব্রহ্মণৈব মুখেনৈত দেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যন্তি স এতদেব রূপমভিসংবিশন্ত্যেতস্মাদ্রূপাদুদেতি ॥ ৩**

উক্ত প্রকারে এই অমৃতেরে যেই জ্ঞানী জন জানে
প্রণবে দানিয়া সাধ্যগণের সাথে রত যেই পানে
অমৃত ভোগিয়া তৃপ্ত যে হন
রূপ বিষয়েতে উদাসীন রন
আবার ইহাই উপভোগ তরে উৎসাহী হন তারা
প্রণবে দানিয়া সাধ্যগণের পানে রত হন যারা।

**স যাবদাদিত্য উত্তরত উদেতা দক্ষিণতোঽস্তমেতা দ্বিস্তাবদূর্ধ্ব উদেতাঽর্বাঙস্তমেতা সাধ্যনামেব তাবদাধিপত্যং স্বারাজ্যং পর্যেতা ॥ ৪**

উত্তর দিকে উদিয়া সূর্য দক্ষিণ দিকে অস্ত যান
তাহার দ্বিগুণ উর্দ্ধে নিম্নে সেই সাধুজন গম্যমান
উদিত হইয়া অস্ত যাইয়া
ততকাল ধরি সকল ব্যাপীয়া
সাধ্যগণেরই অনুরূপ হয়ে আধিপত্য যে করে
স্বারাজ্য লভি সেই জ্ঞানী জন এইভাবে ভোগ করে।

## তৃতীয়াধ্যায় ঃ একাদশ খণ্ড

**অথ তত উধ্ব´ উদেত্য নৈবোদেতা নাস্তমেতৈকল এব মধ্যেস্থাতা তদেষশ্লোকঃ ॥ ১**

ইহার পরেতে সূর্য্য যখন উর্দ্ধদিকেতে উদিত হন
সব প্রাণীদের ভোগদান তরে কালের অতীত হইয়া রণ
উদয় তাহার আর নাহি হয়
অস্তও আর কখনত নয়
নিজ মহিমায় লভিয়া প্রকাশ মধ্য গগন উজলি রণ
উদয় অস্ত আর নাহি তাঁর শ্লোকের মাঝেতে কথিত হন।

**ন বৈ তত্র ন নিম্লোচ নোদিয়ায় কদাচন দেবাস্তেনাহং সত্যেন মা বিরাধিষি ব্রহ্মণা। ইতি ॥ ২**

ব্রহ্ম লোকেতে নাহিক উদয় অস্ত সেথায় নাই
দেবগণ সবে থাকিও সাক্ষী সত্য বলিতে চাই
তোমাদের নামে শপথ করিয়া
সত্য কথাই যাই যে বলিয়া
ইহার ফলেতে ব্রহ্মরূপেতে স্থান যেন মোর হয়
ব্রহ্মলোকেতে নাহিক অস্ত উদিত সূর্য রয়।

**ন হ বা অস্মা উদেতি ন নিম্লোচতি সকৃদ্দিবা হৈবাস্মৈ ভবতি য এতামেবং ব্রহ্মোপনিষদং বেদ ॥ ৩**

ব্রহ্মবিদের পক্ষেও জেন উদয় অস্ত নাই
সূর্য সেথায় চির বিরাজিত উজল সর্ব্বদাই
বেদের গুহ্য গোপন তথ্য
জানে যেই জন ব্রহ্ম তত্ত্ব
তাহার জীবনে চির দিবালোক আঁধার কখন নয়
জ্ঞানের প্রভায় উজলি স্বয়ং আলোয় আলোকময়।

**তদ্ধৈতদ্ ব্রহ্মা প্রজাপতয় উবাচ প্রজাপতির্মনবে মনুঃ প্রজাভ্যস্তদ্ধৈত দ্দালকায়ারুণয়ে জ্যেষ্ঠায় পুত্রায় পিতা ব্রহ্ম প্রোবাচ ॥ ৪**

প্রজাপতি এই মধু জ্ঞান দান করিলেন বিরাটেরে
বিরাট মনু ও ইক্ষ্বাকুগণে দিলেন যে পরে পরে
উদ্দালকের পিতা তারে দেন
তিনি আরুণিকে করিলেন দান।

**ইদং বাব তজ্জ্যেষ্ঠায় পুত্রায় পিতা ব্রহ্ম প্রব্রূয়াৎ প্রণায্যায় বান্তেবাসিনে ।। ৫**

অপর পিতারা জ্যেষ্ঠ পুত্রে দেন এই উপদেশ
পুত্র হইতে পুত্র শিষ্যে প্রচারিল ইহা বেশ।

**নান্যস্মৈ কস্মৈচন যদপ্যস্মা ইমামদ্ভিঃ পরিগৃহীতাং ধনস্য পূর্ণাং দদ্যাদেতদেব ততো ভূয় ইত্যেতদেব ততো ভূয় ইতি ॥ ৫**

অপর কারেও বোলনা কোর না এ মধু বিদ্যাদান
সমুদ্র ঘেরা এই পৃথিবীতে যা কিছু বিরাজমান
ধনধান্যেতে পূর্ণ করিয়া
করে যদি দান সবেতে ভরিয়া
তবু জেন মনে তাহা হতে বড় এ মধু বিদ্যাজ্ঞান
জানে যেই জন বোঝে যেই জন সেই জন মতিমান।

## তৃতীয়াধ্যায় ঃ দ্বাদশ খণ্ড

**গায়ত্রী বা ইদং সর্ব্বং ভূতং যদিদং কিঞ্চ বাগ্বৈ গায়ত্রী বাগ্বা ইদং সর্ব্বং ভূতং গায়তি চ ত্রায়তে চ ॥ ১**

স্থাবর জঙ্গম যত প্রাণীগণ
গায়ত্রী বলে জেনো
প্রাণীগণ নাম ভয় হতে ত্রাণ
করে যে বাক্য মেনো
গায়ত্রী রূপে বাক রয় চুপে
বাকেতে প্রকাশ ময়
বাক সর্ব্বাত্মিকা গায়ত্রী স্বরূপা
অভিন্ন হইয়া রয়।

**যা বৈ সা গায়ত্রীয়ং বাব সা যেয়ং পৃথিব্যস্যাং হীদং সর্বং ভূতং প্রতিষ্ঠিতমেতামেব নাতিশীয়তে ॥ ২**

গান ত্রাণ রূপে গায়ত্রী জেন সবাকার মাঝে রাজে
পৃথিবী রূপিণী গায়ত্রী দেখো সর্ব জীবের মাঝে
এরে অতিক্রমী কেবা যেতে পারে
বিরাজিত সব ইহার ভিতরে
পৃথিবী রূপেতে গায়ত্রী তাই ধরে সবাকার প্রাণ
বাক্য রূপেতে গায়ত্রী তাই ভয় হতে করে ত্রাণ।

**যা বৈ সা পৃথিবীয়ং বাব সা যদিদমস্মিন্ পুরুষে শরীরমস্মিন্‌হীমে প্রাণাঃ প্রতিষ্ঠিতা এতদেব নাতিশীয়ন্তে ॥ ৩**

পূর্বে কথিত গায়ত্রী রূপে ধরণীই জেন রয়
পুরুষাশ্রিত শরীর আবার পার্থিব যাহা হয়
শরীরের মাঝে ইন্দ্রিয় চয়
যাহা শরীরেই সাথে সব রয়
তাহারে ছাড়িয়া যেতে নাহি পারে অতিক্রম সে করি
এই শরীরেই প্রাণরূপে সে যে সবাকার অধিকারী।

**যদ্বৈ তৎ পুরুষে শরীরমিদং বাব তদ্যদিদমস্মিন্নন্তঃ পুরুষে হৃদয়মস্মিন্ হীমে প্রাণাঃ প্রতিষ্ঠিতা এতদেব নাতিশীয়ন্তে ॥ ৪**

পুরুষাশ্রিত এ শরীর যাহা শরীর মধ্যে রহে জেন তাহা
হৃদয় কমলে অভিন্ন হয়ে রয়
ইন্দ্রিয় সব তাহাতে আসীন অতিক্রম না করে কোনদিন
প্রাণের বাঁধনে সবে জেন বাঁধা রয়।

**সৈষা চতুষ্পদা ষড়্‌বিধা গায়ত্রী তদেতদৃচাহভ্যনূক্তম্ ॥ ৫**

চারটি চরণ ছয়টি ধরণ
গায়ত্রী জেনো হয়
ঋক মন্ত্রেতে রহে অনুগতে
গায়ত্রী নামে রয়।

**তাবানস্য মহিমা ততো জ্যায়াংশ্চ পুরুষঃ**
**পাদোহস্য সর্বা ভূতানি ত্রিপাদস্যামৃতং দিবি। ইতি ॥ ৬**

পূর্বে কথিত যাহা বলা হল গায়ত্রী নাম করে
ব্রহ্ম মহিমা বিভূতি তাঁহার একাংশ বলি তারে
পূর্ণ ব্রহ্ম তারো চেয়ে বড়
তিন গুণ বলি তারে মনে করো
সকল পৃথিবী সব জীবগণ একাংশ হয়ে রয়
বাকি তিন গুণে আপনা প্রকাশি স্বরূপে স্বয়ং রয়।

**যদ্বৈ তদ্‌ব্রহ্মেতীদং বাব তদ্‌ যোঽয়ং বহির্ধা পুরুষাদাকাশো যো বৈ স বহির্ধা পুরুষাদাকাশঃ ॥ ৭**

**অয়ং বাব স যোঽয়মন্তঃ পুরুষ আকাশো যো বৈ স অন্তঃ পুরুষ আকাশঃ ॥ ৮**

**অয়ং বাব স যোঽয়মন্তর্হৃদয় আকাশস্তদেতৎ পূর্ণমপ্রবর্তি পূর্ণামপ্রবর্তিনীং শ্রিয়ং লভতে য এবং বেদ ॥ ৯**

ব্রহ্ম রূপেতে যাঁরে বলি তিনি দেহের বাহিরাকাশ
দেহের ভিতরে আকাশ রূপেতে সেই জন করে বাস
হৃদয় পদ্মে আকাশ সেজন
পূর্ণ ব্রহ্ম সেই সনাতন
প্রবৃত্তি হীন তাহার সেরূপ যেই জন মনে জানে
নিঃশেষ হীন লভি ঐশ্বর্য্য পূর্ণতা পায় প্রাণে।

## তৃতীয়াধ্যায় : ত্রয়োদশ খণ্ড

**তস্য হ বা এতস্য হৃদয়স্য পঞ্চ দেবসুষয়ঃ স যোঽস্য প্রাঙ্‌সুষিঃ স প্রাণস্তচ্চক্ষুঃ স আদিত্যস্তদেতত্তেজোঽন্নাদ্যমিত্যুপাসীত তেজস্ব্যন্নাদো ভবতি য এবং বেদ ॥ ১**

পূর্বে কথিত দেবগণ দ্বারা রক্ষিত পাঁচ দ্বার
হৃদয়ের মাঝে রাজে সেই জন সেইত পূর্ব দ্বার
তিনি প্রাণরূপে তিনিই নয়ন
সূর্য রূপেতে সব মাঝে রন
এই ব্রহ্মকে তেজ অন্নের আদিরূপে পূজা করে
যেই জন পূজে তেজস্বী হয়ে দীপ্তাগ্নিতে সে ভরে।

**অথ যোঽস্য দক্ষিণঃ সুষিঃ স ব্যানস্তচ্ছ্রোত্রং স চন্দ্রমাস্তদেতচ্ছ্রীশ্চ যশশ্চেত্যুপাসীত শ্রীমান যশস্বী ভবতি য এবং বেদ ॥ ২**

এই হৃদয়ের দখিন দুয়ারে ব্যান নামে যিনি রন
শ্রবণেন্দ্রিয় রূপে তিনি খ্যাত চন্দ্রমা তিনি হন
এই ব্রহ্মারে জানি মনে সার
বিভূতি ও খ্যাতি রূপে পূজা তাঁর
এই উপাসনা করে যেই জন যশস্বী সেই হয়
বিভূতি লভিয়া খ্যাত তিনি হন এই ত্রিভুবনময়।

**অথ যোঽস্য প্রত্যঙ্‌ সুষিঃ সোঽপানঃ সা বাক্‌ সোঽগ্নিস্তদেতদ্‌ ব্রহ্মবর্চসমন্নাদ্যমিত্যুপাসীত ব্রহ্মবর্চস্যন্নাদো ভবতি য এবং বেদ ॥ ৩**

এই হৃদয়ের পশ্চিম দ্বারে যেজন অবস্থিত
তিনিই অগ্নি বাকইন্দ্রিয় অপান নামেতে খ্যাত
এই ব্রহ্মারে মনেতে জানিয়া
(ব্রহ্মতেজ) অন্নের আদি বলিয়া স্মরিয়া
উপাসনা করে যেই জন তিনি তেজস্বী হয়ে রন
দীপ্ত অগ্নি লভি হৃদয়েতে উজ্জ্বলিত তিনি হন।

**অথ যোঽস্যোদঙ্‌ সুষিঃ স সমানস্তন্মনঃ স পর্জন্যস্তদেতৎ কীর্ত্তিশ্চ ব্যুষ্টিশ্চেত্যুপাসীত কীর্ত্তিমান্‌ ব্যুষ্টিমান্‌ ভবতি য এবং বেদ ॥ ৪**

ওই হৃদয়ের উত্তর দ্বারে সমান নামে যে রয়
তিনি মনরূপে বৃষ্টি দেবতা বরুণ যাহারে কয়
সমান নামেতে ঐ ব্রহ্মারে
কীর্ত্তি ব্যুষ্টি চেয়ে পূজা করে
ব্যুষ্টি অর্থে দেহ লাবণ্য সেজন প্রাপ্ত হয়
কীর্ত্তি লভিয়া এ জগৎ মাঝে সেই জন খ্যাত রয়।

**অথ যোঽস্যোর্ধ্বঃ সুষিঃ স উদানঃ স বায়ুঃ স আকাশস্তদেতদোজশ্চ মহশ্চেত্যুপাসীতৌজস্বী মহস্বান্ ভবতি য এবং বেদ ॥ ৫**

ওই হৃদয়ের উর্দ্ধ দ্বারেতে উদান নামে যে রয়
তিনিই আকাশ তিনি বায়ুরূপে সকল ব্যাপীয়া রয়
উদান নামেতে এই ব্রহ্মরে
মহঃ ও ওজস বলি পূজা করে
বলবান আর মহৎ জনের অর্থ ইহাই হয়
পুজে যেইজন ওজস্বী আর মহীয়ান হয়ে রয়

**তে বা এতে পঞ্চব্রহ্মপুরুষাঃ স্বর্গস্য লোকস্য দ্বারপাঃ স য এতানেবং পঞ্চ ব্রহ্মপুরুষান্ স্বর্গস্য লোকস্য দ্বারপান্ বেদাস্য কুলে বীরো জায়তে প্রতিপদ্যতে স্বর্গলোকং য এতানেবং পঞ্চ ব্রহ্মপুরুষান্ স্বর্গস্য লোকস্য দ্বারপান্বেদ ॥ ৬**

এই পাঁচজন ব্রহ্ম অধীন স্বর্গের দ্বারপাল
এই গুণ লভি পূজে যেইজন বীর আসে কুলে তার
এই পাঁচজনে যেই পূজা করে
এই সব গুণ ভকতিতে স্মরে
ব্রহ্ম পুরুষে উপাসনা করি স্বরগ সেজন পায়
ইন্দ্রিয়গণ বশীভূত যার ভেদজ্ঞান যার যায়।

**অথ যদতঃ পরো দিবো জ্যোতির্দীপ্যতে বিশ্বতঃ পৃষ্ঠেষু সর্বতঃ পৃষ্ঠেষ্বনুত্তমেষূত্তমেষু লোকেষ্বিদং বাব তদ্ যদিদমস্মিন্নন্তঃ পুরুষে জ্যোতিস্তস্যৈ ষা দৃষ্টির্যত্রৈতদস্মিঞ্ছরীরে সংস্পর্শেনোষ্ণিমানং বিজানাতি তস্যৈষা শ্রুতির্যত্রৈতৎ কর্ণাবপিগৃহ্য নিনদমিব নদথুরিবাগ্নেরিব জ্বলত উপশৃণোতি তদেতদ্দৃষ্টং চ শ্রুতঞ্চেত্যুপাসীত চক্ষুষ্যঃ শ্রুতো ভবতি য এবং বেদ য এবং বেদ ॥ ৭**

এই স্বরগের ও উর্দ্ধে যেজন জ্যোতিতে প্রকাশময়
তিনিই আবার মানব শরীরে মধ্যে জ্যোতিতে বয়
এই জ্যোতি তাপ যখন না রয়
এদেহ শীতল প্রাণ চলে যায়
দরশ পরশ দুয়ের মাঝেতে তাঁব তাপ দেহে রয়
কর্ণে ঢাকিলে রথ নির্ঘোযে দেয় তাঁরি পরিচয়

উক্ত জ্যোতিকে সেই জ্ঞানী জন দরশে পরশে পায়
জানে এই জ্যোতি পরমাত্মায় একাত্মভূত হয়
এই কথা জেনে যেই পূজা করে
ব্রহ্ম প্রতীক বলি তেজে স্মরে
সেই সাধুজন দরশন তবে যত নরগণ যায়
লোক বিশ্রুত হন সেইজন যেজন ব্রহ্মে পায়।

## তৃতীয়াধ্যায় ঃ চতুর্দশ খণ্ড

**সর্বং খল্বিদং ব্রহ্ম তজ্জলানিতি শান্ত উপাসীত। অথ খলু ক্রতুময়ঃ পুরুষো যথাক্রতুরস্মিঁল্লোকে পুরুষো ভবতি তথেতঃ প্রেত্য ভবতি স ক্রতুং কুর্বীত॥ ১**

ব্রহ্মাই এই জগত কারণ তাহা হতে জাত হয়
তাহার মাঝেতে জীবিত থাকিয়া তাঁর মাঝে লীন হয়
শান্ত হইয়া তাঁর পূজা কর
তিনি সব জানি মনে তাঁরে স্মর
যেহেতু মানুষ ভাব রূপী জেন জীবন মরণ ময়
জানি এই কথা মনের মাঝেতে আন দৃঢ় প্রত্যয়।

**মনোময়ঃ প্রাণ শরীরো ভারূপঃ সত্যসঙ্কল্প আকাশাত্মা সর্বকর্মা সর্বকামঃ সর্বগন্ধঃ সর্বরসঃ সর্বমিদমভ্যাত্তোঽবাক্যনাদরঃ॥ ২**

করি কি করিনা এই যে ভাবনা শরীর মাঝেতে রয়
এই দেহ মাঝে জ্ঞানে বিরাজেন যেজন মহিমময়
আকাশ আত্মা সত্যেতে স্থির
সব কামনার ধন যেই বীর
সকল কাজেতে সকল গন্ধে সবরসে যেই বয়
বিকার বিহীন ইন্দ্রিয় হীন বিরাজে জগৎময়।

**এষ ম আত্মাঽন্তর্হৃদয়েঽণীয়ান্ ব্রীহের্বা যবাদ্বা সর্ষপাদ্বা শ্যামাকাদ্বা শ্যামাকতণ্ডুলাদ্বৈষ ম আত্মাঽন্তর্হৃদয়ে জ্যায়ান্ পৃথিব্যা জ্যায়ানন্তরিক্ষাজ্জ্যায়ান্ দিবো জায়ানেভ্যো লোকেভ্যঃ॥ ৩**

হৃদয় পদ্ম করি আলোকিত এইরূপে যিনি রন
নিখিলের সব সূক্ষ্ম বস্তু হতেও সূক্ষ্ম হন
হৃদয় কমলে রাজিত সে জন
বিশাল হইতে বিশাল যেহন
ত্রিলোক হইতে অনন্ত যেন অন্ত না পাই তার
সূক্ষ্মের মাঝে সূক্ষ্ম যেজন বিশালে বিরাটাকার।

**সর্বকর্মা সর্বকামঃ সর্বগন্ধঃ সর্বরসঃ সর্বমিদমভ্যাত্তোঽবাক্যনাদর এষ ম আত্মাঽন্তর্হৃদয় এতদ্‌ব্রহ্মৈতমিতঃ প্রেত্যাভিসংভবিতাস্মীতি যস্য স্যাদদ্ধা ন বিচিকিৎসাঽস্তীতি হ স্মাহ শাণ্ডিল্যঃ শাণ্ডিল্যঃ ॥ ৪**

সকল কাজেতে সব কামনায় যেজন বিরাজমান
সকল গন্ধে সকল রসেতে যেজন বিদ্যমান
বাক্য বিহান ইন্দ্রিয় হীন
সবের মধ্যে যে রহে বিলীন
আমার হৃদয় পদ্ম মাঝারে আত্মা রূপে সে রয়
ইনিই ব্রহ্ম ইহারে পাইব আমি জানি নিশ্চয়।
এই দেহ ত্যাজী পাইব ইহারে মনে স্থির আমি জানি
শাণ্ডিল্য ঋষি জানি ধ্যান যোগে বলেছেন এই বাণী
যাহার মনেতে স্থির নিশ্চয়
আছে এই কথা নাহি সংশয়
স্থির জেনো মনে মৃত্যুর পরে ব্রহ্মে সে জন পায়
সব কামনার হয় অবসান সেই জনে যেই চায়।

## তৃতীয়াধ্যায় ঃ পঞ্চদশ খণ্ড

**অন্তরিক্ষোদরঃ কোশো ভূমিবুধ্নো ন জীর্যতি। দিশো হ্যস্য স্রক্তয়ো দ্যৌরস্যোত্তরং বিলং। স এষ কোশো বসুধানস্তস্মিন্‌ বিশ্বমিদং শ্রিতম্‌ ॥ ১**

আকাশ রূপেতে উদর যাহার অধঃ যার ধরণীতে
ভুবন কোষটি না হয় বিনাশ জেন এই জগতেতে
বিভিন্ন কোন তার দিক হয়
দ্যুলোক ইহার মুখ নিশ্চয়
এই রতনের ভাণ্ডার বলি ভুবন কোষেরে জেনো
ইহার মাঝেই যত কিছু রাজে মনেতে এ কথা মেনো।

**তস্য প্রাচী দিগ্‌, জুহূর্নাম সহমানা নাম দক্ষিণা রাজ্ঞী নাম প্রতীচী
সুভূতা নামোদীচী তাসাং বায়ুর্বৎসঃ স য এতমেবং বায়ুংদিশাং
বৎসং বেদ ন পুত্ররোদং রোদিতি সোঽহমেতমেবং
বায়ুং দিশাং বৎসং বেদ মা পুত্ররোদং রুদম্‌॥ ২**

ভুবন কোষের পূর্ব দিকেরে জুহূ বলি খ্যাত রয়
দক্ষিণ দিকে সহমানা আর পশ্চিম রাজ্ঞীকয়
সুভূতা উত্তর মনে জেনে ঠিক
বায়ু শিশু রূপে যেথা যত দিক
দিক সমূহের সন্তান রূপে বায়ুরে অমর জানে
পুত্র শোকেতে রোদন সেজন করেনা ব্যাকুল প্রাণে।

**অরিষ্টং কোশং প্রপদ্যেঽমুনাঽমুনা প্রাণং প্রপদ্যেঽমুনাঽমুনাঽমুনা
ভূঃ প্রপদ্যেঽমুনাঽমুনাঽমুনা ভুবঃ প্রপদ্যেঽমুনাঽমুনাঽমুনা স্বঃ
প্রপদ্যেঽমুনাঽমুনাঽমুনা॥ ৩**

সন্তান নাম ধরিয়া এবার তাহার শরণ লও
অবিনাশী কোষে মনেতে পূজিয়া পরাণের কথা কও
সন্তান তরে লইনু শরণ
শোকতাপ যেন না পাই কখন.
ভূঃ ভূব স্বর এই তিনজনে শরণ আমি যে লই
শরণাগতেরে আশ্রয় দিতে কেবা আছে তোমা বই।

**স যদবোচং প্রাণং প্রপদ্য ইতি প্রাণো বা ইদং সর্বং ভূতং
যদিদং কিঞ্চ তমেব তৎ প্রাপৎসি॥ ৪**

বলিলাম আমি ওহে প্রাণ আমি তোমার শরণ লই
যেথা যত জীবে তুমিই বিরাজ তুমি ছাড়া কেহ নাই
তাই লইলাম শরণ তোমার
তুমি ছাড়া কেহ কোথা নাই আর
তোমার শরণ ছাড়া মোর আর অন্য গতিতো নাই
সব জীবে তুমি বিরাজিছ বলে তোমার শরণ চাই।

**অথ যদবোচং ভূঃ প্রপদ্য ইতি পৃথিবীং প্রপদ্যেঽন্তরিক্ষং প্রপদ্যে**
**দিবং প্রপদ্য ইত্যেব তদবোচম্॥ ৫**

আবার বলেছি ভূলোকের আমি শরণ লাভ যে করি
ইহাতে বলি যে পৃথিবীর আমি শরণ লাভেতে তরি
আকাশের আমি লই যে শরণ
স্বরগের ও আমি লই যে শরণ
সবার শরণ লয়ে এই মন তোমার শরণ লয়
জানে জ্ঞানীগণ যত সুধীজন তুমি যে সর্ব্বময়।

**অথ যদবোচং ভুবঃ প্রপদ্য ইত্যগ্নিং প্রপদ্যে বায়ুং প্রপদ্য**
**আদিত্যং প্রপদ্য ইত্যেব তদবোচম্॥ ৬**

এবে পুনরায় বলি আমি ভুবঃ তোমার শরণ লই
অগ্নি বায়ুর শরণ লইয়া সূর্য শরণ লই।

**অথ যদবোচং স্বঃ প্রপদ্য ইত্যৃগ্বেদং প্রপদ্যে যজুর্বেদং প্রপদ্যে**
**সামবেদং প্রপদ্য ইত্যেব তদবোচং তদবোচম্॥ ৭**

ইহার পরেতে বলি পুনঃ আমি স্বর এর শরণ লই
ইহার সাথেই ঋক যজু সামবেদের শরণ লই।

## তৃতীয়াধ্যায় ঃ ষোড়শ খণ্ড

**পুরুষো বাব যজ্ঞস্তস্য যানি চতুর্বিংশতিবর্ষাণি তৎ প্রাতঃসবনং**
**চতুর্বিংশত্যক্ষরা গায়ত্রী গায়ত্রং প্রাতঃ সবনং তদস্য বসবোঽন্বায়ত্তাঃ**
**প্রাণা বাব বসব এতে হীদং সর্বং বাসয়ন্তি॥ ১**

পুরুষই যজ্ঞ প্রথম চব্বিশ বছর আয়ু যা তার
তাহা প্রাতঃ স্নান গায়ত্রী ছন্দ চব্বিশ অক্ষর যার
প্রাতস্নানেতে গায়ত্রী গান
স্তোত্র গাহিয়া তবে করে স্নান
পুরুষ যজ্ঞ প্রাতঃ স্নান মাঝে বসুগণ অনুগত
প্রাণ সমুহতে বসুগণ রাজে সমভাবে অবিরত।

তঞ্চেদেতস্মিন্ বয়সি কিঞ্চদুপতপেৎ স ব্রূয়াৎ প্রাণা বসব
ইদং মে প্রাতঃসবনং মাধ্যন্দিনং সবনমনুসন্তনুতেতি মাহহং প্রাণানাং
বসূনাং মধ্যে যজ্ঞো বিলোপ্সীয়েত্যুদ্ধৈব তত এত্যগদো হ ভবতি ॥ ২

ঐ বয়সের মধ্যেও যদি কোন রোগে দুখ দেয়
তবে যেন তিনি এই মন্ত্রটি জপ করে নিশ্চয়
ওহে বসু রূপী যত প্রাণ
প্রাতঃ স্নানের সহ কর দান
মধ্য স্নানের মিলিত ফলেতে, প্রাণে না বিলীন হই
এ পূজার ফলে ব্যাধিতে মুক্ত হন তিনি নিশ্চয়ই।

অথ যানি চতুশ্চত্বারিংশদ্বর্ষাণি তন্মাধ্যন্দিনং সবনং চতুশ্চত্বারিংশ-
দক্ষরা ত্রিষ্টুপ. ত্রৈষ্টুভং মাধ্যন্দিনং সবনং তদস্য রুদ্রা অন্বায়ত্তাঃ
প্রাণা বাব রুদ্রা এতে হীদং সর্বং রোদয়ন্তি ॥ ৩

ইহার পরেতে চুয়াল্লিশ বছর মাধ্যন্দিন স্নানময়
অত আখরেতে ত্রিষ্টুপ ছন্দ মন্ত্রে কথিত রয়
পুরুষ যজ্ঞে রুদ্ররা যত
এই সবনের জেন অনুগত
প্রাণ সমূহেরে রুদ্র বলিয়া আপনার মনে যেন
সবারে কাঁদায় এই প্রাণ তাহা নিশ্চয় মনে জেন।

তং চেদেতস্মিন্ বয়সি কিঞ্চিদুপতপেৎ স ব্রূয়াৎ প্রাণা রুদ্রা ইদং
মে মাধ্যন্দিনং সবনং তৃতীয়সবনমনুসন্তনুতেতি মাহহং প্রাণানাং
রুদ্রাণাং মধ্যে যজ্ঞো বিলোপ্সীয়েত্যুদ্ধৈব তত এত্যগদো হ ভবতি ॥ ৪

এই বয়সের মধ্যে যে ব্যাধি তাঁরে যন্ত্রণা দেয়
তাহা হলে এই মন্ত্র জপিয়া বলে যেন নিশ্চয়
হে রুদ্ররূপী যত প্রাণ গন
মাধ্যন্দিন যা আছে সবন
তাহার সাথেতে তৃতীয় সবনে তুমি হে মিলিত কর
প্রাণের মধ্যে রুদ্ররূপেতে বিলীন না হই স্মর।
( এতে ব্যাধি মুক্ত হইবেন )

**অথ যান্যষ্টাচত্বারিংশদ্বর্ষাণি তত্তৃতীয়সবনমষ্টাচত্বারিংশদক্ষরা জগতী জাগতং তৃতীয়সবনং তদস্যাদিত্যা অন্বায়ত্তাঃ প্রাণা বাবাদিত্যা এতে হীদং সর্বমাদদতে ॥ ৫**

ইহার পরেতে আটচল্লিশ আয়ু সে তৃতীয় স্নান
জগতী ছন্দে ঐ আখরেতে মন্ত্র ছন্দ গান
পুরুষ যজ্ঞে আদিত্যগণ
তৃতীয় সবনে অনুগত রণ
প্রাণবৃন্দই আদিত্য যেন ভূত বর্গেতে রয়
আদান গ্রহণ করিয়া সকল পরাণ মাঝে সে রয়।

**তং চেদেতস্মিন্ বয়সি কিঞ্চিদুপতপেৎ স ব্রূয়াৎ প্রাণা আদিত্যা ইদং মে তৃতীয়সবনমায়ুরনুসন্তনুতেতি মাহহং প্রাণানামাদিত্যানাং মধ্যে যজ্ঞো বিলোপ্সীয়েত্যুদ্ধৈব তত এত্যগদো হৈব ভবতি ॥ ৬**

উক্ত বয়স মধ্যেতে যদি ব্যাধিতে কষ্ট দেয়
এ মন্ত্র জপি বলিবেন তিনি, আদিত্য রূপে রয়
প্রাণগণ মোরে তৃতীয় সবন
কর পূর্ণায়ু না হয় মরণ
আদিত্য রূপী প্রাণগণ মাঝে বিলীন না যেন হই,
ব্যাধিতে মুক্ত হইয়া নিরোগ হন তিনি নিশ্চয়ই।

**এতদ্ধ স্ম বৈ তদ্বিদ্বানাহ মহিদাস ঐতরেয়ঃ স কিং ম এতদুপতপসি যোঽহমনেন ন প্রেষ্যামীতি স হ ষোড়শং বর্ষশতম্ জীবৎ প্র হ ষোড়শং বর্ষশতং জীবতি য এবং বেদ ॥ ৭**

ইতরা তনয় মহিদাস এই যজ্ঞ জানিয়া কয়
হে মৃত্যু তুমি বৃথাই দুঃখ দাও মোরে নিশ্চয়
মরিব না আমি ঠিক যেন ইহা
একশত ষোল বৎসর যাহা
বাঁচিলেন তিনি, এ তথ্য জানি যেই জ্ঞানী সুধী জন
রোগাদি শূন্য হয়ে অত আয়ু সেই জন বেঁচে র'ন

## তৃতীয়াধ্যায় ঃ সপ্তদশ খণ্ড

**স যদশিশিষতি যৎ পিপাসতি যন্ন রমতে তা অস্য দীক্ষাঃ ॥ ১**

পুরুষ যজ্ঞে অনুষ্ঠাতা সে ক্ষুধা তৃষ্ণায় র'ন
এ যজ্ঞেতে অনেক দুঃখ সেজন প্রাপ্ত হন।
বিধি যজ্ঞেতে দুঃখ যেমন
জীবন যজ্ঞে জানিও তেমন
বহু সংযম বহু দুঃখেতে এ পূজা পূর্ণ হয়
জীবন যজ্ঞে বহু ব্যথা দুখ বহু ব্যর্থতাময়।

**অথ যদশ্নাতি যৎ পিবতি যদ্রমতে তদুপসদৈরেতি ॥ ২**

তাহার পরেতে আহার পানেতে তিনি আনন্দ পান
ইষ্টি যজ্ঞ সম সাদৃশ আনন্দ করে দান
বিধি যজ্ঞের হলে সমাপন
যজ্ঞ হোতার প্রফুল্ল মন
তেমনি জানিও জীবন যজ্ঞ যেইদিন শেষ হবে
আনন্দ ময়ে লভি সেইদিন দুখ সব দূরে যাবে।

**অথ যদ্ধসতি যজ্জক্ষতি যন্মৈথুনং চরতি স্তুতশস্ত্রৈরেব তদেতি ॥ ৩**

ইহার পরেতে হাস্যে আহারে মিথুনেতে রত রন
স্তোত্র শাস্ত্রে সাদৃশ লভি সেই যাজ্ঞিক গণ।

**অথ যত্তপো দানমার্জবমহিংসা সত্যবচনমিতি তা অস্য দক্ষিণাঃ ॥ ৪**

ইহার পরেতে তাঁর তপস্যা দান সরলতা ময়
অহিংসা আর সত্য বাদিতা, দক্ষিণা রূপে রয়।

**তস্মাদাহুঃ সোষ্যত্যসোষ্টেতি পুনরুৎপাদনমেবাস্য তন্মরণ মেবাবভৃথঃ ॥৫**

মায়ে সন্তান প্রসবি যেমন আনন্দ লাভ করে
যজ্ঞেতে সোম রস নিষ্কাশি যজ্ঞ পূর্ণ করে
পুরুষ যজ্ঞ জানিও তেমন
উৎপত্তি যে হয় যে যেমন
মৃত্যুর সাথে তুলনীয় যেন অবভৃথ—স্নান
জনমে মরনে সমান ক্রিয়াদি জানে সেই মতিমান।

**তদ্ধৈতদ্ ঘোর আঙ্গিরসঃ কৃষ্ণায় দেবকীপুত্রায়োক্ত্বোবাচাপিপাস এব স বভূব সোঽন্তবেলায়ামেতত্রয়ং প্রতিপদ্যেতাক্ষিতমস্যচ্যুতমসি প্রাণ সংশিতমসীতি তত্রৈতে দ্বে ঋচৌ ভবতঃ॥ ৬**

আঙ্গিরসের বংশীয় ঘোর দেবকী তনয়ে বলে
সেই যাজ্ঞিক এই মন্ত্রটি জপে মরণের কালে
স্বরূপে থাকিয়া তুমি অক্ষত
সূক্ষ্ম প্রাণেতে আছ অবিরত
বিশেষ এ জ্ঞান শুনিয়া কৃষ্ণ নিস্পৃহ তবে হন
প্রাণের সহিত অভিন্ন যিনি আত্মা রূপেতে রন।

**আদিৎ প্রত্নস্য রেতসঃ উদ্বয়ং তমসস্পরি জ্যোতিঃ পশ্যন্ত উত্তরং স্বঃ পশ্যন্ত উত্তরং দেব দেবত্রা সূর্যমগন্ম জ্যোতিরুত্তমমিতি জ্যোতিরুত্তমমিতি॥ ৭**

পর ব্রহ্মেতে প্রকাশিত যেই উজ্জ্বল কিরণ ভাতি
দিবালোক ন্যায় সর্ব ব্যাপিয়া রহে যাহা দিবারাতি
চির পুরাতন জগত কারণ
পরম জ্যোতিকে করি দরশন
ব্রহ্মে জানিয়া যত জ্ঞানী জন সবামাঝে তারে পায়
সবাকার মাঝে শ্রেষ্ঠ যেজন যাহারে সকলে চায়।

আমাদের এই হৃদয়ের মাঝে উজ্জ্বল যেই জ্যোতি
তাহার সহিত জেন অভিন্ন সূর্য্যের ওই জ্যোতি
অজ্ঞান মোহ করি বিনাশন
ওই জ্যোতি যেই করে দরশন
সকল জ্যোতির হতে উজ্জ্বল যেজন জ্যোতির্ময়
দেবগণ মাঝে পরমেশ্বরে তাহার দরশ হয়।

## তৃতীয়াধ্যায় ঃ অষ্টাদশ খণ্ড

**মনো ব্রহ্মেত্যুপাসীতেত্যধ্যাত্মমথাধিদৈবতমাকাশো ব্রহ্মেত্যু**
**ভয়মাদিষ্টং ভবত্যধ্যাত্মং চাধিদৈবতং চ ॥ ১**

মন ও আকাশে কর এইবার ব্রহ্মের উপাসনা
মনেই ব্রহ্ম রূপে হয় জেন অধ্যাত্ম আরাধনা
অধি দৈবত আকাশেতে হয়
ব্রহ্ম বলিয়া পুজ নিশ্চয়
অধ্যাত্ম আর অধি দৈবতে পুজার বিধি এ হয়
মন ও আকাশ দোঁহের মাঝেতে ব্রহ্ম যুক্ত রয়।

**তদেতচ্চতুষ্পাদ্ ব্রহ্ম বাক্ পাদঃ প্রাণঃ পাদশ্চক্ষুঃ পাদঃ শ্রোত্রং**
**পাদ ইত্যধ্যাত্মমথাধিদৈবতমগ্নিঃ পাদঃ বায়ুঃ আদিত্য পাদো দিশঃ পাদ**
**ইত্যুভয়মেবাদিষ্টং ভবত্যধ্যাত্মং চৈবাধিদৈবতং চ ॥ ২**

মনো নাম ধারি ব্রহ্মের জেন চারিটি চরণ হয়
বাক এক পদ নাক এক পদ চক্ষুও পদ হয়
কর্ণও জেন এক পদ তার
অধ্যাত্ম ব্রহ্ম এরূপ আকার
আকাশেরও জেন অগ্নিও বায়ু সূর্যও দিকময়
চারিটি পদের এই বর্ণনা শাস্ত্রে একথা কয়।

**বাগেব ব্রহ্মণশ্চতুর্থঃ পাদঃ সোঽগ্নিনা জ্যোতিষা ভাতি চ তপতি**
**চ ভাতি চ তপতি চ কীর্ত্যা যশসা ব্রহ্মবর্চসেন য এবং বেদ ॥ ৩**

বাক ইন্দ্রিয় মনো ব্রহ্মের একটি পদ যে হয়
অগ্নি রূপেতে জ্যোতির সহায়ে বাকই দীপ্ত রয়
ঐ পদ হতে করে তাপ দান
এই কথা জানে যেই মতিমান
কীর্ত্তি বলেতে হয়ে বলীয়ান তেজে তেজস্বী হন
আপন প্রভাবে সবাকারে তিনি তাপ দানে রত রন।

**প্রাণ এব ব্রহ্মণশ্চতুর্থঃ পাদঃ স বায়ুনা জ্যোতিষা ভাতি চ তপতি চ ভাতি চ তপতি চ কীর্ত্ত্যা যশসা ব্রহ্মবর্চসেন য এবং বেদ ॥ ৪**

ঘ্রাণ ইন্দ্রিয় ব্রহ্মের চারি পদের একপদ হয়
উহা বায়ু রূপ জ্যোতির দ্বারায় উজলিয়া তাপময়
এই কথা যিনি মনেতে জানিয়া
অপর জনেরে তাপ প্রদানিয়া
যশ ও ব্রহ্ম তেজে তেজস্বী হয়ে চিরদিন রন
গন্ধ গ্রহণে উৎসাহি হয়ে গন্ধ বিতরি রন।

**চক্ষুরেব ব্রহ্মণশ্চতুর্থঃ পাদঃ স আদিত্যেন জ্যোতিষা ভাতি চ তপতি চ ভাতি চ তপতি চ কীর্ত্ত্যা যশসা ব্রহ্মবর্চসেন য এবং বেদ ॥ ৫**

ব্রহ্মের চারি চরণের এক চরণ নয়ন হয়
আদিত্য রূপে জ্যোতি বিতরিয়া উজলিয়া তাপময়
এই কথাটুকু জানে যেই জন
জ্ঞানের প্রভায় বিকশিত মন
যশ কীর্ত্তিতে ব্রহ্ম তেজেতে তেজস্বী তিনি হন
তাপ দান করি এই গুণীজন ভুবন উজলি রন।

**শ্রোত্রমেব ব্রহ্মণশ্চতুর্থঃ পাদঃ স দিগ্‌ভির্জ্যোতিষা ভাতি চ তপতি চ ভাতি চ তপতি চ কীর্ত্ত্যা যশসা ব্রহ্মবর্চসেন য এবং বেদ য এবং বেদ ॥৬**

কর্ণ জানিও ব্রহ্মের চারি পদের এক পদ হয়
উহা দিগ্‌রূপ জ্যোতিরে ছড়ায়ে উজলে উজলময়
উহা হতে তাপ করে যেই দান
এই কথা জানে যেই মতিমান
যশকীর্তিতে ব্রহ্মতেজেতে তেজস্বী তিনি হ'ন
সবার মাঝেতে জ্ঞান বিতরিয়া থাকে সেই গুণীজন।

## তৃতীয়াধ্যায় ঃ একোনবিংশ খণ্ড

**আদিত্যো ব্রহ্মেত্যাদেশস্তস্যোপব্যাখ্যানমসদেবেদমগ্র আসীৎ তৎ সদাসীৎ তৎ সমভবৎ তদাণ্ডং নিরবর্ততত তৎ সম্বৎসরস্য মাত্রামশয়ত তন্নিরভিদ্যত তে আণ্ডকপালে রজতং চ সুবর্ণং চাভবতাম্ ॥ ১**

সূর্য্য ব্রহ্ম তার পূজা তরে এই কথা বলা হয়
সৃষ্টির আগে জগৎ অসৎ বিকৃত মনে লয়
পরে সৎ হলে তাহে সম্ভূত
ডিমের আকারে হল পরিণত
বছর পরেতে উহা ভাগ হয়ে দুই ভাগ হয়ে রয়
অর্দ্ধেক তার রৌপ্য বরণ আধেক স্বর্ণ ময়।

**তদ্ যদ্ রজতং সেয়ং পৃথিবী যৎ সুবর্ণং সা দ্যৌর্যজ্জরায়ু তে পর্বতা যদুলবং সমেঘো নীহারো যা ধমনয়স্তা নদ্যো যদ্বাস্তেয়মুদকং স সমুদ্রঃ ॥ ২**

তাহার মধ্যে রজত ময় যা পৃথিবী অধঃতে রয়
উর্দ্ধে স্থাপিত সুবর্ণভাগে স্বরগ সে সুখময়
গর্ভ আবরি পর্বত ভাব
আবরণ মেঘ হিম উল্ব আর
জাতকের শিবা সকল হইয়া নদী সব বয়ে যায়
জাতকের পেটে মূত্র হইয়া সমুদ্র জল রয়।

**অথ যত্তদজায়ত সোহসাবাদিত্যস্তং জায়মানাং ঘোষা উলূলবোহ উলূলবোহনূদতিষ্ঠন্ সর্বাণি চ ভূতানি সর্বে চ কামাস্তস্মাৎ তস্যোদয়ং প্রতি প্রত্যায়নং প্রতিঘোষা উলূলবোহনূত্তিষ্ঠন্তি সর্বাণি চ ভূতানি সর্বে চ কামাঃ ॥ ৩**

তাহা হতে এবে জন্ম লইল আঁধার নাশিয়া রবি
তাহারে হেরিয়া উৎসব ধ্বনি করিয়া উঠিল সবি
পর্বত আর জঙ্গম দল
উদিত কাম্য যা কিছু সকল
সেই হতে রবি উদয় অস্তে উৎসব ধ্বনি হয়
জীব বর্গের ও কাম্য জনের উত্থান তবে হয়।

**স য এতমেবং বিদ্বানাদিত্যং ব্রহ্মেত্যুপাস্তেঽভ্যাশো হ যদেনং সাধবো ঘোষা আ চ গচ্ছেয়ুরুপ চ নিম্রেড়েরন্নিম্রেড়েরন্ ॥ ৪**

এই আদিত্যকে এইরূপে জেনে পূজা করে যেই জন
ব্রহ্ম বলিয়া তারে উপাসনা করে যেই সুধীজন
তাহার প্রতি সে মঙ্গলধ্বনি
আকৃষ্ট হয়ে উঠে রণরণি
আনন্দধ্বনি শুনে আনন্দে পূর্ণ হয় সে মন
আদিত্যকেই ব্রহ্ম বলিয়া পূজা করে যেই জন।

## চতুর্থাধ্যায় ঃ প্রথম খণ্ড

**ওঁ জানশ্রুতির্হ পৌত্রায়ণঃ শ্রদ্ধাদেয়ো বহুদায়ী বহুপাক্য আস স হ সর্বত আবসথান্ মাপয়াঞ্চক্রে সর্বত এব মেঽন্নমৎস্যন্তীতি ॥ ১**

জানশ্রুতির পৌত্রের সুত শ্রদ্ধায় দান করে
বহু অন্নের রন্ধন করি এই ভবে মনে করে
ভোজনার্থীরা মিলিয়া সকলে
আমার অন্ন খাবে কুতুহলে
ভাবি এই কথা পান্থ নিবাস দিকে দিকে করে দেয়
প্রচুর অন্ন দানিয়া তৃপ্ত দানবীর সেই হয়।

**অথ হ হংসা নিশায়ামতিপেতুস্তদ্ধৈবং হংসো হংসমভ্যুবাদ হো হোঽয়ি ভল্লাক্ষ ভল্লাক্ষ জানশ্রুতেঃ পৌত্রায়ণস্য সমং দিবা জ্যোতিরাততং তন্মা প্রসাঙ্ক্ষীস্তত্ত্বা মা প্রধাক্ষীরিতি ॥ ২**

দেব ঋষি গণ তাহার শ্রদ্ধা দানেতে তুষ্ট হয়ে
এক রাত্রিতে আসিলেন সেথা হংসের রূপ লয়ে
পেছনের দিকে যেই হাস রয়
অগ্রগামী সে তারে তবে কয়
ওহে ভল্লাক্ষ দেখ এ রাজার প্রভাবে দ্যুলোক ময়
তবে দেখ যাতে পুড়ে নাহি যাও ও তাপে দগ্ধ হয়।

**তমু হ পরঃ প্রত্যুবাচ কম্বর এনমেতৎ সন্তং সযুগ্বানমিব রৈক্ক মাত্থেতি যোন্নু কথং সযুগ্বা রৈক্ক ইতি ॥ ৩**

ভল্লাক্ষ তারে এই উত্তর দিলেন শোন গো সবে
অতি সাধারণ এরে তুমি রৈক্কের মত কথা কবে
সযুগ্বা মানে বীর সেই জন
জোয়াল বা গাড়ী যে করে বহন
সেই যে রৈক্ক বীরের মতন তার মত কথা বলো
অপর হংস জিজ্ঞাসে রৈক্ক কেমন তা মোরে বলো।

**যথা কৃতায় বিজিতায়াধরেয়াঃ সংযন্ত্যেবমেনং সর্বং তদভিসমৈতি যৎ কিঞ্চ প্রজাঃ সাধু কুর্বন্তি যস্তদ্বেদ যৎ স বেদ স ময়ৈতদুক্ত ইতি ॥৪**

ভল্লাক্ষ কহেন তখন পাশায় ফেলা যে দান
যাহা ফেলি সবে জয় লাভ করে ছোট ছোট যাহা দান
জয় লাভ করি মাঝে পায় লয়
তেমতি জানিও মনে নিশ্চয়
যেথা যত প্রাণী পুণ্য যা করে সবি রৈক্কই পায়
রৈক্কের মত যেবা তাহা জানে সেও তারি মত পায়।

**তদু হ জানশ্রুতিঃ পৌত্রায়ণ উপশুশ্রাব স হ সঞ্জিহান এব ক্ষত্তারমুবাচাঙ্গারে হ সযুগ্বানমিব রৈক্কমাত্থেতি যো নু কথং সযুগ্বা রৈক্ক ইতি—॥৫**

উভয়ের কথা জানশ্রুতির পৌত্রের সুত শোনে
প্রভাতে যখন বৈতালিকেরা বন্দনা করে গানে
শয্যা তেয়াগী বলেন তাদের
আমারে কিবলো সম রৈক্কের
সেই জন বলে সযুগ্বা সে রৈক্ক কেমন হয়
কন তিনি শোন বলি আমি তোমা যাহা জানি সমুদয়।

**যথা কৃতায় বিজিতায়াধরেয়াঃ সংযন্ত্যেবমেনং সর্বং তদভিসমৈতি যৎ কিঞ্চ প্রজাঃ সাধু কুর্বন্তি যস্তদ্বেদ যৎ সবেদ স ময়ৈত দুক্ত ইতি—॥৬**

পাশাতে যেমন কৃত পার্শ্বের দ্বারাতে বিজয় হয়
অপর সকল দানগুলি যথা তাহাতে বিলীন ময়
তেমনি সবার পুণ্য যা হয়
রৈকক পুণ্যে মিশে জেন যায়
রৈক্কের এই মহিমা গরিমা জানে জেন যেই জন
আমার কাছেতে রৈক্কের মত তিনিও পুজ্য হন।

**স হ ক্ষত্তাঽন্বিষ্য নাবিদমিতি প্রত্যেয়ায় তং হোবাচ যত্রারে ব্রাহ্মণস্যান্বেষণা তদেনমর্চ্ছেতি ॥ ৭**

অনেক খুঁজিয়া সেই স্তব কারি ফিরি আসি তবে কয়
না পারি জানিতে কি করে জানিব কহ মোরে মহাশয়
জনশ্রুতি সে বলেন তখন
ব্রহ্মজ্ঞের এবে প্রয়োজন
তাদের সাথেতে কর দরশন তাঁহারা এসব জানে
সন্ধান কর ব্রহ্মজ্ঞের এই লয় মোর প্রাণে।

**সোঽধস্তাচ্ছকটস্য পামানং কষমাণমুপোপবিবেশ তং হাভ্যুবাদ ত্বং নু ভগবঃ সযুগ্বা রৈক ইত্যহং হ্যরাও ইতি হ প্রতিজজ্ঞে স হ ক্ষত্তাঽবিদমিতি প্রত্যেয়ায় ॥ ৮**

অন্বেষনের পরে শকটের কাছে খোস চুলকায়
দেখি একজনে গিয়া তার কাছে বিনয় ভরেতে কয়
কহে তবে সেই স্তবকারী জন
সযুগ্বা রৈক আপনি কি হন
স্বীকারিল তবে রৈক্ক যখন তখন হৃষ্ট মন
জানিয়াছি বলি সেই জন তবে করিল প্রত্যাবর্ত্তন।

# চতুর্থাধ্যায় ঃ দ্বিতীয় খণ্ড

**তদুহ জানশ্রুতিঃ পৌত্রায়ণঃ ষট্‌শতানি গবাং নিষ্কমশ্বতরী রথং তদাদায় প্রতিচক্রমে তং হাভ্যুবাদ ॥ ১**

**রৈকেমানি ষট্‌শতানি গবাময়ং নিষ্কোঽয়মশ্বতরীরথোঽনু ম এতাং ভগবো দেবতাং শাধি যাং দেবতামুপাস্স ইতি ॥ ২**

এই কথা শুনি জানশ্রুতির পৌত্রের নন্দন
ছয় শত গাভী কণ্ঠের হার রথাশ্ব অগনন
লয়ে সাথে এই ধন আদিগণ
রৈক্বর কাছে করিল গমন
করোজোড় করি করে নিবেদন আনিয়াছি তব তরে
দাও উপদেশ কেমন করিয়া দেব উপাসনা করে।

**তমু হ পরঃ প্রত্যুবাচাহ হারেত্বা শূদ্র তবৈব সহ গোভিরস্ত্বিতি তদু হ পুনরেব জানশ্রুতিঃ পৌত্রায়ণঃ সহস্রং গবাং নিষ্কমশ্বতরীরথং দুহিতরং তদাদায় প্রতিচক্রমে ॥ ৩**

কহেন রৈক কঠিন বচনে রে শূদ্র কথা শোনো
গাভী রথ হার তোমারই থাকুক প্রয়োজন নাহি কোনো
শুনি এই কথা নির্ম্মম হায়
পুনঃ সেই রাজা তার কাছে যায়
সহস্র গাভী হার রথ সাথে আপন দুহিতা লয়ে
জানশ্রুতির পৌত্রের সুত কহে তার কাছে গিয়ে।

**তং হাভ্যুবাদ রৈকেদং সহস্রং গবাময়ং নিষ্কোঽয়মশ্বতরীরথ ইয়ং জায়াঽয়ং গ্রামো যস্মিন্নাসসেঽন্বেব মা ভগবঃ শাধীতি ॥ ৪**

কহে কর জুড়ি বিনয় বচনে হে রৈক্ব মতিমান
তোমার তরেতে সহস্র গাভী রথ হার বধূ দান
তার সাথে যেই গ্রামে বাস করো
তাহা আজ হতে জানিও তোমারো
শুধু তুমি দাও এই উপদেশ আরাধনা কিসে হয়
আমার এ দান করিয়া গ্রহণ কৃপা কর দয়াময়।

**তস্যা হ মুখমুপোদ্‌গৃহ্ণন্নুবাচাজহারেমাঃ শূদ্রানেনৈব মুখেনালা পয়িষ্যথা ইতি তে হৈতে রৈক্কপর্ণা নাম মহাবৃষেষু যত্রাস্মা উবাস তস্মৈ হোবাচ ॥ ৫**

কন্যাদানের আগ্রহ দেখি রৈক্ক তুষ্ট হন
কহে উত্তম আমার তরেতে আনিয়াছ যা যা ধন
মহাবৃষ দেশে রৈকক পণ
নামে যে দেশেতে রৈক্ক সে রন
এ সকল গ্রাম সমস্ত সব রাজা যবে দান করে
তুষ্ট হইয়া রৈক্ক তখন রাজারে একথা বলে।

## চতুর্থাধ্যায় ঃ তৃতীয় খণ্ড

**বায়ুর্বাব সম্বর্গো যদা বা অগ্নিরুদ্বায়তি বায়ুমেবাপ্যেতি যদা সূর্যো হস্তমেতি বায়ুমেবাপ্যেতি যদা চন্দ্রোঽস্তমেতি বায়ুমেবাপ্যেতি ॥ ১**

সম্বর্গ বলি বায়ু খ্যাত হন সকলের গ্রাসকারি
অগ্নি যখন নিভেন তখন মিশে যান সাথে তারি
সূর্য্য অস্তে করিয়া গমন
বায়ুর মাঝেতে জেন লীন হন
চন্দ্র যখন অস্তেতে যান বায়ু মাঝে মিশে যায়
বায়ুবে তাইত সম্বর্গ নামে শাস্ত্রের মাঝে কয়।

**যদাপ উচ্ছুষ্যন্তি বায়ুমেবাপিযন্তি বায়ুর্হ্যেবৈতান্ সর্বান্ সংবৃঙ্‌ক্ত ইত্যধিদৈবতম্ ॥ ২**

জলরাশি যবে বিশুষ্ক হয়ে বায়ু মাঝে লীন হয়
কারণ বায়ুই নিজের মাঝেতে আত্মসাৎ করে লয়
দেবতা গণের মাঝেতে তখন
সম্বর্গের হয় দরশন
এইরূপে জেন বায়ুর মাঝেতে দেবতার উপাসনা
অধিদৈবত রূপে এরে কয় যত জ্ঞানী সুধীজন।।

**অথাধ্যাত্মং প্রাণো বাব সম্বর্গঃ স যদা স্বপিতি প্রাণমেব বাগপ্যেতি প্রাণং চক্ষুঃ প্রাণং শ্রোত্রং প্রাণং মনঃ প্রাণো হ্যেবৈতান সর্বান্ সংবৃঙ্‌ক্ত ইতি ॥ ৩**

শরীরের মাঝে সম্বর্গ রূপে প্রাণ জেন তাহে রয়
নিদ্রা কালেতে বাক ইন্দ্রিয় প্রাণ মাঝে লীন হয়
প্রাণ মাঝে লীন হয় সে নয়ন
কর্ণও প্রাণ মাঝে লীন হন
প্রাণে লীন হয়ে মনও তখন সব প্রাণ মাঝে রয়
আপনা মাঝারে সবারে লইয়া পরাণ পরাণময়।

**তৌ বা এতৌ দ্বৌ সম্বর্গৌ বায়ুরেব দেবেষু প্রাণঃ প্রাণেষু ॥ ৪**

এই দুই জন জানিও মনেতে সম্বর্গ গুণময়
দেবগণ মাঝে বায়ু ইন্দ্রিয়েতে প্রাণরূপে সেই রয়।

**অথ হ শৌনকং চ কাপেয়মভিপ্রতারিণং চ কাক্ষসেনিং পরিবিষ্যমাণৌ ব্রহ্মচারী বিভিক্ষে তস্মা উ হ ন দদতুঃ ॥ ৫**

ভোজন নিরত কপি বংশীয় শুনক তনয় হয়
কাক্ষসেনি সে পরিবেশনের কার্য্যেতে রত রয়
ব্রহ্মচারিতে ভিক্ষা যে চায়
দেয়না ভিক্ষা সেই জন হায়
ব্রহ্মচারীরে পরীক্ষা করে ভাবিয়া অহংকারি
ভাবি দাম্ভিক দিলনা ভিক্ষা ভাবে পরীক্ষা করি।

**সহোবাচ মহাত্মনশ্চতুরো দেব একঃ কঃ স জগার ভুবনস্য গোপাস্তং কাপেয় নাভিপশ্যন্তি মর্ত্যা অভিপ্রতারিন্ বহুধা বসন্তম যস্মৈ বা এতদন্নং তস্মা এতন্ন দত্তমিতি ॥ ৬**

ব্রহ্মচারি সে কহেন তখন দেবতা একই হন
প্রজাপতি সেই চার মহাত্মা আপনি গ্রাসিয়া লন

তিন ভুবনের সেই রক্ষক
না জানিয়া মোরে ভাব ভক্ষক

সবার মাঝেতে রাজে যেই জন তারে না দেখিতে পায়
আমারে না দিলে অন্ন জানিও তিনিও তাহা না পায়।

**তদু হ শৌনকঃ কাপেয়ঃ প্রতিমন্বানঃ প্রত্যেয়ায়—**
**আত্মা দেবানাং জনিতা প্রজানাং হিরণ্যদংষ্ট্রো বভসোঽনসূরিঃ মহান্তমস্য মহিমানমাহুরণদ্যমানো যদনন্নমত্তি।**
**ইতি বৈ বয়ং ব্রহ্মচারিন্নেদমুপাস্মহে দত্তাস্মৈ ভিক্ষামিতি ॥ ৭**

শুনি এই কথা শৌনক তবে আপনার ত্রুটি স্মরে
ব্রহ্মচারির কাছে গিয়ে তবে কহে যে বিনয় ভরে

সব দেবতার আত্মা যে জন
সর্ব্ব আহারি ভক্ষিত নন

অভগ্ন দাঁত মেধাবী যেজন তাহার মহিমাময়
তাঁরে পূজি মোরা। অন্ন দানিতে ভৃত্যে তখন কয়।

**তস্মা উ হ দদুস্তে বা এতে পঞ্চান্যে পঞ্চান্যে দশ সন্তস্তৎ কৃতং তস্মাৎ সর্বাস্মু দিক্ষ্বন্নমেবে দশ কৃতং সৈষা বিরাড়ন্নাদী তয়েদং সর্বং দৃষ্টং সর্বমস্যেদং দৃষ্টং ভবত্যন্নাদো ভবতি য এবং বেদ য এবং বেদ ॥৮**

ইহার পরেতে তাঁহারা তাহারে ভিক্ষা করেন দান
পাঁচে পাঁচ মিলে দশ হয়ে তবে কৃতত্ব তিনি পান

দশকের সাথে সাদৃশ্য রয়
দশজন জেন রহে দশময়

দশদেবতার বিরাট রূপেতে অন্ন ভোক্তা হয়
অন্ন লভিয়া লভি দর্শন উপলব্ধি যে হয়।

## চতুর্থাধ্যায় ঃ চতুর্থ খণ্ড

**সত্যকামো হ জাবালো জবালাং মাতরমামন্ত্রয়াঞ্চক্রে ব্রহ্মচর্যং ভবতি বিবৎস্যামি কিংগোত্রো ন্বহমস্মীতি ॥ ১**

সত্যকাম সে জবালা তনয় ডাকিয়া মায়েরে কয়
ব্রহ্মচর্য্য তরে গুরু গৃহে যাইব মা এ সময়
বলো মোরে তুমি কি গোত্র মোর
ওগো পুজনীয়া হে জননী মোর
জিজ্ঞাসা করি জানিবার তরে কি গোত্র মোর হয়
কোন বংশেতে জনম আমার কহ মাগো নিশ্চয়।

**সা হৈনমুবাচ নাহমেতদ্বেদ তাত যদ্গোত্রস্ত্বমসি বহ্বহং চরন্তী পরিচারিণী যৌবনে ত্বামলভে সাহহমেতন্ন বেদ যদ্গোত্রস্ত্বমসি জবালা তু নামাহমস্মি সত্যকামো নাম ত্বমসি স সত্যকাম এব জাবালো ব্রুবীথা ইতি ॥ ২**

কহেন জবলা যৌবন কালে কর্ম্মব্যস্ত রই
গোত্রের কথা জিজ্ঞাসা তরে সময় তখন কই
যৌবন মাঝে পতি মৃত হয়
শোকে অভিভূতা কহন না যায়
জিজ্ঞাসা কভু করিতে পারিনি কি গোত্র হল মম
তব পরিচয় জবালা তনয় নাম সে সত্যকাম।

**স হ হারিদ্রুমতং গৌতমমেত্যোবাচ ব্রহ্মচর্যং ভগবতি বৎস্যাম্যুপেয়াং ভগবন্তমিতি ॥ ৩**

হরিদ্রুমত তনয় সেথায় গৌতম নামে রয়
তাহার নিকটে যাইয়া তখন সত্যকাম সে কয়
আপনার কাছে করি আমি বাস
ব্রহ্মচর্য্যে রত হব আশ
আপনারে আমি গুরু রূপে মোর পাইতে এ মন চায়
গৌতম ঋষি নিকটেতে গিয়া সত্যকাম সে কয়।

**তং হোবাচ কিং গোত্রো নু সোম্যাসীতি স হোবাচ নাহমেতদ্বেদ ভো যদ্গোত্রোঽহমস্ম্যপৃচ্ছং মাতরং সা মা প্রত্যব্রবীদ্ বহ্বহং চরন্তী পরিচারিণী যৌবনে ত্বামলভে সাঽহমেতন্ন বেদ যদ্গোত্রস্ত্বমসি জবালা তু নামাহমস্মি সত্যকামো নাম ত্বমসীতি সোঽহং সত্যকামো জাবালোঽস্মি ভো ইতি ॥ ৪**

গৌতম ঋষি শুধান তখন কি গোত্র তুমি ধরো
আমার গোত্র জানিনা বলিয়া দেন তিনি উত্তর
জিজ্ঞাসা পরে কহিলেন মাতঃ
বহু কর্মেতে ছিলাম যে রত
যৌবনে যবে হই উপনীত পাইলাম কোলে তোরে
স্বামীরে হারায়ে শোকেতে আকুল জানিব কেমন করে ?
জবালা নামেতে জননী আমার আমি সে সত্যকাম
জানি যাহা তাহা কহি যে সত্য জবালা সত্যকাম।

**তং হোবাচ নৈতদব্রাহ্মণো বিবক্তুমর্হতি সমিধং সোম্যাহরোপ ত্বা নেষ্যে ন সত্যাদগা ইতি তমুপনীয় কৃশানামবলানাং চতুঃশতা গা নিরাকৃত্যোবাচেমাঃ সোম্যানুসংব্রজেতি তা অভিপ্রস্থাপয়ন্নুবাচ নাসহস্রেণাবর্তেয়েতি স হ বর্ষগণং প্রোবাস তা যদা সহস্রং সম্পেদুঃ ॥ ৫**

আচার্য্য তবে সত্যকামকে কন আশ্বাস বাণী
ব্রাহ্মণ ছাড়া এমন কথাও কেহ বলে না তা জানি
হে সোম্য সমিধ আহরণ করো
উপনীত তোমা করি সত্বর
সত্য হইতে ভ্রষ্ট যে নয় বর্ণ শ্রেষ্ঠ সেই
শাস্ত্রের কথা জানিও ইহাতে কিছু জেন ভুল নেই।

দীক্ষা দানিয়া ক্ষীণ দুর্বল গোধন হইতে তার
চারিশত গাভী দিয়া তার পরে দিলেন তাহার ভার
তাদের চালনে হইলেন রত
বলিলেন গুরু এই লই ব্রত
সহস্র এর পূর্ণ নাহলে ফিরিব না আমি হেথা
দীর্ঘকাল সে প্রবাসে রহিয়া ফিরিলেন পুনঃ সেথা।
( গাভী সহস্র হইলে )

## চতুর্থাধ্যায় ঃ পঞ্চম খণ্ড

**অথ হৈনমৃষভোঽভ্যুবাদ সত্যকাম ৩ ইতি ভগব ইতি হ প্রতি-শুশ্রাব প্রাপ্তাঃ সোম্য সহস্রং স্মঃ প্রাপয় ন আচার্যকুলম্॥ ১**

সত্যকামের তপস্যা হেরি বায়ু বৃষ মাঝে আসি
কহিলেন বৃষ হে সত্যকাম! প্রভু বলে তিনি হাসি
বৃষভ তখন কহেন বচন
সহস্র মোরা হয়েছি এখন
আচার্য্য কাছে লয়ে চল তুমি তাহার কাছেতে যাই
সত্যকামের সেবায় তুষ্ট প্রীত হয়ে বলে তাই।

**ব্রহ্মণশ্চ তে পাদং ব্রবাণীতি ব্রবীতু মে ভগবানিতি তস্মৈ হোবাচ প্রাচী দিক্‌কলা প্রতীচী দিক্‌কলা দক্ষিণা দিক্-কলোদীচী দিক্‌কলৈষ বৈ সোম্য চতুষ্কলঃ পাদো ব্রহ্মণঃ প্রকাশবান্নাম॥ ২**

কহিলেন বৃষ ব্রহ্মের পাদ বিষয়েতে বলি শোন
শ্রদ্ধাবনত সত্যকাম সে বলে শুনি দিয়ে মন
পূর্ব অংশ একদিক হয়
পশ্চিম দিক অন্যেতে রয়
উত্তর দিক আর এক অংশ দক্ষিণ দিক আর
ব্রহ্মের সেই চতুষ্কলেতে এক পাদ হয় তাঁর।

**স য এতমেবং বিদ্বাংশ্চতুষ্কলং পাদং ব্রহ্মণঃ প্রকাশবানিত্যপাস্তে প্রকাশবানস্মিঁল্লোকে ভবতি প্রকাশবতো হ লোকাঞ্জয়তি য এত-মেবং বিদ্বাংশ্চতুষ্কলং পাদং ব্রহ্মণঃ প্রকাশবানিত্যুপাস্তে॥ ৩**

ব্রহ্মের এই চতুষ্কল পাদকে যেজন জানে
প্রকাশ শীলের করে উপাসনা, তারে ইহলোকে মানে
চতুষ্কল এ পাদেরে জানিয়া
পুজে যেই জন মনেতে মানিয়া
পরলোকে সেই প্রকাশ বানেতে লাভ করে সেই জয়
লোক সমুহেরে জয় করি সেই খ্যাত সেই জন হয়।

## চতুর্থাধ্যায় ঃ ষষ্ঠ খণ্ড

**অগ্নিষ্টে পাদং বক্তেতি স হ শ্বোভূতে গা অভিপ্রস্থাপয়াঞ্চকার তা যত্রাভি সায়ং বভূবুস্তত্রাগ্নিমুপসমাধায় গা উপরুধ্য সমিধ-মাধায় পশ্চাদগ্নেঃ প্রাঙুপোপবিবেশ॥ ১**

বৃষ কহিলেন অগ্নি তোমায় এক পাদ বলিলেন
পরদিন ঐ গো বৃন্দে লয়ে গুরু গৃহে চলিলেন
সন্ধ্যা সময়ে ও গরু সকল
যেখানে আসিয়া সমবেত হল
গরুকে বাঁধিয়া আগুন জ্বালিয়া তাহার পিছন দিকে
আগুনের মাঝে সমিধ দিইয়া বসিল পূর্ব ভাগে।

**তমগ্নিরভ্যুবাদ সত্যকাম৩ ইতি ভগব ইতি হ প্রতিশুশ্রাব॥ ২**

অগ্নি তাহাকে হে সত্যকাম করিলা সম্বোধন
উত্তরে তার সত্যকাম সে কন হে ভগবান।

**ব্রহ্মণঃ সোম্য তে পাদং ব্রবাণীতি ব্রবীতু মে ভগবানিতি তস্মৈ হোবাক পৃথিবী কলাঽন্তরিক্ষং কলা দ্যৌঃ কলা সমুদ্রঃ কলৈষ বৈ সৌম্য চতুষ্কলঃ পাদো ব্রহ্মণোঽনন্তবান্নাম ॥ ৩**

অগ্নি কহেন হে সোম্য বলি ব্রহ্মের এক পাদ
সত্যকাম সে কহেন বলুন আমারও শুনতে সাধ
অগ্নি কহেন পৃথিবী একটি অংশেতে জেন রয়
অন্তরীক্ষ আর এক অংশ মনে জেন নিশ্চয়
স্বরগ তাহার একটি অংশ আরেতে সাগর রয়
অনন্তবান নামে ব্রহ্মের চতুষ্কল এক পাদ হয়।

**স য এতমেবং বিদ্বাংশ্চতুষ্কলং পাদং ব্রহ্মণোঽনন্তবানিত্যুপাস্তে-ঽনন্ত বানস্মিল্লোঁকে ভবত্যনন্তবতো হ লোকাঞ্জয়তি য এতমেবং বিদ্বাংশ্চতুষ্কলং পাদং ব্রহ্মণোঽনন্তবানিত্যুপাস্তে ॥ ৪**

ব্রহ্মের এই চতুষ্কলেরে এই পাদ বলি জেনে
অনন্তবান বলি উপাসনা করে জেন জ্ঞানীজনে
এই লোকে সেই অনন্তবান
হয়ে রয় জেন সেই মতিমান
পরলোকে সেই অন্তহীন সে হয় জেন অক্ষয়
সকলের জয় করিয়া সেজন অনন্ত রূপে রয়।

## চতুর্থাধ্যায় ঃ সপ্তম খণ্ড

**হংসস্তে পাদং বক্তেতি। স হ শ্বোভূতে গা অভিপ্রস্থাপয়াঞ্চকার তা যত্রাভি সায়ং বভূবুস্তত্রাগ্নিমুপসমাধায় গা উপরুধ্য সমিধমাধায় পশ্চাদগ্নেঃ প্রাঙ্ উপোপবিবেশ ॥ ১**

অগ্নি বলেন হংস বলিবে ব্রহ্মের এক পাদ
সত্যকাম সে বলেন সে জানি তোমারি আশীর্ব্বাদ
পরদিন তবে লয়ে গো সকল যান গুরু গৃহ পানে
সন্ধ্যা আসিলে সবারে আনিয়ে আগুন তখন জ্বালে
বাঁধি গরুদের সমিধ আনিয়ে আগুন পিছনে করি
অগ্নি সমীপে বসেন তখন পূরবেতে মুখ করি।

**তং হংস উপনিপত্যাভ্যুবাদ সত্যকাম ৩ ইতি ভগব ইতি হ প্রতিশুশ্রাব ॥ ২**

হংস উড়িয়া আসিয়া তখন সত্যকামেরে বলেন বচন
হে সত্যকাম বলিয়া তখন সম্বোধন যে করে
সত্যকাম সে উত্তর দেন কর জুড়ি তবে হাঁস প্রতি কন
কহ ভগবান কি বলিবে তুমি কহ গো করুণা করে।

**ব্রহ্মণঃ সোম্য তে পাদং ব্রবাণীতি ব্রবীতু মে ভগবানিতি তস্মৈ হোবাচাগ্নিঃ কলা সূর্যঃ কলা চন্দ্রঃ কলা বিদ্যুৎ কলৈষ বৈ সোম্য চতুষ্কলঃ পাদো ব্রহ্মণো জ্যোতিষ্মান্ নাম ॥ ৩**

হংস তখন বলেন বচন ব্রহ্মের এক পাদ বর্ণন
বলিব তোমায় শুন দিয়া মন হে সোম্য মতিমান
সত্যকাম সে বলেন তখন শ্রদ্ধেয় তুমি কর বর্ণন
হংস বলিল অগ্নি তাহার একাংশে বিদ্যমান
একটি অংশে সূর্য্য সে রয় আর এক অংশে চন্দ্র সে হয়
আর এক অংশে বিদ্যুৎ জেন উজলিয়া তাহা রয়
ব্রহ্মের ঐ জ্যোতিষ্মান যে চতুষ্কলেতে রহে এই মতে
হে সৌম্য জেন একটি পাদের বর্ণনা এই হয়।

**স য এত মেবং বিদ্বাংশ্চতুষ্কলং পাদং ব্রহ্মণো জ্যোতিষ্মানিত্যুপাস্তে জ্যোতিষ্মানস্মিঁল্লোকে ভবতি জ্যোতিষ্মতো হ লোকাঞ্জয়তি য এত মেবং বিদ্বাংশ্চতুষ্কলং পাদং ব্রহ্মণো জ্যোতিষ্মানিত্যুপাস্তে ॥ ৪**

ব্রহ্মের এই চতুষ্কল সে পাদেরে যেজন জানে
জ্যোতির্ম্ময় বলি করে উপাসনা সেই জন মতি মানে
এই লোকে সেই জ্যোতিষ্মান হয়
পরলোকে সেই উজ্জলিয়া রয়
চন্দ্র সূর্য্য উজ্জল যে লোকে জয় করে সেই জন
ব্রহ্মের এই চতুষ্কল পাদে জানে জেন সেই জন।

## চতুর্থাধ্যায় ঃ অষ্টম খণ্ড

**মদ্‌গুষ্টে পাদং বক্তেতি স হ শ্বোভূতে গা অভিপ্রস্থাপয়াঞ্চকার তা যত্রাভি সায়ং বভূবুস্তত্রাগ্নিমুপসমাধায় গা উপরুধ্য সমিধ-মাধায় পশ্চাদগ্নে প্রাঙুপোপবিবেশ ॥ ১**

বলেন হংস মদগু নামে যে জলচর পাখী হয়
ব্রহ্মের এক পাদ যে তোমায় বলিবেন নিশ্চয়
পরদিন সব গরুদেব নিয়ে সত্যকাম যে যায়
গুরু গৃহ পানে যাইতে যাইতে সন্ধ্যা যে হল হায়
গরুদের বাঁধি রাখিয়া সমিধ সংগ্রহ করি লন
অগ্নি জ্বালিয়া পশ্চাতে রাখি পূর্ব মুখেতে রণ।

**তং মদ্‌গুরুপনিপত্যাভ্যুবাদ সত্যকাম ৩ ইতি ভগব ইতি হ প্রতিশুশ্রাব ॥ ২**

মদগু তখন উড়িয়া আসিয়া হে সত্য কাম কন
উত্তরে তার সত্যকাম কহে বল মোরে ভগবন্।

**ব্রহ্মণঃ সোম্য তে পাদং ব্রবাণীতি ব্রবীতু মে ভগবানিতি তস্মৈ-হোবাচ প্রাণঃ কলা চক্ষুঃ কলা শ্রোত্রং কলা মনঃ কলৈষ বৈ সোম্য চতুষ্কলঃ পাদো ব্রহ্মণ আয়তনবান্নাম ॥ ৩**

মদগু কহেন হে সত্যকাম ব্রহ্মের পাদ হয়
যাহা জানি এক পাদের বিষয় বলি তাহা নিশ্চয়।
সত্যকাম সে কহেন তখন
শ্রদ্ধেয় তুমি কহ সে কথন
মদগু বলেন প্রাণ এক ভাগে চক্ষু অংশ এক
কর্ণ জানিও একটি অংশ মনও অংশ এক।

**স য এতমেবং বিদ্বাংশ্চতুষ্কলং পাদং ব্রহ্মণ আয়তনবানিত্যুপাস্ত আয়তনবানস্মিঁল্লোকে ভবত্যায়তনবতো হ লোকাঞ্জয়তি য এবমেবং বিদ্বাংশ্চচতুষ্কলং পাদং ব্রহ্মণ আয়তনবানিত্যুপাস্তে ॥ ৪**

ব্রহ্মের এই চতুস্কল পাদকে যেজন জানে
আয়তনবান বলি উপাসনা করে যেই মন প্রাণে
এই লোকে তিনি আয়তনবান
হয়ে সুখময় আশ্রয় পান
ব্রহ্মের এই তথ্য জানিয়া উপাসনা যেই করে
আয়তনবান লোক সমূহেরে সেই জন জয় করে।

## চতুর্থাধ্যায় ঃ নবম খণ্ড

**প্রাপ হাচার্য্যকুলং তমাচার্যোঽভ্যুবাদ সত্যকাম ৩ ইতি ভগব ইতি হ প্রতিশুশ্রাব ॥ ১**

সত্যকাম সে গুরুর গৃহেতে উপনীত যবে হন
আচার্য্য তারে হে সত্যকাম বলি তবে কথা কন
উত্তরে তবে কহেন বচন
বিনয় ভরেতে ওহে ভগবন
সত্যকাম সে গুরুরে প্রণমি উত্তর দেন তার
আচার্য্য তারে স্নেহে সম্বোধি বলেন বচন আর

**ব্রহ্মবিদিব বৈ সোম্য ভাসি কো নু ত্বাঽনুশশাসেত্যন্যে মনুষ্যেভ্য
ইতি হ প্রতিজজ্ঞে ভগবাংস্ত্বেব মে কামে ব্রূয়াৎ ॥ ২**

গুরু কহিলেন হে সৌম্য তুমি ব্রহ্মজ্ঞের ন্যায়
লভেছ দীপ্তি কহ কোনজনে উপদেশ তোমাদেয়
সত্যকাম সে উত্তরে কন
মানুষ ভিন্ন অপরেরা দেন
এবার আমার মন বাঞ্ছাসে গুরু উপদেশ জ্ঞান
তোমার শিষ্য তোমার কৃপায় লভিব সে মহাজ্ঞান।

**শ্রুতং হ্যেব মে ভগবদ্দৃশেভ্য আচার্য্যাদ্ধৈব বিদ্যা বিদিতা
সাধিষ্ঠং প্রাপতীতি তস্মৈ হৈতদেবোবাচাত্র হ ন কিঞ্চন
বীয়ায়েতি ॥ ৩**

সতকাম সে গুরুরে প্রণমি কহে জুড়ি দুটি কর
ঋষি গুণীগণ এই কথা সবে কহেন পরস্পর
গুরুর নিকটে কল্যাণতম
যা লভে শিষ্য তা শ্রেষ্ঠসম
তোমার নিকটে ওহে আচার্য্য সে বিদ্যা আমি চাই
গুরু কহিলেন লও দিই তাহা ইহা ছাড়া কিছু নাই।

## চতুর্থাধ্যায় ঃ দশম খণ্ড

**উপকোসলো হবৈ কামলায়নঃ সত্যকামে জাবালে ব্রহ্মচর্য্যমুবাস
তস্য হ দ্বাদশ বর্ষাণ্যগ্নীন পরিচচার স হ স্মান্যানন্তেবাসিনঃ
সমাবর্ত্তয়ংস্তং হ স্মৈব ন সমাবর্ত্তয়তি ॥ ১**

কমল পুত্র উপকোসলসে সত্যকামের ঘরে
দ্বাদশ বছর অগ্নিরে সেবে ব্রহ্মচর্য্য করে
অপর সকল শিষ্যেরে সমাবর্তনাদেশ দেন
কিন্তু কেবল উপকোসলেরে সে আদেশ নাহি দেন

**তং জায়োবাচ তপ্তো ব্রহ্মচারী কুশলমগ্নীন্ পরিচচারীন্মা ত্বাহগ্নয়ঃ পরিপ্রবোচন্ প্রব্রূহ্যস্মা ইতি তস্মৈ হাপ্রোচ্যৈব প্রবাসাঞ্চক্রে ॥ ২**

আচার্য্য জায়া কন আচার্য্যে তপস্যারত ওই
ব্রহ্মচারী যে অগ্নিরে সেবে কুশলতা করিয়াই
অগ্নি যাহাতে বিরূপ না হন
উপদেশ দাও করিয়া যতন
না শুনি বচন তবু আচার্য্য উপদেশ নাহি দিলো
উপেক্ষা করি শিষ্যেরে তবু গুরু প্রবাসেতে গেলো।

**স হ ব্যাধি নাহনশিতুং দধ্রে তমাচার্যজায়োবাচ ব্রহ্মচারিন্নশান কিং নু নাশ্নাসীতি স হোবাচ বহব ইমেহস্মিন পুরুষে কামা নানাত্যয়া ব্যাধিভিঃ প্রতিপূর্ণোঽস্মি নাশিষ্যামীতি ॥ ৩**

মনের দুঃখে শিষ্য তখন করিলেন অনশন
আচার্য্য জায়া স্নেহভরে তারে বুঝাইয়া তবে কন
হে ব্রহ্মচারী করহ আহার
কেন মন দুখে কর অনাহার
কহেন শিষ্য আমার মতন অতি সাধারণজন
মানসিক দুখে বিচলিত আমি ব্যথিত আমার মন

**অথ হাগ্নয়ঃ সমূদিরে তপ্তো ব্রহ্মচারী কুশলং নঃ পর্যচারীদ্ধন্তাস্মৈ প্রব্রবামেতি তস্মৈ হোচুঃ প্রাণো ব্রহ্ম কং ব্রহ্ম খং ব্রহ্মেতি ॥ ৪**

অগ্নিরা তবে পরস্পরেতে আলোচনা সবে করে
তপোনিষ্ঠ এ ব্রহ্মচারী যে আমাদের সেবা করে
পরিচর্য্যায় হইয়া মগন
নিপুন ভাবেতে করেছে যতন
আমরা সবাই মিলে ইহাকেই উপদেশ আজ দিই
বলিলেন তাঁরা প্রাণই ব্রহ্ম ক ব্রহ্ম ব্রহ্ম খ ই।

**স হোবাচ বিজানাম্যহং যৎ প্রাণো ব্রহ্ম কং চ তু খং চ ন বিজানামীতি তে হোচুর্যদ্বাব কং তদেব খং যদেব খং তদেব কমিতি প্রাণং চ হাস্মৈ তদাকাশং চোচুঃ ॥ ৫**

কমল পুত্র কহেন তখন প্রাণ যে ব্রহ্ম জানি
ক ও খ যে কেবা হয় তাহা কখন আমি না জানি
বলিলেন তারা যাহা কই হয়
তাহাই খ ই তা জেন নিশ্চয়
শ্রুতি বলে জেন অগ্নিরা প্রাণ তাহাই ব্রহ্মময়
তৎ সম্বন্ধেতে হৃদয় আকাশে এই উপদেশ কয়।

## চতুর্থাধ্যায় : একাদশ খণ্ড

**অথ হৈনং গার্হপত্যোঽনুশশাস পৃথিব্যগ্নিরন্নমাদিত্য ইতি য এষ আদিত্যে পুরুষো দৃশ্যতে সোঽহমস্মি স এবাহমস্মীতি ॥ ১**

গার্হপত্য অগ্নি তাহারে উপদেশ তবে দেন
পৃথিবী অগ্নি অন্ন সূর্য্য মোর অনুরূপেরণ
রবি মণ্ডলে যে পুরুষ রন
আমার মাঝেও তিনি জেন রন
তিনি আমি আর আমি তিনি দোঁহে অভিন্ন হয়ে রই
পৃথিবী অগ্নি অন্ন সূর্য্য কেহ আমি ছাড়া নই।

**স য এতমেবং বিদ্বানুপাস্তেঽপহতে পাপকৃত্যাং লোকী ভবতি সর্বমায়ুরেতি জ্যোগ্‌ জীবতি নাস্যাবরপুরুষাঃ ক্ষীয়ন্ত উপ বয়ং তং ভুঞ্জামোঽস্মিংশ্চ লোকেঽমুষ্মিংশ্চ য এতমেবং বিদ্বানুপাস্তে ॥ ২**

যে কেহ ইহাকে এইরূপ জেনে উপাসনা যেই করে
তার পাপ যত বিনাশ হইয়া লোক প্রাপ্তি সে করে
তার বংশেতে কেহ কোন জন
বিনষ্ট তিনি কভু নাহি হন
গার্হপত্য অগ্নিরে জানি উপাসনা যেই করে
ইহ পরকালে অগ্নিরা জেন তাহাকে রক্ষা করে।

## চতুর্থাধ্যায় ঃ দ্বাদশ খণ্ড

**অথ হৈনমন্বাহার্যপচনোঽনুশশাসাপো দিশো নক্ষত্রাণি চন্দ্রমা ইতি য এষ চন্দ্রমসি পুরুষো দৃশ্যতে সোঽহমস্মি স এবাহমস্মীতি ॥ ১**

দক্ষিণ অগ্নি তখন তাহাকে উপদেশ দেন এই
জল দিক আর তারা চন্দ্রমা মোর এই দেহতেই
চন্দ্র মাঝেতে যে পুরুষ রণ
আমি তিনি আর তিনি আমি হন।

**স য এতমেবং বিদ্বানুপাস্তেঽপহতে পাপকৃত্যা লোকী ভবতি সর্বমায়ুরেতি জ্যোগ্‌জীবতি নাস্যাবরপুরুষাঃ ক্ষীয়ন্ত উপ বয়ং তং ভুঞ্জামোঽস্মিংশ্চ লোকেঽমুষ্মিংশ্চ য এতমেবং বিদ্বানুপাস্তে ॥ ২**

এই প্রকারেতে ইহারে জানিয়া যেই উপাসনা করে
সব পাপ তার বিনাশ করিয়া লোক লাভ সেই করে
তার সন্তান সন্ততিগণ
ক্ষয় প্রাপ্ত সে না হয় কখন
ইহলোকে আর পরলোকে মোরা তাদের রক্ষা করি
এই প্রকারেতে মোদের জানিয়া পুজে যে ভকতি ভরি।

## চতুর্থাধ্যায় ঃ ত্রয়োদশ খণ্ড

**অথ হৈনমাহবনীয়োঽনুশশাস প্রাণ আকাশো দ্যৌর্বিদ্যুদিতি য এষ বিদ্যুতি পুরুষো দৃশ্যতে সোঽহমস্মি স এবাহমস্মীতি ॥ ১**

আহবণীয় আগুন তাহারে উপদেশ দিলো এই
পরাণ আকাশ স্বরগ তড়িৎ সব রহে আমাতেই
বিদ্যুৎ মাঝে যে পুরুষ রন
তিনি আমি আর আমি তিনি হন।

**স য এতমেবং বিদ্বানুপাস্তেঽপহতে পাপকৃত্যাং লোকী ভবতি সর্বমায়ুরেতি জ্যোগ্‌জীবতি নাস্যাবরপুরুষাঃ ক্ষীয়ন্ত উপ বয়ং তং ভুঞ্জামোঽস্মিংশ্চ লোকেঽমুষ্মিংশ্চ য এতমেবং বিদ্বানুপাস্তে ॥ ২**

ইহারে জানিয়া এই ভাবে তাঁর উপাসনা করে যেই
পূর্ণায়ু লভি উজল জীবন প্রাপ্ত হয় যে সেই
তার বংশের সন্তানগণ
ক্ষয় প্রাপ্ত যে হয়না কখন
ইহলোক আর পরলোকে তারে আমরা রক্ষা করি
ইহারে জানিয়া করে উপাসনা যেজন ভকতি ভরি।

## চতুর্থাধ্যায় ঃ চতুর্দ্দশ খণ্ড

**তে হোচুরুপকোসলৈষা সোম্য তেঽস্মদ্‌বিদ্যাত্ম বিদ্যা চাচার্যস্তু তে গতিং বক্তেত্যাজগাম হাস্যাচার্যস্তমাচার্যোঽভ্যুবাদোপকো-সলও ইতি ॥ ১**

অগ্নিরা তবে কহিলেন তবে হে সোম্য তুমি শোন
অগ্নি বিদ্যা আত্মবিদ্যা প্রকটিত হল জেনো
এর পরে গুরু আসিয়া তোমায়
গতি উপদেশ দিবেন তোমায়
আচার্য্য তার ফিরে আসি তারে করেন সম্বোধন
কহিলেন তবে স্নেহ ভরে তারে হে উপকোসল শোন।

**ভগব ইতি হ প্রতিশুশ্রাব ব্রহ্মবিদ ইব সোম্য তে মুখং ভাতি কো নু ত্বাঽনুশশাসেতি কো নু মাঽনুশিষ্যাত্তো ইতীহাপেব নিহ্নুত ইমে নূনমীদৃশা অন্যা দৃশা ইতীহাগ্নীনভ্যূদে কিংনু সোম্য কিল তেঽবোচন্নিতি ॥ ২**

উপকোশলেরে নাম ধরে ডাকি আচার্য্য তবে কন
উত্তরে তার করোজোড় করি কহিলেন ভগবন
কহেন মুখেতে কি দিব্য আলো
ব্রহ্মজ্ঞের মত যেন হোলো
কোন জন তবে তোমায় কি আর উপদেশ কেহ দেন
ভয় পেয়ে তবে কে আবার দিবে শিষ্য গুরুরে কন
পুনঃ বলিলেন অগ্নিরা মোরে উপদেশ দিলো এই
গুরু জিজ্ঞাসে অগ্নিরা তোমা বলিলেন বলো সেই।

**ইদমিতি হ প্রতিজজ্ঞে লোকান্ বাব কিল সোম্য তেঽবোচন্নহং তু তে তদ্বক্ষ্যামি যথা পুষ্করপলাশ আপো ন শ্লিষ্যন্ত এবমেবংবিদি পাপং কর্ম ন শ্লিষ্যত ইতি ব্রবীতু মে ভগবানিতি তস্মৈ হোবাচ ॥ ৩**

অগ্নিরা মোরে এই কথা বলে শিষ্য তখন কয়
গুরু কন তারা লোক সমূহের বলিয়াছে সমুদয়
অভীষ্ট যাহা দিব সেই ধন
ব্রহ্মবিদ্যা যাহা অতুলন
পদ্মপত্রে জলের মতন এই জ্ঞান যেই পায়
জ্ঞানের পরশে সব কিছু পাপ তাহা হতে দূরে যায়।
শিষ্য কহেন ওহে আচার্য্য উপদেশ মোরে দিন
প্রসন্ন হয়ে আচার্য্য তবে উপকোসলেরে কন।

## চতুর্থাধ্যায় ঃ পঞ্চদশ খণ্ড

**য এষোঽক্ষিণি পুরুষো দৃশ্যত এষ আত্মেতি হোবাচৈতদমৃতমভয়মেতদ্ ব্রহ্মেতি তদ্ যদ্যপ্যস্মিন্ সর্পির্বোদকং বা সিঞ্চতি বর্ত্মনী এব গচ্ছতি ॥ ১**

গুরু কহিলেন চক্ষের মাঝে এ পুরুষ দেখা যায়
ইনিই আত্মা অমর অভয় ব্রহ্ম ও অক্ষয়
চক্ষুতে কেহ দিলে ঘৃত জল
চক্ষু পার্শ্বে যায় এ সকল
গতিরূপে জেন এই ব্রহ্মই এজন জগৎময়
বিরাট রূপেতে অনন্ত রূপে সেজন সর্ব্বময়।

**এতং সংযদ্বাম ইত্যাচক্ষত এতং হি সর্বাণি বামান্যভিসংযন্তি সর্বাণ্যেনং বামান্যভিসংযন্তি য এবং বেদ ॥ ২**

ব্রহ্মজ্ঞেরা সংযদ্বাম নামে অভিহিত করে
সারা নিখিলের মঙ্গল রূপে আশ্রয় দান করে
এই কথা জানে যেই সুধীজন
মঙ্গল শিব তাকে ঘিরে রন
ব্রহ্মকে তবে নিখিলের তুমি মঙ্গল বলি স্মর
পরাণের মাঝে এইরূপ ধ্যানে তার পূজা তুমি করো।

**এষ উ এব বামনীরেষ হি সর্বাণি বামানি নয়তি সর্বাণি বামানি নয়তি য এবং বেদ ॥ ৩**

নিখিল পুণ্য ফলের বাহক বামণী রূপেতে রন
এরূপ যে জানে পুণ্যমানের বাহক সেজন হন।

**এষ উ এব ভামনীরেষ হি সর্বেষু লোকেষু ভাতি সর্বেষু লোকেষু ভাতি য এবং বেদ ॥ ৪**

ভামনী রূপেতে এই ব্রহ্মই লোকেতে প্রকাশমান
দীপ্তি বহন রূপে জানে যেই সেজন দীপ্তিমান।

**অথ যদু চৈবাস্মিঞ্ছব্যং কুর্বন্তি যদি চ নার্চিষমেবাভি সংভবন্ত্যর্-
চিষোঽহরহ্ন আপূর্যমাণপক্ষমাপূর্যমাণপক্ষাদ, যান্ ষড়ুদঙঙেতি
মাসাংস্তান্ মাসেভ্যঃ সংবৎসরং সংবৎসরাদাদিত্যমাদিত্যাচ্চন্দ্রং
মসং চন্দ্রমসো বিদ্যুতং তৎ পুরুষোঽমানবঃ স এনান্ ব্রহ্ম
গময়ত্যেষ দেবপথো ব্রহ্মপথ এতেন প্রতিপদ্যমানা ইমং মানব
মাবর্তং নাবর্তন্তে নাবর্তন্তে॥ ৫**

এই সব জেনে পূজে যেই পরে দেহত্যাগ সে করে
ঋত্বিকগণ যদি না তাহার অন্তেষ্টি ক্রিয়া করে
তবু সেই জন ব্রহ্মরে পান
অর্চি হইতে অহঃ লোকে যান
শুক্ল পক্ষে উত্তরায়নে সূর্য্য গমন করে
সংবৎসর আদিত্যে থেকে চন্দ্রে গমন করে।
চন্দ্রের মাঝে বিদ্যুদভিমানী দেবেরে প্রাপ্ত হন
অমানব কোন পুরুষ আসিয়া ব্রহ্মলোকেতে লন
ইহাই কথিত দেবযান নামে
ব্রহ্মযান ও কথিত এ নামে
এ পথে যে যায় মানব লোকেতে আর না জনম লয়
ফিরে না সেজন ব্রহ্মের সাথে মিশে সেই জন যায়।

## চতুর্থাধ্যায় ঃ ষোড়শ খণ্ড

**এষ হ বৈ যজ্ঞো যোঽয়ং পবত এষ হ যন্নিদং সর্বং পুনাতি যদেষ
যন্নিদং সর্বং পুণাতি তস্মাদেষ এব যজ্ঞস্তস্য মনশ্চ বাক্ চ বর্তনী॥ ১**

প্রবহমান সে বায়ুরূপে ইনি ইনিই যজ্ঞ হন
প্রবাহিত হয়ে সবার মাঝেতে পবিত্র করি রন
সঞ্চলমান রূপে ইনি রয়
পবিত্র করি এই বহে যায়
ইনিই যজ্ঞ রূপে সভা মাঝে পবিত্র রূপে রন
মন ও বাকের দুইটি মার্গ যজ্ঞের জেন হন।

**তয়োরন্যতরাং মনসা সংস্করোতি ব্রহ্মা বাচা হোতাঽধ্বর্যুরুদ্গাতাঽন্যতরাং স যত্রোপাকৃতে প্রাতরনুবাকে পুরা পরিধানীয়ায়া ব্রহ্মা ব্যববদতি ॥ ২**

ব্রহ্মা নামক ঋত্বিক এর একটি পথকে ধরি
মন ও চিন্তা দ্বারা শোধরান মৌনাবলম্বন করি
হোতা অধ্বর্যু উদ্‌গাতাগণ
বাক্যের দ্বারা শেষ করি দেন
প্রাতঃ পঠনীয় অনুবাক সব আরম্ভ হলে পর
ব্রহ্ম তখন মৌন ত্যজিয়া কথা কন তারপর।

**অন্যতরামেব বর্তনীং সংস্করোতি হীয়তেঽন্যতরা স যথৈকপাদ্ ব্রজন্ রথো বৈকেন চক্রেন বর্তমানো রিষ্যত্যেবমস্য যজ্ঞো রিষ্যতি যজ্ঞং রিষ্যন্তং যজমানোঽনুরিষ্যতি স ইষ্ট্বা পাপীয়ান্ ভবতি ॥ ৩**

এইরূপে তিনি একটি পথকে সুগম করিয়া দেন
অন্য পথটি মনোরূপ যাহা বিনাশের মাঝে যান
এক পদে যদি যায় কোনজন
এক চাকা দিয়ে রথের গমন
না হয় সুষ্ঠু হয় যে পতন এখানেও সেই মত
যজ্ঞকারীর যজ্ঞ নষ্ট পাপী নামে হন রত।

**অথ যত্রোপাকৃতে প্রাতরনুবাকে ন পুরা পরিধানীয়ায়া ব্রহ্মা ব্যবদত্যুভে এব বর্তনী সংস্কুর্বন্তি ন হীয়তেঽন্যতরা ॥ ৪**

আর যে যজ্ঞে প্রাতঃ পঠনীয় অনুবাক সুরু হয়
পরিধানীয় সে ঋক্ পাঠ আগে ব্রহ্ম সে কথা কয়
সেই যজ্ঞের পথ সে উভয়
জেনো মনে সংস্কৃত তাহা হয়
দুইটির মাঝে কোনোটিই জেনো হীন সেথা নাহি রয়
পরিধানীয় সে ঋক্ পাঠ আগে ব্রহ্ম সে কথা কয়।

**স যথোভয়পাদ্ ব্রজন্ রথো বোভাভ্যাং চক্রাভ্যাং বর্ত্তমানঃ প্রতি-তিষ্ঠত্যেবমস্য যজ্ঞঃ প্রতিতিষ্ঠতি যজ্ঞং প্রতিতিষ্ঠন্তং যজমানোঽনু-প্রতিতিষ্ঠতি স ইষ্ট্বা শ্রেয়ান্ ভবতি ॥ ৫**

দ্বিপদ যুক্ত লোক আর রথ যেমন পড়ে না যায়
ইহার যজ্ঞ শ্রেয়োভাগী হয়ে প্রতিষ্ঠা জেনো পায়।

## চতুর্থাধ্যায়ে ঃ সপ্তদশ খণ্ড

**প্রজাপতির্লোকানভ্যতপত্তেষাং তপ্যমানানাং রসান্ প্রাবৃহদগ্নিং পৃথিব্যা বায়ুমন্তরিক্ষাদাদিত্যং দিবঃ ॥ ১**

ব্রহ্মা তখন লোক সমূহের তরে তপস্যা করে
তাপমান সেই লোক হতে রস উদ্ধৃত তবে করে
পৃথিবী হইতে অগ্নিরে লন
আকাশ হইতে পবনেরে লন
দ্যুলোক হইতে আদিত্যে তবে উদ্ধৃত করি লন
ব্রহ্মা তখন লোক সমূহেরে চাহি তপে রত হন।

**স এতাস্তিস্রো দেবতা অভ্যতপত্তাসাং তপ্যমানানাং রসান্ প্রাবৃহদগ্নের্ঋচো বায়োর্যজুংষি সামান্যাদিত্যাৎ ॥ ২**

তিন দেবতারে উদ্দেশ করি ব্রহ্মা সে তপ করে
তাপ্যমান সে দেবগণ হতে রস উদ্ধৃত করে
অগ্নি হইতে ঋকে তবে লন
বায়ু হতে লন যত যজুগণ
আদিত্য হতে সামে উদ্ধৃত করিলেন সেইক্ষণ
তিন দেবতারে উদ্দেশ করি ব্রহ্মা তপেতে রন।

**স ত্রতাং এয়ীং বিত্তামভ্যতপত্তস্তাস্তপ্যমানায়া রসান্ প্রাবৃহত্ভূরিত্যৃগ্‌ভ্যো ভুবরিতি যজুর্ভ্যঃ স্বরিতি সামভ্যঃ ॥ ৩**

প্রজাপতি তবে ত্রয়ী বিদ্যাকে স্মরি তপস্যা করে
তপ্যমান সে ত্রয়ী বিদ্যাকে রসে উদ্ধৃত করে
ঋক হতে ভূঃ হইল উদয়
যজুগণ হতে ভুব যেন হয়
সাম সমূহের মধ্য হইতে স্বঃয়ে উদ্ধার করে
এই ভাবে তিনি ত্রয়ী বিদ্যার পর্যালোচনা করে।

**তদ্ যদৃক্তো রিষ্যেদ্ভূঃ স্বাহেতি গার্হপত্যে জুহুয়াদৃচামেব তদ্রসেনর্চাং বীর্য্যেণর্চাং যজ্ঞস্য বিরিষ্টং সন্দধাতি ॥ ৪**

ঋক প্রয়োগের দোষে যদি কোন যজ্ঞ নষ্ট হয়
ভূঃ স্বাহা বলিয়া গার্হপত্যে অগ্নিতে হোম হয়
ঋক সমূহের বীর্য্য ও রস
নিমেষে কাটিবে যাহা কিছু দোষ
দোষ হইবার কোন কিছু আর রহিবে না নিশ্চয়
ঋক প্রয়োগের দোষেতে যজ্ঞে অনিষ্ট যদি হয়।

**অথ যদি যজুষ্টো রিষ্যেদ্ভুবঃ স্বাহেতি দক্ষিণাগ্নৌ জুহুয়াদ্ যজুষামেব তদ্রসেন যজুষাং বীর্যেণ যজুষাং যজ্ঞস্য বিরিষ্টং সন্দধাতি ॥ ৫**

যজু প্রয়োগের দোষ বশে যদি অনিষ্ট ভয় হয়
দক্ষিণাগ্নি জ্বালি তুমি হোম করিও গো নিশ্চয়
ভুবঃ স্বাহা এই মন্ত্র বলিয়া
সব দোষ ত্রুটি যাবে যে চলিয়া
যজু সমূহের বীর্য্য ও রসে প্রতিবিধানইত হয়
অনিষ্ট হলে হত যাহা দোষ হবে না তা নিশ্চয়।

**অথ যদি সামতো রিষ্যেৎ স্বঃ স্বাহেত্যাহবনীয়ে জুহুয়াৎ সাম্নামেব তদ্রসেন সাম্নাং বীর্যেণ সাম্নাং যজ্ঞস্য বিরিষ্টং সংদধাতি ॥ ৬**

সাম প্রয়োগের ত্রুটি বসে যদি যজ্ঞের হানি হয়
আহবনীয় অগ্নিতে হোম করিবে হে নিশ্চয়
স্বঃ স্বাহাঃ এই মন্ত্র বলিয়া
সব দোষ ত্রুটি যাবে যে চলিয়া
সাম প্রয়োগের দোষ বশে যদি অনিষ্ট ভয় হয়
সাম সমূহের বীর্য্য ও রসে সব দোষ পায় লয়।

**তদ্ যথা লবণেন সুবর্ণং সংবধ্যাৎ সুবর্ণেন রজতং রজতেন ত্রপু ত্রপুণা সীসং সীসেন লোহং লোহেন দারু দারু চর্মণা ॥ ৭**

সোহাগাময় সে লবণের দ্বারা স্বর্ণ যোজিত হয়
সোনার দ্বারায় রৌপ্যকে আর রৌপ্যতে রাঙ্গ দেয়
রাং দিয়ে সীসা জোড়া যেন হয়
সীসা দিয়ে লোহা লোহা চর্ময়
চর্মের দ্বারা কাঠের যোজন যেমন জানিও হয়
পরস্পরের দ্বারায় যোজন এইভাবে জেন রয়।

**এবমেষাং লোকানামাসাং দেবতানামস্যাস্ত্রয্যা বিদ্যায়া বীর্যেণ যজ্ঞস্য বিরিষ্টং সংদধাতি ভেষজকৃতো হ বা এষ যজ্ঞো যত্রৈবংবিদ্ ব্রহ্মা ভবতি ॥ ৮**

লোক সমুহেরও তেমনি জানিও যোজন করায়ে হয়
দেবগণ আর এ ত্রয়ী বিদ্যায় বীর্য্যের দ্বারা হয়
যজ্ঞের যাহা অনিষ্ট ময়
ইহাদের দ্বারা নষ্ট যে হয়
এই জ্ঞান লয়ে ব্রহ্ম যজ্ঞে ঋত্বিক যদি হন
সুচিকিৎসকেতে রোগীরে যেমন আরোগ্য পথে লন।

**এষ হ বা উদক্ প্রবণো যজ্ঞো যত্রৈবংবিদ্ ব্রহ্মা ভবত্যেবংবিদং হ বা এষা ব্রহ্মাণমনু গাথা—যতো যত আবর্ততে তত্তদ্গচ্ছতি ॥ ৯**

যেই যজ্ঞেতে এই জ্ঞান লভি ব্রহ্মা ঋত্বিক হয়
উত্তরায়ণ পথে যাইবার উপায় তাহাতে রয়
ব্রহ্মারে স্মরি হয় এই গাথা
যজ্ঞ বিফল হলেই বিধাতা
যান সেইখানে প্রতিকার তরে ব্রহ্মা সে নিশ্চয়
ব্রহ্মারে স্মরি তাই এই গাথা শাস্ত্রের মাঝে রয়।

**মানবোব্রহ্মৈবৈক ঋত্বিক্ কুরূনশ্বাইভিরক্ষত্যেবংবিদ্ধ বৈ ব্রহ্মা যজ্ঞং যজমানং সর্বাংশ্চর্ত্বিজোঽভিরক্ষতি তস্মাদেবংবিদমেব ব্রহ্মাণং কুর্বীত নানেবং বিদং নানেবং বিদম্ ॥ ১০**

মৌনাবলম্বী ব্রহ্মাই একা ঋত্বিক রূপে রয়
ঘোড়া যেই মত যুদ্ধেতে রত বীরের রক্ষী হয়
তেমনি যাহার আছে এই জ্ঞান
ঋত্বিক পদ তারে কোর দান
জানিও তাহারে রক্ষিতে নিজে ব্রহ্মাই সেথা রয়
যেজন না জানে আচার্য্য পদ তাহার তরেতে নয়।

## পঞ্চমাধ্যায় ঃ প্রথম খণ্ড

**ওঁ। যো হ বৈ জ্যেষ্ঠং চ শ্রেষ্ঠং চ বেদ জ্যেষ্ঠশ্চ হ বৈ শ্রেষ্ঠশ্চ ভবতি প্রাণো বাব জ্যেষ্ঠশ্চ শ্রেষ্ঠশ্চ ॥ ১**

জ্যেষ্ঠ ও এই শ্রেষ্ঠ দোঁহেরে জানে মনে যেই জন
জানিয়া দোঁহারে সেইজন জেন জ্যেষ্ঠ শ্রেষ্ঠ হন
প্রানই জ্যেষ্ঠ এই কথা জানে
প্রাণেরে শ্রেষ্ঠ বলি সেই মানে।

**যো হ বৈ বসিষ্ঠং বেদ বসিষ্ঠো হ স্বানাং ভবতি বাগ্বাব বসিষ্ঠঃ ॥ ২**

বসিষ্ঠ কে সে জানে যেই জন
স্বজনের মাঝে বসিষ্ঠ হন
সর্বশ্রেষ্ঠ আচ্ছাদয়িতা তারে যেই জন জানে
বাক শক্তির সহায়ে সে জন বড় হয় ধনে মানে।

**যো হ বৈ প্রতিষ্ঠাং বেদ প্রতি হ তিষ্ঠত্যস্মিংশ্চ লোকেঽমুষ্মিংশ্চ চক্ষুর্বাব প্রতিষ্ঠা ॥ ৩**

চক্ষুই জেন প্রতিষ্ঠা হয় এই কথা যেই জানে
ইহলোকে আর পরলোকে তার প্রতিষ্ঠা হয় জ্ঞানে।

**যো হ বৈ সম্পদং বেদ সং হাস্মৈ কামাঃ পদ্যন্তে দৈবাশ্চ মানুষাশ্চ শ্রোত্রং বাব সম্পৎ ॥ ৪**

কর্ণরে যেই সম্পদ বলি অন্তর দিয়ে মানে
দৈবের আর মানবীয় সব লাভ করে এইখানে।

**যো হ বা আয়তনং বেদায়তনং হ স্বানাং ভবতি মনো হ বা আয়তনম্ ॥ ৫**

মনই আয়তন আশ্রয় বলি জানে তারে যেই জন
স্বজন বর্গে আশ্রয় দিয়া তিনি চিরদিন রন।

**অথ হ প্রাণা অহং শ্রেয়সি ব্যূদিরেঽহং শ্রেয়ানস্ম্যহং শ্রেয়ানস্মীতি ॥ ৬**

এক সময়েতে কে বড় বলিয়া কলহ সকলে করে
প্রাণ ও চক্ষু বাক ও কর্ণ সকলে পরস্পরে
সকলেই বলে আমি বড় হই
আমার সমান কেহ বড় নাই।

**তে হ প্রাণাঃ প্রজাপতিং পিতরমেত্যোচুর্ভগবন্ কো নঃ শ্রেষ্ঠ ইতি তান্ হোবাচ যস্মিন্ ব উৎক্রান্তে শরীরং পাপিষ্ঠতরমিব দৃশ্যতে স বঃ শ্রেষ্ঠ ইতি ॥ ৭**

প্রাণ গণ তবে ব্রহ্ম সমীপে গিয়ে বলে ভগবন
আমাদের মাঝে শ্রেষ্ঠ কে তাহা মোদের বুঝায়ে কন
ব্রহ্মা বলেন তোমাদের মাঝে দেহ হতে বাহিরিলে
এ দেহ অশুচি মনে হবে জেন সেই বড় সবে বলে।

**সা হ বাগুচ্চক্রাম সা সংবৎসরং প্রোষ্য পর্যেত্যোবাচ কথমশকতর্তে মজ্জীবিতুমিতি যথা কলা অবদন্তঃ প্রাণন্তঃ প্রাণেন পশ্যন্তশ্চক্ষুষা শৃণ্বন্তঃ শ্রোত্রেণ ধ্যায়ন্তো মনসৈবমিতি প্রবিবেশ হ বাক্ ॥**

তখন বাক্য দেহ ছাড়ি তবে প্রবাসেতে চলে যায়
এক বৎসব প্রবাসে থাকিয়া ফিরে দেহে পুনরায়
শুধান তখন এসে সবাকারে
আমার বিহনে ছিলে কি প্রকারে
বলে সকলেতে মূকেরা যেমন জীবন ধারণ করে
কথা না বলিয়া ছিলাম তেমনি, বাক দেহ মাঝে ফেরে।

**চক্ষুর্হোচ্চক্রাম তৎ সংবৎসরং প্রোষ্য পর্যেত্যোবাচ কথমশকতর্তে মজ্জীবিতুমিতি যথাঽন্ধা অপশ্যন্তঃ প্রাণন্তঃ প্রাণেন বদন্তো বাচা শৃণ্বন্তঃ শ্রোত্রেণ ধ্যায়ন্তো মনসৈবমিতি প্রবিবেশহ চক্ষুঃ ॥ ৯**

তখন চক্ষু দেহ ছাড়ি তবে প্রবাসেতে চলে যায়
বছর কাটিল প্রবাসে থাকিয়া ফিরে দেহে পুনরায়
শুধায় তখন এসে সবাকারে
আমার বিহনে ছিলে কি প্রকারে
অপরেরা কন অন্ধ যেমন জীবন যাপন করে
না দেখিয়া তবু রহি যে বাঁচিয়া, চোখ দেহ মাঝে ফেরে।

**শ্রোত্রং হোচ্চক্রাম তৎ সংবৎসরং প্রোষ্যপর্যেত্যোবাচ কথম-শকতর্তে মজ্জীবিতুমিতি যথা বধিরা অশৃণ্বন্তঃ প্রাণন্তঃ প্রাণেন বদন্তো বাচা পশ্যন্তশ্চক্ষুষা ধ্যায়ন্তো মনসৈবমিতি প্রবিবেশ হ শ্রোত্রম্॥ ১০**

কর্ণ তখন দেহ ছাড়ি তবে প্রবাসেতে চলে যায়
এক বৎসর প্রবাসেতে থেকে দেহে ফেরে পুনরায়
শুধায় তখন এসে সবাকারে
আমার বিহনে ছিলে কি প্রকারে
অপরেরা কন বধির যেমন জীবন ধারণ করে
না শুনিয়া তবু রহি যে বাঁচিয়া। কান তবে দেহে ফেরে।

**মনো হোচ্চক্রাম তৎ সংবৎসরং প্রোষ্য পর্যেত্যোবাচ কথম-শকতর্তে মজ্জীবিতুমিতি যথা বালা অমনসঃ প্রানন্তঃ প্রাণেন বদন্তো বাচা পশ্যন্তশ্চক্ষুষা শৃণ্বন্তঃ শ্রোত্রেণৈবমিতি প্রবিবেশ হ মনঃ॥ ১১**

মন এইবার দেহ ছাড়ি তবে প্রবাসেতে চলে যায়
এক বৎসর প্রবাসেতে থেকে ফেরে সেথা পুনরায়
শুধায় তখন এসে সবাকারে
আমার বিহনে ছিলে কি প্রকারে ?
অপরেরা কয় অমনা শিশুরা যেমন ভাবেতে রয়
ঠিক সেই রূপ। মন দেহে ফেরে জানিয়া সুনিশ্চয়।

**অথ হ প্রাণ উচ্চিক্রমিষন্ স যথা সুহয়ঃ পড়্‌বীশশঙ্কূন্ সখিদেদেব-মিতরান্ প্রাণান্ সমখিদৎ তং হাভিসমেত্যোচুর্ভগবন্নেধি ত্বং নঃ শ্রেষ্ঠোঽসি মোৎক্রমীরিতি॥ ১২**

ইহার পরেতে প্রাণ সে যখন দেহরে ছাড়িতে চায়
অশ্ব যেমন বন্ধন ছিঁড়ি কষাঘাত খেয়ে যায়
প্রাণের সাথেতে ইন্দ্রিয় সব
জেনো বাহিরায় মানি পরাভব
তখন তাহারা প্রাণের কাছেতে আসি কহে ভগবন
আপনি শ্রেষ্ঠ মানিলাম তাহা, দেহ মাঝে প্রাণ রন।

**অথ হৈনং বাগুবাচ যদহং বসিষ্ঠোঽস্মি ত্বং তৎবসিষ্ঠোঽসীত্যথ হৈনং চক্ষুরুবাচ যদহং প্রতিষ্ঠাঽস্মি ত্বং তৎ প্রতিষ্ঠাঽসীতি ॥ ১৩**

ইহার পরেতে বলিলেন বাক বসিষ্ঠ গুণ যাহা
মোর মাঝে আছে বসিষ্ঠ গুণে ভূষিত আপনি তাহা
নয়ন তখন কহেন বচন
মোর মাঝে সেই প্রতিষ্ঠা গুণ
আপনিই প্রভু প্রতিষ্ঠা গুণে ভূষিত তাহাত জানি
আমাদের মাঝে যা যা গুণ রাজে তব দান তাহা মানি।

**অথ হৈনং শ্রোত্রমুবাচ যদহং সম্পদস্মি ত্বং তৎসম্পদসীত্যথ হৈনং মন উবাচ যদহমায়তনমস্মি ত্বং তদায়তনমসীতি ॥ ১৪**

ইহার পরেতে কর্ণ বলেন সম্পদ গুণ যাহা
আমার মাঝেতে রয়েছে জানি তা তুমিই দিয়েছ তাহা
সম্পদ গুণে ভূষিত তুমিই
মন বলে মোর মাঝে রাজে যেই
আয়তন গুণ আপনিই প্রভু ভূষিত তাহাতে জানি
আমাদের মাঝে যা যা গুণ রাজে সবি তব বলি মানি।

**ন বৈ বাচো ন চক্ষুংসি ন শ্রোত্রাণি ন মনাংসীত্যাচক্ষতে প্রাণা ইত্যেবাচক্ষতে প্রাণো হ্যেবৈতানি সর্বাণি ভবতি ॥ ১৫**

লোকে ইন্দ্রিয়ে বাক্য চক্ষু কর্ণ মন না বলে
কিন্তু প্রাণের সৃজিত বলিয়া প্রাণ বলি তারে বলে।

## পঞ্চমাধ্যায় ঃ দ্বিতীয় খণ্ড

**স হোবাচ কিং মেঽন্নং ভবিষ্যতীতি যৎ কিঞ্চিদিদমাশ্বভ্য আশকুনিভ্য ইতি হোচুস্তদ্বা এতদনস্যান্নমনো হ বৈ নাম প্রত্যক্ষং ন হ বা এবং বিদি কিঞ্চনানন্নং ভবতীতি ॥ ১**

মুখ্য প্রাণ সে কহেন তখন মোর কি অন্ন হবে
ইন্দ্রিয়গণ কহে যত জীব কুকুব শকুনি সবে
ইহাদের তরে যে অন্নরয়
এদের দ্বারা যা ভক্ষিত হয়
অনের অন্ন এই সবে জেনো অন প্রাণ নামে রয়
একথা যে জানে অন্ন অভাব কখন তার না হয় ?

**স হোবাচ কিং মে বাসো ভবিষ্যতীত্যাপ ইতি হোচুস্তস্মাদ্বা এতদশিষ্যন্তঃ পুরস্তাচ্চোপরিষ্টাচ্চাদ্ভিঃ পরিদধতি লম্ভুকো হ বাসো ভবত্যনগ্নো হ ভবতি ॥ ২**

মুখ্য সে প্রাণ বলেন তখন আচ্ছাদন কি মোর ?
বলিলেন তাঁরা জল—জেন যেই ভোজন নিরত জন
আহাবের আগে পবে দিয়ে জল
আচমন যাহা কবেন সকল
প্রাণের আচ্ছাদনের তরেতে ব্যবস্থা সেই করে
জানে যেই জন পরিধান তার উত্তরীয় লাভ করে।

**তদ্ধৈতৎ সত্যকামো জাবালো গোশ্রুতয়ে বৈয়াঘ্রপদ্যায়োক্ত্বোবাচ যদ্যপ্যেনচ্ছুষ্কায় স্থাণবে ব্রূয়াজ্জায়েরন্নেবাস্মিঞ্ছাখাঃ প্ররোহেয়ুঃ পলাশানীতি ॥ ৩**

সত্যকাম সে বাঘ্রপদের পুত্ররে তবে কয়
শোন গোশ্রুতি এই উপদেশ প্রাণোপসানাময়
নীরস বৃক্ষ কাণ্ডেও যদি
এই উপদেশ দেয় যথাবিধি
তাহাতে জানিও নবশাখা আর পত্ররাশি যে হয়
শাস্ত্রের কথা মনেতে জানিও মিথ্যা কখন নয়।

**অথ যদি মহজ্জিগমিষেদমাবাস্যায়াং দীক্ষিত্বা পৌর্ণমাস্যাং রাত্রৌ সর্বৌষধস্য মন্থং দধিমধুনোরুপমথ্য জ্যেষ্ঠায় শ্রেষ্ঠায় স্বাহেত্যগ্নাবাজ্যস্য হুত্বা মন্থে সম্পাতমবনয়েৎ ॥ ৪**

প্রাণদর্শনবিদকোনজন মহত্ব যদি চায়
আমাবস্যায় দীক্ষিত হতে আচরণ করে তায়
পূর্ণিমা রাতে সর্বপ্রকার
ওষধি মণ্ড দধি মধু আর
পাত্রেব মাঝে উপমর্দনে জ্যেষ্ঠ শ্রেষ্ঠ স্বাহা
অগ্নি আজ্য প্রদান স্থলেতে আহুতি দিবেন তাহা।
( এবং মন্থন পাত্রে সম্পাৎ নিক্ষেপ করিবে )

**বসিষ্ঠায় স্বাহেত্যগ্নাবাজ্যস্য হুত্বা মন্থে সম্পাতমবনয়েৎ প্রতিষ্ঠায়ৈ স্বাহেত্যগ্নাবাজ্যস্য হুত্বা মন্থে সম্পাতমবনয়েৎ সম্পদে স্বাহেত্যগ্নাবাজ্যস্য হুত্বা মন্থে সম্পাতমবনয়েদায়তনায় স্বাহেত্যগ্নাবাজ্যস্য হুত্বা মন্থে সম্পাতমবনয়েৎ ॥ ৫**

বশিষ্ঠায় স্বাহা একথা বলিয়া আগুনে আহুতি দিবে
মন্থের মাঝে সম্পাৎ যাহা নিক্ষেপ করি দিবে
প্রতিষ্ঠায়ে স্বাহা বলি ইহা
আগুণে আহুতি দিবে তুমি যাহা
মন্থের মাঝে সম্পাদ সব ফেলে দেবে তুমি তার
সম্পদে স্বাহা বলি অগ্নিতে আহুতি দিবে যে আর।
তারো সম্পাৎ মন্থ পাত্রে নিক্ষেপ তুমি কর
আয়তন স্বাহা বলি পুনরায় আহুতি প্রদান করো
মন্থ পাত্রে সম্পাৎ তার
নিক্ষেপ তুমি কর এইবার।

**অথ প্রতিসৃপ্যাঞ্জলৌ মন্থমাধায় জপত্যমো নামাস্যমা হি তে সর্ব-মিদং স হি জ্যেষ্ঠঃ শ্রেষ্ঠোঃ রাজাঽধিপতি স মা জ্যেষ্ঠ্যং শ্রৈষ্ঠ্যং রাজ্যমাধিপত্যং গময়ত্বহমেবেদং সর্বমসানীতি ॥ ৬**

মন্ত্র গ্রহণ করিয়া অগ্নি হতে কিছু দূরে যাবে
মন্ত্র জপিবে হে মন্থ তুমি অম হও এই সবে
তোমার মাঝেতে জ্যেষ্ঠ শ্রেষ্ঠ
দীপ্ত হইয়া যেই বিরাজিত
নিখিল জগৎ জগৎ ব্যাপ্ত করিয়া যেজন বিদ্যমান
আমারেও তিনি জ্যেষ্ঠ শ্রেষ্ঠ এ পদ করুন দান।

**অথ খল্বেতয়র্চা পচ্ছ আচামতি তৎসবিতুর্বৃণীমহ ইত্যাচামতি বয়ং দেবস্য ভোজনমিত্যাচামতি শ্রেষ্ঠং সর্বধাতমমিত্যাচামতি তুরং ভগস্য ধীমহীতি সর্বং পিবতি। নির্ণিজ্য কংসং চমসং বা পশ্চাদগ্নেঃ সংবিশতি চর্মণি বা স্থণ্ডিলে বা বাচং যমোঽ প্রসাহঃ স যদি স্ত্রিয়ং পশ্যেৎ সমৃদ্ধং কর্মেতি বিদ্যাৎ ॥ ৭**

ঋক মন্ত্রেরে উচ্চারি প্রতি পদেতে ভোজন করি
তৎ সবিতুর্বৃণীমহে এই পদটিরে উচ্চারি
একবার তুমি করিবে ভোজন
পুন এই পাদ কর উচ্চারণ
বয়ম দেবস্য ভোজনম্ এই কথাটি তখন বলে
শ্রেষ্ঠং সর্ব্ব ধাতমম্ বলি ভক্ষণ তবে করে।
তুরং ভগস্য ধীমহি বলিয়া কাঁসার পাত্র ধুয়ে
করিবেন পান ঋত্বিক তবে মাটিতে এবার শুয়ে
হয়ে সংযত বাক্য ও চিত
শয়নেতে যবে নিদ্রায় রত
তখন যদি সে কোন স্ত্রীলোকেরে স্বপনে দরশ করে
জানিও তখন কর্মের মাঝে সফলতা লাভ করে।

**তদেষ শ্লোকো—যদা কর্মসু কাম্যেষু স্ত্রিয়ং স্বপ্নেষু পশ্যতি সমৃদ্ধিং তত্র জানীয়াৎ তস্মিন্ স্বপ্ন নিদর্শনে তস্মিন্ স্বপ্ন নিদর্শনে ॥ ৮**

উক্ত বিষয়ে মন্ত্র আছে যে কাম্য কর্ম করে
স্বপ্নের মাঝে স্ত্রীলোকে হেরিলে মন্ত্র সফল করে।

## পঞ্চমাধ্যায় ঃ তৃতীয় খণ্ড

**শ্বেতকেতুর্হারুণেয়ঃ পঞ্চালানাং সমিতিমেয়ায় তং হ প্রবাহণো জৈবলিরুবাচ কুমারানু ত্বাহশিষৎ পিতেত্যনু হি ভগব ইতি ॥ ১**

অরুণ পুত্র শ্বেতকেতু তবে পঞ্চাল জনপদে
গিয়া এক সভা দেখিয়া সেথায় যান তিনি মনোরথে
প্রবাহন জৈবিলি তারে কন
পিতা উপদেশ করেছেন দান
শ্বেতকেতু কন ওহে ভগবন দিয়াছেন তিনি তাহা
অরুণ পুত্র শ্বেতকেতু নামে পরিচিত তিনি যাহা।

**বেথ যদিতোহধি প্রজাঃ প্রয়ন্তীতি ন ভগব ইতি বেথ যথা পুনরাবর্তন্ত ৩ ইতি ন ভগব ইতি বেথ পথোর্দেবযানস্য পিতৃযাণস্য চ ব্যাবর্তনা ৩ ইতি ন ভগব ইতি ॥ ২**

এই লোক হতে প্রাণীগণ কোথা উর্দ্ধে গমন করে
জান কিহে তাহা ? না ত ভগবন শ্বেতকেতু কন পরে
কিরূপে তাদের প্রত্যাবর্তন
জান কি ? কহেন না ত ভগবন
দেবযান আর পিতৃযানের মার্গ যে দুই হয়
কোথায় ছিন্ন জান কি ? না ভগবন তবে কয়।

**বেথ যথাঽসৌ লোকো ন সম্পূর্যত ৩ ইতি ন ভগব ইতি বেথ যথা পঞ্চম্যামাহুতাবাপঃ পুরুষবচসো ভবন্তীতি নৈব ভগব ইতি ॥ ৩**

প্রবাহণ কহে ঐলোক কেন জীবেতে পূর্ণ নয়
শ্বেতকেতু কন জানি না তা আমি। পুনঃ প্রবাহণ কয়
পঞ্চমা আহুতি যেই জল রয়
পুরুষ তাহারে কেন বলা হয়
শ্বেতকেতু কয় ওহে ভগবন ইহাও জানি না আমি
আহুতি মাঝে অপূর্ব সে যা হয় তা তরলগামী।

**অথানু কিমনুশিষ্টোঽবোচথা যো হীমানি ন বিদ্যাৎ কথং সোঽনুশিষ্টো ব্রুবীতেতি স হায়স্তঃ পিতুরর্ধমেয়ায় তং হোবাচানমুশিষ্য বাব কিল মা ভগবানব্রবীদনু ত্বাঽশিষমিতি ॥ ৪**

প্রবাহণ কন তাহলে বা কেন উপদেশ পাও বল
এ বিষয়গুলি না জানে যেজন কিবা জ্ঞান তার হল
শ্বেতকেতু তবে ঘরে ফিরে যায়
পিতার নিকটে কহে সমুদায়
বলে পিতা তুমি উপদেশ, কেন আমারে হে দাও নাই
শুধু প্রবোধিতে বলেছ আমায় উপদেশ দিলে তাই।

**পঞ্চ মা রাজন্যবন্ধুঃ প্রশ্নানপ্রাক্ষীৎ তেষাং নৈকঞ্চনাশকং বিবক্তুমিতি স হোবাচ যথা মা ত্বং তদৈতানবদো যথাঽহমেষাং নৈকঞ্চন বেদ যদ্যহমিমানবেদিষ্যং কথং তে নাবক্ষ্যমিতি ॥ ৫**

সেই রাজন্য বন্ধু আমায় পাঁচটি প্রশ্ন করে
একটিরও তার উত্তর দিতে পারি নাই তার পরে
পিতা মনে মনে ভাবিয়া তখন
কহেন যা বলি শোন দিয়ে মন
এই প্রশ্নের উত্তর আমি জানি না ত নিশ্চয়
জানিতাম যদি বলিব না কেন ইহা কিহে কভু হয়।

**স হ গৌতমো রাজ্ঞোঽর্দ্ধমেয়ায় তস্মৈ হ প্রাপ্তায়ার্হাঞ্চকার স হ প্রাতঃ সভাগ উদেয়ায় তং হোবাচ মানুষস্য ভগবন্ গৌতম বিত্তস্য বরং বৃণীথা ইতি। স হোবাচ তবৈব রাজন্ মানুষং বিত্তং যামেব কুমারস্যান্তে বাচমভাষথাস্তামেব মে ব্রূহীতি স হ কৃচ্ছ্রীবভূব॥ ৬**

গৌতম তবে রাজ ভবনেতে আপনি গমন করে
অভ্যাগতরে বসাল যতনে নিজে সমাদর ভরে
প্রাতঃ কালেতে রাজার সভায়
রাজা এলে গৌতম সেথা যায়
রাজা কন চাহ মানুষ সকলে যে সব বিত্ত চায়
গৌতম কন আপনার ধন নিজে রাখ মহাশয়
আপনি আমার তনয়ের কাছে বলেছ বাক্য যেই
তাহাই বলুন। শুনে কথা রাজা বিমন্ন হল সেই।

**তং হ চিরং বসেত্যাজ্ঞাপয়াঞ্চকার তং হোবাচ যথা মাত্বং গৌতমাবদো যথেয়ং ন প্রাক্ ত্বত্তঃ পুরা বিদ্যা ব্রাহ্মণান্ গচ্ছতি তস্মাদু সর্বেষু লোকেষু ক্ষত্রস্যৈব প্রশাসনমভূদিতি তস্মৈ হোবাচ॥ ৭**

রাজা কহিলেন আমার কাছেতে ব্রহ্মচারী হয়ে থাকো
দীর্ঘকালের পরে বলিলেন এই কথা শুনে রাখো
জিজ্ঞাসা যাহা করেছ আমায়
কোন ব্রাহ্মণে ইহা নাহি পায়
তোমার পূর্ব্বে পুরাকালে কেহ কোনদিন নাহি পায়
ক্ষত্রিয়গণ তরে উপদেশ, রাজা তবে তারে দেয়।

## পঞ্চমাধ্যায় ঃ চতুর্থ খণ্ড

**অসৌ বাব লোকো গৌতমাগ্নিস্তস্যাদিত্য এব সমিদ্রশ্ময়ো ধুমোঽহরর্চিশ্চন্দ্রমা অঙ্গারা নক্ষত্রাণি বিস্ফুলিঙ্গাঃ ॥ ১**

ওহে গৌতম স্বর্গ অগ্নি সূর্য সমিধ তাব
কিরণ সমূহ ধুম রূপে দিবা অগ্নিশিখায় আর
অঙ্গার সব চন্দ্রিমাময়
অগ্নিস্ফুলিঙ্গ তারকায় রয়

**তস্মিন্নেতস্মিন্নগ্নৌ দেবাঃ শ্রদ্ধাং জুহ্বতি তস্যা আহুতেঃ সোমোরাজা সম্ভবতি ॥ ২**

দেবগণ সেই অগ্নি মাঝারে শ্রদ্ধা আহুতি দেন
সে আহুতি হতে সোমরাজা রূপে চন্দ্র উদিত হন।

## পঞ্চমাধ্যায় ঃ পঞ্চম খণ্ড

**পর্জন্যো বাব গৌতমাগ্নিস্তস্য বায়ুরেব সমিদভ্রং ধুমো বিদ্যুদ চিরশনিরঙ্গারা হ্রাদনয়ো বিস্ফুলিঙ্গাঃ ॥ ১**

ওহে গৌতম মেঘের দেবতা অগ্নি রূপেতে রয়
বায়ুই সমিধ মেঘ হয় ধূম বিজলী অগ্নিশিখায়
বজ্র সেথায় অঙ্গার হয়
বিস্ফুলিঙ্গ গর্জন চয়।

**তস্মিন্নেতস্মিন্নগ্নৌ দেবাঃ সোমং রাজানং জুহ্বতি তস্যা আহুতের্বর্ষং সম্ভবতি ॥ ২**

পর্জন্যাগ্নিতে দেবগণ সবে চন্দ্রে আহুতি দেন
আহুতি হইতে বৃষ্টির জেন হয় তবে বরষণ।

## পঞ্চমাধ্যায় ঃ ষষ্ঠ খণ্ড

**পৃথিবী বাবগৌতমাগ্নিস্তস্যাঃ সংবৎসর এব সমিদাকাশো**
**ধূমো রাত্রিরর্চির্দিশোহঙ্গারা অবান্তরদিশো বিস্ফুলিঙ্গাঃ ॥ ১**

ওহে গৌতম পৃথিবী অগ্নি সম্বৎসর সমিধ হয়
আকাশ ধূম ও রাত্রি সে শিখা দিক অঙ্গার হয়
অবান্তর যা দিক কোন হয়
বিস্ফুলিঙ্গ রূপে তাহা রয়

**তস্মিন্নেতস্মিন্নগ্নৌ দেবা বর্ষং জুহ্বতি তস্যা আহুতেরন্নং সম্ভবতি ॥ ২**

এই অগ্নিতে দেবগণ জেন বৃষ্টি আহুতি দেয়
সে আহুতি হতে শস্য অন্ন উৎপন্ন যে হয়।

## পঞ্চমাধ্যায় ঃ সপ্তম খণ্ড

**পুরুষো বাব গৌতমাগ্নিস্তস্য বাগেব সমিৎ প্রাণো ধূমো**
**জিহ্বাহর্চিশ্চক্ষুরঙ্গারাঃ শ্রোত্রং বিস্ফুলিঙ্গাঃ ॥ ১**

ওহে গৌতম পুরুষ অগ্নি বাক্য সমিধ তার
প্রাণ ধূম আর জিহ্বা সে শিখা চক্ষু সে অঙ্গার
কর্ণ বিস্ফুলিঙ্গ সে হয়
এইরূপে সে যে সবমাঝে রয়।

**তস্মিন্নেতস্মিন্নগ্নৌ দেবা অন্নং জুহ্বতি তস্যা আহুতে রেতঃ**
**সম্ভবতি ॥ ২**

এই অগ্নিকে দেবগণ সবে আগুনে আহুতি দেয়
আহুতি হইতে শুক্র উপজে জেন মনে নিশ্চয়।

## পঞ্চমাধ্যায় ঃ অষ্টম খণ্ড

**যোষা বাব গৌতমাগ্নিস্তস্যা উপস্থ এব সমিদ যদুপমন্ত্রয়তে স ধুমো যোনিরর্চির্যদন্তঃ করোতি তে অঙ্গারা অভিনন্দা বিস্ফুলিঙ্গাঃ॥ ১**

যোবাই জেন অগ্নি স্বরূপ উপস্থ সমিধ তার
সম্ভাষণেবে ধুম জেন জননেন্দ্রিয় অর্চি আব
আভ্যন্তরীন অঙ্গার ময়
আনন্দ স্ফুলিঙ্গ রূপে রয়
ইহাও ক্ষুদ্র আনন্দ যেন স্বল্প মাত্র হয়
এইভাবে জেন সবার সাথেতে সবাব তুলনা হয়।

**তস্মিন্নেতস্মিন্নগ্নৌ দেবা রেতো জুহ্বতি তস্যা আহুতের্গর্ভঃ সম্ভবতি॥ ২**

ভার্য্যা রূপেতে অগ্নিতে দেব শুক্র আহুতি দেয়
সেই আহুতিতে জানিও তাহার গর্ভ সঞ্চার হয়।

## পঞ্চমাধ্যায় ঃ নবম খণ্ড

**ইতি তু পঞ্চম্যামাহুতাবাপঃ পুরুষবচসো ভবন্তীতি স উলবাবৃতো গর্ভো দশ বা নব বা মাসানন্তঃ শয়িত্বা যাবদ্বাহথ জায়তে॥ ১**

জল সোম আর বৃষ্টি অন্ন শুক্র রূপেতে রয়
পঞ্চম এই আহুতিতে জেন জলাখ্য আহুতি হয়
পুরুষ সংজ্ঞা লভিয়া তখন
জরায়ুর দ্বারা আবৃত হন
আবার তখন মাতৃ জঠরে নয় দশ মাস ধরে
শুয়ে থেকে পরে জাত হয় সেই মানবের রূপ ধরে।

স জাতো যাবদায়ুষং জীবতি তং প্রেতং দিষ্টমিতোঽগ্নয় এব হরন্তি
যত এবেতো যতঃ সম্ভূতো ভবতি ॥ ২

ওই সন্তান জাত হয়ে তার নিজ কর্মের মত
উপার্জিত যে আয়ুকাল ধরি বেঁচে থাকে সেইমত
তার পর তার কর্মের মত
লোক লাভ তবে দেহ হয় গত
তখন তাহাকে এখান হইতে অগ্নিতে সবে লয়
অগ্নি হইতে সৃজন আবার অগ্নিতে হয় লয়।

## পঞ্চমাধ্যায় ঃ দশম খণ্ড

**তদ্ য ইত্থং বিদুর্যে চেমেঽরণ্যে শ্রদ্ধা তপ ইত্যুপাসতে তেঽর্চিষমভি সম্ভবন্ত্যর্চিষোঽহরহ্ন আপূর্যমাণপক্ষমাপূর্যমাণপক্ষাদ্ যান ষড়্ দঙ্ঙেতি মাসাংস্তান্॥ ১**

তাহার মধ্যে পঞ্চ অগ্নি বিদ্যা যাহারা জানে
আর যে পরিব্রাজক বানপ্রস্থতে অরণ্যে
শ্রদ্ধাও তপে রত যিনি হন
মৃত্যুর পর অর্চ্চিগমন
অর্চ্চি হইতে দিনে আর দিন হতে শুক্ল পক্ষময়
শুক্ল পক্ষ হইতে উত্তরায়ণে ছয় মাসে যায়।

**মাসেভ্যঃ সংবৎসরং সংবৎসরাদাদিত্যমাদিত্যাচ্চন্দ্রমসং চন্দ্রমসো বিদ্যুতং তৎ পুরুষোঽমানবঃ স এনান্ ব্রহ্ম গময়ত্যেষ দেবযানঃ পন্থা ইতি ॥ ২**

মাস হতে তবে সারা বছরেতে বছর হইতে রবি
রবি হতে শশি চন্দ্রমা হতে বিদ্যুতে যায় সবি
অমানব এক পুরুষ তখন
ব্রহ্ম লাভেতে করান গমন
ইহারেই জেন দেবযান পথ বলে বর্ণিত হয়
চন্দ্র সূর্য জ্যোতি রাশি লভি আলোয় আলোকময়।

**অথ য ইমে গ্রাম ইষ্টাপূর্ত্তে দত্তমিত্যুপাসতে তে ধূমমভিসম্ভবন্তি ধূমাদ্রাত্রিং রাত্রেরপরপক্ষমপরপক্ষাদ্ যান্ ষড়্ দক্ষিণৈতি মাসাংস্তান্ নৈতে সংবৎসরমভিপ্রাপ্নুবন্তি ॥ ৩**

ইষ্ট পূর্ত্ত দত্ত প্রভৃতি অনুষ্ঠান যে করে
গ্রামবাসীগণ এই ভাবে যারা দেবতার পূজা করে
ধূমকে প্রাপ্ত তাহারা যে হন
ধূম হতে রাত্রে করে যে গমন
রাত্রি হইতে কৃষ্ণ পক্ষ তাহা হতে ছয় মাসে
সূর্য যখন দক্ষিণে যান তাহা লাভ করে শেষে ।

**মাসেভ্যঃ পিতৃলোকং পিতৃলোকাদাকাশমাকাশাচ্চন্দ্রমসমেষ সোমো রাজা তদ্দেবানামন্নং তং দেবা ভক্ষয়ন্তি ॥ ৪**

মাস লোক হতে পিতৃলোকেতে সেথা হতে আকাশেতে
আকাশ হইতে চন্দ্রমা লোকে হয় তাহাদেব যেতে
ব্রাহ্মণদের রাজা সোম হন
দেবতা গণের অন্ন সে জন
দেবতারা জেন অন্ন রূপেতে এরে ভক্ষণ করে
চন্দ্রই জেনো সোমরূপ ধরি আকাশেতে বাস করে ।

**তস্মিন যাবৎ সম্পাতমুষিত্বাঽথৈতমেবাধ্বানং পুনর্নিবর্ত্তন্তে যথেতমাকাশমাকাশাদ্বায়ুং বায়ুর্ভূত্বা ধূমো ভবতি ধূমো ভূত্বাঽভ্রং ভবতি ॥ ৫**

কর্মফলটি ক্ষয় হয়াবধি চন্দ্রেতে বাস করে
তাহার পরেতে যে পথেতে যায় সে পথেতে পুনঃ ফেরে
চন্দ্র হইতে আকাশেতে যান
আকাশ হইতে বায়ুতে গমন
বায়ু হতে ধূম ধূম হতে পরে অভ্র জানিও হয়
কর্মফলটি শেষ হয়াবধি চন্দ্রের মাঝে রয় ।

অভ্রং ভূত্বা মেঘো ভবতি মেঘো ভূত্বা প্রবর্ষতি ত ইহ ব্রীহিযবা ওষধি বনস্পতয়স্তিলমাষা ইতি জায়ন্তেঽতো বৈ খলু দুর্নিষ্প্রপতরং যো যো হ্যন্নমত্তি যো রেতঃ সিঞ্চতি তদ্ভূয় এব ভবতি ॥ ৬

অভ্র হইতে মেঘ রূপ ধরে মেঘে বর্ষণ হয়
সেই বর্ষণে শস্য রূপেতে তাহারা জনম লয়
সন্তানোৎপাদন সমর্থ জন
ঐ অন্নরে করে ভক্ষণ
তাহার মধ্যে জীব রূপ ধরি সেই জন জনময়
এই বর্ষণে শস্য রূপেতে তাহারাই জেনো রয়।

তদ্ য ইহ রমণীয়চরণা অভ্যাশো হ যত্তে রমণীয়াং যোনি মাপদ্যেরন্ ব্রাহ্মণযোনিং বা ক্ষত্রিয়যোনিং বা বৈশ্যযোনিং বাঽথ য ইহ কপূয়চরণা অভ্যাশো হ যত্তে কপূয়াং যোনিমাপদ্যের এ্ শ্বযোনিং বা সূকরযোনিং বা চণ্ডালযোনিং বা ॥ ৭

ইহাদের মাঝে ইহলোকে যেই শুভ ফল লাভ করে
চন্দ্রলোকটি ভোগ করে যাহা বাকি থাকে তার পরে
ব্রাহ্মণ কুলে জন্ম সে লয়
কর্মের ফল যার কম রয়
ক্ষত্রিয় আর বৈশ্য যোনিতে জন্ম তাহার হয়
অশুভ কর্মে চণ্ডাল আর শূকর কুকুর হয়।

অথৈতয়োঃ পথোর্ন কতরেণচন তানীমানি ক্ষুদ্রাণ্যসকৃদাবর্তীনি ভূতানি ভবন্তি জায়স্ব ম্রিয়স্বেত্যেতত্তৃতীয়ং স্থানং তেনাসৌ লোকো ন সম্পূর্যতে তস্মাজ্জুগুপ্সেত তদেষ শ্লোকঃ ॥ ৮

শাস্ত্রে বিরত জীবগণ ওই দুপথেই নাহি যায়
ঈশ্বরাদেশে জনমে মরণে বারে বারে আসে হায়
তৃতীয় স্থান সে ইহাকেই কয়
এই লোক কভু পূর্ণ না হয়
ঘৃণিত এ পথ যেতে নাহি হয় আছে এর বর্ণন
নিচের শ্লোকেতে এই বিষয়েতে বলেছেন সুধীজন।

**স্তেনো হিরণ্যস্য সুরাং পিবংশ্চ গুরোস্তল্পমাবসন্ ব্রহ্মহা চৈতে পতন্তি চত্বারঃ পঞ্চমশ্চাচরংস্তৈঃ। ইতি ॥ ৯**

স্বর্ণ হরণ করে যেই জন মদ্যপ যেই হয়
গুরু শয্যায় শয়ন করিয়া গুরু পত্নীরে লয়
ব্রহ্মঘাতী সে হয় যেই জন
পতিত হইয়া ইহলোকে রন
শাস্ত্রবিরত জীবগণ জেনো ইহাদের সাথে রয়
ইহাদের সাথে মিশিয়া তাহারা বিপথগামী যে হয়।

**অথ হ য এতানেবং পঞ্চাগ্নীন্ বেদ ন সহ তৈরপ্যাচরন্ পাপ্মনা লিপ্যতে শুদ্ধঃ পূতঃ পুণ্যলোকো ভবতি য এবং বেদ য এবং বেদ ॥ ১০**

পরন্তু যারা পঞ্চাগ্নিকে যথাযথ পূজা করে
পাপীদের কাছে থাকিলেও পাপ তারে না স্পর্শ করে
পঞ্চাগ্নি বিদ্যা ফলেতে সেজন
বীত পাপ হয়ে বিশুদ্ধ হন
উচ্চ বিষয় জানিয়া পুণ্যলোক পানে সেই জন যায়
পাপীদের কাছে থাকিলেও পাপ তার কাছে নাহি যায়।

## পঞ্চমাধ্যায় ঃ একাদশ খণ্ড

**প্রাচীনশাল ঔপমন্যবঃ সত্যযজ্ঞঃ পৌলুষিরিন্দ্রদ্যুম্নো ভাল্লবেয়ো জনঃ শার্করাক্ষ্যো বুড়িল আশ্বতরাশ্বিস্তে হৈতে মহাশালা মহাশ্রোত্রিয়াঃ সমেত্য মীমাংসাং চক্রু কো ন আত্মা কিং ব্রহ্মেতি ॥ ১**

উপমন্যুর পুত্র প্রাচীন শাল নামে যেই জন হয়
পুলুত সূত যে সত্যযজ্ঞ নামে যেই জন হয়
ভাল্লবি সুত সে ইন্দ্রদ্যুম্ন
শর্করাক্ষ্য তনয় নাম যার জন
অশ্বতরাশ্ব পুত্র বুড়িল এই মিলি পাঁচ জন
মহাশ্রোত্রিয় মহাব্রাহ্মণ আলোচনা রত হন
পরস্পরেতে কহেন তাঁহারা ব্রহ্ম কেই বা হয়
আত্মা মোদের হন কোন জন কব তাহা নির্ণয়

**তে হ সম্পাদয়াঞ্চক্রুরুদ্দালকো বৈ ভগবন্তোঽয়মারুণিঃ সম্প্রতীম মাত্মানং বৈশ্বানরমধ্যেতি তং হন্তাভ্যাগচ্ছামেতি তং হাভ্যাজগ্মুঃ ॥ ২**

এই সমস্যা সমাধান করি তাহারা তখন কন
অরুণ পুত্র উদ্দালক নামে খ্যাত যেইজন হন
সম্প্রতি এই বৈশ্বানর আত্মারে অবগত সেইজন
আমরা সকলে জানিবার তরে সেখানে করি গমন।
( তাঁর সমীপে গমন করিলেন )

**স হ সম্পাদয়াঞ্চকার প্রক্ষ্যন্তি মামিমে মহাশালা মহাশ্রোত্রিয়াস্তেভ্যো ন সর্বমিব প্রতিপৎস্যে হন্তাহমন্যমভ্যনুশাসানীতি ॥ ৩**

উদ্দালক তবে কন ভাবিয়া আপন মন এ সিদ্ধান্ত করিল তখন
এ মহা গৃহস্থগণ মহাশ্রোত্রিয়ের জন প্রশ্ন মোরে করিবে যখন
তাঁহাদের প্রশ্ন যত আমার সমর্থ মত হইবার মত কভু নয়
উপদেষ্টা একজন সন্ধান দিব যে মন মনে স্থির করিল নিশ্চয়।

**তান্ হোবাচাশ্বপতির্বৈ ভগবন্তোঽয়ং কৈকেয়ঃ সম্প্রতীমমাত্মানং বৈশ্বানরমধ্যেতি তং হন্তাভ্যাগচ্ছামেতি তং হাভ্যাজগ্মুঃ॥ ৪**

উদ্দালক তবে কন শুন মহাশয়গণ সুপ্রসিদ্ধ কেকয় তনয়
বৈশ্বানর আত্মাতত্ত্ব অশ্বপতি অবগত, তাহার নিকটে সবে যায়।

**তেভ্যো হ প্রাপ্তেভ্যঃ পৃথগর্হাণি কারয়াঞ্চকার স হ প্রাতঃ সঞ্জিহান উবাচ—ন মে স্তেনো জনপদে ন কদর্যো ন মদ্যপো**
**নানাহিতাগ্নির্না বিদ্বান্ন স্বৈরী স্বৈরিণী কুতো**
**যক্ষ্যমাণো বৈ ভগবন্তোঽহমস্মি যাবদেকৈকস্মা ঋত্বিজে ধনং দাস্যামি তাবদ্ভগবদ্ভ্যো দাস্যামি বসন্তু ভগবন্ত ইতি॥ ৫**

তাহারা তথায় সমাগত হলে রাজা সমাদর করে
প্রদত্ত ধনে না নিতে দেখিয়া কহে যে বিনয় ভরে
পরদিন প্রাতে শয্যা তেগিয়া
কন তাহাদের কাছেতে আসিয়া
আমার রাজ্যে চোর নাই নাই মদ্যপ কোনজন
নাহিক কৃপণ আহিতাগ্নি সে ব্রাহ্মণ কোনজন।

ব্যভিচারী নাই সুতরাং জেন ব্যভিচারিণীও নাই
আমার এদান করনা গ্রহণ তবু কেন বলো তাই?
যজ্ঞের মাঝে রত আমি হই
তোমাদের আমি দিব নিশ্চয়ই
ঋত্বিক গণে যত দক্ষিণা এখানেতে দেয়া হবে
দেব তোমাদের থাকো এখানেতে আরো বেশী দেয়া যাবে।

**তো হোচুর্যেন হৈবার্থেন পুরুষশ্চরেত্তং হৈব বদেদাত্মানমেবেমং বৈশ্বানরং সম্প্রত্যধ্যেষি তমেব নো ব্রূহীতি ॥ ৬**

তাঁরা কহিলেন যেই প্রয়োজনে যে মানুষ আসে কাছে
তাঁহার কাছেতে সেই উপদেশ সেই জন জেন যাচে
ধনকামী মোরা নহি কোনজন
বিদ্যা কামনা শুধু প্রয়োজন
বৈশ্বানর—যে আত্মা তাহার তথ্য আপনি বল
সেই কথা বলে ওহে সুধীজন আমারে তৃপ্ত কর।

**তান্ হোবাচ প্রাতর্বঃ প্রতিবক্তাস্মীতি তে হ সমিৎপাণয়ঃ পূর্বাহ্ণে প্রতিচক্রমিরে তান হানুপনীয়ৈবৈতদুবাচ ॥ ৭**

কহিলেন তিনি প্রাতঃ কালেতে উপদেশ দিব আমি
পরদিন তাঁবা গেলেন সেথায় হইয়া সমিৎ পাণি
রাজা উপনীত না করিয়া কন
উপদেশ তবে বলেন তখন।
বিদ্যাভিমান ত্যাগ করি সব আসিয়াছ মোর কাছে
দিব তোমাদের সেই উপদেশ যাহা মোর জানা আছে।

## পঞ্চমাধ্যায় ঃ দ্বাদশ খণ্ড

**ঔপমন্যব কং ত্বমাত্মানমুপাস্স ইতি দিবমেব ভগবো রাজন্নিতি হোবাচৈষ বৈ সুতেজা আত্মা বৈশ্বানরো যং ত্বমাত্মানমুপাসসে তস্মাত্তব সুতং প্রসুতমাসুতং কুলে দৃশ্যতে ॥ ১**

কহিলেন রাজা উপমন্যব কি ভাবেতে পূজা করো
কোন প্রকারেতে আত্মারে তুমি উপাসনা মাঝে স্মরো
প্রাচীনশাল সে কহে মহাশয়
দ্যুলোক ভাবিয়া তাঁর পূজা হয়
কহিলেন রাজা সেই আত্মাকে উপাসনা তুমি করো
প্রসিদ্ধ এই সুতেজা নামেতে আত্মা বৈশ্বানরও
এই জন্যই তবকুলে সুত
দৃষ্ট হয় যে প্রসুত আসুত।

অৎস্যন্নং পশ্যসি প্রিয়মত্ত্যন্নং পশ্যতি প্রিয়ং ভবত্যস্য ব্রহ্মবর্চসং কুলে য এতমেব মাত্মানং বৈশ্বানরমুপাস্তে মূর্ধা ত্বেষ আত্মন ইতি হোবাচ মূর্ধা তে ব্যপতিষ্যদ্ যন্মাং নাগমিষ্য ইতি ॥ ২

এই যে অন্ন ভোজন করিছ হেরিতেছ প্রিয়জন
তাঁহারই কৃপায় হইতেছে সব জানে সে সাধক মন
এই কথা জেনে যে করে ভোজন
এই কথা মানি প্রিয় দরশন
করে যেই জন তাহার কুলেতে জ্ঞানের দীপ্তি রয়
বৈশ্বানর আত্মার জেন একাঙ্গ ইহা হয়।
আমার কাছেতে বিদ্যাব তরে যদি না আসিতে তুমি
এই অপরাধে মস্তক তব খসিয়া পড়িত ভূমি।

## পঞ্চমাধ্যায় ঃ ত্রয়োদশ খণ্ড

অথ হোবাচ সত্যযজ্ঞং পৌলুষিং প্রাচীনযোগ্য কং ত্বমাত্মা নমুপাস্স ইত্যাদিত্যমেব ভগবো রাজন্নিতি হোবাচৈষ বৈ বিশ্বরূপআত্মা বৈশ্বানরো যং ত্বমাত্মানমুপাস্সে তস্মাত্তব বহু খিশ্বরূপং কুলে দৃশ্যতে ॥ ১

ইহার পরেতে সত্যযজ্ঞ পৌলুষিকেরে কন
প্রাচীন যোগ্য আত্মারে পূজা কর কি স্মরিয়া মন
বলিলেন তিনি সূর্যরূপেতে আত্মার পূজা করি
রাজা বলিলেন প্রসিদ্ধ ইনি বিশ্বরূপ নামধরি
বৈশ্বানর এই আত্মার তুমি উপাসনা কর বলে
বিশ্বরূপেতে ধন দেখা দেয় জানিও তোমার কুলে।

**প্রবৃত্তোঽশ্বতরীরথো দাসীনিষ্কোঽহৎস্যন্নং পশ্যসি প্রিয়মত্ত্যন্নং পশ্যতি প্রিয়ং ভবত্যস্য ব্রহ্মবর্চসং কুলে য এতমেবমাত্মানং বৈশ্বানরমুপাস্তে চক্ষুষ্ট্বেতদাত্মন ইতি হোবাচোন্ধোঽভবিষ্যো যন্মাং নাগমিষ্য ইতি ॥ ২**

রথাশ্বতরী তবতবে আছে দাসী ও কণ্ঠহার
অন্নভোজিয়া প্রিয়বস্তুরে দরশন কর আর
বৈশ্বানরেরে আত্মার রূপে করে যেই দরশন
অন্নভোজিয়া প্রিয়বস্তুবে দেখে হেন যেই জন
তাহার কুলেতে ব্রহ্মতেজের সম্ভূত জেন হয়
আত্মার ইহা একটি অঙ্গ চক্ষু মাত্র হয়
আমার কাছেতে না আসিতে যদি এই জ্ঞান লাভ তরে
অন্ধ হইয়া থাকিতে জানিও তুমি চিরদিন ধরে।

## পঞ্চমাধ্যায় ঃ চতুর্দ্দশ খণ্ড

**অথ হোবাচেন্দ্রদ্যুম্নং ভাল্লবেয়ং বৈয়াঘ্রপদ্য কং ত্বমাত্মানমুপাস্স ইতি বায়ুমেব ভগবো রাজন্নিতি হোবাচৈষ বৈ পৃথগ্‌বর্ত্মাত্মা বৈশ্বানরো যং ত্বমাত্মানমুপাস্সে তস্মাত্ত্বাং পৃথগ্‌বলয় আয়ন্তি পৃথগ্রথশ্রেণয়োঽনুযন্তি ॥ ১**

ইহার পরেতে ভাল্লবেয়কে রাজা জিজ্ঞাসা করে
বৈয়াঘ্রপদ আত্মারে পূজ তুমি হে কেমন করে
তিনি তবে কন রাজা মহাশয় বায়ুরূপে পূজি তারে
রাজা কন তবে যেই আত্মারে বায়ুরূপে পূজা করে
পৃথগ্‌বর্ত্মা এই আত্মাই ইনিই বৈশ্বানর ও
জানো তুমি তাই স্বরূপ ইহার তাহা জেনে পূজা কর
বিভিন্ন দিক হতে আসে তাই উপহার তব তরে
বিভিন্ন রথ শ্রেণী তাই তব অনুগমন ও যে করে।

**অৎস্যন্নং পশ্যসি প্রিয়মত্ত্যন্নং পশ্যতি প্রিয়ং ভবত্যস্য ব্রহ্মবর্চসং কুলে য এতমেবমাত্মানং বৈশ্বানরমুপাস্তে প্রাণস্ত্বেষ আত্মন ইতি হোবাচ প্রাণস্ত উদক্রমিষ্যদ্ যন্মাং নাগমিষ্য ইতি ॥ ২**

অন্ন ভোজিয়া প্রিয় বস্তুর হয় তবে দরশন
এ ভাবে যে পূজে অন্ন ভোজিয়া প্রিয় দরশনে রন
তাহার ভুলেতে ব্রহ্ম তেজের উদ্ভব যেন হয়
ইনি আত্মার একটি অঙ্গ জেনো প্রাণ রূপে রয়
আমার নিকটে না আসিতে যদি শিক্ষা লাভের তরে
পরাণ তোমায় ছেড়ে চলে যেত যাইতে সে তুমি মরে।

## পঞ্চমাধ্যায় ঃ পঞ্চদশ খণ্ড

**অথ হোবাচ জনং শার্করাক্ষ্য কং ত্বমাত্মানমুপাস্স ইত্যাকাশমেব ভগবো রাজন্নিতি হোবাচৈষ বৈ বহুল আত্মা বৈশ্বানরো যং ত্বমাত্মানমুপাস্সে তস্মাত্ত্বং বহুলোঽসি প্রজয়া চ ধনেন চ ॥ ১**

ইহার পরেতে অশ্বপতি সে জনে সম্বোধি কন
শর্করাক্ষ আত্মারে পূজ বলো ভাবি কোনজন
জন তবে কন ওহে ভগবন আকাশে আত্মা জানি
কহিলেন রাজা বৈশ্বানরেরে আত্মা বলে যে মানি
কর উপাসনা বহুল নামেতে সেই জন জেনো রয়
সন্ততি ধন লভিয়া হয়েছ বহুল যে নিশ্চয়।

**অহং ত্বমন্নং পশ্যসি প্রিয়মত্ত্যন্নং পশ্যতি প্রিয়ং ভবত্যস্য ব্রহ্মবর্চসং কুলে য এতমেবমাত্মানং বৈশ্বনরমুপাস্তে সন্দেহস্ত্বেষ আত্মন ইতি হোবাচ সন্দেহস্তে ব্যশীর্যদ্ যন্মাং নাগমিষ্য ইতি ॥ ২**

সেই জন্যই অন্ন খাইয়া প্রিয় বস্তুরে হেরে
এইরূপে যেই বৈশ্বানরেতে আত্মার পূজা করে
অন্ন খাইয়া প্রিয় বস্তুরে করে সেই দরশন
তাহারি কুলেতে ব্রহ্ম জ্ঞানের উদ্ভব জেনো হন
এই আত্মাই দেহর মধ্যে মধ্য রূপেতে রয়
শাস্ত্র বাক্য জানিও ইহাই মিথ্যা কখন নয়
আত্ম তত্ত্ব শিখিবাব তবে না আসিলে মোব কাছে
শরীরের তব মধ্য যে ভাগ বিশীর্ণ হত পাছে।

## পঞ্চমাধ্যায় ঃ ষোড়শ খণ্ড

**অথ হোবাচ বুড়িলমাশ্বতরাশ্বিং বৈয়াঘ্রপদ্য কং ত্বমাত্মানমুপাস্স ইত্যপ এব ভগবো রাজন্নিতি হোবাচৈষ বৈ রয়িমাত্মা বৈশ্বানরো যং ত্বমাত্মানমুপাস্সে তস্মাত্ত্বং রয়িমান্ পুষ্টিমানসি ॥ ১**

এর পব রাজা বুড়িল অশ্বতরাশ্বি জনে কন
আত্মার মাঝে কার উপাসনা কর তুমি কোন জন
বুড়িল কহেন জলকেই আমি আত্মাতে পূজা করি
রাজা কহিলেন আত্মাকে তুমি পূজ যেই জনে স্মরি
বৈশ্বানরের আত্মা হইয়া রয়ি রূপে সেই রয়
তাই ত পুষ্টি লাভ করি তুমি হইয়াছ রয়ি ময়।

**অৎস্যন্নং পশ্যসি প্রিয়মত্ত্যন্নং পশ্যতি প্রিয়ং ভবত্যস্য ব্রহ্মবর্চসং কুলে য এতমেবামাত্মানং বৈশ্বানরমুপাস্তে বস্তিস্ত্বেষ আত্মন ইতি হোবাচ বস্তিস্তে ব্যভেৎস্যদ্ যন্মাং নাগমিষ্য ইতি ॥ ২**

সেই জন্যই অন্ন খাইয়া প্রিয় বস্তুরে হেরে
এইরূপে যেই বৈশ্বানরেতে আত্মার পূজা করে
অন্ন সেজন ভক্ষণ করে
প্রিয় বস্তুরে দরশন করে
কিন্তু এ জল আত্মার জেন হয় সে মূত্রাশয়
শিক্ষার তরে নাহি এলে তব বিদীর্ণ তাহা হয়।

## পঞ্চমাধ্যায় ঃ সপ্তদশ খণ্ড

**অথ হোবাচোদ্দালকমারুণিং গৌতম কং ত্বমাত্মানমুপাস্স ইতি পৃথিবীমেব ভগবো রাজন্নিতি হোবাচৈষ প্রতিষ্ঠাত্মা বৈশ্বানরো যং ত্বমাত্মানমুপাস্সে তস্মাত্ত্বং প্রতিষ্ঠিতোঽসি প্রজয়া চ পশুভিশ্চ ॥ ১**

অশ্বপতি যে উদ্দালকেরে জিজ্ঞাসি তবে কয়
আত্মার মাঝে কার উপাসনা কর তুমি মহাশয়
উদ্দালক সে কহেন তখন পৃথিবী রূপেতে স্মরি
রাজা কন তাই রন আত্মাই প্রতিষ্ঠা নাম ধরি
সেই জন্যই সন্ততি আর পশুগণ লাভ করে
প্রতিষ্ঠা লভি হয়েছ ধন্য পৃথিবী নামেতে স্মরে।

**অৎস্যন্নং পশ্যসি প্রিয়মত্ত্যন্নং পশ্যতি প্রিয়ং ভবত্যস্য ব্রহ্মবর্চসং কুলে য এতমেবমাত্মানং বৈশ্বানরমুপাস্তে পাদৌত্বেতাবাত্মন ইতি হোবাচ পাদৌ তে ব্যম্লাস্যেতাং যন্মাং নাগমিষ্য ইতি ॥ ২**

এই জন্যই অন্ন লভিয়া প্রিয় দরশন করে
আছ তুমি জেন আত্মাকে তাই পৃথিবী নামেতে স্মরে
এই ভাবে পূজা রত যেই জন
অন্নভক্ষি প্রিয় দরশন
তাহার কুলেতে ব্রহ্ম জ্ঞান সে থাকে যে বর্ত্তমান
কিন্তু জানিও আত্মার ইহা শুধু পদ দুইখান
আত্ম তত্ত্ব শিখিবার তরে আমাব কাছে না এলে
পদ দুটি তব শিথিল হইত নিশ্চয় নাহি এলে।

## পঞ্চমাধ্যায় ঃ অষ্টাদশ খণ্ড

**তান্ হোবাচৈতে বৈ খলু যূয়ং পৃথগিবেমমাত্মানং বৈশ্বানরং বিদ্বাংসোঽন্নমথ যস্ত্বেবমেবং প্রাদেশমাত্রমভিবিমানমাত্মানং বৈশ্বানরমুপাস্তে স সর্বেষু লোকেষু সর্বেষু ভূতেষুসর্বেষ্বাত্ম অন্নমত্তি ॥ ১**

অশ্বপতি সে বলেন তখন শুন তবে দিয়ে মন
জানিও কিন্তু এই আত্মা যে পৃথক কখন নন
তোমরা ইহারে পৃথক ভাবিয়া
অন্ন ভোজন করেছ জানিয়া
এই আত্মারে অভিব্যাপ্ত ও অপরিমেয় যে জানে
সর্ব জীবেতে অন্ন লভিয়া সর্ব লোকেতে মানে।

**তস্য হ বা এতস্যাত্মনো বৈশ্বানরস্য মূর্ধৈব সুতেজাশ্চক্ষুর্বিশ্বরূপঃ প্রাণঃ পৃথগ্‌বর্ত্মাত্মা সন্দেহো বহুলো বস্তিরেব রয়িঃ পৃথিব্যেব পাদাবুর এব বেদির্লোমানি বর্হির্হৃদয়ং গার্হপত্যো মনোঽন্বাহার্যপচন আস্যমাহবনীয়ঃ ॥ ২**

উক্ত স্বরগে বৈশ্বানরের আত্মার মাথা জেনো
সূর্য চক্ষু বায়ু প্রাণ আর আকাশে মধ্য মেনো
মূত্রাশয় সে জল হয়ে রয়
পৃথিবী জানিও সে চরণদ্বয়
( ঐ বৈশ্বানর রূপী ভোক্তার )
বক্ষঃস্থল বেদি আর ঐ বক্ষের লোম চয়
কুশ তারা হয় গার্হপত্য অগ্নি হৃদয় হয়
মন দক্ষিণ অগ্নি সে হয়
আহবনীয়াগ্নি মুখ রূপে রয়।

## পঞ্চমাধ্যায় ঃ ঊনবিংশ খণ্ড

**তদ্ যদ্ ভক্তং প্রথমমাগচ্ছেৎ তদ্ধোমীয়ং স যাং প্রথমামাহুতিং জুহুয়াৎ তাং জুহুয়াৎ প্রাণায় স্বাহেতি প্রাণস্তৃপ্যতি ॥ ১**

প্রথম অন্ন লভিলে তাহাতে আহুতি অর্পণীয়
প্রাণায় স্বাহা এ মন্ত্র বলি হোম তাতে করে দিও
ইহাতে পরাণ তৃপ্ত যে হন
ওই মন্ত্রেতে কোর তর্পণ

**প্রাণে তৃপ্যতি চক্ষুস্তৃপ্যতি চক্ষুষি তৃপ্যত্যাদিত্যস্তৃপ্যত্যাদিত্যে তৃপ্যতি দ্যৌস্তৃপ্যতি দিবি তৃপ্যন্ত্যাং যৎ কিঞ্চ দ্যৌশ্চাদিত্যশ্চাধি তিষ্ঠতস্তৎ তৃপ্যতি তস্যানু তৃপ্তিং তৃপ্যতি প্রজয়া পশুভিরন্নাদ্যেন তেজসা ব্রহ্মবর্চসেনেতি ॥ ২**

পরাণ তৃপ্ত হইলে জানিও চক্ষু তৃপ্ত হয়
চক্ষু তৃপ্ত হইলে সূর্য তৃপ্ত সে নিশ্চয়
সূর্য তৃপ্ত হইলে স্বরগ তৃপ্ত জানিও হয়
স্বরগ তৃপ্তে সূর্যের নিচে যা কিছু তৃপ্তিময়।
তার তৃপ্তিতে ভোক্তাও জেন তৃপ্তি আপনি পায়
এর পর তিনি প্রজা পশু আর ভোগ্য যা কিছু চায়
সকল লভিয়া ভোগ ও অন্নে দেহ লাবণ্যময়
ব্রহ্মতেজেরে লভিয়া তখন তৃপ্ত সে জন হয়।

## পঞ্চমাধ্যায় ঃ বিংশ খণ্ড

**অথ যাং দ্বিতীয়াং জুহুয়াৎ তাং জুহুয়াৎ ব্যানায় স্বাহেতি ব্যানস্তৃপ্যতি ॥১**

ইহার পরেতে দ্বিতীয় আহুতি ব্যানায় স্বাহা এ বলি
দিবেন তখন মন্ত্রে আহুতি দিয়া তবে অঞ্জলি।

**ব্যানে তৃপ্যতি শ্রোত্রে তৃপ্যতি চন্দ্রমাস্তৃপ্যতি চন্দ্রমসি তৃপ্যতি দিশস্তৃপ্যন্তি দিক্ষু তৃপ্যন্তীষু যৎ কিঞ্চ দিশশ্চ চন্দ্রমাশ্চাধিতিষ্ঠন্তি তৎ তৃপ্যতি তস্যানু তৃপ্তিং তৃপ্যতি প্রজয়া পশুভিরন্নাদ্যেন তেজসা ব্রহ্মবর্চসেনেতি ॥ ২**

ব্যানের তৃপ্তি হইলে তখন তৃপ্ত শ্রবণ হন
শ্রবণ তৃপ্তি পাইলে চন্দ্র আপনি তৃপ্ত হন
চন্দ্র তৃপ্ত হইলে তৃপ্ত সকল দিক যে হয়
দিক তৃপ্তিতে চতুর্দ্দিকেতে সকলে তৃপ্তিময়
তার তৃপ্তিতে ভোক্তা তখন আপনি তৃপ্ত হন
প্রজা পশু আর সকলি লভিয়া পরিতুষ্ট সে রন।

## পঞ্চমাধ্যায় ঃ একবিংশ খণ্ড

**অথ যাং তৃতীয়াং জুহুয়াৎ তাং জুহুয়াদপানায় স্বাহেত্যপানস্তৃপ্যতি ॥ ১**

ইহার পরেতে তৃতীয় আহুতি অর্পণ কর দান
অপানায় স্বাহা বলিয়া মন্ত্রে অপান তৃপ্তি পান।

**অপানে তৃপ্যতি বাক্ তৃপ্যতি বাচি তৃপ্যন্ত্যামগ্নিস্তৃপত্যগ্নৌ তৃপ্যতি পৃথিবী তৃপ্যতি পৃথিব্যাং তৃপ্যন্ত্যাং যৎ কিঞ্চ পৃথিবীচাগ্নিশ্চাধি-তিষ্ঠতস্তৎ তৃপ্যতি তস্যানু তৃপ্তিং তৃপ্যতি প্রজয়া পশুভিরন্নাদ্যেন তেজসা ব্রহ্মবর্চসেনেতি ॥ ২**

অপান তৃপ্ত হইলে জানিও বাক্য তৃপ্ত হন
বাক্য তৃপ্ত হইলে অগ্নি আপনি তৃপ্ত রন
অগ্নি তৃপ্ত হইলে পৃথিবী তৃপ্ত যে অতিশয়
পৃথিবা তৃপ্ত হইলে অগ্নি অধীনে যা কিছু রয়
পৃথিবী অগ্নি দোহার অধীনে যা কিছু তৃপ্ত হন
তাহারা তৃপ্তি পাইলে লোক্তা তৃপ্ত আপনি রন
এর পরে তিনি প্রজা পশু আর ভোগ্য অন্ন লভি।
দেহ লাবণ্যে ব্রহ্ম তেজেতে তৃপ্ত পুণ্যচ্ছবি।

## পঞ্চমাধ্যায় ঃ দ্বাবিংশ খণ্ড

**অথ যাং চতুর্থীং জুহুয়াৎ তাং জুহুয়াৎ সমানায় স্বাহেতি সমান স্তৃপ্যতি ॥ ১**

ইহার পরেতে সমানায় স্বাহা মন্ত্রে আহুতি দাও
চতুর্থ এ আহুতি বলিয়া সমানে তৃপ্ত করিয়া নাও।

**সমানে তৃপ্যতি মনস্তৃপ্যতি মনসি তৃপ্যতি পর্জন্যস্তৃপ্যতি পর্জন্যে-তৃপ্যতি বিদ্যুৎ তৃপ্যতি বিদ্যুতি তৃপ্যন্ত্যাং যৎ কিঞ্চ বিদ্যুচ্চ পর্জন্য-শ্চাধিতিষ্ঠতস্তৎ তৃপ্যতি তস্যানু তৃপ্তিং তৃপ্যতি প্রজয়া পশুভিরন্না-দ্যেন তেজসা ব্রহ্মবর্চসেনেতি ॥ ২**

সমান তৃপ্ত হইলে জানিও মন সে তৃপ্ত হন
মন সে তৃপ্ত হইলে পর্জন্য তাহাতে তৃপ্ত রন
পর্জন্য তৃপ্ত হলে বিদ্যুত তৃপ্ত সে নিশ্চয়
বিদ্যুৎ তৃপ্ত হলে জেন তার অধীনে যাহারা রয়
তাদের সাথেতে তৃপ্ত আপনি ভোক্তা তখন হন
এই পুণ্যেতে প্রজা পশু আর ভোগ্য অন্ন লন
দেহ লাবণ্য লভিয়া তখন ব্রহ্ম তেজেতে তুষ্ট সে হন

## পঞ্চমাধ্যায় ঃ ত্রয়োবিংশ খণ্ড

**অথ যাং পঞ্চমীং জুহুয়াৎ তাং জুহুয়াদুদানায় স্বাহেত্যুদানস্তৃপ্যতি ॥ ১**

ইহার পরেতে উদানায় স্বাহা মন্ত্রে আহুতি দাও
পঞ্চম এই মন্ত্রে উদানে তৃপ্ত করিয়া নাও।

**উদানে তৃপ্যতি ত্বক্ তৃপ্যতি ত্বচি তৃপ্যন্ত্যাং বায়ুস্তৃপ্যতি বায়ৌ তৃপ্যত্যাকাশস্তৃপ্যত্যাকাশে তৃপ্যতি যৎকিঞ্চ বায়ুশ্চাকাশশ্চাধিতিষ্ঠতস্তৎ তৃপ্যতি তস্যানু তৃপ্তিংতৃপ্যতি প্রজয়া পশুভিরন্নাদ্যেন তেজসা ব্রহ্মবর্চসেনেতি ॥ ২**

উদান তৃপ্ত হইলে জানিও বায়ু যে তৃপ্ত হন
বায়ু তৃপ্তে আকাশ জানিও তৃপ্ত তেমনি রন
আকাশ তৃপ্ত হইলে বায়ু ও আকাশ অধীন জন
যাহা কিছু আছে সকলে জানিও তৃপ্তি মগন হন
এদের তৃপ্তি হেরিয়া তৃপ্ত ভোক্তা তখন হয়
এই পুণ্যেতে প্রজা পশু আর অন্ন যে লাভ হয়
ভোগ্য যা কিছু লভিয়া তখন দেহ লাবণ্য ভরা
ব্রহ্মতেজে মগন হইয়া সব তার মধুক্ষরা।

**স য ইদমবিদ্বানগ্নিহোত্রং জুহোতি যথাঽঙ্গারানপোহ্য ভস্মনি জুহুয়াৎ তাদৃক্ তৎ স্যাৎ ॥ ১**

বৈশ্বানর এ দর্শনে নাহি জানি যদি কোন জন
অগ্নি হোত্র হবন যদি সে করেন অজ্ঞ জন
জলন্ত কাঠ সরায়ে যদি বা ভস্মে আহুতি দেয়
তাহার যজ্ঞ আহুতি জানিও তেমনি মিথ্যা হয়।

**অথ য এতদেবং বিদ্বানগ্নিহোত্রং জুহোতি তস্য সর্বেষু লোকেষু সর্বেষু ভূতেষু সর্বেষ্বাত্মসু হুতং ভবতি ॥ ২**

বৈশ্বানরের বিশেষ এ জ্ঞানে যেই জন মনে জানে
প্রাণাগ্নি হোত্রে রত হন যিনি তাহার সম্পাদনে
সর্ব লোকেতে সর্ব ভূতেতে সব আত্মায় তার
তাঁহার আহুতি হয় যে প্রদান এই জ্ঞান হয় যাঁর।

**তদ যথেষীকাতূলমগ্নৌ প্রোতং প্রদূয়েতৈবং হাস্য সর্বে পাপ্মানঃ প্রদূয়ন্তে য এতদেবং বিদ্বানগ্নিহোত্রং জুহোতি ॥ ৩**

ইহার বিষয়ে দৃষ্টান্ত এই—

মুঞ্জার শীষে তুলা হয় যাহা আগুনেতে যদি দেয়
নিঃশেষে তাহা ভস্মীভূত যে তখনি যেমন হয়
তেমনি উক্ত বিদ্যা জানিয়া হবন যে জন করে
নিখিলের যত পাপ রাশি তার নিঃশেষে জেন পোড়ে।

**তস্মাদু হৈবংবিদ্ যদ্যপি চণ্ডালায়োচ্ছিষ্টং প্রযচ্ছেদাত্মনি হৈবাস্য তদ্বৈশ্বানরে হুতং স্যাদিতি তদেষ শ্লোকঃ ॥ ৪**

এই কারণেতে বিশেষ জ্ঞানেতে জ্ঞানী যদি কোনজন
উচ্ছিষ্ট যদি চণ্ডালকেও দেন যদি কোনজন
তবে ও অন্ন বৈশ্বানর সে আত্মাকে দেয়া হয়
সত্য এ কথা শ্লোক আছে জেন তাই এই সে বিষয়।

যথেহ ক্ষুধিতা বালা মাতরং পর্যুপাস এবং সর্বাণি ভূতান্যগ্নিহোত্র মুপাসত। ইত্যগ্নিহোত্রমুপাসত ইতি ॥ ৫

ক্ষুধার্ত শিশু মায়ের কাছেতে আগ্রহ ভরে যায়
তেমনি প্রাণীরা থাকে যেন অগ্নিহোত্র প্রতীক্ষায়।

## ষষ্ঠাধ্যায় ঃ প্রথম খণ্ড

ওঁ শ্বেতকেতুর্হারুণেয় আস তং হ পিতোবাচ শ্বেতকেতো বস ব্রহ্মচর্যং ন বৈ সোম্যাস্মৎকুলীনোঽননূচ্য ব্রহ্মবন্ধুরিব ভবতীতি ॥ ১

অরুণ পৌত্র শ্বেতকেতু নামে পূর্বাকালে একজন
তাহারে ডাকিয়া পিতা তবে তারে মধুর বচনে কন
ওহে শ্বেতকেতু গুরুর গৃহেতে ব্রহ্মচর্য তরে
বাস কর তুমি ব্রহ্মবন্ধু হতে হয় পাছে করে।

স হ দ্বাদশবর্ষ উপেত্য চতুর্বিংশতিবর্ষঃ সর্বান্ বেদানধীত্য মহামনা অনূচানমানী স্তব্ধ এয়ায় তং হ পিতোবাচ শ্বেতকেতো যন্নু সোম্যেদং মহামনা অনূচানমানী স্তব্ধোঽস্যুত তমাদেশম প্রাক্ষ্যঃ ॥ ২

বার বছরেতে শ্বেতকেতু তবে গুরুর গৃহেতে গিয়ে
চব্বিশ বছরে ফিরে আসে পুনঃ বেদপাঠ জ্ঞান নিয়ে
বেদজ্ঞানাভিমানী তিনি হন
অবিনীত ভাব বিরস বদন
হেরিয়া আরুণি জিজ্ঞাসে তবে এমন কি করে হয়
জ্ঞান লাভ হলে এমন স্বভাব হবার কথাত নয়?

**যেনাশ্রুতং শ্রুতং ভবত্যমতং মতমবিজ্ঞাতং বিজ্ঞাতমিতি কথং নু ভগবঃ স আদেশো ভবতীতি ॥ ৩**

ব্রহ্ম বিষয়ে রহস্য ভেদ যে আদেশ শুনে হয়
গুরুর নিকটে জিজ্ঞাসা করে জানিয়াছ সমুদয় ?
পেলে যেই জ্ঞান অশ্রুত বিষয়
ক্ষণেকের মাঝে সব শ্রুত হয়
অচিন্তিত সে সুচিন্তিত সে যার কৃপা লাভে হয়
অনিশ্চিত সে সুনিশ্চিত যে হয়ে যায় নিশ্চয়।
( শ্বেতকেতু সে আদেশ কিরূপ ? )

**যথা সোম্যৈকেন মৃৎপিণ্ডেন সর্বং মৃন্ময়ং বিজ্ঞাতং স্যাদ্ বাচারম্ভণং বিকারো নামধেয়ং মৃত্তিকেত্যেব সত্যম্ ॥ ৪**

মাটির ডেলায় যেন বুঝা যায় যাহা তার পরিণাম
বাক্যের দ্বারা হলেও পৃথক ঘট সরা নানা নাম
সবের মধ্যে মাটি ঠিক রয়
সবি নির্মিত মাটির দ্বারায়
পরিণাম তার মাটিময় ঠিক এ কথা সত্যতম
মাটির ডেলায় কথার দ্বারায় হলেও প্রভেদতম।

**যথা সোম্যৈকেন লোহমণিনা সর্বং লোহময়ং বিজ্ঞাতং স্যাদ্বাচারম্ভণং বিকারো নামধেয়ং লোহমিত্যেব সত্যম্ ॥ ৫**

সুবর্ণ তাল হেরি বোঝা যায় ইহা সুবর্ণময়
ভাষা ও আকারে কুণ্ডল কেহ হার বা বলয় হয়
সবের মাঝেতে স্বর্ণের মত
সত্যই তাহা রয় যে নিহিত
সুবর্ণ যথা নানা আকারেতে যতই প্রভেদ হয়
গলালে তাহারে মিলিবে স্বর্ণ স্বর্ণপিণ্ডময়।

**যথা সৌম্যেনেক নখনিকৃন্তনেন সর্বং কার্ষ্ণায়সং বিজ্ঞাতং স্যাদ্বা-চারম্ভণং বিকারো নামধেয়ং কৃষ্ণায়সমিত্যেব সত্যমেবং সৌম্য স আদেশো ভবতীতি ॥ ৬**

নরুণ দেখিলে যথা বোঝা যায় এ হয় লৌহময়
শব্দ ও নামে পৃথক হলেও লৌহ সত্তা রয়
তেমনি সৌম্য জেন নিশ্চয়
এই উপদেশ যেই মনে লয়
ইহা শ্রবণেতে অশ্রুত বস্তু শ্রুত জেন মনে হয়
অ-মত বিষয় মননেতে রয় অজ্ঞাত জ্ঞাত হয়।

**ন বৈ নূনং ভগবন্তস্ত এতদবেদিষুর্যদ্ধ্যেতদবেদিষ্যন্ কথং মে নাবক্ষ্যন্নিতি ভগবাংস্ত্বেব মে তদ্ ব্রবীত্বিতি তথা সোম্যেতি হোবাচ ॥ ৭**

শ্বেতকেতু কন মোর গুরুগণ জানেন না ইহা কভু
জানিলে আমারে না বলার কোন কারণ তো নেই প্রভু
আপনি বলুন শ্বেতকেতু কন
পিতা কহে কহি শুন দিয়া মন।

## ষষ্ঠাধ্যায় : দ্বিতীয় খণ্ড

**সদেব সোম্যেদমগ্র আসীদেকমেবাদ্বিতীয়ম্ তদ্ধৈক আহুরসদেবেদমগ্র আসীদেকমেবাদ্বিতীয়ং তস্মাদসতঃ সজ্জায়ত ॥ ১**

সৃষ্টির আগে এ জগৎ অসৎ রূপেতে হেথায় ছিল
তাহা হতে পরে সৎরূপে তাহা এখানেতে জাত হল।

**কুতস্তু খলু সোম্যৈবং স্যাদিতি হোবাচ কথমসতঃ সজ্জায়েতেতি সদেব সোম্যেদমগ্র আসীদেকমেবাদ্বিতীয়ম্ ॥ ২**

আরুণি বলেন কহ হে সৌম্য কি ভাবেতে তাহা হয়
অসৎ হইতে সৎ জাত এত নাহি সম্ভব হয়
প্রকৃত পক্ষে সৎ একা সেথা করেন অধিষ্ঠান
সৃষ্টির আগে অদ্বিতীয় রূপে করেন অবস্থান।

**তদৈক্ষত বহু স্যাং প্রজায়েয়েতি তত্তেজোঽসৃজত তত্তেজ ঐক্ষত বহু স্যাং প্রজায়েয়েতি তদপোঽসৃজত তস্মাদ্ যত্র ক্ব চ শোচতি স্বেদতে বা পুরুষস্তেজস এব তদধ্যাপো জায়ন্তে ॥ ৩**

ভাবিলেন তিনি বহুরূপে আমি এখানেতে জাত হব
তাঁর ইচ্ছাতে তেজের সৃষ্টি তেজ বলে বহু হব
তেজ হতে জল সৃষ্টি যে হয়
তাই যবে কেহ শোকার্ত্ত হয়
সেখানেতে তেজ জলের রূপেতে বর্ষণ জেন হয়
এই রূপে একে বহুর প্রকাশ মনে আনে বিস্ময়।

**তা আপ ঐক্ষন্ত বহ্ব্যঃ স্যাম প্রজায়েমহীতি তা অন্নমসৃজন্ত তস্মাদ্ যত্র ক্ব চ বর্ষতি তদেব ভূয়িষ্ঠমন্নং ভবত্যদ্ভ্য এব তদধ্যন্নাদ্যং জায়তে ॥ ৪**

জল ভাবিলেন বহু হয়ে আমি প্রকৃষ্ট জাত হব
জল হতে তবে অন্ন রূপেতে পৃথিবীতে প্রকাশিব
এই হেতু যেথা বর্ষণ হয়
তাহা হতে হয় অন্ন উদয়
জল হইতেই ভক্ষ্য অন্ন সবের জনম হয়
এক হতে এবে বিভিন্নরূপে হয় তাহা বহুময়।

## ষষ্ঠাধ্যায় ঃ তৃতীয় খণ্ড

**তেষাং খল্বেষাং ভুতানাং ত্রীণ্যেব বীজানি ভবন্ত্যাণ্ডজং জীব-জমুদ্ভিজ্জমিতি ॥ ১**

পূর্বে লিখিত জীব সকলের তিনটি কারণ আছে
অণ্ডজ আর জীবজ বা কেহ উদ্ভিদ হয়ে বাঁচে।

**সেয়ং দেবতৈক্ষত হন্তাহমিমাস্তিস্রো দেবতা অনেন জীবেনাত্মনাঽনু প্রবিশ্য নামরূপে ব্যাকরবাণীতি ॥ ২**

সৎ স্বরূপেতে দেবতা তখন ভাবিলেন মনে মনে
পরাণে ধরিয়া আত্মা রূপেতে প্রকাশিত তিনজনে
অনু প্রবিষ্ট তাহাতে হইয়া
ভিন্ন নাম ও রূপবে লইয়া
তেজ জল আর অন্ন রূপেতে জীবাত্মা মাঝে রয়
তিনরূপ মাঝে প্রথমে প্রকাশি ক্রমশঃ প্রকাশময়।

**তাসাং ত্রিবৃতং ত্রিবৃতমেকৈকাং করবাণীতি সেয়ং দেবতেমাস্তিস্রো দেবতা অনেনৈব জীবেনাত্মনাঽনুপ্রবিশ্য নামরূপে ব্যাকরোৎ ॥ ৩**

তিন দেবতারে ত্রিবৃত করিব ভাবিলেন মনে মনে
এ চিন্তা করি প্রাণ বিধায়ক আত্মারে তবে গণে
জীবাত্মা রূপে প্রকাশিত হয়ে
দেবতা ভিতরে প্রবেশ করিয়ে
ভিন্ন নাম ও ভিন্ন রূপেতে ব্যক্ত তখন হন
তিন দেবতারে ত্রিবৃত করিয়া আপনি মনেতে রন।

**তাসাং ত্রিবৃতং ত্রিবৃতমেকৈকামকরোদ্ যথা তু খলু সোম্যেমাস্তিস্রো দেবতাস্ত্রিবৃৎ ত্রিবৃদেকৈকা ভবতি তন্মে বিজানীহীতি ॥ ৪**

সৎ স্বরূপা সে দেবতা তখন ত্রিবৃৎ ত্রিবৃৎ করে
তিন দেবতারে কোন প্রকারেতে বলিতেছি তাহা পরে
আমার নিকটে শুন দিয়া মন
কিভাবে তাহারা ত্রিবৃত যে হন।

## ষষ্ঠাধ্যায় ঃ চতুর্থ খণ্ড

**যদগ্নে রোহিতং রূপং তেজসস্তদ্রূপং যচ্ছুক্লং তদপাং যৎ কৃষ্ণং তদন্নস্যাপাগাদগ্নেরগ্নিত্বং বাচারম্ভণং বিকারো নামধেয়ং ত্রীণি রূপাণীত্যেব সত্যম্॥ ১**

অগ্নির সেই লোহিত রূপসে তেজরূপে তাহা রয়
শুক্ল রূপ সে জল রূপে আর অন্ন কৃষ্ণ ময়
অগ্নি হইতে অগ্নিত্ব যায়
বিকার শব্দ যাহা নামময়
এই যে তিনটি রূপ জেন তার ইহাই সত্যময়
অগ্নিত্ব বুদ্ধি অপগত হলে বিকার যে পায় লয়।

**যদাদিত্যস্য রোহিতং রূপং তেজসস্তদ্রূপং যচ্ছুক্লং তদপাং যৎ কৃষ্ণং তদন্নস্যাপাগাদাদিত্যাদাদিত্যত্বং বাচারম্ভণং বিকারো নামধেয়ং ত্রীণি রূপাণীত্যেব সত্যম্॥ ২**

সূর্যের মাঝে রক্তিম রূপে তেজ জেন তাব রয়
তপনের মাঝে শুক্ল বর্ণে জলরূপে তাহা রয়
কৃষ্ণ বর্ণ পৃথিবীতে হয়
এই তিন ভাবে জেন নিশ্চয়
আদিত্য হতে আদিত্য রূপ বুদ্ধি তখন যায়
কথার মাঝেতে নামেতে বিকাব তিনই সত্যময়।

**যচ্চন্দ্রমসো রোহিতং রূপং তেজসস্তদ্রূপং যচ্ছুক্লং তদপাং যৎ কৃষ্ণং তদন্ন স্যাপাগাচ্চন্দ্রাচ্চন্দ্রত্বং বাচারম্ভণং বিকারো নামধেয়ং ত্রীণি রূপাণীত্যেব সত্যম॥ ৩**

চন্দ্রের মাঝে রক্তিম রাগে তার তেজ জেন রয়
চন্দ্রের মাঝে শুক্ল বর্ণে জল ভাগ জেন রয়
কালোরূপ ধরি পৃথিবীতে রয়
এই তিন ভাবে তিনেতে হে হয়
কারণ সকলি বাক্যের দ্বারা বিকার হইয়া রয়
চন্দ্র হইতে চন্দ্রত্ব বুদ্ধি যাইয়া সত্য রয়।

**যদ্বিদ্যুতো রোহিতং রূপং তেজসস্তদ্রূপং যচ্ছুক্লং তদপাং যৎ কৃষ্ণং তদন্নস্যাপাগাদ্বিদ্যুতো বিদ্যুত্বং বাচারম্ভণং বিকারো নামধেয়ং ত্রীণি রূপাণীত্যেব সত্যম্ ॥ ৪**

বিদ্যুৎ মাঝে রক্ত বর্ণে তেজ রূপে তাহা রয়
শ্বেত বরণেতে উহার মাঝেতে জল হয়ে যেন রয়
কৃষ্ণ বর্ণ রূপে এ ধরায়
তিনভাবে জেন সেই হেথা রয়
বিদ্যুৎ হতে এইভাবে যবে বিদ্যুত্ব বুদ্ধি যায়
নামরূপে সেই বিকার ত্যজিয়া হয় সে সত্যময়।

**এতদ্ধ স্ম বৈ তদ্বিদ্বাংস আহুঃ পূর্বে মহাশালা মহাশ্রোত্রিয়া ন নোঽদ্য কশ্চনাশ্রুতমমতমবিজ্ঞাতমুদাহরিষ্যতীতি হ্যেভ্যো বিদাঞ্চক্রুঃ ॥ ৫**

একথা জানিয়া প্রাচীন মহাগৃহস্থ নামে কন
মহাশ্রোত্রিয় সবে বলেছেন বলি শোন দিয়ে মন
মোদের বংশে কে আছে এমন
নাশোনা না ভাবা বলিবে যেজন
অবিদিত যাহা তাহাবে বলিতে সমর্থ যাবা হয়
এই সব তাবা এর মত যাহা যারা অবগত রয়।

**যদু রোহিতমিবাভূদিতি তেজসস্তদ্রূপমিতি তদ্বিদাঞ্চক্রুর্যদু শুক্লমিবাভূদিত্যপাং রূপমিতি তদ্বিদাঞ্চক্রুর্যদু কৃষ্ণমিবাভূদিত্যন্নস্য রূপমিতি তদ্বিদাঞ্চক্রুঃ ॥ ৬**

তাঁহাদের কাছে অপর যাহা সে রক্ত বর্ণময়
তাহাকেও তাঁরা তেজরূপে মনে জেনেছেন নিশ্চয়
সাদা যাহা তাহা হয় জলময়
কালো রূপ ধরি পৃথিবীই রয়।

যদ্ববিজ্ঞাতমিবাভূদিত্যেতাসামেব দেবতানাং সমাস ইতি তদ্বিদাঞ্চ-ক্রুর্যথা নু খলু সোম্যেমাস্তিস্রো দেবতাঃ পুরুষং প্রাপ্য ত্রিবৃৎ-ত্রিবৃদেকৈকা ভবতি তন্মে বিজানীহীতি ॥ ৭

দুর্জ্ঞেয় বলি অনুভূত তাহা মিশ্রণ দেবতার
বায়ু অগ্নি আদিরে জানিলে বাকি শোনো এইবার
তিনটি দেবতা যেরূপে যখন
পুরুষের দ্বারা ভুক্ত যে হন
ত্রিবৃৎ ত্রিবৃৎ রূপেতে তখন কি রূপেতে তিনি রন
আমার নিকটে শুনহে সোম্য একাগ্র করি মন।

## ষষ্ঠাধ্যায় : পঞ্চম খণ্ড

অন্নমশিতং ত্রেধা বিধীয়তে তস্য যঃ স্থবিষ্ঠো ধাতুস্তৎ পুরীষং ভবতি যো মধ্যমস্তন্মাংসং যোঽণিষ্ঠস্তন্মনঃ ॥ ১

অন্ন ভক্ষ্য হইয়া জানিও তিনরূপে তাহা রয়
স্থূল সে মলেতে মধ্যমাংসে সূক্ষ্ম মনেতে রয়।

আপঃ পীতাস্ত্রেধা বিধীয়ন্তে তাসাং যঃ স্থবিষ্ঠো ধাতুস্তন্মূত্রং ভবতি যো মধ্যমস্তল্লোহিতং যোঽণিষ্ঠঃ স প্রাণঃ ॥ ২

জল পীত হয়ে তিনটি আকারে জেন পরিণত হয়
স্থূল মূত্রেতে মধ্য রক্তে, সূক্ষ্ম প্রাণেতে রয়।

তেজোঽশিতং ত্রেধা বিধীয়তে তস্য যঃ স্থবিষ্ঠো ধাতুস্তদস্থি ভবতি যো মধ্যমঃ স মজ্জা যোঽণিষ্ঠঃ সা বাক্ ॥ ৩

তেজরূপে ঘৃত ভক্ষিত হয়ে তিনরূপে তাহা রয়
স্থূল অংশ হাড়ে মধ্য অংশ মজ্জা সূক্ষ্ম বাক্য ময়।

**অন্নময়ং হি সোম্য মন আপোময়ঃ প্রাণস্তেজোময়ী বাগিতি ভূয়
এব মা ভগবান্ বিজ্ঞাপয়ত্বিতি তথা সোম্যেতি হোবাচ ॥ ৪**

অতএব জেনো ওহে শ্বেতকেতু মন যে অন্নময়
প্রাণ জলময় বাক তেজোময় জানিহ সুনিশ্চয়
শ্বেতকেতু তবু জনকেরে কন
পুনঃ পিতা মোরে বুঝাইয়া দিন
আরুণি কহেন কঠিন তত্ত্ব সহজ কথা এ নয়
( শ্বেতকেতু ভাবে ) সর্বভূতেতে স্থিত মন কেন হইল অন্নময় ?

## ষষ্ঠাধ্যায় ঃ ষষ্ঠ খণ্ড

**দধ্নঃ সোম্য মথ্যমানস্য যোঽণিমা স ঊর্ধ্বঃ সমুদীষতি তৎ সর্পির্ভবতি ॥ ১**

হে সৌম্য জেন দধি সে যখন মন্থন তাহা হয়
সূক্ষ্ম অংশ উপরেতে উঠি ঘৃতে পরিণত হয় ।

**এবমেব খলু সোমান্নস্যাশ্যমানস্য যোঽণিমা স ঊর্ধ্বঃ সমুদীষতি
তন্মনো ভবতি ॥ ২**

ভক্ষ্যমান সে অন্নের যাহা সূক্ষ্ম অংশে রয়
উপরেতে উঠি তাহাই জানিও মনে পরিণত হয় ।

**অপাং সোম্য পীয়মানানাং যোঽণিমা স ঊর্ধ্বঃ সমুদীষতি স
প্রাণো ভবতি ॥ ৩**

পানীয় যে জল তাহার জানিও সূক্ষ্ম অংশ চয়
উঠি উপরেতে প্রাণে মিশি তাহা প্রাণরূপে জেন রয় ।

**তেজসঃ সোম্যাশ্যমানস্য যোঽণিমাস উর্ধ্বঃ সমুদীষতি স বাগ্ ভবতি ॥ ৪**

ভোজ্যমানে তেজের যা কিছু সূক্ষ্ম অংশ রয়
উপরেতে উঠি বাক্য মাঝেতে তাহারি প্রকাশ হয়।

**অন্নময়ং হি সোম্য মন অপোময়ঃ প্রাণস্তেজোময়ী বাগিতি ভূয় এব মা ভগবান্ বিজ্ঞাপয়ত্বিতি তথা সোম্যেতি হোবাচ ॥ ৫**

হে সোম্য জেন মন অন্নতে প্রাণ জল মাঝে রয়
বাক্য তেজেতে রহে জেন, শুনি শ্বেতকেতু পুনঃ কয়
হে পিতঃ আমারে পুনঃ ইহা কহ
পিতা কন বেশ পুনঃ বর্ণিব
( শ্বেতকেতু ভাবে জল তেজ ও যদি সূক্ষ্ম অংশে রয়
হৃদয় মধ্যে প্রাণ মন বাক মনই কেন অন্নময় ? )

## ষষ্ঠাধ্যায় ঃ সপ্তম খণ্ড

**ষোড়শকলঃ সোম্য পুরুষঃ পঞ্চদশাহানি মাঽশীঃ কামমপঃ পিবাপোময়ঃ প্রাণো ন পিবতো বিচ্ছেৎস্যত ইতি ॥ ১**

হে সৌম্য জেন পুরুষের মাঝে ষোলকলা তার রয়
পনের দিন সে আহার না করে জল খেয়ে যদি রয়
তবু প্রাণ তার বিয়োগ না হয়
এতে বোঝা যায় প্রাণ জলময়।

**স হ পঞ্চদশাহানি নাশাথ হৈনমুপসসাদ কিং ব্রবীমি ভো ইত্যৃচঃ সোম্য যজূংষি সামানীতি স হোবাচ ন বৈ মা প্রতিভান্তি ভো ইতি ॥ ২**

তবে শ্বেতকেতু পনের দিন সে আহার না করি রয়
ষোড়শ দিনেতে পিতার কাছেতে গিয়ে তবে সেই কয়
কি বলিব পিতা বলহ এখন
( পিতা ) ঋক যজু সাম কর উচ্চারণ
শ্বেতকেতু কন আমার মনেতে প্রতিভাত নাহি হয়
বলিয়াছ যাহা আমার কাছেতে সহজ কথা সে নয়।

**তং হোবাচ যথা সোম্য মহতোঽভ্যাহিতস্যৈকোঽঙ্গারঃ খদ্যোত মাত্রঃ পরিশিষ্টঃ স্যাৎ তেন ততোঽপি ন বহু দহেদেবং সোম্য তে ষোড়শানাং কলানামেকা কলাঽতিশিষ্টা স্যাৎ তয়ৈতর্হি বেদান্ নানুভবস্যশানাথ মে বিজ্ঞাস্যসীতি ॥ ৩**

পিতা কহিলেন হে সৌম্য যদি অনেক অগ্নি রয়
তার মাঝ হতে জোনাকীর মত অঙ্গার কেহ লয়
তাহার দ্বারায় হয় না যেমন
বেশী পরিমাণে কিছু সে দহন
তেমনি তোমার ষোড়শ কলার একটি কলাই রয়
তাহার দ্বারা ত বেদ সমুহের সব কিছু জ্ঞাত নয়
এবার আপনি করহ ভোজন
তাহার পরেতে বুঝিবে তখন।

**স হাশাথ হৈনমুপসসাদ তং হ যৎ কিংচ পপ্রচ্ছ সর্বং হ প্রতিপেদে ॥ ৪**

আহার করিয়া শ্বেতকেতু তরে পিতার কাছেতে যায়
পিতা জিজ্ঞাসে যাহা কিছু তার উত্তর সেই দেয়।

**তং হোবাচ যথা সোম্য মহতোঽভ্যাহিতস্যৈকমঙ্গারং খদ্যোত মাত্রং পরিশিষ্টং তং তৃণৈরুপসমাধায় প্রাজ্বলয়েৎ তেন ততোঽপি বহু দহেৎ ॥ ৫**

পিতা কহিলেন অনেক অগ্নি হতে অঙ্গার লয়ে
তৃণদ্বারা যদি জ্বালাও আগুন বহু জেন সেই রহে
যে আগুন হতে অঙ্গার নাও
তাহার অধিক পোড়ে জেন তাও।

**এবং সোম্য তে ষোড়শানাং কলানামেকা কলাঽতিশিষ্টাঽভূৎ সাঽন্নেনোপসমাহিতা প্রাজ্বালী তয়ৈতর্হি বেদাননুভবস্যন্নময়ং হি সোম্য মন আপোময়ঃ প্রাণস্তেজোময়ী বাগিতি তদ্ধাস্য বিজজ্ঞাবিতি বিজজ্ঞাবিতি ॥ ৬**

তোমার মনেতে ষোড়শ কলার এক যাহা বাকি ছিল
অন্নের দ্বারা বর্দ্ধিত হয়ে পূর্ণ রূপেতে হল
তাহার দ্বারাই তোমার মাঝেতে হইল বেদের জ্ঞান
মনের মাঝেতে অন্নই রয় জল জেন সেথা প্রাণ
বাক্য সেথায় তেজ রূপে রয়
শুনিয়া একথা যায় সংশয়।

## ষষ্ঠাধ্যায় : অষ্টম খণ্ড

**উদ্দালকো হারুণিঃ শ্বেতকেতুং পুত্রমুবাচ স্বপ্নান্তং মে সোম্য বিজানীহীতি যত্রৈতৎ পুরুষঃ স্বপিতি নাম সতা সৌম্য তদা সম্পন্নো ভবতি স্বমপীতো ভবতি তস্মাদেনং স্বপিতীত্যাচক্ষতে স্বং হ্যপীতো ভবতি ॥১**

আরুণি তখন পুত্রের প্রতি স্বপ্ন মর্ম কন
বলিলেন তিনি সুষুপ্ত কেহ এই কথা যদি কন
সতের সহিত একীভূত হয়
নিজ স্বরূপেতে সে তখন যায়
অন্তঃকরণ দর্পণে যথা চৈতন্যকে জীব কয়
আরসি সরালে ছায়া সে যেমন তখনই সে পায় লয়
তাইত ইহারে সুষুপ্ত বলি লোকে নির্দ্দেশ করে
কেন না তখনি নিদ্রাভঙ্গে সব যায় মুছে সরে।

**স যথা শকুনিঃ সূত্রেণ প্রবদ্ধো দিশং দিশং পতিত্বাঽন্যত্রায়তন মলব্ধ্বা বন্ধনমেবোপশ্রয়ত এবমেব খলু সোম্য তন্মনো দিশং দিশং পতিত্বাঽন্যত্রায়তনমলব্ধ্বা প্রাণমেবোপশ্রয়তে প্রাণ বন্ধনং হি সোম্য মন ইতি ॥ ২**

উক্ত বিষয়ে এ দৃষ্টান্ত আছে জেন এইখানে
সুতো বাঁধা পাখী ইতস্ততঃ যেতে চায় যেইখানে
কোনখানে নাহি পায় আশ্রয়
বন্ধন মাঝে ফিরে আসে হায়
তেমনি জীবেরা বিচরণ করে স্বপনে ও জাগরণে
পরমাত্মাতে আশ্রিত জীব ফেরে আত্মার পানে।

**অশনা পিপাসে মে সোম্য বিজনীহীতি যত্রৈতৎ পুরুষোঽশি-শিষতি নামাস এব তদশিতং নয়স্তে তদ্ যথা গোনায়োঽশ্বনায়ঃ পুরুষনায় ইত্যেবং তদপ আচক্ষতে ঽশনায়েতি তত্রৈতচ্ছুঙ্গমুৎ পতিতং সোম্য বিজানীহি নেদমমূলং ভবিষ্যতীতি ॥ ৩**

হে সৌম্য তুমি ক্ষুধা তৃষ্ণার বিষয় বুঝিয়া লও
কাহার বিষয় যদি বলা হয় ক্ষুধার্ত্ত যেই হও
তখন জলই সেথা লয়ে যায়
অন্ন যাহাতে পরিপাক হয়
গোপালক আর অশ্ব পালক যথা তাহাদের লয়
অশনের নেতা জল, জল হতে শরীর উৎপন্ন হয়
দেহরূপ এই অঙ্কুরটিরে তাহে উদগত জেনো
কারণ বিহীন নহে বলে দেহ আপনার মনে মেনো।

তস্য ক্ব মূলং স্যাদন্যত্রান্নাদেবমেব খলু সোম্যান্নেন শুঙ্গেনাপো মূলমন্বিচ্ছাদ্ভিঃ সোম্য শুঙ্গেন তেজো মূলমন্বিচ্ছ তেজসা সোম্য শুঙ্গেন সন্মূলমন্বিচ্ছ সন্মূলাঃ সোম্যেমাঃ সর্বাঃ প্রজাঃ সদায়তনাঃ সৎপ্রতিষ্ঠাঃ ॥৪

অন্ন ভিন্ন এ দেহের মূল কোনখানে বল রয়
অন্নরূপের অঙ্কুর দ্বারা কারণ সে জলময়
এই জলরূপ অঙ্কুর মাঝে
তেজ রূপে জেন সৎই বিরাজে
সৎ স্বরূপই ভূত সমূহের মূল জেন নিশ্চয়
আয়তন তার প্রতিষ্ঠা রূপে সৎ স্বরূপেতে রয়।

অথ যত্রৈতৎ পুরুষঃ পিপাসতি নাম তেজ এব তৎ পীতং নয়তে তদ্ যথা গোনায়োঽশ্বনায়ঃ পুরুষনায় ইত্যেবং তত্তেজ আচষ্ট উদন্যেতি তত্রৈতদেব শুঙ্গমুৎপতিতং সোম্য বিজানীহি নেদমমূলং ভবিষ্যতীতি ॥ ৫

আবার কাহার বিষয়েতে বলি পিপাসিত যদি হয়
তখন জানিও তেজ তাহাকে যে পীত জলে লয়ে যায়
গোপালক আর অশ্বপালক
লয়ে গো অশ্বে তাহার বাহক
তাই তেজরূপে তৎলোকে তারা নামে অভিহিত করে
তেমনি জলের অঙ্কুর হতে দেহ উদ্গত স্মরে।
( কেন না ইহা নিষ্কারণ হইতে পারে না )

**তস্য ক মূলং স্যাদন্যত্রাদ্‌ভ্যোঽদ্ভিঃ সোম্য শুঙ্গেন তেজো মূলমন্বিচ্ছ তেজসা সোম্য শুঙ্গেন সন্মূলমন্বিচ্ছ সন্মূলাঃ সোম্যেমাঃ সর্বাঃ প্রজাঃ সদায়তনাঃ সৎপ্রতিষ্ঠা যথা নু খলু সোম্যেমাস্তিস্রো দেবতাঃ পুরুষং প্রাপ্য ত্রিবৃৎ ত্রিবৃদেকৈকা ভবতি তদুক্তং পুরস্তাদেব ভবত্যস্য সোম্য পুরুষস্য প্রয়তো বাঙ্‌মনসি সম্পদ্যতে মনঃ প্রাণে প্রাণস্তেজসি তেজঃ পরস্যাং দেবতায়াম্‌ ॥ ৬**

শ্বেতকেতু কহে জল ছাড়া আর অন্নের কেবা মূল ?
পিতা কহে জল অঙ্কুর ধরি খোঁজ তেজ রূপ মূল।
তেজরূপ অঙ্কুর অবলম্বনে সৎ স্বরূপেরে মূল জেনো
চরাচর ঐ সৎ এতে সৃষ্ট আশ্রিত বিলীন মেনো।
জানিও সৌম্য যেরূপে কিন্তু তিনটি দেবতা দ্বারা
ভক্ষিত হয়ে ত্রিবৃত হন প্রত্যেকে জেনো তারা
পূর্বেই তাহা বর্ণিত হল তাই মুমূর্ষু কালে
বাক্য মনেতে মন যে প্রাণেতে প্রাণ তেজ মাঝে মেলে
তেজসে পরম দেবতায় পায় লয়
বাক্য মনেতে মন প্রাণ মাঝে প্রাণ তেজে মিশে যায়।

**স য এষোঽণিমৈতদাত্ম্যমিদং সর্বং তৎ সত্যং স আত্মা তত্ত্বমসি শ্বেতকেতো ইতি ভূয় এব মা ভগবান্‌ বিজ্ঞাপয়ত্বিতি তথা সোম্যেতি হোবাচ ॥ ৭**

সেই যে সূক্ষ্ম তাঁহার দ্বারাই জগৎ আত্মাবান
তিনিই সত্য সে পরমার্থ আত্মা জগৎ প্রাণ
ওহে শ্বেতকেতু তুমি সৎ সেই
তাঁর সাথে তোমা কোন ভেদ নেই
শ্বেতকেতু কন ওহে ভগবন বুঝাইয়া দাও পুনঃ
পিতা কহিলেন স্নেহভরে তবে তাই বলি তুমি শুন।

## ষষ্ঠাধ্যায় ঃ নবম খণ্ড

**যথা সৌম্য মধু মধুকৃতো নিস্তিষ্ঠন্তি নানাত্যয়ানাং বৃক্ষাণাং রসান্ সমবহারমেকতাং রসং গময়ন্তি ॥ ১**

হে সৌম্য শোন মধু করে যবে মধু প্রস্তুত করে
ন'না বৃক্ষেব নানা ফল হতে রস সংগ্রহ কবে
উক্ত রসকে একভাবে লয়
এক ভাব দ্বারা একই করয় ।

**তে যথা তত্র ন বিবেকং লভন্তেঽমুষ্যাহং বৃক্ষস্য রসোঽস্ম্যমুষ্যাহং বৃক্ষস্য রসোঽস্মীত্যেবমেব খলু সোম্যেমাঃ সর্বাঃ প্রজাঃ সতি সম্পদ্য ন বিদুঃ সতি সম্পদ্যামহ ইতি ॥ ২**

তখন যেমন মধুর মধ্যে যে সকল রস রয়
তাদের মধ্যে প্রভেদের জ্ঞান যেমন নাহিক হয়
তেমনি নিজের যত পরিচয়
সৎ এরে পাইলে সবি লীন হয়
তাঁহারে পাইয়া হয়ে তাহা ময় তবুও বোঝে না তাহা
মুমূর্ষু কালে সুষুপ্তি মাঝে সৎ বলি বাজে যাহা ।

**ত ইহো ব্যাঘ্রো বা সিংহো বা বৃকো বা বরাহো বা কীটো বা পতঙ্গো বা দংশো বা মশকো বা যদ্ যদ্ ভবন্তি তদা ভবন্তি ॥ ৩**

ঐ জীবগণ নিদ্রার আগে নেকড়ে সিংহ বাঘ
বরাহ কীট বা পতঙ্গ ডাঁশ মশক যাহাই থাক
ফিরিয়া জাগিয়া পুন তাহা হয়
পরিবর্ত্তন তাহাতে না হয় ।

**স য এষোঽণিমৈতদাত্ম্যমিদং সর্বং তৎ সত্যং স আত্মা তত্ত্বমসি শ্বেতকেতো ইতি ভূয়ং এব মা ভগবান্ বিজ্ঞাপয়ত্বিতি তথা সোম্যেতি হোবাচ ॥ ৪**

এই সূক্ষ্ম হইতে সূক্ষ্ম যা হয় নিত্য সত্য যাহা
এই সমুদয় জগতের জেনো আত্মাই হন তাহা
ওহে শ্বেতকেতু তুমি সেই তিনি
সর্বভূতেতে বিরাজিত যিনি
শ্বেতকেতু কন ওহে ভগবন আবার বুঝিয়ে দাও
পিতা কন বেশ আবার বলি যে মন দিয়ে শুনে নাও।

## ষষ্ঠাধ্যায় ঃ দশম খণ্ড

**ইমাঃ সোম্য নদ্যঃ পুরস্তাৎ প্রাচ্যঃ স্যন্দন্তে পশ্চাৎ প্রতীচ্যস্তাঃ সমুদ্রাৎ সমুদ্রমেবাপিযন্তি স সমুদ্র এব ভবতি তা যথা তত্র ন বিদুরিয়মহমস্মীয়মহমস্মীতি ॥ ১**

পূর্ব বাহিনী নদীগণ যাহা পূর্ব দিকেতে বয়
পশ্চিম বাহী যেই নদীগণ পশ্চিম দিকময়
সমুদ্র মাঝ হতে উত্থিত
সমুদ্র মাঝে লীন হয় যত
সমুদ্র মাঝে মিশিয়া যেমন সমুদ্র হয়ে যায়
কোথা হতে জাত কি নাম আমার কিছু মনে নাহি রয়।

**এবমেব খলু সোম্যেমাঃ সর্বাঃ প্রজাঃ সত আগম্য ন বিদুঃ সত আগচ্ছামহ ইতি ত ইহ ব্যাঘ্রো বা সিংহো বা বৃকো বা বরাহো বা কীটো বা পতঙ্গো বা দংশো বা মশকো বা যদ্‌যদ্‌ ভবন্তি তদা ভবন্তি ॥ ২**

তেমনি সৌম্য এই জীবগণ সৎ হতে জাত হয়
কোথা হতে আসি এই কথাটুকু তবু মনে নাহি রয়
ওই জীবগণ সিংহ বা বাঘ
নেকড়ে বরাহ কীট যাই থাক
ডাঁশ বা মশক যাহা ছিল আগে আবার তেমনি হয়
সুষুপ্তি পরে জাগ্রত হলে পুনঃ যেই সেই রয়।

**স য এষোঽণিমৈতদাত্ম্যমিদং সর্বং তৎ সত্যং স আত্মা তত্ত্বমসি শ্বেতকেতো ইতি ভূয়ঃ এব মা ভগবান্‌ বিজ্ঞাপয়ত্বিতি তথা সোম্যেতি হোবাচ ॥ ৩**

সূক্ষ্ম হইতে সূক্ষ্ম যেমন সৎরূপে যাহা রয়
এই জগতের আত্মাই জেন সত্য নিত্যময়
তুমি ও তিনিই জেনো মনে সার
শ্বেতকেতু বলে বল আর বার।
( পিতা বলিলেন তাহাই হউক )

## ষষ্ঠাধ্যায় ঃ একাদশ খণ্ড

**অস্য সোম্য মহতো বৃক্ষস্য যো মূলেঽভ্যাহন্যাজ্জীবন্ স্রবেদ্ যো মধ্যেঽভ্যাহন্যাজ্জীবন্ স্রবেদ্ যোঽগ্রেঽভ্যাহন্যাজ্জীবন্ স্রবেৎ স এব জীবেনাত্মনাঽনুপ্রভূতঃ পেপীয়মানো মোদমানস্তিষ্ঠতি ॥ ১**

সমুখের এই বিশাল বৃক্ষ মূলে যদি কোন জন
আঘাত করিলে বেঁচে থেকে গাছ করে রস নিঃসরণ
মধ্যেতে যদি আঘাত সে করে
বেঁচে থাকে গাছ রস তার ঝরে
অগ্রভাগেতে করিলে আঘাত বৃক্ষ সে রস দেয়
বৃক্ষের জীবআত্মা হইতে এই রস সিঞ্চয়।

**অস্য যদেকাং শাখাং জীবো জহাত্যথ সা শুষ্যতি দ্বিতীয়াং জহাত্যথ সা শুষ্যতি তৃতীয়াং জহাত্যথ সা শুষ্যতি সর্বং জহাতি সর্বঃ শুষ্যতীতি ॥ ২**

জীবাত্মা যদি বৃক্ষের এক শাখাটিকে ত্যাগ করে
শুখাইয়া গিয়া নিশ্চয়ই তাহা আপনিই যায় মরে
দ্বিতীয় শাখারে ত্যাগে সে যখন
শুখাইয়া যায় তাহাও তেমন
তৃতীয় শাখারে ত্যাগ করিলে সে শুখাইয়া জেন যায়
সারা বৃক্ষরে জীবাত্মা ত্যাগে সেও শুখাইয়া যায়।

**এবমেব খলু সোম্য বিদ্ধীতি হোবাচ জীবাপেতং বাব কিলেদং ম্রিয়তে ন জীবো ম্রিয়ত ইতি স য এষোঽণিমৈতদাত্ম্যমিদং সর্বং তৎ সত্যং স আত্মা তত্ত্বমসি শ্বেতকেতো ইতি ভূয় এব মা ভগবান্ বিজ্ঞাপয়ত্বিতি তথা সোম্যেতি হোবাচ ॥ ৩**

হে সৌম্য জেন ঠিক এইরূপ জীবন যখন যায়
শরীর এর হয় মৃত্যু আত্মা চিরজীবি জেন রয়।

## ষষ্ঠাধ্যায় ঃ দ্বাদশ খণ্ড

**ন্যগ্রোধফলমত আহরেতীদং ভগব ইতি ভিন্ধীতি ভিন্নং ভগব ইতি কিমত্র পশ্যসীত্যণ্ব্য ইবেমা ধানা ভগব ইত্যাসামঙ্গৈকাং ভিন্ধীতি ভিন্না ভগব ইতি কিমত্র পশ্যসীতি ন কিঞ্চন ভগব ইতি ॥ ১**

কহিলেন পিতা বটগাছ থেকে বটফল পেড়ে আন
আনে শ্বেতকেতু পিতা কন ভাঙ্গ—ভাঙ্গিয়াছি তিনি কন
পিতা কন কিবা এতে দেখ রয়
পুত্র কহিল সবই অনুময়
পিতা কয় অনু একটি লইয়া ভাঙ্গ দেখি তুমি এরে
পুত্র কহিল ভাঙ্গিয়াছি পিতা, পিতা বলে ভাঙ্গ তারে
পুত্র কহিল কিছুই ইহাতে দেখিনা ত ভগবান
অনু হতে তনু অদৃশ্য হয় কার্য্যে বর্ত্তমান।

**তং হোবাচ যং বৈ সোম্যৈতমণিমানং ন নিভালয়স এতস্য বৈ সোম্যৈষোঽণিম্ন এবং মহান্যগ্রোধস্তিষ্ঠতি শ্রদ্ধৎস্ব সোম্যেতি ॥ ২**

হে সৌম্য বীজে সূক্ষ্মাংশ যাহা দেখিতে পেলে না তুমি
তাহা হতে হয় মহাবট যাহা উজলিছে বনভূমি
শ্রদ্ধার সাথে ইহারে স্মরিও
এই শ্রদ্ধাই সোপান জানিও।

**স য এষোঽণিমৈতদাত্ম্যমিদং সর্বং তৎ সত্যং স আত্মা তত্ত্বমসি শ্বেতকেতো ইতি ভূয় এব মা ভগবান্ বিজ্ঞাপয়ত্বিতি তথা সোম্যেতি হোবাচ ॥ ৩**

এই অনুকণা মধ্যেই জেন জগৎ আত্মা রন
নিত্য সত্য শাশ্বত সেই তোমাতেও তিনি হন
শ্বেতকেতু পুনঃ কহেন বচন
উপদেশ পুনঃ কর মোরে দান
পিতা কন বেশ শুন পুনরায় সত্য তত্ত্ব জ্ঞান
সবার মাঝেতে সূক্ষ্ম হইয়া বিরাজেন ভগবান।

## ষষ্ঠাধ্যায় ঃ ত্রয়োদশ খণ্ড

**লবনমেতদুদকেঽবধায়াথ মা প্রাতরুপসীদথা ইতি স তথা চকার তং হোবাচ যদ্দোষা লবণমুদকেঽবাধা অঙ্গ তদাহরেতি তদ্ধাবমৃশ্য ন বিবেদ ॥ ১**

উদ্দালক সে কহেন তখন এই নুন ডেলা লয়ে
জলের মধ্যে সেই ডেলাটিকে রাখগে ভিজাইয়ে
শ্বেতকেতু তবে করে সেই কাজ
পরদিন প্রাতে পিতা কন, আজ
আন ডেলাটিকে জলের মধ্যে কাল রেখেছিলে যাহা
শ্বেতকেতু করে অনুসন্ধান, বিলীন হয়েছে তাহা।

**যথা বিলীনমেবাঙ্গাস্যান্তাদাচামেতি কথমিতি লবণমিতি মধ্যাদাচামেতি কথমিতি লবণমিত্যন্তাদাচামেতি কথমিতি লবণ মিত্যভিপ্রাস্যৈতদথ মোপসীদথা ইতি তদ্ধ তথা চকার তাচ্ছশ্বৎসংবর্ত্ততে তং হোবাচাত্র বাব কিল সৎ সোম্য ন নিভালয়সেঽত্রৈব কিলেতি ॥ ২**

পিতা কন এবে উপর হইতে জল তুমি কর পান
খায় শ্বেতকেতু—পিতা জিজ্ঞাসে কি স্বাদ বর্ত্তমান
লবণের স্বাদ শ্বেতকেতু কয়
মধ্যভাগেরে খেতে পিতা কয়
পিতা জিজ্ঞাসে কি স্বাদ ইহার পুত্র লবণ কয়
পিতা কয় এব শেষ ভাগ খাও পুত্র লবণ কয়।
পিতা কহিলেন ফেল এই জল এস হে আমার কাছে
জলের মাঝেতে দেখিতে না পেলে তবুও লবণই আছে
তেমনি এ দেহে অদৃশ্য হয়ে
সত্য নিত্য সদাই যে রহে
দেখিতে না পেলে নাই তিনি এই কথাটি সত্য নয়
এই দেহ মাঝে বর্ত্তমান সে জেন মনে নিশ্চয়।

**স য এষোঽণিমৈতদাত্ম্যমিদং সর্বং তৎ সত্যং স আত্মা তত্ত্বমসি শ্বেতকেতো ইতি ভূয় এব মা ভগবান্ বিজ্ঞাপয়ত্বিতি' তথা সোম্যেতি হোবাচ ॥ ৩**

'এই অণুকণা জগৎ আত্মা জেন তাহা সমুদয়
তিনিই সত্য তিনিই নিত্য তুমিও যে তিনি নয়
শ্বেতকেতু কন পুনঃ বল মোরে
পিতা কন বলি শুন মন ভরে।

## ষষ্ঠাধ্যায় ঃ চতুর্দ্দশ খণ্ড

**যথা সোম্য পুরুষং গন্ধারেভ্যোঽভিনদ্ধাক্ষমানীয় তং ততোঽতিজনে বিসৃজেৎ স যথা তত্র প্রাঙ্‌ বোদঙ্‌ বাঽধরাঙ্‌ বা প্রত্যঙ্‌ বা প্রধ্মায়ীতা-ভিনদ্ধাক্ষ আনীতোঽভিনদ্ধাক্ষো বিসৃষ্টঃ ॥ ১**

হে সৌম্য যদি কোন পুরুষের আঁখি বন্ধন করে
নিরঞ্জন স্থানে আনিয়া তাহায় দেয় যদি কেহ ছেড়ে
তখন যেমন চারি দিকে যায়
করে চিৎকার বলে হায় হায়
চক্ষু আমার বাঁধিয়া হেথায় কোনজন আনিয়াছে
এখানে আনিয়া ফেলিয়া সেজন কে জানে কোথায় গেছে।

**তস্য যথাভিনহনং প্রমুচ্য প্রব্রুয়াদেতাং দিশং গন্ধারা এতাং দিশং ব্রজেতি স গ্রামাদ্ গ্রামং পৃচ্ছন্ পণ্ডিতো মেধাবী গন্ধারানেবোপ সম্পদ্যেতৈবমেবেহাচার্য্যবান্ পুরুষো বেদ তস্য তাবদেব চিরং যাবন্ন বিমোক্ষ্যেঽথ সম্পৎস্য ইতি ॥ ২**

তখন যেমন কেহ যদি তার আঁখি বন্ধন খোলে
এইদিকে গান্ধার এই দিকে তুমি গমন করো সে বলে
গ্রাম হতে গ্রাম অন্তরে যায়
পথনির্দেশ সবারে শুধায়
সবাকার দ্বারা লভি নির্দেশ গান্ধার দেশে যায়
জ্ঞানীজন জানে গুরু নির্দ্দেশে পথ নির্দেশ পায়
জানে সেই জন এ দেহ তেয়াগ করিয়া মুক্ত হব
ধৈরয ধরিয়া দিন গোণে শুধু কবে সেই সৎ পাবো।

**স য এষোহণিমৈতদাত্ম্যমিদং সর্বং তৎ সত্যং স আত্মা তত্ত্বমসি শ্বেতকেতো ইতি ভূয় এব মা ভগবান্ বিজ্ঞাপয়ত্বিতি তথা সোম্যেতি হোবাচ ॥ ৩**

এই যে অনিমা জগত আত্মা জেনো এই সমুদয়
তিনিই সত্য তিনিই আত্মা তুমিও যে তিনি ময়
শ্বেতকেতু বলে বল পুনরায়
পিতা কহে বলি শোন সমুদয়।

## ষষ্ঠাধ্যায় ঃ পঞ্চদশ খণ্ড

**পুরুষং সোম্যোতোপতাপিনং জ্ঞাতয়ঃ পর্যুপাসতে জানাসিমাং জানাসি মামিতি তস্য যাবন্ন বাঙ্মনসি সম্পদ্যতে মনঃ প্রাণে প্রাণস্তেজসি তেজঃ পরস্যাং দেবতায়াং তাবজ্জানাতি ॥ ১**

মানুষ যখন রোগেতে মগন আত্মীয় যত তার
বলে চিনিতেছ আমায় কি তুমি শুধায় বারংবার
যতক্ষণ তার বাক মনে মেশে
মন প্রাণে প্রাণ মেশে তেজে এসে
তেজ মেশে সেই পরম দেবতা চরণে না পায় লয়
ততক্ষণই সে যে পারে চিনিবারে পরে আর তাহা নয়।

**অথ যদাইস্য বাঙ্মনসি সম্পদ্যতে মনঃ প্রাণে প্রাণস্তেজসি তেজঃ পরস্যাং দেবতায়ামথ ন জানাতি ॥ ২**

ইহার পরেতে বাক তার মনে মন মিশে যায় প্রাণে
প্রাণ হতে তেজে তেজ হতে শেষে ধায় দেবতার পানে
দেবতা চরণে মিশে যেই যায়
আর কাহারেও চিনে না সে হায়।

**স য এষোঽণিমৈতদাত্ম্যমিদং সর্বং তৎ সত্যং স আত্মা তত্ত্বমসি শ্বেতকেতো ইতি ভূয় এব মা ভগবান্ বিজ্ঞাপয়ত্বিতি তথা সোম্যেতি হোবাচ ॥ ৩**

সূক্ষ্ম এই যে অনিমা জানিও আত্মাই তাহা হয়
তিনিও সত্য ওহে শ্বেতকেতু তুমিও যে তিনিময়
শ্বেতকেতু কন পিতা পুনরায়
উপদেশ তুমি দাও গো আমায়
পিতা বলিলেন হে সৌম্য তুমি শুন মোর উপদেশ
প্রদানি তোমায় শুনহ যতনে তুমি মন দিয়ে বেশ।

## ষষ্ঠাধ্যায় ঃ ষোড়শ খণ্ড

**পুরুষং সোম্যোত হস্তগৃহীতমানয়ন্ত্যপহার্ষীৎ স্তেয়মকার্ষীৎ পরশুমস্মৈ তপতেতি স যদি তস্য কর্তা ভবতি তত এবানৃত-মাত্মানং কুরুতে সোঽনৃতাভিসন্ধোঽনৃতেনাত্মানমন্তর্ধায় পরশুং তপ্তং প্রতিগৃহ্ণাতি স দহ্যতেঽথ হন্যতে ॥ ১**

রাজপুরুষেরা বলে এই লোক চুরি করে পর ধন
ইহার তরেতে তপ্ত কুঠার কর সবে আনয়ন
বদ্ধ হস্ত করে লয়ে আসে
করি নাই আমি বলে সে তরাসে
আপন স্বরূপ প্রকাশ না করি অসত্য সেই কয়
মিথ্যার দ্বারা আবৃত বলে দগ্ধ নিহত হয়।

**অথ যদি তস্য কর্তা ভবতি তত এব সত্যমাত্মানং কুরুতে স সত্যাভিসন্ধঃ সত্যেনাত্মানমন্তর্ধায় পরশুং তপ্তং প্রতিগৃহ্ণাতি স ন দহ্যতেঽথ মুচ্যতে ॥ ২**

আর যদি সেই চুরি নাহি করে বলে সেই সেই কথা
সত্য স্বরূপে বলিয়া সেজন কুঠারে না পায় ব্যাথা
তখন দগ্ধ তিনি নাহি হন
মুক্তি লভেন ফেলি বন্ধন

**স যথা তত্র নাদাহ্যেতৈত্তদাত্ম্যমিদং সর্বং তৎ সত্যং স আত্মা তত্ত্বমসি শ্বেতকেতো ইতি তদ্ধাস্য বিজজ্ঞাবিতি বিজজ্ঞাবিতি ॥ ৩**

সত্য বলিয়া সেজন যেমন দগ্ধ বভু না হয়
সত্য মিলিলে সেই ব্যক্তির জন্ম আর না হয়
এই সদাখ্য বস্তুর দ্বারা
আত্মার মাঝে রয় জেন তারা
তিনিই সত্য তিনিই নিত্য আত্মা সেজন হয়
তুমিও তিনিই শ্বেতকেতু তবে জানিলেন সমুদয়।

## সপ্তমাধ্যায় ঃ প্রথম খণ্ড

**ওঁ। অধীহি ভগব ইতি হোপসসাদ সনৎকুমারং নারদস্তং হোবাচ সদ্বেত্থ তেন মোপসীদ ততস্ত ঊর্দ্ধং বক্ষ্যামীতি স হোবাচ ॥ ১**

নারদ ঋষি সে সনৎকুমার কাছেতে যাইয়া কয়
ওহে ভগবন অধ্যাপন সে করুন হে মহাশয়
সনৎকুমার বলেন তখন
যাহা জান তাহা লইয়া এখন
আমার কাছেতে দীক্ষা গ্রহণ করিয়া শিষ্য হও
তাহার পবেতে যাহা জানি তাহা বলিব হে নিশ্চয়।
( নারদ বলিতে লাগিলেন )

ঋগ্বেদং ভগবোঽধ্যেমি যজুর্বেদং সামবেদং আথর্বণং চতুর্থমিতিহাস পুরাণং পঞ্চমং বেদানাং বেদং পিত্র্যং রাশিং দৈবং নিধিং বাকো বাক্যমেকায়নং দেববিদ্যাং ব্রহ্মবিদ্যাং ভূতবিদ্যাং ক্ষত্রবিদ্যাং নক্ষত্র-বিদ্যাং সর্পদেবজনবিদ্যামেতদ্ ভগবোঽধ্যেমি ॥ ২

কহে ভগবান চারি বেদজ্ঞান জানি প্রভু সমুদয়
পঞ্চম বেদ ইতিহাস আর পুরাণেতে যা যা কয়
ব্যাকরণ আর শ্রাদ্ধতত্ত্ব
গণিত দৈব উৎপাত যত
মহা কালাদির নিধিশাস্ত্র ও তর্কশাস্ত্র নীতি
শিক্ষা কল্প বেদাঙ্গ ভূত বিদ্যা ধনুর্বিদি।
জ্যোতিষ শাস্ত্র সর্প বিদ্যা গন্ধর্ব বিদ্যা যাহা
শিখিয়াছি প্রভু আছি অবগত বলিলাম শুধু তাহা।

সোঽহং ভগবো মন্ত্রবিদেবাস্মি নাত্মবিচ্ছ্রুতং হ্যেব মে ভগবদ্ দৃশে ভ্যস্তরতি শোকমাত্মবিদিতি সোঽহং ভগবঃ শোচামি তং মা ভগবাঞ্ছোকস্য পারং তারয়ত্বিতি তং হোবাচ যদ্বৈ কিঞ্চৈতদধ্য-গীষ্ঠা নামৈবৈতৎ ॥ ৩

কহেন নারদ জ্ঞানবান হয়ে মন্ত্রই শুধু জানি
আত্ম স্বরূপ অবগত নহি তাই আসি তুমি জ্ঞানী
শুনিয়াছি যেই সে তথ্য জানে
শোক তার কাছে পরাজয় মানে
শোকেতে অধীর ওহে জ্ঞানবীর পার কর তুমি মোরে
গুরু কহিলেন যাহা জান তাহা শুধু আয়ত্ত করে।
( উহা নাম মাত্র )

**নাম বা ঋগ্বেদো যজুর্বেদঃ সামবেদ আথর্বণশ্চতুর্থ ইতিহাস পুরাণঃ পঞ্চমো বেদানাং বেদঃ পিত্র্যো রাশির্দৈবো নিধির্বাকো বাক্যমেকায়নং দেববিদ্যা ব্রহ্মবিদ্যা ভূতবিদ্যা ক্ষত্রবিদ্যা নক্ষত্রবিদ্যা সর্পদেবজনবিদ্যা নামৈবৈতন্নামোপাস্স্বেতি ॥ ৪**

গুরু কহিলেন ঋক্‌যজু সাম অথর্ব বেদ চার
পঞ্চম বেদ ইতিহাস পুরাণ ব্যাকরণ আদি আর
শ্রাদ্ধতত্ত্ব গণিত জ্যোতিষ যাহয়
মহাকালাদির নিধির বিষয়
তর্কশাস্ত্র নীতি ও শিক্ষা কল্পাদি ভূতজ্ঞান
ধনুর্বেদ ও জ্যোতিষ বিদ্যা সর্প বিদ্যাজ্ঞান।
গন্ধর্ব বিদ্যা এ সবি জানিও নামেই শিক্ষা হয়
সর্ববিদ্যা হতে যে শ্রেষ্ঠ নাম উপাসনা'য়।
( তুমি নাম উপাসনা কর )

**স যো নাম ব্রহ্মেত্যুপাস্তে যাবন্নাম্নো গতং তত্রাস্য যথাকামচারো ভবতি যো নাম ব্রহ্মেত্যুপাস্তেঽস্তি ভগবো নাম্নো ভূয় ইতি নাম্নো বাব ভূয়োঽস্তীতি তন্মে ভগবান্ ব্রবীত্বিতি ॥ ৫**

নামে রে ব্রহ্ম জানিয়া যেজন উপাসনা জেন করে
নাম গতিময় যথেচ্ছা গতি সেই জন লাভ করে।
নারদ তখন জিজ্ঞাসে তায়
নাম হতে বড় কি আছে কোথায়
সনৎকুমার বলেন তখন নিশ্চয় তাহা আছে
নারদ বলেন কহ ভগবান সেই জ্ঞান হৃদি যাচে।

# সপ্তমাধ্যায় ঃ দ্বিতীয় খণ্ড

বাগ্‌ বাবো নাম্নো ভূয়সী বাগ্বা ঋগ্বেদং বিজ্ঞাপয়তি যজুর্বেদং সাম-বেদমাথর্বণং চতুর্থমিতিহাসপুরাণং পঞ্চমং বেদানাং বেদং পিত্র্যং রাশিং দৈবং নিধিং বাকোবাক্যমেকায়নং দেববিদ্যাং ব্রহ্ম-বিদ্যাং ভূতবিদ্যাং ক্ষত্রবিদ্যাং নক্ষত্রবিদ্যাং সর্পদেবজনবিদ্যাং দিবং চ পৃথিবীং চ বায়ুং চাকাশং চাপশ্চ তেজংশ্চ দেবাংশ্চ মনুষ্যাংশ্চ পশূংশ্চ বয়াংসি চ তৃণবনস্পতীঞ্ছ্বাপদান্যাকীটপতঙ্গ পিপীলকং ধর্মং চাধর্মং চ সত্যং চানৃতং চ সাধু চাসাধু চ হৃদয়জ্ঞং চাহৃদয়জ্ঞং চ যদ্বৈ বাঙ্‌নাভবিষ্যন্ন ধর্মো নাধর্মো ব্যজ্ঞাপয়িষ্যন্ন সত্যং নানৃতং নসাধু নাসাধু ন হৃদয়জ্ঞো নাহৃদয়জ্ঞো বাগেবৈতৎ সর্বং বিজ্ঞপয়তি বাচমুপাস্স্বেতি ॥ ১

বাক্যই জেনো নাম হতে বড় শ্রেষ্ঠ জানিও হয়
বাক্যের দ্বারা চারি বেদ জেন বিজ্ঞাপিত যে হয়

পঞ্চবিদ্যা বলি যারে কয়
ইতিহাস আর পুরাণে যা রয়

ব্যাকরণ আর শ্রাদ্ধতত্ত্ব গণিত জ্যোতিষ সব
আর যা জানিলে দৈব উৎপাত মানে সেথা পরাভব

মহাকালাদি নিধি বিদ্যা তর্কশাস্ত্র নীতি
কল্পাদি আর ভূত বিদ্যা ও জ্যোতিষ যুদ্ধগীতি

সর্পবিদ্যা স্বরগ পৃথিবী আকাশ ধরণী জল
তেজ ও দেবতা মানব ও পশু নভচর যে সকল

বনস্পতি ও তৃণদল মাঝে
কীট পতঙ্গ পিপীলিকা রাজে

হিংস্র জন্তু পাপ ও পুণ্য সত্য মিথ্যা যাহা
শুভ ও অশুভ ভাল ও মন্দ বাক্যে প্রকাশ তাহা

বাক না থাকিলে ধর্মাধর্ম দুয়ের প্রচার ক'রে
কেবা বলো তাহা করিবে এমন মনের মতন করে ?

বাক্যই তাহা দেয় জানাইয়া তাইত বাক্য বড়
বাক্য মহিমা শুনেছ বাক্য উপাসনা তুমি কর।

**স যো বাচং ব্রহ্মেত্যুপাস্তে যাবদ্বাচো গতং তত্রাস্য যথা কামচারো ভবতি যো বাচং ব্রহ্মেত্যুপাস্তেঽস্তি ভগবো বাচো ভূয় ইতি বাচো বাব ভূয়োঽস্তীতি তন্মে ভগবান্ ব্রবীত্বিতি ॥ ২**

বাক্যরূপেতে ব্রহ্মের জেন উপাসনা যেই করে
বাক্যের গতি যতদূর সেই মত গতি লাভ করে
ব্যক্য হইতে শ্রেষ্ঠ কি হয়
নারদ বলেন বল মহাশয়
সনৎকুমার বলেন বাক্য হইতে শ্রেষ্ঠতর
আছে নিশ্চয়। নারদ বলেন তাহাই আমায় বলো।

## সপ্তমাধ্যায় ঃ তৃতীয় খণ্ড

**মনো বাব বাচো ভূয়ো যথা বৈ দ্বে বামলকে দ্বে বা কোলে দ্বৌ বাঽক্ষৌ মুষ্টিরনুভবত্যেবং বাচং চ নাম চ মনোঽনুভবতি স যদা মনসা মনস্যতি মন্ত্রানধীয়ীয়েত্যথাধীতে কর্মাণি কুর্বীয়েত্যথ কুরুতে পুত্রাংশ্চ পশূংশ্চেচ্ছেয়েত্যথেচ্ছত ইমংচ লোকমমুং চেচ্ছেয়েত্যথেচ্ছতে মনো হ্যাত্মা মনোহি লোকো মনো হি ব্রহ্ম মন উপাস্স্বেতি ॥ ১**

বাগ ইন্দ্রিয় হইতে মনেরে নিশ্চয় বড় জেন
হাতের মুঠায় দুটি আমলকী অথবা বহেড়া আনো
মুঠো করিলে তা দেখা নাহি যায়
মন শুধু তাহা প্রকাশ করায়
মন্ত্র পাঠেতে কর্মকালেতে মন সে চিন্তা করে
পুত্র ও পশু কামনা কালেতে মনেই কামনা করে
ইহলোক আর পরলোক লাভ তরে চায় জেন মন
তবে লাভ করে মনের দ্বারায় করে সেই চিন্তন
মনই আত্মা মন সেই লোক মনই ব্রহ্মময়
করো উপাসনা মনেরে জানিয়া শ্রেষ্ঠ সেজন হয়।

**স যো মনো ব্রহ্মেত্যুপাস্তে যাবন্মনসো গতং তত্রাস্য যথাকামচারো ভবতি যো মনো ব্রহ্মেত্যুপাস্তেঽস্তি ভগবো মনসো ভূয় ইতি মনসো বাব ভূয়োঽস্তীতি তন্মে ভগবান্ ব্রবীত্বিতি । ২**

মনকে ব্রহ্ম জানিয়া যেজন উপাসনা সেই করে
যথেচ্ছ গতি মনের মতন সেই জন লাভ করে
নারদ বলেন মন অপেক্ষা শ্রেষ্ঠ কিছু কি হয় ?
গুরু বলে আছে আরো যে শ্রেষ্ঠ। বলো নারদেতে কয়।

## সপ্তমাধ্যায় ঃ চতুর্থ খণ্ড

**সঙ্কল্পো বাব মনসো ভূয়ান্ যদা বৈ সঙ্কল্পয়তেঽথ মনস্যত্যথবাচমী রয়তি তামু নাম্নীরয়তি নাম্নি মন্ত্রা একং ভবন্তি মন্ত্রেষু কর্মাণি ॥ ১**

মনের চাইতে সঙ্কল্প জেনো অনেক বড় যে হয়
প্রথমেতে লোকে সঙ্কল্প করে পরে জেন চিন্তয়
বাক্যে প্রকাশ তার পরে হয়
অবশেষে নামে প্রবৃত্ত রয়
মন্ত্র সকল নাম ও কর্মে একীভূত জেনো হয়
শাস্ত্রের কথা সত্য জানিও নাহি এতে সংশয়।

**তানি হ বা এতানি সঙ্কল্পৈকায়নানি সঙ্কল্পাত্মকানি সঙ্কল্পে প্রতিষ্ঠিতানি সমক্লৃপতাং দ্যাবাপৃথিবী সমকল্পেতাং বায়ুশ্চাকাশং চ সমকল্পন্তাপশ্চ তেজশ্চ তেষাং সঙ্‌ক্লৃপ্ত্যৈ বর্ষং সঙ্কল্পতে বর্ষস্য সঙ্‌ক্লৃপ্ত্যা অন্নং সঙ্কল্পতে অন্নস্য সঙ্‌ক্লৃপ্ত্যৈ প্রাণাঃ সঙ্কল্পন্তে প্রাণানাং সঙ্‌ক্লৃপ্ত্যৈ মন্ত্রাঃ সঙ্কল্পন্তে মন্ত্রাণাং সংক্লৃপ্ত্যৈ কর্মাণি সঙ্কল্পন্তে কর্মণাং সঙ্‌ক্লৃপ্ত্যৈ লোকঃ সঙ্কল্পতে লোকস্য সংক্লৃপ্ত্যৈ সর্বং সঙ্কল্পতে স এষ সঙ্কল্পঃ সঙ্কল্পমুপাস্‌স্বেতি ॥ ২**

আগে যা বলেছি সঙ্কল্পের মাঝে জেন তাব গতি হয়
সংকল্পেতে তিষ্ঠিত তারা জেনো সঙ্কল্পময়

স্বর্গ পৃথিবী সংকল্প করে
পবন আকাশ সংকল্প করে

জলতেজ করে সঙ্কল্প পরে তবেত বৃষ্টি হয়
বৃষ্টি অন্নে সঙ্কল্প করে তবেত অন্ন বয়।

অন্নেতে প্রাণ সঙ্কল্প হয়
প্রাণ সঙ্কল্পে মন্ত্র সৃজয়

মন্ত্রের মাঝে কর্মে সঙ্কল্প করে জেন সব জন
কর্মফলেব সঙ্কল্পে জেন জগৎ সৃজিত হন

সঙ্কল্পে তুমি জেনো এ প্রকাব
জেনে তুমি কর উপাসনা তার।

**স যঃ সঙ্কল্পং ব্রহ্মেত্যুপাস্তে ক্লৃপ্তান্ বৈ স লোকান্ ধ্রুবান্ ধ্রুবঃ প্রতিষ্ঠিতান্ প্রতিষ্ঠিতোঽব্যথমানানব্যথমানোঽভিসিধ্যতি যাবৎ সঙ্কল্পস্য গতং যথাকামচারো ভবতি যঃ সঙ্কল্পং ব্রহ্মেত্যু-পাস্তেঽস্তি ভগবঃ সঙ্কল্পান্ভূয় ইতি সঙ্কল্পাদ্বাব ভূয়োঽস্তীতি তন্মে ভগবান্ ব্রবীত্বিতি ॥ ৩**

সঙ্কল্পকে ব্রহ্মবুদ্ধি মাঝেতে স্থাপিয়া যেই
করে উপাসনা, স্বয়ং লোকেরে প্রাপ্ত হন যে সেই
প্রতিষ্ঠামান হয়ে সেইজন
কোন ব্যথা তিনি না পান কখন
সকলের চেয়ে শ্রেষ্ঠ ধ্রুবের লোকে জেন সেই রয়
ব্রহ্মরে লভি বেদনা রহিত সেই আনন্দময়।
সঙ্কল্পেরে ব্রহ্ম জানিয়া উপাসনা সেই করে
সঙ্কল্পের মত যথেচ্ছ গতি সেই লাভ করে
নারদ কহেন প্রভু ভগবান
সঙ্কল্পের চেয়ে বড় কোন ?
গুরু কন জেন সঙ্কল্পের চেয়ে বড় যেই হয়
নারদ কহেন ব্যাকুল বচনে কহ কহ দয়ামহ।

## সপ্তমাধ্যায় ঃ পঞ্চম খণ্ড

**চিত্তং বাব সঙ্কল্পাদ্ভূয়ো যদা বৈ চেতয়তেঽথ সঙ্কল্পয়তেঽথ মনস্যত্যথ বাচমীরয়তি তামু নাম্নীরয়তি নাম্নি মন্ত্রা একং ভবন্তি মন্ত্রেষু কর্মাণি ॥ ১**

সঙ্কল্প হতে চিত্ত জানিও অনেক শ্রেষ্ঠ হয়
কারণ যখন কোন বিষয়েতে সচেতন কেহ হয়
তখন আগে সে সঙ্কল্প করে
চিন্তা জানিও করে তার পরে
তাহার পরেতে বাক্যে সেথায় চালিত করে সেজন
অবশেষে বাক নামোচ্চারণে প্রবৃত্ত তবে হন
মন্ত্র সকল নামে তবে রয়
কর্ম মন্ত্রে একীভূত হয়

**তানি হ বা এতানি চিত্তৈকায়নানি চিত্তাত্মানি চিত্তে প্রতিষ্ঠিতানি তস্মাদ্ যদ্যপি বহুবিদচিত্তো ভবতি নায়মস্তীত্যেবৈনমাহুর্যদয়ং বেদ যদ্বা অয়ং বিদ্বান্নেত্থমচিত্তঃ স্যাদিত্যথ যদ্যল্পবিচ্চিত্তবান্ ভবতি তস্মা এবোত শুশ্রূষন্তে চিত্তং হ্যেবৈষামেকায়নং চিত্তমাত্মা চিত্তং প্রতিষ্ঠা চিত্তমুপাস্স্বেতি ॥ ২**

উপরি উক্ত যা কিছু সকলি চিত্তেতে লীন হয়
চিত্তই তার উপাদান আর চিত্তে স্থাপিত রয়
বহু শাস্ত্রেতে জ্ঞানী যদি হয়
বুদ্ধিহীন সে তবু যদি রয়
বলে লোক এযে থাকিয়াও নেই যা জানেন বৃথা হয়
জানিতেন যদি কখনো এমন বুদ্ধি হীন সে নয়
আবার যদি বা অল্পজ্ঞ হয় সে বুদ্ধিমান
তাহার কথাটি শুনিবার তরে সবে আগ্রহবান
এদের চিত্ত জেন গতিময়
চিত্তে এদের প্রতিষ্ঠা হয়
চিত্ত স্বরূপ জানি চিত্তের উপাসনা তুমি করো
সংকল্প হতে চিত্তে জানিও অনেক শ্রেষ্ঠতর।

**স যশ্চিত্তং ব্রহ্মেত্যুপাস্তে চিত্তান্ বৈ স লোকান্ ধ্রুবান্ ধ্রুবঃ প্রতিষ্ঠিতান্ প্রতিষ্ঠিতোঽব্যথমানানব্যথমানোঽভিসিধ্যতি যাবচ্চিত্তস্য গতং তত্রাস্য যথাকামচারো ভবতি যশ্চিত্তং ব্রহ্মেত্যুপাস্তে হস্তি ভগবশ্চিত্তাভূয় ইতি চিত্তাদ্বাব ভূয়োঽস্তীতি তন্মে ভগবান্ ব্রবীত্বিতি॥ ৩**

এই চিত্তকে ব্রহ্মরূপেতে উপাসনা যেই করে
আপনি সেজন ধ্রুব রূপধরি ধ্রুবলোক লাভ করে
প্রতিষ্ঠাশালী প্রতিষ্ঠাবান
হয়ে সেইজন সেই মতিমান
ব্যথাহীন ও বেদনাহীন লোক সেই লাভ করে
যাঁহারে পাইলে সব সুখময় দুঃখ সে যায় দূরে।
চিত্তকে যিনি ব্রহ্ম রূপেতে উপাসনা যেই করে
চিত্তের মত যথেচ্ছ গতি সেইজন লাভ করে
নারদ কহেন ওহে ভগবান
চিত্ত হইতে বড় কোনজন
আছে কি? সনৎকুমার তখন কন তবে মধুময়
চিত্ত হইতে শ্রেষ্ঠ বস্তু আছে জেন নিশ্চয়।
নারদ তখন কহেন বচন
দয়া করে প্রভু বল তা এখন।

## সপ্তমাধ্যায় ঃ ষষ্ঠ খণ্ড

ধ্যানং বাব চিত্তাদ্ভূয়ো ধ্যায়তীব পৃথিবী ধ্যায়তীবান্তরিক্ষং ধ্যায়তীব দ্যৌর্ধ্যায়ন্তীবাপো ধ্যায়ন্তীব পর্বতা ধ্যায়ন্তীব দেবমনুষ্যাস্তস্মাদ্ য ইহ মনুষ্যাণাং মহত্তাং প্রাপ্নুবন্তি ধ্যানাপাদাংশা ইবৈব তে ভবন্ত্যথ যে অল্পাঃ কলহিনঃ পিশুনা উপবাদিনস্তেঽথ যে প্রভবো ধ্যানাপাদাংশা ইবৈব তে ভবন্তি ধ্যানমুপাস্স্বেতি ॥ ১

ধ্যানকে জানিও চিত্ত হইতে অনেক শ্রেষ্ঠ হয়
ধরণীরে হের ধেয়ান মগন আকাশ সে ধ্যানময়
স্বরগ যে হয় ধ্যানেতে নিরত
জল হয় যেন ধ্যানেতে স্তিমিত
ধ্যান নিমগ্ন পর্বত আর ধ্যানরত নরগণ
মহত্ব লভি ধ্যান করে যারা ধ্যান আরাধ্য ধন।
আর যারা ছোট বিবাদ প্রিয় ও পরদোষ যারা দেখে
অপরের দোষ প্রচারি যাহারা অন্তরে কালিমাখে
তারা সেই জনে কভু নাহি পায়
প্রভু গুণে জেনো ভূষিত যে হয়
তাঁরা হন জেন ধ্যান ফল ভাগী অংশীদার যে হন
ধ্যান উপাসনা করগো নারদ গুরু পুনঃ তারে কন।

স যো ধ্যানং ব্রহ্মেত্যুপাস্তে যাবদ্ধ্যানস্য গতং তত্রাস্য যথাকামচারো ভবতি যো ধ্যানং ব্রহ্মেত্যুপাস্তেঽস্তি ভগবো ধ্যানাদ্ ভূয় ইতি ধ্যানাদ্বাব ভূয়োঽস্তীতি তন্মে ভগবান ব্রবীত্বিতি ॥ ২

ধ্যানকে ব্রহ্ম রূপে যেই জন জানি উপাসনা করে
ধ্যানের মতই যথেচ্ছ গতি সেই জন লাভ করে
নারদ তখন কহেন বচন
ধ্যান হতে বড় আছে কোনজন
সনৎকুমার বলেন তখন আছে তাহা নিশ্চয়
নারদ বলেন সেই কথা মোরে বল তুমি মহাশয়।

## সপ্তমাধ্যায় ঃ সপ্তম খণ্ড

বিজ্ঞানং বাব ধ্যানাদ্ভূয়ো বিজ্ঞানেন বা ঋগ্বেদং বিজানাতি যজুর্বেদং সামবেদমাথর্বণং চতুর্থমিতিহাস পুরাণং পঞ্চমং বেদানাং বেদং পিত্র্যং রাশিং দৈবং নিধিং বাকোবাক্যমেকায়নং দেববিদ্যাং ব্রহ্মবিদ্যাং ভূতবিদ্যাং ক্ষত্রবিদ্যাং নক্ষত্রবিদ্যাং সর্পদেবজন বিদ্যাং দিবং চ পৃথিবীং চ বায়ুং চাকাশং চাপশ্চ তেজশ্চ দেবাংশ্চ মনুষ্যাংশ্চ পশূংশ্চ বয়াংসি চ তৃণ বনস্পতীঞ্ছ্বাপদান্যা কীট-পতঙ্গ পিপীলিকং ধর্মং চাধর্মং চ সত্যং চানৃতং চ সাধু চাসাধু চ হৃদয়জ্ঞং চাহৃদয়জ্ঞং চান্নং চ রসং চেমং চ লোকমমুং চ বিজ্ঞানেনৈব বিজানাতি বিজ্ঞানমুপাস্স্বেতি ॥ ১

ধ্যান হইতেও বিজ্ঞানে মনে শ্রেষ্ঠ বলিয়া জেনো
বিজ্ঞান দ্বারা ঋক্‌বেদ লোকে অবগত হয় মেনো
বাকি আর যাহা করে অধ্যায়
বিজ্ঞান মাঝে সবি লাভ হয়

চারিবেদ ছাড়া পঞ্চমবেদ ইতিহাস ব্যাকরণ
পুরাণ গণিত শ্রাদ্ধতত্ত্ব উৎপাত নিবারণ
তর্কশাস্ত্র নীতিশাস্ত্র ও শিক্ষা কল্প আদি
ধনুর্বেদ ও ভূতবিদ্যাও সর্প জ্যোতিষ আদি
নাচ গান আর শিল্প কলায়
সব শাস্ত্রেতে যাহা জানা যায়

স্বরগ পৃথিবী বায়ু ও আকাশ জল তেজ দেবগণ
মানুষ ও পশু পক্ষীও তৃণ বৃক্ষাদি কীট গণ
পতঙ্গ আর পিপীলিকা সহ হিংস্র জন্তুগণ
পাপ ও পূণ্য সত্য মিথ্যা অশুভ ও মনোরম
অন্নও তার যাহা স্বাদ হয়
বিজ্ঞান দ্বারা সব জানা যায়

ইহকাল আর পরকাল বলি যাহা অবগত হয়
বিজ্ঞানে তুমি করো উপাসনা উহা দ্বারা জানা যায়।

**স যো বিজ্ঞানং ব্রহ্মেত্যুপাস্তে বিজ্ঞানবতো বৈ স লোকাঞ্জ্ঞানবতো ঽভিসিধ্যতি যাবদ্ বিজ্ঞানস্য গতং তত্রাস্য যথাকামচারো ভবতি যো বিজ্ঞানং ব্রহ্মেত্যুপাস্তেঽস্তি ভগবো বিজ্ঞানাদ্ভূয় ইতি বিজ্ঞানাদ্বাব ভূয়োঽস্তীতি তন্মে ভগবান্ ব্রবীত্বিতি ॥ ২**

বিজ্ঞানকেই ব্রহ্ম জানিয়া উপাসনা যেই করে
বিজ্ঞান মত স্বচ্ছন্দ গতি সেই জ্ঞানী লাভ করে
নারদ কহেন ওগো ভগবান
এর চেয়ে বড় আছে কোনজন
সনৎকুমার বলেন জানিও এর বড় ঠিক আছে
নারদ কহেন বল প্রভু মোরে অন্তর তারে যাচে।

## সপ্তমাধ্যায় ঃ অষ্টম খণ্ড

**বলং বাব বিজ্ঞানাদ্ভূয়োঽপি হ শতং বিজ্ঞানবতামেকো বলবানাকম্পয়তে স যদা বলী ভবত্যথোত্থাতা ভবত্যুত্তিষ্ঠন্ পরিচরিতা ভবতি পরিচরন্নুপসত্তা ভবত্যুপসীদন্ দ্রষ্টা ভবতি শ্রোতা ভবতি মন্তা ভবতি বোদ্ধা ভবতি কর্ত্তা ভবতি বিজ্ঞাতা ভবতি বলেন বৈ পৃথিবী তিষ্ঠতি বলেনান্তরিক্ষং বলেন দ্যৌর্বলেন পর্বতা বলেন দেবমনুষ্যা বলেন পশবশ্চ বয়াংসি চ তৃণবনস্পতয়ঃ শ্বাপদান্যাকীট পতঙ্গ পিপীলকং বলেন লোকস্তিষ্ঠতি বলমুপাস্স্বেতি ॥ ১**

বিজ্ঞান হতে বলই শ্রেষ্ঠ নিশ্চয় মনে জেনো
বিজ্ঞানবান শত জনকেও কম্পিত করে জেনো
বল পেলে লোকে উত্থিত হয়
সেবা শুশ্রূষা তবে সে করয়
দর্শন আর শ্রবণ চিন্তা অনুষ্ঠান যা হয়
বলের দ্বারাই সব নিশ্চয় বলে হয় সমুদয়।
বলেব দ্বারাই পৃথিবী চালিত স্বরগ শাসিত রয়
বলের দ্বারাই দেবতা মানব পশু পাখী সমুদয়
তৃণ ও বৃক্ষ কীট পতঙ্গ
পিপীলিকা আর পশুগণসহ
বলের দ্বারাই সকলি লভ্য বল সে রক্ষা করে
বলের তুমি হে কর উপাসনা বল বড় মনে কোরে।

স যো বলং ব্রহ্মেত্যুপাস্তে যাবদ্ বলস্য গতং তত্রাস্য যথাকামচারো ভবতি যো বলং ব্রহ্মেত্যুপাস্তেঽস্তি ভগবো ইতি বলাদ্ভূয় ইতি বলাদ্বাব ভূয়োঽস্তীতি তন্মে ভগবান্ ব্রবীত্বিতি ॥ ২

বলকে ব্রহ্ম মনে করি যেই উপাসনা যেই করে
বলের মতই স্বচ্ছন্দ গতি সেই জন লাভ করে
নারদ তখন কহেন বচন
বল হতে বড় আছে কি কখন
সনৎ কুমার কন আছে জেন শ্রেষ্ঠ ইহার চেয়ে
বল বল প্রভু সেই কথা মোরে নারদ তখন কহে।

## সপ্তমাধ্যায় ঃ নবম খণ্ড

অন্নং বাব বলাদ্ভূয়স্তস্মাদ্ যদ্যপি দশরাত্রীর্নাশ্নীয়াদ্ যদ্যু হ জীবেদথবাঽদ্রষ্টাঽশ্রোতাঽমন্তাঽবোদ্ধাঽকর্তাঽবিজ্ঞাতা ভবত্যথান্নস্যায়ৈ দ্রষ্টা ভবতি শ্রোতা ভবতি মন্তা ভবতি বোদ্ধা ভবতি কর্তা ভবতি বিজ্ঞাতা ভবত্যন্নমুপাস্স্বেতি ॥ ১

বল হতে বড় অন্নকে তুমি মনে জেন নিশ্চয়
সেই জন্যই দশদিন যদি আহার না করে রয়
বেঁচে থাকিলেও শকতি না থাকে
দৃষ্টি শ্রবণ মন বোধ থেকে
ক্রিয়াহীন হয়ে দুর্ব্বল হয় অন্নহীন সে জন
অন্ন গ্রহণে লভিয়া শকতি শকতিবান যে হন।
অন্ন লভিয়া চক্ষু কর্ণ মন পুনঃ কাজ করে
অন্নের তুমি কর উপাসনা তার গুণ মনে করে।

**স যোঽন্নং ব্রহ্মেত্যুপাস্তেঽন্নবতো বৈ স লোকান্ পানবতোঽ ভিসিধ্যতি যাবদন্নস্য গতং তত্রাস্য যথাকামচারো ভবতিযোঽন্নং ব্রহ্মেত্যুপাস্তেঽস্তি ভগবোঽন্নাদ্ভূয় ইত্যন্নাদ্বাব ভূয়োঽস্তীতি তন্মে ভগবান্ ব্রবীত্বিতি ॥ ২**

এই অন্নকে ব্রহ্ম জানিয়া উপাসনা যেই করে
প্রভূত অন্ন যুক্ত লোক সে আপনিই লাভ করে
অন্নের গতি যেই মত হয়
ততদূর গতি সেজন লভয়
নারদ কহেন ওহে ভগবান এর চেয়ে কেবা বড়
সনৎ কুমার বলেন আছেই, নারদ কহেন বলো।

## সপ্তমাধ্যায় ঃ দশম খণ্ড

**আপো বাব অন্নাদ্ভূয়স্যস্তস্মাদ্ যদা সুবৃষ্টির্ন ভবতি ব্যাধীয়ন্তে প্রাণা অন্নং কনীয়ো ভবিষ্যতীত্যথ যদা সুবৃষ্টির্ভবত্যানন্দিনঃ প্রাণা ভবন্ত্যন্নং বহু ভবিষ্যতীত্যাপ এবেমা মূর্তা যেয়ং পৃথিবী যদন্তরিক্ষং যদ্ দ্যৌর্যৎ পর্বতা যদ্দেব মনুষ্যা যৎপশবশ্চ বয়াংসি চ তৃণবনস্পতয়ঃ শ্বাপদান্যাকীটপতঙ্গপিপীলকমাপ এবেমা মূর্তাঅপউপাসস্বেতি ॥১**

অন্ন হইতে জলেরে জানিও ঢের বড় তার চেয়ে
বৃষ্টি না হলে অন্ন অল্প হবে সব লোকে কহে
সুবৃষ্টি হলে অন্ন প্রচুর
লভে সবে সুখ মনে ভরপুর
এই পৃথিবীতে যাহা কিছু স্থুল ধরনী আকাশময়
স্বরগ পাহাড় দেবতা মানুষ পশু পাখী যত হয়
তৃণও বৃক্ষ কীট পতঙ্গ হিংস্র জন্তুগণ
জল হতে সব হয়েছে সৃষ্ট জলে পূজ দিয়ে মন।

স যোঽপো ব্রহ্মেত্যুপাস্ত আপ্নোতি সর্বান্ কামাংস্তৃপ্তিমান্ ভবতি যাবদপাং গতং তত্রাস্য যথাকামচারো ভবতি যোঽপো ব্রহ্মেত্যুপাস্তেঽস্তি ভগবোঽদ্ভ্যো ভুয় ইত্যদ্ভ্যো বাব ভূয়োঽস্তীতি তস্মৈ ভগবান্ ব্রবীত্বিতি ॥ ২

জলকে যে কেহ ব্রহ্ম বলিয়া উপাসনা যেই করে
স্থুল বস্তুতে কাম্য লভিয়া তৃপ্তি সে লাভ করে

নারদ কহেন ওহে ভগবান
জল হতে বড় আছে কোন জন

সনৎ কুমার বলেন জানিও জল চেয়ে আছে বড়
নারদ বলেন দয়া করে প্রভু তাঁরি কথা মোরে কহ।

## সপ্তমাধ্যায় ঃ একাদশ খণ্ড

তেজো বাবাদ্ভ্যো ভূয়স্তদ্বা এতদ্বায়ুমাগৃহ্যাকাশমভিতপতি তদাহুর্নিশোচতি নিতপতি বর্ষিষ্যতি বা ইতি তেজ এব তৎপূর্বং দর্শয়িত্বাঽথাপঃ সৃজতে তদেতদূর্ধ্বাভিশ্চ তিরশ্চীভিশ্চ বিদ্যুদ্ভিরাহ্রা-দাশ্চরন্তি তস্মাদাহুর্বিদ্যোততে স্তনয়তি বর্ষিষ্যতি বা ইতি তেজ এব তৎ পূর্বং দর্শয়িত্বাঽথাপঃ সৃজতে তেজ উপাস্স্বেতি ॥ ১

জল অপেক্ষা তেজেরে জানিও অনেক শ্রেষ্ঠ হয়
ঐ তেজ দেখো বায়ু আশ্রয়ে আকাশে তপ্ত বয়

গরমে দগ্ধ হয়ে জীব জন
বলে বৃষ্টির হবে বরষণ

ঐখানে দেখ তেজই অগ্রে নিজেরে প্রকাশ করে
আপনারে আগে প্রকাশি তবে যে জলেরে সৃজন করে।

উৰ্দ্ধগামী ও তির্য্যকগামী বিদ্যুৎগণ সাথে
মেঘ গর্জন করিয়া যখন আকাশ ভ্রমিয়া তাতে

মেঘ গর্জনে আত্ম প্রকাশি
তেজরয় জেন সবেতে বিকাশি

বিদ্যুৎ আর মেঘেরে দেখিয়া বর্ষিবে সবে কয়
তেজ উপাসনা কর দিয়া মন গুরু নারদেরে কয়।

**স যস্তেজো ব্রহ্মেত্যুপাস্তে তেজস্বী বৈ স তেজস্বতো লোকান্ ভাস্বতোঽপহততমস্কানভিসিধ্যতি যাবত্তেজসো গতং তত্রাস্য যথাকামচারো ভবতি যস্তেজো ব্রহ্মেত্যুপাস্তেঽস্তি ভগবস্তেজসো ভূয় ইতি তেজসো বাব ভূয়োঽস্তীতি তন্মে ভগবান্ ব্রবীত্বিতি ॥ ২**

তেজকে ব্রহ্ম জানি মনে যদি কেহ উপাসনা করে
হয়ে তেজোময় তমোহীন লোক সেই জন লাভ করে
তেজের গতি সে যতদূর যায়
স্বচ্ছন্দ গতি তত সেই পায়
নারদ কহেন ওহে ভগবান এব চেয়ে আছে বড় ?
সনৎকুমার বলেন আছে তা নারদ কহেন বলো।

## সপ্তমাধ্যায় ঃ দ্বাদশ খণ্ড

**আকাশো বাব তেজসো ভূয়ানাকাশে বৈ সূর্যাচন্দ্রমসাবুভৌ বিদ্যুন্নক্ষত্রাণ্যগ্নিরাকাশেনাহ্বয়ত্যাকাশেন শৃণোত্যাকাশেন প্রতিশৃণোত্যাকাশে রমত আকাশে ন রমত আকাশে জায়ত আকাশমভিজায়ত আকাশমুপাস্‌স্বেতি ॥ ১**

তেজ হতে জেন আকাশ শ্রেষ্ঠ নিশ্চয় তাহা হয়
চন্দ্র সূর্য তারা বিদ্যুৎ অগ্নি আকাশে রয়
একে অন্যকে আহ্বান করে
আকাশের দ্বারা শ্রবণ সে করে
আকাশেব দ্বারা প্রতি শ্রবণেতে আকাশেতে ক্রীড়া রত
আকাশের মাঝে শোক লভি হয় আকাশ হইতে জাত
আকাশের দিকে উদ্গত হয় অঙ্কুর যত সব
শ্রেষ্ঠ জানিয়া উপাসনা করো আকাশের কর স্তব।

**স য আকাশং ব্রহ্মেত্যুপাস্ত আকাশবতো বৈ স লোকান্ প্রকাশবতোঽসংবাধানুরুগায়বতোঽভিসধ্যতি যাবদাকাশস্য গতং তত্রাস্য যথাকামচারো ভবতি য আকাশং ব্রহ্মেত্যুপাস্তে ঽস্তি ভগব আকাশাদ্ভূয় ইত্যাকাশাদ্বাব ভূয়োঽস্তীতি তন্মে ভগবান্ ব্রবীত্বিতি ॥ ২**

আকাশকে যদি ব্রহ্ম জানিয়া উপাসনা কেহ করে
সুবিস্তীর্ণ জ্যোতির্ময় লোক জেন সেই লাভ করে
কাহার যাহাতে ক্লেশ নাহি হয়
অবাধ ভ্রমন লাভ তার হয়
আকাশের মত বিস্তৃতি আর স্বচ্ছন্দ গতি পায়
নারদ কহেন তারো চেয়ে বড় আছে কেহ মহাশয় ?
সনৎ কুমার হাসি কন তবে আছে তার চেয়ে বড়
নারদ কহেন করোজোড় করি দয়া করে মোরে কহ ।

## সপ্তমাধ্যায় ঃ ত্রয়োদশ খণ্ড

**স্মরো বাবাকাশাদ্ভূয়স্তস্মাদ যদ্যপি বহব আসীরন্ন স্মরন্তো নৈব তে কঞ্চন শৃণুয়ুর্ন মন্বীরন্ন বিজানীরন্ যদা বাব তে স্মরেয়ুরথ শৃণুয়ুরথ মন্বীরন্নথ বিজানীরন্ স্মরেণ বৈ পুত্রান্ বিজানাতি স্মরেণ পশূন্ স্মরমুপাস্স্বেতি ॥ ১**

আকাশ হইতে স্মৃতিরে শ্রেষ্ঠ জেন মনে নিশ্চয়
এই জন্যই যদি কোনখানে লোক সমাবেশ হয়
যদি তথা কারো না হয় স্মরণ
বুঝিতে না পারে কথোপকথন
পরস্পরের কথা নাহি শোনে চিন্তা না করে মনে
আবার স্মরণ হইলে সকল চিন্তায় সব জানে
স্মৃতির দ্বারায় পুত্রগণেরে সকলে চিনিতে পারে
পশুগণে চেনে । স্মৃতি উপাসনা কর তুমি মনে প্রাণে

**স যঃ স্মরং ব্রহ্মেত্যুপাস্তে যাবৎ স্মরস্য গতং তত্রাস্য যথাকামচারো ভবতি যঃ স্মরং ব্রহ্মেত্যুপাস্তেঽস্তি ভগবঃ স্মরাদ্ভূয় ইতি স্মরাদ্বাব ভূয়োঽস্তীতি তন্মে ভগবান্ ব্রবীত্বিতি ॥ ২**

স্মৃতিকে ব্রহ্ম জানি মনে প্রাণে উপাসনা যেই করে
স্মৃতির মতন স্বচ্ছন্দ গতি সেই জন লাভ করে
নারদ তখন কহেন বচন
স্মৃতি চেয়ে বড় আছে কোন জন
সনৎ কুমার কহেন আছে যে স্মৃতি চেয়ে বড় জন
নারদ বলেন বল দয়া করি শুনিতে ব্যগ্র মন।

## সপ্তমাধ্যায় ঃ চতুর্দ্দশ খণ্ড

**আশা বাব স্মরাদ্ভূয়স্যাশেদ্ধো বৈ স্মরো মন্ত্রানধীতে কর্মাণি কুরুতে পুত্রাংশ্চ পশূংশ্চেচ্ছত ইমং চ লোকমমুং চেচ্ছত আশা মুপাস্স্বেতি ॥ ১**

আশারে জানিও স্মৃতি হতে বড় শ্রেষ্ঠ সেজন হয়
আশার মাঝেতে উদ্দীপিত হয়ে কর্মেতে ব্রতী হয়
স্মৃতিমান হয় পুরুষ সে জন
মন্ত্র সকল পাঠে রত হন
পুত্র ও পশু কামনা করিয়া কর্ম যে জন করে
ইহলোক আর পরলোকে অভিলাষ শুধু আশা ভরে করে।

**স য আশাং ব্রহ্মেত্যুপাস্ত আশয়াঽস্য সর্বে কামাঃ সমৃধ্যন্ত্যমোঘা হাস্যাশিষে ভবন্তি যাবদাশায়া গতং তত্রাস্য যথাকামচারো ভবতি য আশাং ব্রহ্মেত্যুপাস্তেঽস্তি ভগব আশায়া ভূয় ইত্যাশায়া বাব ভূয়োঽস্তীতি তন্মে ভগবান্ ব্রবীত্বিতি ॥ ২**

আশাকে যে কেহ ব্রহ্মরূপেতে উপাসনা যদি করে
তাহার কামনা সমৃদ্ধ হয়ে আশায় জেন তা ভরে
প্রার্থনা তার অমোঘ যে হয়
আশা সম যথা গতি লাভ হয়
কহেন নারদ আশা হতে বড় আছে কিহে মহাশয়
গুরু কন আছে বলো তপোধন নারদ তখন কয়।

## সপ্তমাধ্যায় ঃ পঞ্চদশ খণ্ড

**প্রাণো বাব আশায়া ভূয়ান্ যথা বা অরা নাভৌ সমর্পিতা এবমস্মিন্ প্রাণে সর্বং সমর্পিতং প্রাণঃ প্রাণেন যাতি প্রাণঃ প্রাণং দদাতি প্রাণায় দদাতি প্রাণো হ পিতা প্রাণো মাতা প্রাণো ভ্রাতা প্রাণঃ স্বসা প্রাণ আচার্য্যঃ প্রাণো ব্রাহ্মণঃ ॥ ১**

আশা হতে প্রাণ অনেক জানিও শ্রেষ্ঠ সে নিশ্চয়
রথ নাভি মাঝে শলাকা সকল যেমন লাগান রয়
তেমনি এ প্রাণে প্রবিষ্ট হয়
সবাকার মাঝে হয়ে প্রাণময়
প্রাণের দ্বারাই করে বিচরণ করে সেই প্রাণদান
প্রাণ পিতামাতা ভ্রাতা ও ভগিনী আচার্য্য ব্রাহ্মণ।

**স যদি পিতরং বা মাতরং বা ভ্রাতরং বা স্বসারং বাচার্যং বা ব্রাহ্মণং বা কিঞ্চিদ্ ভৃশমিব প্রত্যাহ ধিক্ ত্বাইস্তিত্যেবৈনমাহুঃ পিতৃহা বৈ ত্বমসি মাতৃহা বৈ ত্বমসি ভ্রাতৃহা বৈ ত্বমসি স্বসৃহা বৈ ত্বমস্যাচার্যহা বৈ ত্বমসি ব্রাহ্মণহা বৈ ত্বমসীতি ॥ ২**

কেহ যদি পিতা মাতা ভাই বোন গুরু কিবা ব্রাহ্মণে
অন্যায় কিছু রুক্ষ কথনে আঘাত যে দেয় প্রাণে
অপরেরা তবে ঠিক তাকে বলে
পিতৃঘাতী বা মাতৃঘাতী বলে
ভ্রাতৃঘাতী বা ভগিনীঘাতীও গুরুঘ্ন কেহ কয়
ব্রাহ্মণঘ্ন কহিয়া তাহারে সকলে যে ধিক ধিক এই কয়

**অথ যদ্যপ্যেনানুৎক্রান্তপ্রাণাঞ্ছূলেন সমাসং ব্যতিষন্দহেন্নৈবৈনং ব্রূয়ুঃ পিতৃহাঽসীতি ন মাতৃহাঽসীতি ন ভ্রাতৃহাঽসীতি ন স্বসৃহাঽসীতি নাচার্যহাঽসীতি ন ব্রাহ্মণহাঽসীতি ॥ ৩**

বিগতপ্রাণকে যদি কোন জন পুঞ্জীভূত সে করে
খণ্ড খণ্ড করিয়া কাটিয়া আগুণে দগ্ধ করে
পরাণ যাহার ছাড়িয়াছে দেহ
তখন কখন বলিবে না কেহ
বলিবে না তুমি পিতৃঘাতী বা মাতৃঘাতী যে হলে
ভ্রাতা বা ভগ্নি গুরুঘ্ন বা ব্রাহ্মণ হন্তা বলে।

**প্রাণো হ্যেবৈতানি সর্বাণি ভবতি স বা এষ এবং পশ্যন্নেবং মন্বান এবং বিজানন্নতিবাদী ভবতি তং চেদ্ ব্রূয়ুরতিবাদ্যসীত্যতিবাদ্যস্মীতি ব্রূয়ান্নাপহ্নুবীত ॥ ৪**

প্রাণই এসবে সমস্ত হয়ে আছেন যে প্রাণময়
প্রাণবিদগণ এইরূপ দেখে বিচারেন নিশ্চয়
ও জ্ঞানের ফল সাক্ষাৎ করে
অতিবাদী নাম সেই জন ধরে
লোকে যদি বলে অতিবাদী তুমি স্বীকার করিয়া লয়
প্রাণবিদগণ দর্শন করি জ্ঞান দ্বারা বিচারয়।

## সপ্তমাধ্যায় ঃ ষোড়শ খণ্ড

**এষ তু বা অতিবদতি যঃ সত্যেনাতিবদতি সোঽহং ভগবঃ সত্যেনাতি বদানীতি সত্যং ত্বেব বিজিজ্ঞাসিতব্যমিতি সত্যং ভগবো বিজিজ্ঞাস ইতি ॥১**

সত্যকে যিনি আশ্রয় করি অতিবাদী যেই হন
তিনিই কিন্তু অতিবাদী হয়ে হন যে প্রকৃত জন
নারদ তখন কহেন বচন
শরণাগত সে সত্যাবলম্বন
তাতে যেন আমি অতিবাদী এই অন্যথা নাহি হয়
শুরুকন সত্যে জানিবার তরে হতে হবে নিশ্চয়
নারদ তখন কহেন বচন
সত্য জানিতে চাহি দিয়া মন।

## সপ্তমাধ্যায় ঃ সপ্তদশ খণ্ড

**যদা বৈ বিজানাত্যথ সত্যং বদতি নাবিজানন্ সত্যং বদতি বিজানন্নেব সত্যং বদতি বিজ্ঞানং ত্বেব বিজিজ্ঞাসিতব্যমিতি বিজ্ঞানং ভগবো বিজিজ্ঞাস ইতি ॥১**

বিশেষ করিয়া জানে যেই জন সত্য বলিতে পারে
সবিশেষ যেই কিছুই না জানে সত্য কহিতে নারে
সবিশেষ জ্ঞানে কহে বিজ্ঞান
জানিবার তরে যেই মতিমান
আগ্রহশীল সত্যারে যেন সেইজন তবে পায়
নারদ কহেন কহ তপোধন এমন জানিতে চায়।

## সপ্তমাধ্যায় ঃ অষ্টাদশ খণ্ড

যথা বৈ মনুতেঽথ বিজানাতি নামত্বা বিজানাতি মত্বৈব বিজানাতি মতিস্ত্বেব বিজিজ্ঞাসিতব্যেতি মতিং ভগবো বিজিজ্ঞাস ইতি ॥১

যখন মনেতে চিন্তা করিয়া বিজ্ঞান লাভকরে
চিন্তাশীল যে নহেন সে জন এই জ্ঞানে নাহি পাবে
উৎসুক যদি তার তরে মন
তবেলাভ করে এই বিজ্ঞান
নারদ কহেন ওহে ভগবান উৎসুক আমি তাই
মননের দ্বারা একাগ্র হয়ে তাহাই জানিতে চাই।

## সপ্তমাধ্যায় ঃ উনবিংশ খণ্ড

যদা বৈ শ্রদ্দধাত্যথ মনুতে নাশ্রদ্দধন্মনুতে শ্রদ্দধদেব মনুতে শ্রদ্ধা ত্বেব বিজিজ্ঞাসিতব্যেতি শ্রদ্ধাং ভগবো বিজিজ্ঞাস ইতি ॥ ১

আছে সেই জন এই কথা জেনে শ্রদ্ধারত যে মন
আস্তিক্য বুদ্ধি শ্রদ্ধাবিশিষ্ট যেই সুধী জন হন
শ্রদ্ধাবান সে করেন মনন
জানিবার তরে উৎসুক জন
নারদ কহেন ওহে ভগবান আমিও জানিতে চাই
শ্রদ্ধা ভরেতে মনন করিয়া তাঁহাবে যাহাতে পাই।

## সপ্তমাধ্যায় ঃ বিংশ খণ্ড

যদা বৈ নিস্তিষ্ঠত্যথ শ্রদ্দধাতি নানিস্তিষ্ঠঞ্ছ্রদ্দধাতি নিস্তিষ্ঠন্নেব শ্রদ্দধাতি নিষ্ঠা ত্বেব বিজিজ্ঞাসিতব্যেতি নিষ্ঠাং ভগবো বিজিজ্ঞাস ইতি ॥ ১

নিষ্ঠাবান সে জেন যেই জন শ্রদ্ধাল্ তিনি হন
নিষ্ঠাবান সে নহে যেই জন শ্রদ্ধালু তিনি নন
নিষ্ঠা জানিতে চাহে যেই জন
সত্য যাহার উৎসুক মন
নিষ্ঠাবান সে হইবে সত্য মিথ্যা কখনো নয়
নারদ কহেন উৎসুক আমি জেন প্রভু নিশ্চয়।

## সপ্তমাধ্যায় ঃ একবিংশ খণ্ড

**যদা বৈ করোত্যথ নিস্তিষ্ঠতি নাকৃত্বা নিস্তিষ্ঠতি কৃত্বৈব নিস্তিষ্ঠতি কৃতিস্ত্বেব বিজিজ্ঞাসিতব্যেতি কৃতিং ভগবো বিজিজ্ঞাস ইতি ॥১**

যখন যে কেহ একাগ্র হন নিষ্ঠাবান সেজন
একাগ্র যিনি হতে না পারেন নিষ্ঠাবান সে নন
একাগ্রতাবে করিতে গ্রহণ
কিন্তু যে চাই উৎসুক মন
নারদ কহেন ওহে ভগবান উৎসুক আমি হই
জানাতে তাহাবে জ্ঞান উপদেশে কেবা আছে তোমা বই।

## সপ্তমাধ্যায় ঃ দ্বাবিংশ খণ্ড

**যদা বৈ সুখং লভতেঽথ করোতি নাসুখং লব্ধ্বা করোতি সুখমেব লব্ধ্বা করোতি সুখং ত্বেব বিজিজ্ঞাসিতব্যমিতি সুখং ভগবো বিজিজ্ঞাস ইতি ॥ ১**

যদি সে মানুষ সুখ লাভ করে তবেই কর্ম করে
সুখ না লভিলে কোন জন বলো বৃথা সে কর্ম করে
ঐহিক সুখ লভিতে যেমন
কর্মেতে রত হন সব জন
যাহার অধিক সুখ আর নাই তাঁরে যবে চায় মন
কর্মের ফলে আশা না করিয়া কর্মেতে রত হন।
নারদ তখন কহেন বচন
সে সুখ লভিতে ব্যাকুল এ মন।

## সপ্তমাধ্যায় ঃ ত্রয়োবিংশ খণ্ড

যো বৈ ভূমা তৎ সুখং নাল্পে সুখমস্তি ভূমৈব সুখং ভূমা ত্বেব
বিজিজ্ঞাসিতব্য ইতি ভূমানং ভগবো বিজিজ্ঞাস ইতি ॥ ১

ভূমা মানে হন সবার অধিক সর্বশ্রেষ্ঠ জন
যাঁহারে পাইলে সব হয় পাওয়া সুখ সেই অতুলন
অল্পের মাঝে সুখ জেন নাই
ভূমারে জানিতে তাই মনে চাই
নারদ কহেন বিনয় বচনে কহ কহ ভগবান
ভূমাকে জানিতে ব্যাকুল জানিও অধীর আমার প্রাণ

## সপ্তমাধ্যায় ঃ চতুর্বিংশ খণ্ড

যত্র নান্যৎ পশ্যতি নান্যচ্ছৃণোতি নান্যদ্বিজানাতি স ভূমাঽথ যত্রান্যৎ
পশ্যত্যন্যচ্ছৃণোত্যন্যদ্বিজানাতি তদল্পং যো বৈ ভূমা তদমৃতমথ যদল্পং
তন্মর্ত্যং স ভগবঃ কস্মিন্ প্রতিষ্ঠিত ইতি স্বে মহিম্নি যদি বা ন মহিম্নীতি ॥ ১

যাহার মাঝেতে অন্য কিছুর নাহি হয় দরশন
যাহার মাঝেতে অন্য কিছুই না দেখে না শোনে মন
যাহার মাঝেতে অন্য দেখায়
অল্প বলিয়া জানিও তাহায়
অল্প যা তাহা মরণশীল ও ভূমা সে অমৃতময়
জিজ্ঞাসে তবে নারদ তখন কোনখানে বিরাজয় ?
গুরুকন তবে শুন দিয়া মন
মহিমার মাঝে তিনি নাহি রন
ভূমা সে আপন সুপ্রতিষ্ঠ আপনার মাঝখানে
অসীম যেজন আশ্রয় দিতে কেবা তারে আহ্বানে ?

**গোঅশ্বমিহ মহিমেত্যাচক্ষতে হস্তিহিরণ্যং দাসম্ভার্যং ক্ষেত্রাণ্যায়তনানীতি নাহমেবং ব্রবীমি ব্রবীমীতি হোবাচান্যো হ্যন্যস্মিন্ প্রতিষ্ঠিত ইতি ॥ ২**

ইহলোকে গরু অশ্ব হস্তী স্বর্ণ ভার্য্যা দাস
ক্ষেত্র ও গৃহ ঐশ্বর্য্য যত মহিমা বলে প্রকাশ
এ মহিমা জেন নহেত তেমন
যার প্রতিষ্ঠা নাহি প্রয়োজন
একের অন্য উপরেতে জেন অবস্থিতি যে কয়
প্রতিষ্ঠা বলে তাহারে বুঝায়। ইহা জেন তাহা নয়।

## সপ্তমাধ্যায় ঃ পঞ্চবিংশ খণ্ড

**স এবাধস্তাৎ স উপরিষ্টাৎ স পশ্চাৎ স পুরস্তাৎ স দক্ষিণতঃ স উত্তরতঃ স এবেদং সর্বমিত্যথাতোঽহঙ্কারাদেশ এবাহমেবাধস্তাদহমুপরিষ্টাদহং পশ্চাদহং পুরস্তাদহং দক্ষিণতোঽহমুত্তরতোঽহমেবেদং সর্বমিতি ॥ ১**

তিনিই নিম্নে তিনিই উর্দ্ধে পশ্চাতে তিনি র'ন
সম্মুখে তিনি পশ্চিমে তিনি উত্তরে তিনি হন
তিনি সমস্ত তিনি সবময়
আমার মধ্যে জেন তিনি রয়
আমি অধো ভাগে আমিই উর্দ্ধে পশ্চাতে রই আমি
আমি সমুখেতে আমি দক্ষিণে উত্তরে রই আমি
ভূমার সাথেতে অভিন্ন জন
হয়ে জগতেতে সবেতেই রন।

**অথাত আত্মাদেশ এবাত্মৈবাধস্তাদাত্মোপরিষ্টাদাত্মা পশ্চাদাত্মা পুরস্তাদাত্মা দক্ষিণত আত্মোত্তরত আত্মৈবেদং সর্বমিতি সবা এষ এবং পশ্যন্নেবং মন্বান এবং বিজানন্নাত্মরতিরাত্মক্রীড় আত্মমিথুন আত্মানন্দঃ স স্বরাড়্ ভবতি তস্য সর্বেষু লোকেষু কামচারো ভবত্যথ যেঽন্যথাঽতো বিদুরন্যরাজানস্তে ক্ষয্যলোকা ভবন্তি তেষাং সর্বেষু লোকেষকামচারো ভবতি ॥ ২**

ইহার পরেতে আত্মারে লয়ে উপদেশ দেন এই
আত্মা নিম্নে আত্মা উর্দ্ধে আত্মা পশ্চাতেই
আত্মা সমুখে দক্ষিণে রন
উত্তরে আত্মা সব তিনি হন
দর্শন আর মননে করিয়া যেই জন তাঁরে জানে
আপনার মাঝে তাহারে লভিয়া ধন্য মনে ও প্রাণে।

আত্মরতি ও আত্ম ক্রীড় ও আত্ম মিথুন ময়
আত্মানন্দ আপন রাজ্যে স্বাধীন সত্তা ময়
আর যেই তারে অন্যতে জানে
অন্যে অধীন হয় মনে প্রাণে
ক্ষয় শীল লোক লাভ করি তার মুক্তি নাহিত হয়
সবাকার মাঝে পরাধীন হয়ে সেই জন জেনো রয়।

## সপ্তমাধ্যায় ঃ ষড়্‌বিংশ খণ্ড

তস্য হ বা এতস্যৈবং পশ্যত এবং মন্বানস্যৈবং বিজানত আত্মতঃ প্রাণ আত্মত আশাত্মতঃ স্মর আত্মত আকাশ আত্মতস্তেজ আত্মত আপ আত্মত আবির্ভাবতিরোভাবাত্মতো হন্নমাত্মতো বলামাত্মতো বিজ্ঞানমাত্মতো ধ্যানমাত্মতশ্চিত্তমাত্মতঃ সঙ্কল্প আত্মতোবাগাত্মতো নামাত্মতো মন্ত্রা আত্মতঃ কর্মণ্যাত্মত এবেদং সর্বমিতি॥ ১

আপন রাজ্যে নিজ মহিমায় বিরাজিত মত জন
বিজ্ঞানশীল মননকারী ও দর্শনে রত মন
জ্ঞানী সুধী জন দেখেন তখন
আত্মার মাঝে প্রাণ দরশন
আত্মা হইতে আশা স্মৃতি আর আকাশ তেজ ও জল
আত্মাব মাঝে আবির্ভাব ও তিরোভাব সে সকল
আত্মা হইতে অন্ন আত্মা হইতে বল বিজ্ঞান
আত্মা হইতে ধ্যান ও চিত্ত আত্মায় সঙ্কল্প মন
আত্মা হইতে বাক্য আত্মা হইতে জানিও নাম
আত্মা হইতে মন্ত্র কর্ম সবিযে বিদ্যমান।

তদেষশ্লোকো। ন পশ্যো মৃত্যুং পশ্যতি ন রোগং নোত দুঃখতাম্ সর্বং হ পশ্যঃ পশ্যতি সর্বমাপ্নোতি সর্বশঃ॥ ইতি
স একধা ভবতি ত্রিধা ভবতি পঞ্চধা ভবতি সপ্তধা নবধা চৈব পুনশ্চৈকাদশঃ স্মৃতঃ শতঞ্চ দশ চৈকশ্চ সহস্রাণি চ।
বিংশতিরাহারশুদ্ধৌ সত্ত্বশুদ্ধিঃ সত্ত্বশুদ্ধৌ ধ্রুবা স্মৃতিঃ স্মৃতিলম্ভে সর্বগ্রন্থীনাং বিপ্রমোক্ষস্তস্মৈ মৃদিতকষায়ায় তমসস্পারং দর্শয়তি ভগবান্ সনৎকুমারস্তং স্কন্দ ইত্যাচক্ষতে তংস্কন্দ ইত্যাচক্ষতে॥ ২

উক্ত বিষয়ে এই শ্লোক আছে "তত্ত্ববিদ যে জন
মৃত্যু ও রোগ দুঃখ কখন নাহি করে দরশন
আবার সব সে দর্শন করে
সর্ব প্রকারে সব লাভ করে"
ইহার অর্থ সবের মাঝারে পূর্ণরে সেই পায়
যাহার পরশে সব কালো আলো সব দুখ দূরে যায়
এই প্রকারেতে থাকি সেইজন তিন প্রকারেতে র'ন
পঞ্চ প্রকার সপ্ত প্রকার নবম প্রকার হন
পুনরায় তিনি হন একাদশ
তাহার পরেতে একশত দশ
এক হাজার বিশ বলিয়া সেজন উল্লিখিত যে হন
আহার শুদ্ধি বিষয়েতে তবে করি কিছু বর্ণন।
আহার শুদ্ধি অর্থে জানিও জ্ঞান সে শুদ্ধি ময়
আহরণ করে শুদ্ধ যে জ্ঞান আহার বলে তা কয়
আহার শুদ্ধি হইলে সত্ত্ব শুদ্ধি সে জেন হয়
সত্ত্ব শুদ্ধি হইলে জানিও নিশ্চলা স্মৃতি রয়
স্মৃতি লাভ হলে হৃদয় গ্রন্থি জেন বিনষ্ট হয়
রাগ আদি দোষ হতে বিমুক্ত নারদেরে করে দেয়
সনৎকুমার লয় এই ভাবে অজ্ঞান অন্ধকারের পারে
তাহার কৃপায় নারদ তখন দেখে সেই পরপারে।
( সনৎকুমারকে জ্ঞানীরা স্কন্দ বলেন )

## অষ্টমাধ্যায় ঃ প্রথম খণ্ড

ওঁ। অথ যদিদমস্মিন ব্রহ্মপুরে দহরং পুণ্ডরীকং বেশ্ম দহরো
ইস্মিন্নন্তরাকাশস্তস্মিন্ যদন্তস্তদন্বেষ্টব্যং তদ্বাব বিজিজ্ঞাসিতব্যমিতি ॥ ১

ইহার পরেতে ব্রহ্ম নগরে এই শরীরের মাঝে
ক্ষুদ্র হৃদয় পদ্মরূপে যে তাহার প্রাসাদ রাজে
অন্তরাকাশে রহি সেই জন
সর্ব্ব ব্যাপীয়া রহে অতুলন
তাঁর খোঁজ আজ করো ওগো মন তাহারে পাইতে হবে
অতুলন তাঁর শত গুণভাব স্মরণ করিও তবে।

তং চেদ্ ব্রূয়ুর্যদিদমস্মিন্ ব্রহ্মপুরে দহরং পুণ্ডরীকং বেশ্ম দহরোঽ
স্মিন্নন্তরাকাশঃ কিং তদত্র বিদ্যতে যদন্বেষ্টব্যং যদ্বাব বিজিজ্ঞাসিত
ব্যমিতি স ব্রূয়াৎ ॥ ২

তখন তাহারে শিষ্যেরা বলে ব্রহ্ম নগর মাঝে
ক্ষুদ্র পদ্মরূপ ধরি যেই অরূপ প্রাসাদ রাজে
তাহার মাঝে ওযে ক্ষুদ্রতর
অন্তরাকাশ সে কেমনতর
হৃদয় পদ্ম আকাশে এমন আছে বল কোন জন
বিশেষ রূপেতে জানিতে তাঁহারে করিব অন্বেষণ।

যাবান্ বা অয়মাকাশস্তাবানেষোঽন্তর্হৃদয় আকাশ উভে অস্মিন্
দ্যাবাপৃথিবী অন্তরেব সমাহিতে উভাবগ্নিশ্চ বায়ুশ্চ সূর্যাচন্দ্রমসাবুভৌ
বিদ্যুন্নক্ষত্রাণি যচ্চাস্যেহাস্তি যচ্চ নাস্তি সর্বং তদস্মিন্ সমাহিতমিতি ॥ ৩

গুরু বলিলেন এই আকাশের মতই হৃদয়াকাশ
স্বরগ পৃথিবী দুয়ের জানিও তার মাঝে পরকাশ
অগ্নি ও বায়ু রহে দুইজন
রহে তার মাঝে চন্দ্র তপন
বিদ্যুৎ আর যত তারাগণ সবি যে তাহারি মাঝে
এই দেহধারী তাহারও যা কিছু সবই তাহাতে আছে।

**তং চেদ্ ব্রূয়ুরস্মিংশ্চেদিদং ব্রহ্মপুরে সর্বং সমাহিতং সর্বাণি চ ভূতাণি সর্বে চ কামা যদৈতজ্জরা বাপ্নোতি প্রধ্বংসতে বা কিং ততোঽতিশিষ্যত ইতি ॥ ৪**

গুরুর প্রতি সে শিষ্য তখন বিনয় বচনে কয়
এ ব্রহ্মপুরে যে সকল প্রাণী এর মাঝে সব রয়
নিখিলকাম্য যত কিছু ধন
সবই যদি জানি এর মাঝে রণ
তবে দেহ কেন বিনষ্ট হয় জরাগ্রস্থ বা হয়
দেহের অতীত ইহার ভিতরে কিবা অবশেষ রয় ?

**স ব্রূয়ান্নাস্য জরয়ৈতজ্জীর্যতি ন বধেনাস্য হন্যত এতৎ সত্যং ব্রহ্মপুরমস্মিন্ কামাঃ সমাহিতা এব আত্মাঽপহতপাপ্মা বিজরো বিমৃত্যুর্বিশোকো বিজিঘৎসোঽপিপাসঃ সত্যকামঃ সত্যসঙ্কল্পো যথা হ্যেবেহ প্রজা অন্বাবিশন্তি যথানুশাসন্ যং যমন্তমভিকামা ভবন্তি যং জনপদং যং ক্ষেত্রভাগং তং তমেবোপজীবন্তি ॥ ৫**

গুরু কহিলেন অন্তরাকাশ মাঝে যে ব্রহ্ম রন
এ দেহের জরা তাহারে জানিও করেনাত পরশন
বধ করিলেও নিহত না হন
অন্তরাকাশে রাজে যেই ধন
পরমাথিক ব্রহ্মপুরেতে কাম্য যা কিছু রয়
ইনিই আত্মা পাপ শূন্য এ জরা হীন নিশ্চয়।
মৃত্যু ও শোক ক্ষুধা ও পিপাসাহীন হন এই জন
সত্যকাম এ সত্য সঙ্কল্পে স্থিত হয়ে তিনি রন।
(যথা) ধরায় মানব রাজাদেশ স্মরি
তাঁহার আদেশ চলে অনুসরি
রাজার দয়ায় প্রাথিত তার জনপদ যথা পায়
কাম্য তাহার ছিল যা সকল যাহা তার প্রাণ চায়।

তদ্ যথেহ কর্মজিতো লোকঃ ক্ষীয়তে এবমেবামুত্র পুণ্যজিতো লোকঃ ক্ষীয়তে তদ্ :য ইহাত্মানমননুবিদ্য ব্রজন্ত্যেতাংশ্চ সত্যান কামাংস্তেষাং সর্বেষু লোকেষু অকামচারো ভবতি অথ য ইহাত্মানমনুবিদ্য ব্রজন্ত্যেতাংশ্চ সত্যান্ কামাংস্তেষাং সর্বেষু লোকেষু কামচারো ভবতি ॥ ৬

কিন্তু জানিও কর্মলব্ধ বস্তু যা সমুদয়
অনিত্য তাহা যথা সময়েতে বিনাশ প্রাপ্ত হয়
পরলোকেতেও জানিও তেমন
পুণ্যের দ্বারা অর্জিত লোক
বিনষ্ট হয়। যেজন সত্যে নাহি পায় দরশন
সর্বলোকেতে চিরদিন ধরে পরাধীন তিনি রন।
যিনি ইহলোকে এই আত্মার স্বরূপে চিনিয়া যায়
সর্বলোকেতে স্বাধীনতা তার বাঁধন ঘুচিয়া যায়।

## অষ্টমাধ্যায় ঃ দ্বিতীয় খণ্ড

স যদি পিতৃলোককামো ভবতি সঙ্কল্পাদেবাস্য পিতরঃ সমুত্তিষ্ঠন্তি তেন পিতৃলোকেন সম্পন্নো মহীয়তে ॥ ১

সেই জ্ঞানী জন পিতৃ লোকের কামনা যদি সে করে
ইচ্ছামাত্র তাঁদের লভিয়া মহীয়ান হয় নরে।

অথ যদি মাতৃলোককামো ভবতি সঙ্কল্পাদেবাস্য মাতরঃ সমুত্তিষ্ঠন্তি তেন মাতৃলোকেন সম্পন্নো মহীয়তে ॥ ২

মাতৃলোকের কামনা করিয়া সে যদি ইচ্ছা করে
মাতৃলোকেতে মায়েরে লভিয়া মহীয়ান হয় নরে।

অথ যদি ভ্রাতৃলোক কামো ভবতি সঙ্কল্পাদেবাস্য ভ্রাতরঃ সমুত্তিষ্ঠন্তি তেন ভ্রাতৃলোকেন সম্পন্নো মহীয়তে ॥ ৩

ভ্রাতৃলোকের কামনা করিয়া যে জ্ঞানী ইচ্ছা করে
ভ্রাতৃলোকেতে ভায়েরে লভিয়া মহীয়ান হয় নরে।

**অথ যদি স্বসৃলোককামো ভবতি সঙ্কল্পাদেবাস্য স্বাসারঃ সমুত্তিষ্ঠন্তি তেন স্বসৃলোকেন সম্পন্নো মহীয়তে ॥ ৪**

ভগিনী লোকের কামনা করিয়া ইচ্ছা করে যেজন
ভগিনী লোকেতে মহীয়ান হয়ে সেই জন জেনো রন।

**অথ যদি সখিলোককামো ভবতি সঙ্কল্পাদেবাস্য সখায়ঃ সমুত্তিষ্ঠন্তি তেন সখিলোকেন সম্পন্নো মহীয়তে ॥ ৫**

বন্ধুলোককে কামনা কবিয়া ইচ্ছা করে যে জন
বন্ধুলোকেতে সমাদর লভি সুখে সেই জন রন।

**অথ যদি গন্ধমাল্যলোককামো ভবতি সঙ্কল্পাদেবাস্য গন্ধমাল্যে সমুত্তিষ্ঠতস্তেন গন্ধমাল্য লোকেন সম্পন্নো মহীয়তে ॥ ৬**

আর যদি তিনি গন্ধমাল্য ভোগেতে কামনা হন
ইচ্ছামাত্রে সুখময় মালা গন্ধে ভূষিত রন
গন্ধমাল্য দুইই পাইয়া
মহিমা লভিয়া সুখী তার হিয়া

**অথ যদ্যন্নপানলোককামো ভবতি সঙ্কল্পাদেবাস্যান্নপানে সমুত্তিষ্ঠতস্তেন অন্নপানলোকেন সম্পন্নো মহীয়তে ॥ ৭**

আর যদি তিনি অন্নপানীয় ভোগেতে লুব্ধ হন
ইচ্ছামাত্র তাহাই পাইয়া মহিমা ভরিয়া রন।

**অথ যদি গীতবাদিত লোককামো ভবতি সঙ্কল্পাদেবাস্য গীতবাদিতে সমুত্তিষ্ঠতস্তেন গীতবাদিতলোকেন সম্পন্নো মহীয়তে ॥ ৮**

আর যদি তিনি গীত ও বাদ্য হইতে লুব্ধ হন
গীতলোক মাঝে লভি আশ্রয় নিজ মহিমায় র'ন।

**অথ যদি স্ত্রীলোককামো ভবতি সঙ্কল্পাদেবাস্য স্ত্রিয়ঃ সমুত্তিষ্ঠন্তি তেন স্ত্রীলোকেন সম্পন্নো মহীয়তে ॥ ৯**

আর যদি তিনি স্ত্রীলোক চাহিয়া ইচ্ছা করে সেজন
স্ত্রীলোক লভিয়া তাহার মাঝেতে মহিমায় তিনি রন।

**যং যমন্তমভিকামো ভবতি যং কামং কাময়তে সোঽস্য**
**সঙ্কল্পাদেব সমুত্তিষ্ঠতি তেন সম্পন্নো মহীয়তে ॥ ১০**

যাহার যাহাতে হয় অভিলাষ কাম্য যা তিনি চান
ইচ্ছামাত্র মিলিত হইয়া মহিমায় বিরাজেন।

## অষ্টমাধ্যায় ঃ তৃতীয় খণ্ড

**ত ইমে সত্যাঃ কামা অনৃতাপিধানাস্তেষাং সত্যানাং সতাম**
**নৃতমপিধানং যো যো হ্যস্যেতঃ প্রৈতি ন তমিহ দর্শনায় লভতে ॥ ১**

এই যে সত্য কাম্য সকল মিথ্যায় ঢাকা রয়
সত্যের পরে আবরণ সম সতত ইহাই রয়
কারণ জীবের কোন প্রিয়জন
এ জগৎ ত্যাগ করে সে যখন
তখন তাহার দরশন আর এ জগতে নাহি পায়
( তবু তারি তরে তৃষিত পরাণ আকুল হৃদয় হায় )

**অথ যে চাস্যেহ জীবা যে চ প্রেতা যচ্চান্যদিচ্ছন্ন লভতে সর্বং**
**তদত্র গত্বা বিন্দতেঽত্র হ্যস্যৈতে সত্যাঃ কামা অনৃতাপিধানাঃ**
**তদ যথাঽপি হিরণ্যনিধিং নিহিতমক্ষেত্রজ্ঞা উপর্যুপরি সঞ্চরন্তো**
**ন বিন্দেয়ুরেবমেবেমাঃ সর্বাঃ প্রজা অহরহর্গচ্ছন্ত্য এতং**
**ব্রহ্মলোকং ন বিন্দন্ত্যনৃতেনহি প্রত্যূঢ়াঃ ॥ ২**

উক্ত জ্ঞানীর যেই প্রিয়জন জীবিত আছে বা নাই
আর যাহা কিছু কামনা করিয়া তবু যাহা নাহি পাই
হৃদয় আকাশে আছে যেই জন
তাহার কাছেতে করিলে গমন
চাওয়া বা না চাওয়া যত কিছু ধন সবি সেথা পাওয়া যায়
কিন্তু সে সব অসত্য দ্বারা আবৃত জেনো হায়।
ক্ষেত্র বিষয়ে অজ্ঞ যেমন বিচরণ সেথা করে
ক্ষেত্র নিহিত সুবর্ণ আদি লাভ করিতে না পারে
তেমনি জানিও যত প্রাণীগণ
ব্রহ্মলোকেতে করেও গমন
সত্য বস্তু নাহি পায় তারা আবরণে ঢাকা রয়
মিথ্যা বিষয়ে রত সেই বলে স্বরূপে না জ্ঞাত হয়।

**সবা এষ আত্মা হৃদি তস্যৈতদেব নিরুক্তং হৃদয়মিতি তস্মাদ্ধৃ,
দয়মহরহর্বা এবংবিৎ স্বর্গং লোকমেতি ॥ ৩**

সুকথিত সেই আত্মা জানিও হৃদয় মাঝেতে রয়
হৃৎপিণ্ডেতে অয়ম্ যে ইনি হৃদয় তাইত কয়
এই কথা জানে যেই জ্ঞানী জন
নিত্য স্বর্গলোকে তিনি বন
সুষুপ্তি কালে হৃদয় আকাশে ব্রহ্ম সে লাভ করে
হৃদয় কমলে বিরাজেন যিনি সব কালো আলো করে।

**অথ য এষ সম্প্রসাদোঽস্মাচ্ছরীরাৎ সমুত্থায় পরং জ্যোতিরুপ
সম্পদ্য স্বেন রূপেণাভিনিষ্পদ্যত এষ আত্মেতি হোবাচৈতদমৃত
মভয়মেতদ্ ব্রহ্মেতি হ বা তস্য এতস্য ব্রহ্মণো নাম সত্যমিতি ॥ ৪**

কহিলেন গুরু প্রসাদ যুক্ত পুরুষ এ গুণময়
শরীর হইতে উত্থিত হয়ে পরম জ্যোতির্ময়
স্বরূপেতে যিনি প্রকাশিত হন
অমৃত অভয় ব্রহ্ম সেজন
স্বরূপের মাঝে লভিয়া বসতি আপনি আপনাময়
অমৃত অভয়অতুলন সেই সেজন জ্যোতির্ময়।

**তানি হ বা এতানি ত্রীণ্যক্ষরাণি সতীয়মিতি তদ্যৎ সৎ তদমৃতমথ
যত্তি তন্মর্ত্ত্যমথ যদ্ যং তেনোভে যচ্ছতি যদনেনোভে যচ্ছতি
তস্মাদ্ যমহরহর্বা এবংবিৎ স্বর্গং লোকমেতি ॥ ৫**

সত্যম এই তিনটি আখরে সৎ তি যম্ হয়
সৎ অক্ষরে অমৃত স্বর্গ তী জেন মর্ত ময়
যম এই দুই অক্ষর দিয়ে
স্বর্গ মর্তে নিয়ম করয়ে
এর জন্যই যম নাম ধরে বিদিত ইনি যে হন
একথা যে জানে অহরহ তার ব্রহ্ম লভ্য হন।

## অষ্টমাধ্যায় ঃ চতুর্থ খণ্ড

**অথ য আত্মা স সেতুর্বিধৃতিরেষাং লোকানামসংভেদায় নৈতং সেতুমহোরাত্রে তরতো ন জরা ন মৃত্যুর্ন শোকো ন সুকৃতং ন দুষ্কৃতং সর্বে পাপ্মানোঽতো নিবর্তন্তেঽপহতো পাপ্মা হ্যেষ ব্রহ্মলোকঃ ॥ ১**

এই আত্মাই সেতু রূপ ধরি সবারে বাঁধিয়া রয়
ইহারই জন্য ইনি তাহাদের আপনি ধরিয়া রয়
এরে পার হতে নাহি কেহ পারে
দিনও রাত্রি সব সেথা হারে
জরা ও মৃত্যু শোক ও ধর্ম অধর্ম মানে হার
সমুদয় পাপ ইহারে না পেয়ে ফিরে যায় বারবার।

**তস্মাদ্বা এবং সেতুং তীর্ত্বাঽন্ধঃ সন্ননন্ধো ভবতি বিদ্ধঃ সন্নবিদ্ধো ভবত্যুপতাপী সন্ননুপতাপী ভবতি তস্মাদ্বা এতং সেতুং তীর্ত্বাঽপিনক্তমহরেবাভিনিস্পদ্যতে সকৃদ্বিভাতো হ্যেবৈষ ব্রহ্মলোকঃ ॥ ২**

এই জন্যই ব্রহ্মরূপী এ সেতুরে যেজন পায়
অন্ধর মেলে নয়ন সেজন শোকে শোকাতীত হয়
রোগে যন্ত্রণা তার নাহি হয়
রাত্রি তাহার আঁধার না হয়
ব্রহ্ম লোকেতে চির উজ্জ্বল যেজন জ্যোতিষ্মান
এই সেতু লভি সেই সুধী জন তাঁহারে বক্ষে পান।

**তদ্ য এবৈতং ব্রহ্মলোকং ব্রহ্মচর্যেণানুবিন্দন্তি তেষামেবৈষ ব্রহ্মলোকস্তেষাং সর্বেষু লোকেষু কামচারো ভবতি ॥ ৩**

তাই যবে হয় তখন তাহারা গুরু উপদেশ মত
ব্রহ্মচর্য সহায়ে ব্রহ্মলোকে হন উপনীত
ব্রহ্মলোক যে তাহাদেরই হয়
সকল লোকেতে স্বাচ্ছন্দময়
গতি পেয়ে তাঁরা সবের মাঝেতে ব্রহ্মারে লাভ করে
সকল দুখের যেথা অবসান শুধু হরি বুক ভরে।

## অষ্টমাধ্যায় ঃ পঞ্চম খণ্ড

**অথ যদ্ যজ্ঞ ইত্যাচক্ষতে ব্রহ্মচর্যমেব তদ্ ব্রহ্মচর্যেণ হ্যেব যো জ্ঞাতা তং বিন্দতেঽথ যদিষ্টমিত্যাচক্ষতে ব্রহ্মচর্যমেব তদ্ ব্রহ্মচর্যেণ হ্যেবেষ্ট্বাত্মানমনুবিন্দতে ॥ ১**

যজ্ঞ বলিয়া বলে যাহা লোকে ব্রহ্মচর্য তাই
জ্ঞাত যেই জন ব্রহ্মচর্যে ব্রহ্ম লোকেরে চাই
ইষ্ট বলিয়া সবে যাহা কয়
ব্রহ্মচর্য তাহা জেনো হয়
কারণ ব্রহ্মচর্যে থাকিয়া আত্মার খোঁজে রত
হয় সেইজন আত্মায় লভি ব্রহ্মচর্যে ব্রত।

**অথ যৎ সত্রায়ণমিত্যাচক্ষতে ব্রহ্মচর্যমেব তদ্ ব্রহ্মচর্যেণ হ্যেব সত আত্মনস্ত্রাণং বিন্দতেঽথ যন্মৌনমিত্যাচক্ষতে ব্রহ্মচর্যমেব তদ্ ব্রহ্মচর্যেণ হ্যেবাত্মানমনুবিদ্য মনুতে ॥ ২**

পুনঃ লোকে যারে সত্রায়ণ বলে ব্রহ্মচর্য তাহা
সত্য স্বরূপে জানিয়া আত্মাব ত্রাণ করা হয় যাহা
মৌন বলিয়া যারে বলা হয়
ব্রহ্মচর্য তাহা নিশ্চয়
ব্রহ্মচর্য দ্বারাই আত্মা অবগত জেনো হয়
তাহার মনন স্মরণ করিলে মৌন তাহারে কয়।

**অথ যদনাশকায়নমিত্যাচক্ষতে ব্রহ্মচর্যমেব তদেষ হ্যাত্মা ন নশ্যতি যং ব্রহ্মচর্যেণানুবিন্দতেঽথ যদরণ্যায়নমিত্যাচক্ষতে ব্রহ্মচর্যমেবতৎ তদরশ্চ হ বৈ ণ্যশ্চর্ণবৌ ব্রহ্মলোকে তৃতীয় স্যামিতো দিবি তদৈরম্মদীয়ং সরস্তদশ্বত্থঃ সোমসবনস্তদ পরাজিতা পুর্ব্রহ্মণঃ প্রভুবিমিতং হিরণ্ময়ম্‌॥ ৩**

অনশন ব্রত যারে বলা হয় ব্রহ্মচর্য তাই
( কারণ ) ব্রহ্মচর্য দ্বারা যে আত্মা লভি তার নাশ নাই
অরণ্যায়ন বলা হয় যাকে
ব্রহ্মচর্য্য বলে জেন তাকে
পৃথিবী হইতে তৃতীয় স্বর্গে ব্রহ্ম লোকেতে রাজে
অরণ্য নামে দুই সমুদ্র সেইখানে রহিয়াছে।
ঐরম্মদীয় নামে সরোবর সোমরস স্রাবী তায়
অশ্বত্থবৃক্ষ, অপরাজিতা নামে ব্রহ্মের পুরী রয়
যেথা সোণায় গঠিত বিশেষ রচিত মণ্ডপশোভা করে
ব্রহ্মার দ্বারা নির্মিত তাহা হিরণ্ময়েতে ভরে।

**তদ্‌ য এবৈতাবরং চ ণ্যং চার্ণবৌ ব্রহ্মলোকে ব্রহ্মচর্য্যেণানুবিন্দন্তি তেষামেবৈষ ব্রহ্মলোকস্তেষাং সর্ব্বেষু লোকেষু কামচারো ভবতি॥ ৪**

সুতরাং এই ব্রহ্মচর্য সহায় করিয়া যারা
ব্রহ্মলোকেতে অর ও ণ্য নামে সমুদ্র লভে তারা
ব্রহ্মলোকেতে দুই সমুদ্রে তারা জেন ঠিক পায়
সমস্ত লোকে স্বাচ্ছন্দচারী হইয়া তাহারা যায়।

## অষ্টমাধ্যায় ঃ ষষ্ঠ খণ্ড

**অথ যা এতা হৃদয়স্য নাড্যস্তাঃ পিঙ্গলস্যাণিম্নস্তিষ্ঠন্তি শুক্লস্য নীলস্য পীতস্য লোহিতস্যেত্যসৌ বা আদিত্যঃ পিঙ্গল এষ শুক্ল এষ নীল এষ পীত এষ লোহিতঃ ॥ ১**

ইহার পরেতে হৃদয়ের এই যত নাড়ী সমুদয়
পিঙ্গল সাদা নীল পীত আর রক্তিম রাগ ময়
রস সার ভাগে পূর্ণ যে হয়
ঐ আদিত্য পিঙ্গল ময়
ইনিই শুক্ল ইনি জেন নীল ইনি পীত জেন হন
লোহিত বর্ণ রস সারে ভরা রক্তিম ময় হন।

**তদ্ যথা মহাপথ আততঃ উভৌ গ্রামৌ গচ্ছতীমং চামুং চৈবমে বৈতা আদিত্যস্য রশ্ময় উভৌ লোকৌ গচ্ছন্তীমং চামুং চামুষ্মাদাদিত্যাৎ প্রতায়ন্তে তা আসু নাড়ীষু সৃপ্তা আভ্যো নাড়ীভ্যঃ প্রতায়ন্তে তেঽমুষ্মিন্নাদিত্যে সৃপ্তাঃ ॥ ২**

যেমন কোনও বিশাল পথ সে বিস্তৃত হয়ে পরে
কাছেও দূরের দুইটি গ্রামেতে আপনি প্রবেশ করে
ঠিক তেমনিই সূর্য কিরণ রাশি এই দেহ মাঝে
এবং সূর্য মাঝে দুইখানে সমান মিশিয়া আছে।
সূর্য হইতে বিস্তার করে নাড়ীতে প্রবেশ করে
নাড়ী হতে পুনঃ হয়ে বিস্তৃত সূর্যে প্রবেশ করে।

**তদ্ যত্রৈ তৎ সুপ্তঃ সমস্তঃ সম্প্রসন্নঃ স্বপ্নং ন বিজানাত্যাসু তদা নাড়ীষু সৃপ্তো ভবতি তং ন কশ্চন পাপ্মা স্পৃশতি তেজসা হি তদা সম্পন্নো ভবতি ॥ ৩**

সুতরাং জীব যখন এমনি নিদ্রা মগন হয়
ইন্দ্রিয় হতে বিরত হইয়া পুনঃ জাগরিত হয়
এবং কিছুই জানেনা যখন
হৃদয়াকাশেতে প্রবেশে তখন
নাড়ী সমূহের অবলম্বনে সেথায় যখন যায়
সৌর তেজেতে ব্যাপ্ত বলিয়া পাপ নাহি পরশয়।

**অথ যত্রৈতদবলিমানং নীতো ভবতি তমভিত আসীনা আহুর্জানাসি মাং জানাসি মামিতি স যাবদস্মাচ্ছরীরাদনুৎক্রান্তো ভবতি তাবজ্জানাতি ॥ ৪**

মানুষ যখন মুমূর্ষু হয়ে বলহীন হয়ে যায়
চারিদিকে তার বসি সবে বলে আমারে চেন কি হায়
যতক্ষণ সে শরীর হইতে নির্গত নাহি হয়
ততক্ষণ সে সবারে চিনিতে পারে জেন নিশ্চয়।

**অথ যত্রৈতদস্মাচ্ছরীরাদুৎক্রামত্যথৈতৈরেব রশ্মিভিরূর্ধ্বমাক্রমতে স ওমিতি বা হোদ্বা মীয়তে স যাবৎ ক্ষিপ্যেন্মনস্তাবদাদিত্যং গচ্ছত্যেতদ্বৈ খলু লোকদ্বারং বিদুষাং প্রপদনং নিরোধোঽবিদুষাম্ ॥ ৫**

এর পরে যদি শরীর হইতে নির্গত কেহ হন
রশ্মি সকল অবলম্বনে উর্দ্ধেতে গতি লন
ঐ সময়েতে ওঁকার যেই করেন উচ্চারণ
উর্দ্ধে গমন করেন জানিও সেই জ্ঞানী সুধীজন
অজ্ঞানী জন ঐ সময়েতে ও নাম লয়না হায়
মন ততক্ষণে বিষয় হইতে বিষয়ান্তরে যায়
সেই বিদ্বান আদিত্যকেই প্রাপ্ত জানিও হন
তাহার তরেতে নিরুদ্ধ দ্বার অজ্ঞান যেই জন।

**তদেষ শ্লোকঃ—শতঞ্চৈকা চ হৃদয়স্য নাড্যস্তাসাং মূর্ধানমভিনিঃসৃতৈকা। তয়োধ্বর্মায়ন্নমৃতত্বমেতি বিষ্বঙ্ঙন্যা উৎক্রমণে ভবন্তি উৎক্রমণে ভবন্তি ॥ ৬**

হৃদয়েতে জেন একশত এক প্রধান নাড়ী যে আছে
তাদের মধ্যে একটি জানিও মস্তক পরে গেছে
বিদ্বান তাহা অবলম্বনে উর্দ্ধে উঠিয়া যায়
তাই জ্ঞানী সুধী গুণী সেইজন অমৃতত্বই পায়
তির্য্যক গামী বিভিন্ন নাড়ী দিকে দিকে আছে যত
তারা জেন শুধু অকারণ নয় দেহত্যাগের পথ।

## অষ্টমাধ্যায় ঃ সপ্তম খণ্ড

**য আত্মাঽপহতপাপ্মা বিজরো বিমৃত্যুর্বিশোকো বিজিঘৎ সোঽপিপাসঃ সত্যকামঃ সত্যসঙ্কল্পঃ সোঽন্বেষ্টব্যঃ স বিজিজ্ঞাসিতব্যঃ স সর্বাংশ্চ লোকানাপ্নোতি সর্বাংশ্চ কামান্ যস্তমাত্মান মনুবিদ্য বিজানাতীতি হ প্রজাপতিরুবাচ ॥ ১**

একদা ব্রহ্মা বলিয়াছিলেন যে আত্মা নিষ্পাপ
জরা নহে যাহা মৃত্যুবিহীন শোক নাহি নাহি তাপ
ক্ষুধাহীন আর পিপাসা হীন সে সত্যকামী যে জন
সত্যই হয় সঙ্কল্প যার করো অনুসন্ধান!
বিশেষ রূপেতে তাহারে জানিতে ইচ্ছাটি জেন হয়
শাস্ত্র গ্রন্থ গুরুর কাছেতে আছে তার পরিচয়
এই আত্মার পরিচয় পেয়ে অনুভব যেই করে
যা কিছু কাম্য যত কিছু লোক সেই জন লাভ করে।

**তদ্ধোভয়ে দেবাসুরা অনুবুবুধিরে তে হোচুর্হন্ত তমাত্মান মন্বিচ্ছামো যমাত্মানমন্বিষ্য সর্বাংশ্চ লোকানাপ্নোতি সর্বাংশ্চ কামানিতীন্দ্রো হৈব দেবানামভিপ্রবব্রাজ বিরোচনোঽসুরাণাং তৌ হাসংবিদানাবেব সমিৎপাণী প্রজাপতিসকাশমাজগ্মতুঃ ॥ ২**

দেবগণ আর অসুর গণেরা শুনিলেন বাণী এই
বলিলেন তাঁরা আত্মার অনুসন্ধানে মোরা যাই
যে সকল লোক সকল কাম্য পাওয়া যায় তারে পেলে
খোঁজ করি মোরা কেমন করিয়া সন্ধান তার মেলে
ইহার পরেতে দেবতাগণের মধ্যে সে শচীপতি
অসুরগণের মধ্য হইতে বিরোচন মহামতি
পরস্পরের অজ্ঞাত সারে প্রব্রজ্যা তবে লয়ে
সমিধের ভার হাতে লয়ে তবে প্রজাপতি কাছে গিয়ে।

তৌ হ দ্বাত্রিংশতং বর্ষাণি ব্রহ্মচর্যমূষতুস্তৌ হ প্রজাপতিরুবাচ কিমিচ্ছন্তাববাস্তমিতি তৌ হোচতুর্য আত্মাঽপহতপাপ্মা বিজরো বিমৃত্যুর্বিশোকো বিজিঘৎসোঽপিপাসঃ সত্যকামঃ সত্যসংকল্পঃ সোঽন্বেষ্টব্যঃ স বিজিজ্ঞাসিতব্যঃ স সর্বাংশ্চ লোকানাপ্নোতি সর্বাংশ্চ কামান্ যস্তমাত্মানমনুবিদ্য বিজানাতীতি ভগবতো বচো বেদয়ন্তে তমিচ্ছন্তাববাস্তমিতি ॥ ৩

তখন তাহারা বত্রিশ বছর ব্রহ্মচর্য বাস করে
একদা ব্রহ্মা শুধান তোমরা কিবা চাহ বলো মোরে
বলিলেন তাঁরা যে আত্মা হয় নিষ্পাপ জর নয়
বিমৃত্যু আর বিশোক যাঁহার ক্ষুধাও তৃষ্ণা নয়
সত্যকাম ও সত্য সঙ্কল্প করি তার সন্ধান
তাঁহারে জানিতে আগ্রহ আর ব্যাকুল যাহার প্রাণ
ওই আত্মার পরিচয় পেয়ে অনুভব যেই করে
সমস্ত লোক ও সকলকাম্য বস্তু সে লাভ করে
আপনিত প্রভু বলেছ এ বাণী সত্য এ অতিশয়
সেই আত্মারে জানিবার তরে মোদের ইচ্ছা হয়
( দোঁহার মধ্যে বিবাদ যা ছিল ভুলিল দোঁহার মন
তাইত শাস্ত্রে বলেছে জ্ঞানীরা অজাতশত্রু হন ) ।

তৌ হ প্রজাপতিরুবাচ য এষোঽক্ষিণি পুরুষো দৃশ্যত এষ আত্মেতি হোবাচৈতদমৃতমভয়মেতদ্ ব্রহ্মেত্যথ যোঽয়ং ভগবোঽপ্সু পরিখ্যায়তে যশ্চায়মাদর্শে কতম এষ ইত্যেষ উ এবৈষু সর্বেষ্বন্তেষু পরিখ্যায়ত ইতি হোবাচ ॥ ৪

প্রজাপতি তবে বলিলেন দোঁহে এই চক্ষুর মাঝে
যে পুরুষ দেখ দৃষ্ট যে হন আত্মাই এই সাজে
এই আত্মারে মনেতে জানিও অমৃত অভয় বলে
ইনি ব্রহ্ম। জিজ্ঞাসে দোঁহে কহ প্রভু যিনি জলে
এবং এই যে দর্পণে যিনি সম্যক জ্ঞাত হন
ইহাদের মাঝে তোমার কথিত আত্মা সে কোন জন ?
প্রজাপতি বলে সবের মাঝেতে তিনিই রয়েছে জেন
সমস্ত মাঝে সম্যক রূপে জ্ঞাত হন বলি মেন।

## অষ্টমাধ্যায় ঃ অষ্টম খণ্ড

উদশরাব আত্মানমবেক্ষ্য যদাত্মনো ন বিজানীথস্তন্মে প্রব্রূত
মিতি তৌ হোদশরাবেঽবেক্ষাংচক্রাতে তৌ হ প্রজাপতিরুবাচ
কিং পশ্যথ ইতি তৌ হোচতুঃ সর্বমেবেদমাবাং ভগব আত্মানং
পশ্যাব আ লোমভ্য আ নখেভ্যঃ প্রতিরূপমিতি ॥ ১

ব্রহ্মা বলেন জলপূর্ণ সে পাত্রে নিজেরে দেখে
আত্মার যাহা বুঝিবে না তাহা আমাকে জিজ্ঞাসিবে
উভয়ে তাঁহারা জলপূর্ণ সে পাত্রের পানে চায়
প্রজাপতি কন কিবা দেখিতেছ বলো দেখি মোরে তায়
বলিলেন তাঁরা সমগ্র রূপে আত্মা দরশ করি
এমন কি লোম নখ সব ঠিক রয়েছে মূরতি ধরি।

তৌ হ প্রজাপতিরুবাচ সাধ্বলঙ্কৃতৌ সুবসনৌ পরিষ্কৃতৌ
ভূত্বোদশরাবেঽবেক্ষেথামিতি তৌ হ সাধ্বলঙ্কৃতৌ সুবসনৌ
পরিষ্কৃতৌ ভূত্বোদশরাবেঽবেক্ষাংচক্রাতে তৌ হ প্রজাপতি
রুবাচ কিং পশ্যথ ইতি ॥ ২

প্রজাপতি তবে বলেন দোঁহায় উত্তম অলঙ্কার
সুবস্ত্র পরে পরিষ্কার হয়ে দেখ জলে আরবার
তখন তাহারা উত্তমরূপে বেশ ভূষা দোহে করে
তাহার পরেতে জলের পানেতে দৃষ্টিপাত সে করে
প্রজাপতি কন কিবা দেখিতেছ বলো দেখি দোঁহে কথা
আপন বুদ্ধি অনুসরি দোঁহে দেখিলেন যথা যথা।

**তৌ হোচতুর্যথৈবেদমাবাং ভগবঃ সাধ্বলঙ্কৃতৌ সুবসনৌ পরিষ্কৃতৌ স্ব এবমেবেমৌ ভগবঃ সাধ্বলঙ্কৃতৌ সুবসনৌ পরিষ্কৃতাবিত্যেষ আত্মেতি হোবাচৈতদমৃতমভয়মেতদ্ ব্রহ্মেতি তৌ হ শান্ত হৃদয়ৌ প্রবব্রজতুঃ ॥ ৩**

বলিলেন দোঁহে আমরা দুজনে সুন্দর যেইমত
সুন্দর এই অলঙ্কারেতে যে ভাবেতে সজ্জিত
সুবসন পরি পরিষ্কৃতও হইয়াছি যেই মত
প্রতিবিম্বতে নেহারি দুজনে ঠিক জেন সেই মত
ব্রহ্মা বলেন ইনিই আত্মা অমৃত অভয় হন
তাঁহারা দুজনে চলে যান তবে হইয়া হৃষ্ট মন।

**তৌ হান্বীক্ষ্য প্রজাপতিরুবাচানুপলভ্যাত্মানমননুবিদ্য ব্রজতো। যতর এতদুপনিষদো ভবিষ্যন্তি দেবা বাঽসুরা বা তে পরাভবিষ্যন্তীতি স হ শান্তহৃদয় এব বিরোচনোঽসুরাঞ্জগাম তেভ্যো হৈতামুপনিষদং প্রোবাচাত্মৈবেহ মহয্য আত্মা পরিচর্য আত্মানমেবেহ মহয়ন্নাত্মানং পরিচরন্নুভৌ লোকাববাপ্নোতীমং চামুংচেতি ॥ ৪**

এদের লক্ষ্য করিয়া দুজনে প্রজাপতি তবে বলে
প্রত্যক্ষ ভাবে আত্মাকে না জেনে দুজনেই গেল চলে

দেবতা অসুর যদি কোন জন
উপনিষদেরে এভাবে গ্রহণ

করিলেই জানি পরাজয় তার নিশ্চয় তবে হবে
অসুররাজ সে বিরোচন ফেরে তুষ্ট চিত্তে তবে।
অসুরদিগকে বলিলেন তিনি তাঁর যা হল এ জ্ঞান
তাহাদের সবে বলিলেন তিনি এই হল আখ্যান

ইহলোকে এই দেহের মাঝেতে
আত্মার পূজা কর নানা মতে

এ দেহের সেবা করিলে জানিও আত্মা তুষ্ট হয়
ইহারে সেবিলে ইহ পরকাল দুই জেন লাভ হয়।

**তস্মাদপ্যদ্যেহাদদানমশ্রদ্দধানময়জমানমাহুরাসুরো বতেত্যসুরাণাং হ্যেষোপনিষৎ প্রেতস্য শরীরং ভিক্ষয়া বসনেনালঙ্কারেণেতি সংস্কুর্বন্ত্যেতেন হ্যমুং লোকং জেষ্যন্তো মন্যন্তে ॥ ৫**

সেজন্য আজও দানহীন আর শ্রাদ্ধ যজ্ঞ হীনে
দেখে বলে সবে আসুরী স্বভাব দেখ ঠিক এই জনে
আসুরী উপনিষৎ এরে কয়
এই স্বভাবের যেই জন হয়
মৃতদেহরেও ভোগ্য দ্রব্যে সজ্জিত করে হায়
মনে করে এই সজ্জার দ্বারা পরলোক লাভ হয়।

## অষ্টমাধ্যায় ঃ নবম খণ্ড

**অথ হেন্দ্রোঽপ্রাপ্যৈব দেবানেতদ্ভয়ং দদর্শ যথৈব খল্বয়মস্মিঞ্ছরীরে সাধ্বলঙ্কৃতে সাধ্বলঙ্কৃতো ভবতি সুবসনে সুবসনঃ পরিষ্কৃতে পরিষ্কৃত এবমেবায়মস্মিন্নন্ধেঽন্ধো ভবতি স্রামে স্রামঃ পরিবৃক্ণে পরিবৃক্ণোঽস্যৈব শরীরস্য নাশমন্বেষ নশ্যতি ॥ ১**

ইন্দ্র তখন দেবতাগণের কাছে না যাইয়া ভাবে
মনে দ্বিধা ভয়, ঠিক এ শরীর সাজে যেই মত ভাবে
অলঙ্কারেতে সাজালে যেমন
প্রতিবিম্বয় দেখি যে তেমন
আবার বসনে ভূষিত হইলে ভূষিত দেখা যে যায়
দেহতে যখন যেমন সাজাও দেখিবে তেমনি তায়।
এই দেহটিরে পরিষ্কার করে পরিষ্কার সে হয়
অন্ধ হইলে অন্ধ সেজন কানা হলে কানা রয়
প্রতিবিম্ব সে দেখায় তেমন
অঙ্গহীনেরে তাহার মতন
এই শরীরের নাশ হলে ভবে দেহ কিগো নাশ হয়
ইন্দ্র তখন আপনার মনে এই সব বিচারয়।

**নাহমত্র ভোগ্যং পশ্যামীতি স সমিৎপাণিঃ পুনরেয়ায় তং হ প্রজাপতিরুবাচ মঘবন্ যচ্ছান্তহৃদয়ঃ প্রাব্রাজীঃ সার্ধং বিরোচনেন কিমিচ্ছন্ পুনরাগম ইতি স হেবাচ যথৈব খল্বয়ং ভগবোঽস্মিঞ্চরীরে সাধ্বলঙ্কৃতে সাধ্বলঙ্কৃতো ভবতি সুবসনে সুবসনঃ পরিষ্কৃতে পরিস্কৃত এবমেবায়মস্মিন্নন্ধেঽন্ধো ভবতি স্রামে স্রামঃ পরিবৃক্ণে পরিবৃক্ণোঽস্যৈব শরীরস্য নাশমন্বেষ নশ্যতি নাহমত্র ভোগ্যং পশ্যামীতি ॥ ২**

ইষ্ট ফলতো দেখিনা ইহাতে এই কথা মনে করে
সমিধের ভার হাতে লয়ে তিনি পুনরায় সেথা ফেরে

প্রজাপতি তবে কহেন বচন
বিরোচন সাথে গেলে খুশী মন

আবার কি ভেবে ফিরিলে এখন ? বলহ ইন্দ্র মোরে
ইন্দ্র কহেন ছায়াত্মা কথা বুঝিনি তেমন করে
এই দেহ যদি উত্তম রূপ বসন ভূষণ দিয়ে
সাজাই যতনে, ছায়াখানি মোর সাজে সেই রূপ নিয়ে

অন্ধ হইলে অন্ধ সে হয়
কানা হলে সেও কানা নিশ্চয়

অঙ্গহীন সে হলে পরে তবে অঙ্গহীন সে হয়
বিনষ্ট যদি হয় দেহ তবে আত্মা নষ্ট হয়।

**এবমেবৈষ মঘবন্নিতি হোবাচৈতং ত্বেব তে ভূয়োঽনুব্যাখ্যাস্যামি বসাপরাণি দ্বাত্রিংশতং বর্ষাণীতি স হাপরাণি দ্বাত্রিংশতং বর্ষাণ্যুবাস তস্মৈ হোবাচ ॥ ৩**

ব্রহ্মা কহেন ওহে মঘবন্ ইহা এইরূপ হয়
তোমার কাছেতে ব্যাখ্যা ইহার করিব হে নিশ্চয়

বত্রিশ বছর থাকো এইখানে
ইন্দ্র তখন রহেন সেখানে

তুষ্ট হইয়া প্রজাপতি তবে ইন্দ্রের প্রতি কয়
আত্মার কথা গভীর তথ্য সত্য ও জ্ঞান ময়।

## অষ্টমাধ্যায় ঃ দশম খণ্ড

য এষ স্বপ্নে মহীয়মানশ্চরত্যেষ আত্মেতি হোবাচৈতদমৃত
মভয়মেতদ্ ব্রহ্মেতি স হ শান্তহৃদয়ঃ প্রবব্রাজ স হাপ্রাপ্যৈব
দেবানেতদ্ভয়ং দদর্শ তদ্ যদ্যপীদং শরীরমন্ধং ভবত্যনন্ধঃ স
ভবতি যদি স্রামমস্রামো নৈবৈষোঽস্য দোষেণ দুষ্যতি ॥ ১

প্রজাপতি কন এই স্বপনের মাঝে সে পূজ্য জন
বিচরণ করে ইনিই আত্মা অমৃত অভয় হন

কৃতার্থ হয়ে ইন্দ্র তখন
স্বরগ লোকেতে ফিরে চলে যান

দেবতা গণের কাছে যেতে আগে মনেতে শঙ্কা হয়
মনে নানা দ্বিধা মনে হয় এর শুভ ফল কভু নয়।

ন বধেনাস্য হন্যতে নাস্য স্রাম্যেণ স্রামো ঘ্নন্তি ত্বেবৈনং বিচ্ছাদয়ন্তীব।
প্রিয়বেত্তেব ভবত্যপি রোদিতীব নাহমত্র ভোগ্যং পশ্যামীতি ॥ ২

ভাবে মনে যদি শরীর অন্ধে স্বপ্নাত্মা না অন্ধ হন
দেহ কানা হলে কানা নাহি হন দোষেতে দুষ্ট নন

দেহ বধে যদি ইনি হত নন
দেহ কাঁদে যবে ইনি না কাঁদেন

তবু মনে হয় অপর কে যেন ইহারে হত্যা করে
করে বিতাড়িত দুঃখ পাইয়া যেন ক্রন্দন করে।

স সমিৎ পাণিঃ পুনরেয়ায় তং হ প্রজাপতিরুবাচ মঘবন্ যচ্ছান্ত
হৃদয়ঃ প্রাব্রাজীঃ কিমিচ্ছন্ পুনরাগম ইতি স হোবাচ তদ্ যদ্যপীদং
ভগবঃ শরীরমন্ধং ভবত্যনন্ধঃ স ভবতি যদি স্রামমস্রামো নৈ
বৈষোঽস্য দোষেণ দুষ্যতি ॥ ৩

ইন্দ্র তখন সমিধ হস্তে পুনবায় ফিরে আসে ৩
প্রজাপতি কন তুষ্ট হইয়া গিয়েছিল নিজ বাসে

কিবা মনে করে ফিরে এলে পুনঃ
ইন্দ্র কহেন ওহে ভগবন

শরীর অন্ধ হইলেও যদি স্বপ্নাত্মা অন্ধ নয়
শরীর খঞ্জ হলেও যদি যে খঞ্জ নাহিক হয়।

**ন বধেনাস্য হন্যতে নাস্য স্রাম্যেণ স্রামো ঘ্নন্তী ত্বেবৈনং বিচ্ছাদয়ন্তীবা প্রিয়বেত্তেব ভবত্যপি রোদিতীব নাহমত্র ভোগ্যং পশ্যামীত্যেব-মেবৈষ মঘবন্নিতি হোবাচৈতং ত্বেব তে ভূয়োঽনুব্যাখ্যাস্যামি বসাপরাণি দ্বাত্রিংশতং বর্ষাণীতি ল হাপরাণি দ্বাত্রিংশতং বর্ষাণ্যুবাস তস্মৈ হোবাচ ॥ ৪**

শরীরে বিনাশ করিলেও যদি বিনষ্ট ইহা নয়
শরীর অন্ধ হইলেও যদি অন্ধ কখন নয়
তথাপি স্বপ্নে যেন দেখা যায়
কে যেন ইহাকে বিনাশ করয়
এর পশ্চাতে ধাবিত হইয়া বিতাড়িত এরে করে
দুঃখ পাইয়া এই জন যেন ক্রন্দন তবে করে
ইহার মধ্যে কল্যাণ আমি দেখিনাত ভগবান
প্রজাপতি কন ইহা এইরূপ শুন ওহে মঘবন
তুমি পুনরায় বত্রিশ বছর থাক তপস্যা করে।
বত্রিশ বছর গত হলে তবে ব্রহ্ম ব্যাখ্যা করে।

## অষ্টমাধ্যায় ঃ একাদশ খণ্ড

**তদ্ যত্রৈতৎ সুপ্তঃ সমস্তঃ সম্প্রসন্নঃ স্বপ্নং ন বিজানাত্যেষ আত্মেতি হোবাচৈতদমৃতমভয়মেতদ্ ব্রহ্মেতি স হ শান্তহৃদয়ঃ প্রবব্রাজ স হাপ্রাপ্যৈব দেবানেতদ্ভয়ং দদর্শ নাহ খল্বয়মেবং সম্প্রত্যাত্মনং জানাত্যয়মহমস্মীতি নো এবেমানি ভূতানি বিনাশমেবাপীতো ভবতি নাহমত্র ভোগ্যং পশ্যামীতি ॥ ১**

প্রজাপতি কন প্রসুপ্ত জীব নিদ্রাবস্থা হলে,
স্বপ্ন দেখায় বিরত যেজন জাগরিত সেই হলে।
একীভূত ও প্রসন্নতা লাভ করে জেন যেই জন
অমৃত অভয় ব্রহ্ম নামেতে ইনিই আত্মা হন।
ইন্দ্র তখন তুষ্ট হইয়া নিজ আলয়েতে যায়।
দেবগণ কাছে যাইবার আগে মনে পুনঃ দ্বিধা হয়।
ভাবেন সুপ্ত কালে যেইজন আপনারে চেনে নাই,
এ সকল প্রাণী সবারে না চেনে বিনাশ প্রাপ্ত সেই।
ইহার মাঝেতে শুভ ফল নাই মনে মোর এই লয়,
এইভাবে নানা দ্বিধা সংশয় তাহার মনেতে হয়।

**স সমিৎপাণিঃ পুনরেয়ায় তং হ প্রজাপতিরুবাচ মঘবন্ যচ্ছান্তহৃদয়ঃ প্রাব্রাজীঃ কিমিচ্ছন্ পুনরাগম ইতি। স হোবাচ নাহ খল্বয়ং ভগব এবং সম্প্রত্যাত্মানং জানাত্যয়মহমস্মীতি নো এবেমানি ভূতানি বিনাশমেবাপীতো ভবতি নাহমত্র ভোগ্যং পশ্যামীতি ॥ ২**

সমিধ লইয়া ইন্দ্র আবার ব্রহ্মার কাছে যান
প্রজাপতি কন তুষ্ট হইয়া গিয়াছিলে এইক্ষণ
আবার ফিরিলে কিবা মনে করে
ইন্দ্র কহেন তবে কর জোড়ে
এই সময়েতে নিজের বিষয় নাহি জানে এই জন
কেবা আমি আর কেবা এ সকল তাহা ইনি জ্ঞাত নন।
তাই মনে হয় বিনাশ প্রাপ্ত হয় এই নিশ্চয়
ইহার মধ্যে ইষ্ট ফলের নাহি হয় নির্ণয়।

**এবমেবৈষ মঘবন্নিতি হোবাচৈতং ত্বেব তে ভূয়োঽনুব্যাখ্যাস্যামি নো এবান্যত্রৈতস্মাদ্ বসাপরাণি পঞ্চবর্ষাণীতি স হাপরাণি পঞ্চ বর্ষাণ্যবাস তান্যেকশতং সম্পেদুরেতত্তদ্ যদাহুরেকশতং হ বৈ বর্ষাণি মঘবান্ প্রজাপতৌ ব্রহ্মচর্যমুবাস তস্মৈ হোবাচ ॥ ৩**

প্রজাপতি বলে সত্য ইন্দ্র ইহা এই রূপই হয়
এবার তোমায় বলিব সেকথা অন্য কাহাকে নয়
আর পাঁচ বৎসর তপস্যা করো
সবে মিলে ইহা একশো বৎসরও
তখন ব্রহ্মা বলেন তাহারে শুন ওহে মঘবন
যাহার তরেতে আকুল পরাণ উৎসুক তব মন।

## অষ্টমাধ্যায় ঃ দ্বাদশ খণ্ড

**মঘবন্মর্ত্যং বা ইদং শরীরমাত্তং মৃত্যুনা তদস্যামৃতস্যাশরীরস্যাত্মনোঽধিষ্ঠানমাত্তো বৈ সশরীরঃ প্রিয়াপ্রিয়াভ্যাং ন বৈ সশরীরস্য সতঃ প্রিয়াপ্রিয়য়োরপহতিরস্ত্যশরীরং বাব সন্তং ন প্রিয়াপ্রিয়ে স্পৃশতঃ ॥ ১**

প্রজাপতি কন ওহে মঘবন এ দেহ মরণশীল
মৃত্যুর দ্বারা কবলিত ইহা আত্মা অমর স্থির
অশরীর ইহা ইহার মাঝেতে আত্মা অধিষ্ঠিত
যিনি সশরীর সুখে ও দুঃখে সেই জন বিচলিত
যিনি অশরীর সুখে ও দুঃখে বিরাম তাহার নাই
যিনি অশরীর সুখ ও দুঃখ পরশ করেনা তাই।

**অশরীরো বায়ুরভ্রং বিদ্যুৎ স্তনয়িত্নুরশরীরাণ্যেতানি তদ্‌ যথৈতান্যমুষ্মাদাকাশাৎ সমুত্থায় পরং জ্যোতিরুপসম্পদ্য স্বেন রূপেণাভিনিষ্পদ্যন্তে॥ ২**

বায়ু অশরীর সূক্ষ্ম মেঘ ও বিদ্যুৎ গর্জন
এরা অশরীর আকাশ হইতে উত্থিত যথা হন
পরম জ্যোতিতে ভূষিত হইয়া নিজ নিজ রূপ ধরে
বর্ষার দিনে বরিষণ হয়ে এ ধরায় ঝরে পড়ে।

**এবমেবৈষ সম্প্রসাদোঽস্মাচ্ছরীরাৎ সমুত্থায় পরং জ্যোতিরুপ সম্পদ্য স্বেন রূপেণাভিনিষ্পদ্যতে স উত্তমঃ পুরুষঃ স তত্র পর্যেতি জক্ষৎ ক্রীড়ন্‌ রমমাণঃ স্ত্রীভির্বা যানৈর্বা জ্ঞাতিভির্বা নোপজনং স্মরন্নিদং শরীরং স যথা প্রয়োগ্য আচরণে যুক্ত এবমেবায়-মস্মিঞ্ছরীরে প্রাণো যুক্তঃ॥ ৩**

প্রসাদ গুণেতে প্রাপ্ত আত্মা শরীর হইতে উঠে
পরম জ্যোতিতে পূর্ণ হইয়া স্বরূপেতে উঠে ফুটে
উত্তম তিনি পুরুষ সেজন
হাসিয়া সেথায় প্রকাশিত হন
নারীগণ আর জ্ঞাতিগণ কিবা যানবাহনেরে লয়ে
কত খেলা কত আনন্দে রত সেজন তখন হয়ে।
যে দেহে তাহার উৎপত্তি সেই দেহরে ভুলিয়া যায়
অশ্ব যেমন রথে নিয়োজিত প্রাণ দেহে তথা রয়

**অথ যত্রৈতদাকাশমনুবিষণ্ণং চক্ষুঃ স চাক্ষুষঃ পুরুষো দর্শনায় চক্ষুরথ যো বেদেদং জিঘ্রাণীতি স আত্মা গন্ধায় ঘ্রাণমথ যো বেদেদমভিব্যাহরাণীতি স আত্মাঽভিব্যাহারায় বাগথ যো বেদেদং শৃণবানীতি স আত্মা শ্রবণায় শ্রোত্রম্ ॥ ৪**

আত্মা যখন দেহ মাঝে রন কালো তারকার দ্বারা
পরিচিত এই দেহচ্ছিদ্রের মধ্যে চক্ষুরিন্দ্রিয় যাহা

তার অনুগত হয়ে বাস করে
আত্মা চক্ষে অধিষ্ঠান করে

তাব করণীয় বলি চক্ষুতে রূপ দর্শণ তরে
তার করণীয় বলি নাসিকায় ঘ্রাণ জেন সেই করে।
আত্মা যেজন সেই জানে সব তার তরে সব করে
নাসিকায় ঘ্রাণ বাকেতে বাক্য শ্রোত্র শ্রবণ করে।

**অথ যো বেদেদং মন্বানীতি স আত্মা মনোঽস্য দৈবং চক্ষুঃ স বা এষ এতেন দৈবেন চক্ষুষা মনসৈতান্ কামান্ পশ্যন্ রমতে য এতে ব্রহ্মলোকে ॥ ৫**

আর যিনি জানে যাহা মনে করি আত্মাই সেই জন
মনই ইহার দৈবচক্ষু, জ্ঞানী জেনো সেই জন।
মনোরূপ দৈব চক্ষুর দ্বারা যা কিছু কাম্য ধন
দর্শন করি সেই সুধীজন আনন্দে রত র'ন।

**তং বা এতং দেবা আত্মানমুপাসতে তস্মাত্তেষাং সর্বে চ লোকা আত্তাঃ সর্বে চ কামাঃ স সর্বাংশ্চ লোকানাপ্নোতি সর্বাংশ্চ কামান্ যস্তমাত্মানমনুবিদ্য বিজানাতীতি হ প্রজাপতিরুবাচ প্রজাপতিরুবাচ ॥ ৬**

ওই আত্মাকে দেবগণ সবে উপাসনা জেন করে
সবলোক সব কাম্য বস্তু তাই তারা লাভ করে
ওই আত্মাকে শাস্ত্র ও গুরু উপদেশে কোন জন
বিশেষ ভাবেতে করে অবগত কাম্য প্রাপ্ত হন।

( এই কথা ব্রহ্মা বলিয়াছিলেন )

## অষ্টমাধ্যায় ঃ ত্রয়োদশ খণ্ড

**শ্যামাচ্ছবলং প্রপদ্যে শবলাচ্ছ্যামং প্রপদ্যেঽশ্ব ইব রোমাণি বিধুয় পাপং চন্দ্র ইব রাহোর্মুখাৎ প্রমুচ্য ধূত্বা শরীরমকৃতং কৃতাত্মা ব্রহ্মলোকমভিসম্ভবামীত্যভিসম্ভবামীতি ॥ ১**

শ্যামবর্ণ সে হৃদয় রাজিত অভেদ ব্রহ্ম যিনি
বিচিত্ররূপে শবল নামেতে বিরাজিত হন তিনি
শ্যাম হতে তাই শবলেতে যাই
শবলে যাইয়া শ্যামে ফিরে পাই
হৃদয় মধ্যে ব্রহ্ম যেমন শ্যাম বলি বর্ণিত
দুরবগাহ্য বলি শ্যাম বলি কৃষ্ণবর্ণ খ্যাত।
অশ্ব যেমন লোম কম্পিত করে আমি সেই মত
সব পাপ যেন করি কম্পিত করি আমি বিদূরিত
রাহু মুখ হতে চন্দ্রের মত
শরীর হইতে হই যে মুক্ত
কৃতাত্মা হয়ে তারপর যেন নিত্যরে লাভ করি
ব্রহ্মলোকেরে লাভ করে যেন ব্রহ্মরে লাভ করি।

## অষ্টমাধ্যায়ে ঃ চতুর্দ্দশ খণ্ড

**আকাশো বৈ নাম নামরূপয়োর্নির্বহিতা তে যদন্তরা তদ্ব্রহ্ম তদমৃতং স আত্মা প্রজাপতেঃ সভাং বেশ্ম প্রপদ্যে যশোঽহং ভবামি ব্রাহ্মণানং যশো রাজ্ঞাং যশো বিশাং যশোঽহমনু প্রাপৎসি স হাহং যশসাং যশঃ শ্যেতমদৎকমদৎকং শ্যেতং লিন্দু মাঽভিগাং লিন্দু মাঽভিগাম্ ॥ ১**

নামরূপ ধরি আকাশ জানিও প্রকাশক সেই হয়
এই নামরূপ যাহার ভিতরে সেজন অমৃতময়
তিনিই ব্রহ্ম আত্মা সেজন
( আমি ) করি প্রজাপতি সভায় গমন
আমি ব্রাহ্মণগণেব যশ ও রাজা সকলের যশ
বৈশ্যগণের যশ লাভ কবি যশ সমূহের যশ।
লালবর্ণের যেই স্থানটুকু অদন্ত ভক্ষক হয়
পিচ্ছিল সেই স্থান মোর যেন লভ্য কখন নয়।

## অষ্টমাধ্যায় ঃ পঞ্চদশ খণ্ড

**তদ্ধৈতদ্ ব্রহ্মা প্রজাপতয় উবাচ প্রজাপতির্মনবে মনুঃ প্রজাভ্য আচার্য্যকুলাদ্ বেদমধীত্য যথাবিধানং গুরোঃ কর্মাতিশেষেণাভি সমাবৃত্য কুটুম্বে শুচৌ দেশে স্বাধ্যায়মধীয়ানো ধার্মিকান্ বিদধদাত্মনি সর্বেন্দ্রিয়াণি সম্প্রতিষ্ঠাপ্যাহিংসন্ সর্বভূতান্যন্যত্র তীর্থেভ্যঃ স খল্বেবং বর্ত্তয়ন্ যাবদায়ুষং ব্রহ্মলোকমভিসম্পদ্যতে ন চ পুনরাবর্ত্ততে ন চ পুনরাবর্ত্ততে॥ ১**

কশ্যপ প্রজাপতিরে ব্রহ্মা এ ব্রহ্মজ্ঞান কন
কশ্যপ বলে মনুরে তখন মনু মানুষেরে কন
ব্রহ্মতত্ত্ব অভিলাষী যেই
গুরু সেবা আদি কর্ম করেই
বাকি সময়েতে বেদজ্ঞান লভি আপন ঘরেতে ফেরে
গার্হস্থ ধর্মে করিয়া প্রবেশ বেদাধ্যায়ন করে।
স্বধর্মে রত সেই সুধীজন পুত্র সকলে তাব
ধর্মেতে রত করি করে সেই ধর্মের বিস্তাব
ইন্দ্রিয়গণে ফিরায়ে সে আনে
অহিংস সেই হয় মনে প্রাণে
এইলোকে এই ভাবেতে জীবন যাপন যেজন করে
ব্রহ্মলোকেতে স্থিতি লাভ করে আব না দেহতে ফেরে।

ওঁ আপ্যায়ন্তু মমাঙ্গানি বাক্ প্রাণশ্চক্ষুঃ শ্রোত্রমথো বলমিন্দ্রিয়াণি চ সর্বাণি সর্বং ব্রহ্মৌপনিষদং মাঽহং ব্রহ্ম নিরাকুর্যাং মা মা ব্রহ্ম নিরাকরোদনিরাকরণমস্ত্বনিরাকরণং মেঽস্তু তদাত্মনি নিরতে য উপনিষৎসু ধর্মাস্তে ময়ি সন্তু তে ময়ি সন্তু।

ওঁ শান্তিঃ ওঁ শান্তিঃ ওঁ শান্তিঃ!

আমার সকল অঙ্গসমূহ পরিতৃপ্ত সে হোক
বাক্য প্রাণ ও চক্ষু কর্ণ বল ইন্দ্রিয় ও হোক
বেদ উপনিষদে যাহা কিছু রয়
তাহা যেন সব মোর মাঝে রয়
তাহাদের যেন ত্যাগ নাহি করি তারা নাহি ত্যাগ করে
শাস্ত্রের মাঝে যা আছে কথিত স্মরি তা শ্রদ্ধা ভরে।
ওঁ শান্তি ওঁ শান্তি ওঁ শান্তি

ছান্দোগ্য উপনিষদ শেষ